কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৯৪০ সনের ম্যাট্রিকুলেশন পবীক্ষাব জন্ম দ্রুত-পঠন (Rapid Reading)-পাঠ্যরূপে অনুমোদিত (৫ই ডিগেশ্বর, ১৯৪০ তারিখেব কলিকাতা গেক্ষেট দ্রপ্ররা)

# বঙ্গের বীর-সন্তান

শ্রীউপেন্দ্রনাথ ভট্টাচার্য্য, এম. এ., বি. টি., সরস্বতী প্রধান শিক্ষক, কুষ্টিয়া উচ্চ ইংরেজী বিভালয়

#### প্রকাশক

বৃন্ধাবন ধর এণ্ড সন্স্ লিমিটেড্
স্বাধিকারী—আশুতেভাষ লাইতেন্ত্ররী
ক্লং কলেজ স্কোয়ার, কলিকাতা;
অচনং জনসন বােড্, চাকা

পঞ্চম সংস্করণ ১৩৪৭

> মৃদ্রাকর
> শ্রীপরেশনাথ ব্যানাজী
> শ্রীনারসিংহ প্রেস ধনং কলেজ স্বোয়াব, কলিকাতা

#### উৎসর্গ

বাংলার ভবিশ্যং আশার আলোকস্তম্ভ, অনাগত দিনের জয়ধ্বজাবাহী, দেশযায়ের বুকের ধন, বাংলার তরুণদের করে

> তা'দেরই দেশের ও জাতির বীরগণের

দেশপ্রেম, আত্মত্যাগ ও মহত্ত্বমণ্ডিত এই

জীবন-কাহিনীগুলি

অৰ্পণ

করিলাম।

শ্রীউপেন্দ্রনাথ ভট্টাচার্য্য

# ভূমিকা

যদি শিক্ষিত বান্ধালী বান্ধলাদেশের ইতিহাস নাই বলিয়া বিলাপ করেন, তবে আমরা জাঁহাদিগকেই দোষী বলিব। বাঙ্গলাব ইতিহাসেব অপর্য্যাপ্ত উপক্রণ পড়িয়া আছে, এখন তাছার আনেকাংশ পাওয়া যাইতে পারে, কিন্তু আব দশ বৎসব পবে হয়ত তাহা থাকিবে না। শিক্ষিত সম্প্রদায় ষ্টুয়ার্ট, মার্সন্যানেব আদব জ্বানেন, জাঁহারা যে গীত গাহিয়া যান, ভাহাব দোহাব করিতে পারেন। কিন্তু তাঁহার। নিজেদের দেশ নিজের চোখে দেখিবার ক্ষমতা বাথেন না। এীযুক্ত কুমাব শবংচক্র বায় তাঁহার মুক্ত হস্তেব দান এবং অতুলনীয় ঐতিহাসিক ক্রেছল লইযা বঙ্গেব ইতিহাস উদ্ধাবকরে বদ্ধপবিকর হইয়াছিলেন। শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় ও শ্রীযুক্ত বমাপ্রসাদ চন্দ কুমাববাহাছবেব দক্ষিণহস্ত স্বরূপ কার্য্যক্ষেত্রে দাঁড়াইয়াছিলেন—তাঁহাদের চেষ্টাব ফল স্বৰূপ বাজ্বসাহির মিউজিয়ম, গৌডীয় লেখমালা এবং বাজ্বসাহিব কোন কোন স্থান খননকার্য্য সম্পাদিত হইয়াছে। কিন্তু আ্যাদেব কার্য্য স্থাসাব,—সমুদ্র ভুল্য, ছুই-একটি কৃপ খননের দ্বাবা আব কভটা সফলতার আশা করা যায় ? আট-নয় শত বৎসর পূর্বকার অগণ্য মালমস্লা চারিদিকে পডিয়া আছে,—মুষ্টি মুষ্টি কবিয়া আনিলে তাহার কতটা উদ্ধার হইবে ? সমস্ত জাতির জাগ্রত হইয়া এই বৃহৎ কর্ত্তব্যর দায়িত্বের ভাব কলে লইতে হইবে, নতুবা ঝিমুকে সেঁচিয়া নদীর জল কে কবে নিঃশেষ কবিবাব আশা করিতে পাবে ?

আগাদের দেশের কয়েকজন যুদ্ধজয়ী বীরের কথা শ্রীযুক্ত উপেজনাথ ভট্টাচার্য্য মহাশম অতি স্থন্দর ভাষায় লিপিবদ্ধ করিয়া দেশেব লোকের ক্বতজ্ঞতাভাজন হইয়াছেন। অনেক ঐতিহাসিক তক্ক তিনি সংগ্রহ

কবিয়াছেন, কিন্তু লেখা ছটিল বা নীরস হয নাই। আমাদেব দেখে এখন উণ্টা ব্যবস্থা: বিদেশের কথা লইয়া আমবা ব্যস্ত-ম্বদেশকে বিশ্বতির অতল জলে আমরা ছাডিয়া দিতে বসিয়াছি। ঈশা খাঁর কথা আমাদের যতটা জানার দবকার, নেপোলিয়নের কথাও ততটা জানাব দ্বকাব নাই। আম্বা সীতাবাম রায় ও প্রতাপাদিত্যকে লইয়া যে গৌবব কবিব, সেকেলর, জেনাফেন কিম্বা জুলিয়াস সিজাবের কথায়ও আমাদের ততটা গবিমার কাবণ নাই। কিন্তু এদেশে শুধ যুদ্ধ-বীবগণ জন্মগ্রহণ কবেন নাই, এই পুণ্যক্ষেত্র জগৎগুরু ধর্মবীব, দানবীব, কর্মবীর, কবি, নৈয়ায়িক ও স্মৃতিকাবগণের লীলাভূমি। ২৪ জন ভীর্ষন্ধরের মধ্যে ২৩ জনই বঙ্গদেশের সমেৎশেখরে সিদ্ধিলাভ করিয়াছিলেন, পার্খনাথ ১৮ বৎসব কাল বাচদেশে থাকিয়া ধর্মপ্রচার কবিয়া গিয়াছেন: কত জয়দেব, খোয়ী ও উমাপতির বীণা-নিৰুণে এদেশের কাব্যজগতে চিববসম্ভ বিরাজ্যান, কত সার্বভোষ, ব্যুনাথ ও জগদীশেব স্কল্ম ন্তায়েব বিশ্লেষণে বঙ্গীয় মনস্বিতা প্রমাণিত হইয়াছে— ধর্মজগতে হৈচতন্ত্রদেবের প্রেন-ভক্তিব বন্তা সমস্ত জগৎ ভাসাইয়া লইবাব স্পন্ধা করিতেছে। এদেশের ক্লবক যে সকল পালা-গানেব স্ষষ্টি করিয়াছে, তাছাদের অপূর্ব্ব কবিত্ব, কল্লভক্রর মত এই নন্দন-কাননে প্রতিষ্ঠিত হইয়া আছে। দ্বিজ কানাই, চক্রাবতী, নয়ানটাদ বঙ্গায় সাহিত্যাকাশের মধ্যমণির প্রতিষ্ঠা পাইয়াছেন। ধীমান বীতপালের ভাস্কর্যা এককালে হিমাদ্রি অতিক্রম কবিয়া চীন সাম্রাজ্ঞ্য অধিকাব করিয়াছিল। বাঁছারা স্থন্ম মসলিনের সৃষ্টি করিয়া শিল্পেব অলৌকিক নিদর্শন প্রদর্শন করিয়াছিলেন, যাঁহারা ভধু বস্তুবয়নে নছে, সোনা-রূপার শিল্পে, প্রস্তবের উপব খোদগাবীতে, কছা সীবনে, রাল্লা-ঘবের উপাদের শত শত খাম্ম প্রস্তুত কার্য্যে অসামান্ত ক্ষতিত্ব দেখাইয়াছিলেন—তাঁহারা নাম-গোত্রহীন হইয়া বিশ্বতির অতলতলে নিমজ্জিত হইয়াছেন।

ইতিহাস-লন্ধী মহাসমুদ্রের নীচে অভিশপ্ত হইয়া একা বসিয়া কাদিতে-ছেন; কোপায় তাঁছাবা—শাঁছাবা সমুদ্র-মন্থন কবিয়া তাঁছাকে প্রবার উদ্ধার করিবেন? আমার কাছে বাঙ্গালীর হাতের প্রস্তুর ও পাতর মন্তি ও চিত্র এমন আছে, যাহা জগতের চক্ষ বঙ্গদেশের দিকে আরুষ্ট কবিবার শক্তি বাথে, কিন্তু জহুবী বোপায় যে তাহাদিগকে জগতের বড বাজারে লইয়া আসিয়া যথাযোগ্য সন্মান দান ববিবে গ এখনও বাঙ্গলার প্রাচীন ভাগুবি-কোণে এমন অমূল্য চিত্র আছে বাছা দেখিলে ব্যাহেলের ম্যান্ডোনাও বুঝি মান হইয়া যায়; কিন্তু আনাদের হাতে ডঙ্গা নাই, কে তাহাদের কথা শুনাইবে ?

পাশ্চাত্য পশুতেবা আমাদিগকে যাহা দেখাইয়াছেন নেইটুকু দেখিয়াই আনবা বুকে ভাল চুকিষা স্পর্দ্ধা কবিতেছি। বিদ্ধ এখন বায়ু ফিবিয়াছে, পাশ্চাত্যজ্ঞপং বাজনৈতিক কাবণে এখন আমাদেব প্রতি বিমুখ হইয়াছেন। এখন নিসু মেওব কথাই তাঁহাবা শুনিবেন। আমাদেব দেশ অসভ্য ছিল, ইহাই প্রমাণ কবিতে অনেকে উঠিয়া প্রতিয়া লাগিয়াছেন। আমবা অক্ষম জাতি, যাঁহাদেব শুব্যায় মুখ উচু কবিয়া জগতেব সম্পুথে দাঙাইব মনে কবিযাছিলাম, তাঁহাদের আশ্রষ্ট্যত হইয়া আমবা একবাবে হতাশ চইতে বসিযাছি।

এখন নিজেব কথা নিজেব বলিতে হইবে। অপব শোতা পাইব না, অপর বক্তা পাইব না। নিজেবা যদি নিজেব কথা না বলি, তবে কোন মুবলীব আশা কবিলে সুফল পাইব না। বাঙ্গালী ভাতি যদি দাঁডাইতে চান, তবে তাঁহাদেব স্থান চবণাগল ভব কবিয়া দাভাইতে হইবে। বাজনৈতিক অভিনয়-মঞ্চে লম্বা লম্বা বক্তৃতা দিয়া উন্নতিব পথে কতটা অগ্রসব হইব,—তাহা জানি না। বদ্ধ হংগে সেদিন গান্ধি বলিয়াছেন, ভারত-আকাশেব কোন দিকে জাতীয় উনাব একটুকু ছটা দেখা যাইতেছে না, কি লইয়া আমরা আশা কবিব ? যাহা ভনিতেছি, ভাহা কেবলই শরৎকালের শৃষ্ঠগর্জ মেঘ-গর্জন, এই কর্মহীন স্থানের ভবিষ্যৎ নিবিড কুহেলিকাচ্ছর।

উপেক্সবাবুর বইখানি পড়িয়া মনে হইল বাঙ্গালীর নিজ্কের কথা কহিবার ইচ্ছা হইয়াছে—ইহা অতি শুভ লক্ষণ। অনেক ঐতিহাসিক গ্রন্থ এদেশে ছিল—যাহা লুপ্ত হইয়াছে। যোগিনীতন্ত্র ও লক্ষণমালিকা এই কুইখানি পুস্তকে বঙ্গদেশের অনেক ঐতিহাসিক উপকরণ ছিল, তাহা এখন লুপ্ত। ত্রিপুরার বাজ্যমালা কাশ্মীরেব রাজতবঙ্গিণী হইতে শ্রেষ্ঠতর ইতিহাস। এই বাজ্যমালা বইখানিই বা কতজন বাঙ্গালী মনোযোগ সহকাবে পাঠ করিয়াছেন ? আমার নিকট প্রাচীন কুচবিহারের একখানি ইতিহাস আছে, তাহাও ১৫০ বংসর পূর্বের। বঙ্গের পল্লীতে অনেক পালা-গান, ঐতিহাসিক গ্রন্থ, তাম্রশাসন, শিলালিপি ও প্রাচীন দীঘি প্রভৃতি আছে, যাহার ঐতিহাসিক মূল্য এখনও অবিদিত। কত যুবক কর্ম্মের অভাবে হা-হতাশ করিয়া বেডাইতেছেন, কিন্তু আমাদিগের চতুর্দ্ধিকে যে কর্ম্মের আহ্বান আছে তাহাতে সাড়া দিবার যোগ্য কি একজন বাঙ্গালীও নাই ? দশজন কর্ম্মী পাইলে যে আমাদের বহু কার্য্য সাধিত হুইতে পারে।

আমরা আশা করি উপেক্সবাবুকে আমাদের ইতিহাসচর্চাব কার্য্যে আরও নিবিড় ও ঘনিষ্ঠ ভাবে পাইব। তাঁহার পুস্তক পড়িয়া আমি বিশেষ প্রীত হইয়াছি। তিনি বাঙ্গালীর ছেলেদের জন্ত প্রকৃত একখানি পাঠ্য পুস্তক আমাদের হাতে দিয়াছেন। আশা করি তিনি বাঙ্গলার কথা ছাড়িয়া দিয়া আবার বহিমুখি হইয়া বিখ-ইতিহাসের চর্চায় মনোযোগী হইবেন না।

৭, বিশ্বকোষ লেন, বাগবাজার ) ক্লিকাতা, ২৯শে সেপ্টেম্বর, ১৯২৯ ১

**बीमीत्माहत्स** स्मन

# সূচী

বিষয়		পত্ৰাম্ব
১। বিজয় সিংহ	•••	5
২। ৺মহারাজ শশাক	•••	৬
ে। মহারাজাধিরাজ ধর্মপাল	•••	\$2
৪। ্কৈবর্ত্রাজ দিকোক ও ভীম 🗸	•••	ঽঽ
৫। মহারাজ লক্ষণদেন	• • •	وه
৬। - রাজা গণেশ	•••	96
१।, 🏂 मा थाँ प्रम्बल व्याली 🦿 📑	•••	<i>a</i> >
প । টাদরায ও কেদার রায়	• • •	৬৭
৯। রাজা মুকুন্দ রায়	•••	> 0 %
১০। মহারাজ প্রতাপাদিত্য	• • •	506
১১। রাজা সীতারাম রায়	• • •	284
১২। মহারাজ মোহনলাল	• • •	১৭৬
, ১২৩। কর্ণেল স্থরেশচন্দ্র বিশ্বাস	•••	ንቃና

### বিজয় সিংহ

আমাদের ছেলে বিজয় সিংহ লক্ষা কবিষা জয— সিংহল নামে বেখে গেছে নিজ শৌর্যোব পরিচয়।

----দত্ত্যস্ত্রাপ

একদা যাছাব বিজয় সেনানী ছেলায লক্ষা কবিল জয়, একদা যাছাব অর্ণবপোত ভ্রমিল ভাবত-সাগ্রম্য,

> তুই কি না মাগো তা'দেব জননী, তুই কি না মাগো তা'দেব দেশ গ

> > —ছিভেন্সলাল

প্রায় আছাই হাজার বৎসব পূর্বের, একদিন বঙ্গেশ্বর
সিংহবাহ্ব রাজপ্রাসাদেব এক নির্জ্জন প্রান্ত এক যুবক
চিস্তাকুলভাবে পদচাবণা করিতেছিলেন। যুবক মহারাজ
সিংহবাহুর পুত্র বিজয় সিংহ। প্রুজাপুঞ্জের প্রতি অভ্যাচার
করার অপরাধে কুমাব রাজ্য হইতে নির্বাসিত হইযাছেন।
ভাঁহার প্রতি আদেশ—আগামী কল্য সুর্য্যোদয়ের সঙ্গে
সঙ্গেই ভাঁহাকে দেশভ্যাগ করিতে হইবে। কুমাবের স্থগঠিত
বলিষ্ঠ দেহ আজ উৎকট ছন্চিস্তায় অবসন্ন; তেজাব্যঞ্জক,
গৌরবর্ণ মুখমগুল মলিন; আয়ত চক্ষু তুইটি জলভারাক্রাস্ত;

দেহেব সমস্ত লাবণ্য যেন ঝরিয়া পড়িয়া নিশান্তের শশাক্ষের মত তাঁহাকে নিপ্পভ, করুণ দেখাইতেছে।

কুমারের যুবক-বন্ধুগণ আসিয়া বলিল, "বিজয়, আমরা মহারাজের এই অক্যায় আদেশ মানিব না। যে রাজা স্ত্রীর স্বার্থমূলক পরামর্শে নিরপরাধ পুজের মস্তকে মিথ্যা-কলঙ্কের বোঝা চাপাইয়া দিয়া তাহাকে দেশ হইতে নির্বাসিত করিতে পারেন, তাঁহার রাজত্বে বাস করা আমরা পাপ মনে কবি। আমরা বিজ্যাহ ঘোষণা করিয়া এই অত্যাচারী রাজাকে সিংহাসনচ্যুত করিয়া ভোমাকে সিংহাসনে বসাইব। ভোমার অমুমতির অপেক্ষায় মাত্র আছি।"

রাজ্যের প্রধান প্রধান অমাত্য ও সেনাপতিবৃন্দ চারিদিকে ভিড় জমাইয়া বলিতে লাগিল, "বিমাতাব ষড়যন্ত্রে কুমাব আজ নির্বাসিত হইয়াছেন। কুমার সম্পূর্ণ নির্দ্দোষ। মহারাজ স্থায়বিচার করেন নাই।"

সমবেতজনমণ্ডলীর সহাত্ত্তির উত্তরে কুমার বিজয় সিংহ একটু মৃত্ হাসিলেন; পরে যুক্তকর মস্তকে স্পর্ণ করাইয়া বলিলেন—

> "পিভা স্বৰ্গঃ পিতা ধৰ্মঃ পিতা হি পরমস্তপঃ। পিতরি প্রীতিমাপল্লে প্রীয়স্তে সর্ব্বদেবতাঃ॥

বন্ধুগণ, পিতৃ-আজ্ঞা পালনের জন্ম রামচন্দ্র বনে গিয়াছিলেন; পুরু, পিতার অনুরোধে তাঁহার জরা নিজের দেহের উপর আনন্দে তুলিয়া লইয়াছিলেন। আমি পিতার আদেশ অমান্ত করিতে পারিব না—তা' সেই আদেশ স্থায়ই হোক, আর অন্থায়ই হোক। পিতার আদেশ পালন কবিতে যে বিপদ, যে ছঃখই আমুক—আমি আনন্দে বুক পাতিয়া তাহা গ্রহণ কবিব।"

সকলে ক্ষণকাল নীরব থাকিয়া বলিল, "আমরা তোমাকে ছাডিয়া থাকিতে পারিব না। তুমি যেখানে যাও, আমরাও তোমার সঙ্গে যাইব। আমরা তোমার সঙ্গেই এ-বাজ্য ত্যাগ করিব।"

পরদিন বিজয় সিংহের বিদায়ের আযোজন হইতে লাগিল।

যুববাজের অমুরক্ত দেশবাসীদের উত্যোগে এক বিবাট

সমুজগামী বণতরী সংগৃহীত হইল। বিজয় সিংহ বঙ্গোপসাগবেব
উপকৃল হইতে সাতশত অমুচব সহ জাহাজে আরোহণ
করিলেন। যাহাবা তাঁহার অমুগমন কবিতে পাবিল না,
তাহারা চোথের জল মুছিয়া সাগরতট হইতে শৃত্তমনে গৃহে

ফিরিল। আর কুমাব বিলীয়মান তীবভূমিব প্রতি একবার
শেষ দৃষ্টিপাত কবিয়া, সাশ্রুনেত্রে জননী জন্মভূমির নিকট

চিরবিদায় গ্রহণ করিলেন।

জাহাজ চলিল। গৃহহীন, লক্ষ্যহীন, সাতশত বাঙ্গালী দিনের পর দিন ভারতমহাসাগরের নীল জলরাশি অতিক্রম করিতে করিতে চলিল। গস্তব্য স্থানের নির্দেশ নাই, পথের নিশ্চয়তা নাই,—কক্ষ্চাত উদ্ধার মত বিশাল তরণীথানি উত্তাল তরঙ্গের মধ্যে কেবলই ছুটিতে লাগিল।

হঠাৎ একদিন দূরে ক্ষীণ কলঙ্করেখাবৎ বেলাভূমি দৃষ্টিগোচর হইল। ত্বঃসাহসিকের দল তীরে পৌছিয়া দেখিল—এক অপরূপ সৌন্দর্যাময় দেশ। তীরভূমি হইতে স্থরম্য হর্ম্মাবলীর উচ্চ স্বর্ণচূড়া সূর্য্যকিরণে ঝক্ঝক্ কবিতেছে। চারিদিকে যেন বসস্তের আবহাওয়া; আকাশে-বাভাসে এক অপূর্বর মাদকভা। বিজয় সিংহের অমূচরগণ তীরে অবতীর্ণ হইয়া জানিতে পাবিল—এই বিচিত্র দেশেব নাম লক্ষা।

লক্ষাজয়ের জন্ম বিজয়ের বীর-হৃদয় নাচিয়া উঠিল। বিজয় বলিলেন, "বন্ধুগণ, আমরা এই রাজ্য জয় করিয়া এখানেই বাস করিব। ভোমরা প্রস্তুত হও। আমি বাজাকে যুদ্ধে আহ্বান করিলাম।"

সাতশত বঙ্গবীবের শিরায় শিরায় উফরক্তস্রোত ছুটিল; বাণপূর্ণ তূণে পৃষ্ঠদেশ শোভিত হইল; কটিতে অসি ঝন্ঝন্ করিয়া উঠিল;—সমূলত বর্ণা হস্তে তাহারা তীরে এবং জাহাজের উপর সারি বাঁধিয়া দাঁড়াইল।

লঙ্কাবাজের বিশ্বাস ছিল—এ যক্ষের দেশ লঙ্কা কেহ অধিকার করিতে পারিবে না। তিনি সাত্শত বাঙ্গালীর এই স্পর্জায় উপহাসের হাসি হাসিয়া, তাহাদের শিক্ষা দিবার নিমিত্ত এক বিরাট সেনাদল পাঠাইলেন। বৃহৎ বৃহৎ শ্বেতকায় হস্তী ও উচ্চ, তেজস্বী অশ্বসমূহে লঙ্কার তীরভূমি পরিপূর্ণ হইল।

লক্কার উপকূলে সেদিন নিরাশ্রয়, বিদেশী, সাতশত বাঙ্গাণী মন্ত হস্তীর বিক্রেমে যুদ্ধ করিতে লাগিল। বিজয় সিংহ কালাস্তক যমের মত লক্ষা-দৈল্য ধ্বংস কবিতে লাগিলেন।
নিক্ষিপ্ত তীরের শন্শন্ শব্দ, হস্তীব বৃংহিত, অশ্বেব হেষা,
দৈল্যেব চীৎকার—এই সমস্ত মিলিয়া এক মহাপ্রলয়েব শব্দে
আকাশ পরিপূর্ণ হইল। লক্ষারাজ, তাঁহার বহু দৈল্য নিহত
হইতেছে শুনিয়া, স্বর্ণময় রাজছত্র মস্তকে দিয়া, শ্বেতহস্তিপূর্চে
স্বয়ং যুদ্ধক্ষত্রে আসিলেন। লক্ষাব সেনাদল আবার নবতেজে
যুদ্ধ কবিতে লাগিল; কিন্তু বিজয় সিংহেব অছুত সাহস ও
অলৌকিক বীরত্বের কাছে তাহারা বেশীক্ষণ টিকিতে পারিল না।
বিজয়ের নিক্ষিপ্ত এক বর্ণার আঘাতে লক্ষাবাজ নিহত হইলেন।
অবশিষ্ট সৈম্বর্গণ বিজয় সিংহকে দৈববলে বলীয়ান মনে কবিয়া,
আত্মসমর্পণ করিয়া তাঁহাব আশ্রয় ভিক্ষা করিল। বিজয় সিংহ
লক্ষা অধিকার করিলেন। লক্ষাব রাজপ্রাসাদে, তুর্গভালে,
বাংলার রাজপতাকা উডিল।

বিজয় সিংহ লক্ষায় দোর্দ্ধগুপ্রতাপে রাজয় কবিতে লাগিলেন। তিনি ভারতবর্ষ হইতে বহু দাসদাসী সহ পাণ্ডা-দেশের রাজকুমাঝীকে বিবাহ করিয়া আনিলেন। লক্ষাবাসীব উপর তাঁহার এতদূর প্রভাব জ্বিলা যে, তাহারা তাঁহাব পদবী অনুসারে লক্ষার নাম পরিবর্ত্তন করিয়া নৃতন নাম রাখিল—সিংহল, এবং প্রচলিত ভাষাব নাম পরিবর্ত্তিত হইয়া হইল—সিংহলী। লক্ষার ইতিহাসে বিজয় সিংহের নাম চিরম্মরণীয় হইয়া আছে।

#### মহারাজ শশাক

্খুপীয় সপ্তম শতাব্দীর প্রথমভাগে, মহারাজ শশাঙ্ক বঙ্গদেশকৈ কেন্দ্র করিয়া এক বিশাল সামাজ্য গঠন করিয়া-ছিলেন। শশাঙ্ক মগথের বিখ্যাত গুপুবংশের সন্তান জ্ব প্রতিষ্ঠিত করিবাব জন্ম তাহাব প্রাণে এক বিরাট আকাজ্ফা জাগিয়াছিল। রাঢ়দেশে কর্ণস্বর্ণে তাঁহার বাজধানী ছিল। গুপুবংশের সহিত তাঁহার সম্বন্ধ লোকসমাজে জ্ঞাপন করিবার জন্ম, তিনি নরেন্দ্রগুপ্ত উপনাম গ্রহণ করিয়াছিলেন।)

পানেশরের মহারাজ রাজ্যবর্দ্ধন পিতার মৃত্যুর পর তথন
সবে-মাত্র সিংহাসনে বসিয়াছেন।) হুণবিজ্ঞারে সমস্ত ক্লান্তি
তথনও পরিপূর্ণ বিশ্রামে অপনীত হয় নাই। হুঠাৎ কাম্যকুজ
হইতে সংবাদ আসিল—তাঁহার ভগিনীপতি গ্রহবর্ম্মা, মালবরাজ্ঞ
দেবগুপ্ত-কর্ত্বক পরাজিত ও নিহত হইয়াছেন, কাম্যকুজের
রাজসিংহাসন শত্রুকবলিত হইয়াছে ও তাঁহার পরমমেহপাত্রী
একমাত্র ভগ্নী রাজ্যঞ্জী শক্র-কারাগারে শৃথালিতা বন্দিনী দি
একমাত্র ভগ্নীর এই হুর্দিশায় রাজ্যবর্দ্ধন একেবারে হুংখে, শোকে

হতবৃদ্ধি ছইয়া গেলেন। পরক্ষণেই তাঁহার বৃকে ছর্জ্জয় ক্রোধ ও প্রতিহিংসার আগুন অলিয়া উঠিল। 'তিনি তৎক্ষণাৎ বিরাট সৈম্মদলের সহিত কাম্মকুজের দিকে যাত্রা করিলেন)

রাজ্যবর্জনের আগমনসংবাদে (দেবগুপ্ত ভীত হইয়া পড়িলেন এ একে ছণবিজয়ী ছর্দ্ধর্ম যোদ্ধা রাজ্যবর্জন, তারপর অগণিত সৈত্য, সর্বোপরি প্রতিহিংসাব তীব্র উন্মাদনা;— এই তিনের সংমিশ্রণে হয়ত তিনি চুর্ণ হইয়া যাইবেন এবং এই পরাজয়ই হয়ত তাঁহাব চরমপতনের স্টুনা করিবে। ছচিন্তাব পর দেবগুপ্ত গৌড়েশ্বর মহাবীর শশাঙ্কেব সাহায্য প্রার্থনা করিলেন। শশাঙ্ক সাহায্য করিতে স্বীকৃত হইয়া বহু সৈত্য সহ কাত্যকুক্তে যাত্রা কবিলেন।

ইতিমধ্যে রাজ্যবর্দ্ধন কাশ্যকুজে উপস্থিত হইয়া ভীমপবাক্রমে দেবগুপ্তকে আক্রমণ করিলেন। মহাবাজ শশাক্ষ
তথনও আসিয়া উপস্থিত হইতে পারেন নাই। দেবগুপ্ত
পরাজিত হইয়া পলায়ন করিলেন) রাজ্যবর্দ্ধন তাঁহার
শিবির লুগ্ঠন করিয়া বহু ধনরত্ব সেনাপতি ভণ্ডীর সহিত
থানেশ্বরে প্রেরণ করিলেন। হৃষ্টগ্রহ মালববাজকে বিতাড়িত
করিয়া রাজ্যবর্দ্ধন কাশ্যকুজের রাজকার্য্যে আবার শৃন্ধলা
আনিবার চেষ্টা করিতেছেন, এমন সময় সংবাদ পাইলেন—
গৌড়াধিপতি মহারাজ শশাক্ষ বিপুল সেনাদল সহ কাশ্যকুজে
উপস্থিত; উদ্দেশ্য—কাশ্যকুজ আক্রমণ সাহায্যেব জন্য চেষ্টাও
সংবাদ দিতে পারিলেন না, অশ্য কোন সাহায্যেব জন্য চেষ্টাও

করিতে পারিলেন না,— হাঁহার সহিত যে সেনাদল ছিল, তাহাই লইয়া শশাঙ্কের সম্মুখীন হইতে হইল y

স্থানুর কান্তকুজের রণক্ষেত্র সেদিন বাঙ্গালীর শ্রামভুজের অমিতবিক্রমে কাঁপিয়া উঠিল। (মহারাজ শশাক স্বয়ং সৈত্যের পুরোভাগে যুদ্ধ করিতে লাগিলেন। তাঁহার তপ্ত-কাঞ্চনবং বর্ণ, উন্নত দেহ, শালপ্রাংশু ভুজদ্বয়, স্ক্ষবিলম্পিত কুঞ্জিতকুষ্ণকেশরাশি, প্রশস্ত ললাটে ভন্মত্রিপুণ্ডুক—এই সমস্ত মিলিয়া তাঁহাকে দেবসেনাপতি কার্ত্তিকেয়ের মত দেখাইতে লাগিল। বাঙ্গালী সৈত্যগণের মৃত্তমূহ 'হব হর বম্ বম্' শব্দে আকাশ বিদীর্ণ হইতে লাগিল, আর এক এক বার থানেশ্বর-কাত্যকুজের সৈত্যগণের স্পর্দ্ধিত বক্ষ কাঁপিয়া উঠিতে লাগিল। থানেশ্বরাজ রাজ্যবর্দ্ধন প্রাণপণে যুদ্ধ করিলেন, কিন্তু বঙ্গেখরের শোর্য্যের কঠিন প্রস্তরে তাঁহার সমস্ত শক্তি হইয়া গেল। (রাজ্যবর্দ্ধন সম্পূর্ণক্রপে পরাজ্যিত ও বন্দী হইলেন। মহারাজ শশাক্ষ কাত্যকুজ্ব অধিকার করিলেন। বাংলাব বাজপতাকা কাত্যকুজ্ব উড়িল।)

যুদ্ধ শেষ হইলে, মহারাজ শশার্ক বীরোচিত ওলার্য্যের সহিত রাজ্যবর্দ্ধনকে শৃন্ধলমুক্ত করিয়া বহুসমাদরে নিজাবাসে আনিবার জন্ম লোক পাঠাইলেন। গৃহের প্রবেশদারে হঠাৎ মুক্ত অবস্থায় রাজ্যবর্দ্ধনকে দেখিয়া, তিনি পলায়ন করিতেছেন ও পুনরায় তাঁহাকে বন্দী করা অসম্ভব এই অনুমান করিয়া একজন দাররক্ষী, শশাক্ষের অজ্ঞাতসারে, তাহার হস্তস্থিত উন্মুক্ত তরবারি আমূল তাঁহার বক্ষে বিদ্ধ করিয়া দিল। রাজ্যবর্দ্ধনের প্রাণশৃত্য রক্তাক্ত দেহ মাটিতে লুটাইয়া পড়িল। নিবস্ত্রবন্দীহত্যার ত্রপনের কলঙ্ক চিরকালের মত শশাঙ্কেব মাথায় চাপিয়া রহিল।

শশান্ধ রাজ্য শ্রীকে সমন্ত্রমে, উপযুক্ত বক্ষী সহ থানেশ্ববে তাঁহাব ভ্রাতা হর্ষবর্দ্ধনের নিকট পাঠাইয়া দিলেন। তাবপব এক সামস্তের হত্তে কান্সকুজের শাসনভার অর্পণ কবিয়া বিজয়োল্লাসে গৌড়ে ফিরিলেন

শশাঙ্কের বীরত্বে, রাজনীতিজ্ঞানে, দক্ষতায়, বঙ্গ-সাম্রাজ্য ভাবতবর্ষের চাবিদিকে বিস্তৃত হট্যা পডিল। কামরূপ ব্যতীত সমস্ত উত্তর-পূর্বে ভারত শশাঙ্কেব পদানত হট্ল। উদ্যাব দক্ষিণে কঙ্গোদমণ্ডলে শশাঙ্কেব বিজয়নিশান উদ্ভিল। মধ্যাহ্নসূর্য্যেব মত মহাবাজ শশাঙ্ক ভাবতেব বাজনৈতিক আকাশে জ্বলিতে লাগিলেন। সমস্ত আর্য্যাবর্ত্ত মুগ্ধবিস্ময়ে ভাহার দিকে চাহিয়া রহিল।

তখন ভারতবর্ষে বৌদ্ধর্মেব প্রবল বক্সা বহিতেছিল। বিবাট বৌদ্ধশাবনে হিন্দুধর্ম তৃণেব মত ভাসিয়া যাইবাব উপক্রেম হইল। কিন্তু বঙ্গদেশে মহারাজ শশাল্প হিন্দুধর্মেব জ্ঞাধ্বজা সগর্বের উচ্চে ধারণ কবিয়া রাখিলেন।

(রাজ্যবর্দ্ধনের মৃত্যুর পর কনিষ্ঠ ভাতা হর্ষবর্দ্ধন সিংহাসনে বসিয়া প্রতিজ্ঞা করিলেন—যতদিন তাঁহার ভাতৃহস্তা, গৌড়েশ্বর শশাস্ককে উপযুক্ত শাস্তি দিতে না পারিবেন, ততদিন দক্ষিণ- হস্ত দারা আহার্য্য মুখে তুলিবেন না। মহারাজ হর্ষবর্জন বঙ্গ-অভিযানের জন্ম বিপুল আয়োজন করিতে লাগিলেন। কামরূপরাজ ভাস্করবর্শ্ম। একবার শশাঙ্কের হস্তে পরাজিত হইয়াছিলেন, সেই প্রতিশোধ গ্রহণের ইচ্ছায় এবার তিনি হর্ষবর্জনের সহিত মিলিত হইলেন। সমস্ত বৌদ্ধভারত ষড্যন্ত্র করিয়া থানেশ্বরাজ হর্ষবর্জনের পক্ষাবলম্বন করিল।

বীরকেশরী শশাক্ষ বিন্দুমাত্র জ্রক্ষেপ না করিয়া সমস্ত বৌদ্ধনরপতিদিগকে স্পর্জার সহিত আহ্বান করিলেন। হর্ষবর্জনের পক্ষাবলম্বনকারী, পাটলিপুত্র ও কুশীনগরের বৌদ্ধধর্মযাজকদিগকে তিনি দস্তরমত শাসন করিয়া দিলেন; তারপর, এই সমবেতশক্তির বিরুদ্ধে দণ্ডায়মান হইবার জন্ত বিপুল যুদ্ধায়োজন করিতে লাগিলেন।

বাংলার বিভিন্ন অংশ হইতে দলে দলে সৈতা আসিয়া
শশাঙ্কের পতাকাতলে মিলিত হইতে লাগিল। সারা-বাংলা
রণোল্লাসে মাতিয়া গেল। মহারাজ শশাঙ্ক স্বাধীনতা রক্ষাব
জন্ত, হিন্দুধর্ম রক্ষার জন্ত, শেষবক্তবিন্দু পর্যান্ত ব্যয় করিতে
অগ্রসর হইলেন।

্ ভীষণ সমরানল প্রজ্ঞলিত হইল। দিনের পর দিন চলিয়া যাইতে লাগিল, কিন্তু সে আগুন আর নিভিল না। গৌড়েশ্বর অটল, অচলভাবে যুদ্ধ করিতে লাগিলেন। বাঙ্গালীর বাছবলের পরিচয়ে সমস্ত আর্যাবর্ত্ত স্তম্ভিত হইয়া গেল।

ছয়বংসরব্যাপী যুদ্ধে প্রভূত অর্থক্ষয় হওয়ায় শশাঙ্কের

রাজকোষ অর্থশৃষ্ঠ হইবার উপক্রম হইল; কিন্তু শশান্ধ তাহাতে বিন্দুমাত্র বিচলিত হইলেন না। তিনি বহুলপরিমাণে রজতমিশ্রিত স্বর্ণে মুদ্রা প্রস্তুত কবিয়া উপস্থিত অর্থকন্ট হইতে নিস্তারলাভ করিলেন।

যুদ্ধের শেষ অবস্থায়, হঠাৎ পরলোকেব ডাক শশাঙ্কের
নিকট উপস্থিত হইল।) গৌড়কেশরী মঙ্গলময়েব নিঃশব্দ
আহ্বানে সমস্ত যুদ্ধায়োজন ফেলিয়া পবলোকে চলিয়া গেলেন।
বাংলার পূর্ণশশাক্ষ অস্তমিত হইল; ভাহাব ভাগ্যাকাশ আবার
গভীর আঁধারে আচ্ছেন্ন হইয়া পডিল। কিন্তু শশাঙ্কের
জীবিভাবস্থায় বাংলার বীরন্ধগৌরবের কিছুমাত্র লাঘ্ব হইল না।

# মহারাজাধিরাজ ধর্মপাল

্সমস্ত উত্তরাপথের একছেত্র অধিপতি হইবার জন্য মহারাজ শশাক্ষ যে বিপুল সাধনা আরম্ভ করিয়াছিলেন, প্রায় ছইশত বংসব পরে, ধর্মপালদেব সে সাধনাকে সিদ্ধির সাকল্যে মণ্ডিত কবিতে পারিয়াছিলেন। সমস্ত আর্য্যাবর্ত্তকে লইয়া এক বিশাল বঙ্গ-সাম্রাজ্য গঠন করিবার যে ব্রভ শশাক্ষ অমুষ্ঠান করিয়াছিলেন, ধর্মপাল বিজয়োল্লাসে তাহা উদ্যাপন করিয়াছিলেন। বাংলায় তখন এক গৌরবময় যুগ। বাঙ্গালীর প্রাণে তখন বঙ্গের বাহিরে রাজ্যবিস্তারের জন্য একটা বিশাল উচ্চাকাজ্ঞ্জার আগুন জ্বলিয়া উঠিয়াছিল। এক বৃহত্তর বঙ্গের প্রতিষ্ঠার কল্পনায় বাঙ্গালী আত্মহারা হইয়া দিশ্বিদিকে ছুটিয়াছিল।

দৌর্ঘকাল অরাজকতা ভোগ করিয়া ও বছ অত্যাচারে উৎপীড়িত হইয়া বঙ্গের প্রজাবৃন্দ গোপালদেবকে সাগ্রহে ডাকিয়া আনিয়া বাংলার রাজমুক্ট তাঁহার মস্তকে পরাইয়া দিল। তাঁহার রণনীতিকুশলতায়, স্থাসনে ও দক্ষতায় আবার বাংলায় শাস্তি ফিরিয়া আসিল, আবার প্রজাপুঞ্জের স্থসমৃদ্ধি বৃদ্ধি পাইল এবং বারবার বৈদেশিক আক্রমণের হস্ত হইতে রক্ষা পাইয়া, তাহারা দেশের আভ্যস্তরিক উন্নতিতে

মনোনিবেশ করিল। (গোপালদেবের মৃত্যুর পর, দেদদেবীব গর্জজাত তাঁহার পুত্র ধর্মপালদেব অষ্টম শতাব্দীর শেষপাদে বঙ্গ-সিংহাসনে আরোহণ করিলেন।

থর্মপালের রাজ্যভারগ্রহণের পবই কাম্মকুজেব রাজনৈতিক আকাশ ঘনঘটায় আচ্ছন্ন হইয়া উঠিল।) কাম্মকুজের সিংহাসন লইয়া বছদিন হইতে যে বিবাদ চলিতেছিল, ভাহারই থুমায়িত বহি তখন একেবারে দাউ দাউ করিয়া জ্ঞলিযা উঠিল। (ইন্দ্রায়ধ কাম্মকুজের সিংহাসন অধিকার করিয়া চক্রায়ধকে দেশ হইতে বিভাড়িত করিয়া দিলেন। প্রবলপ্রভাপশালী ইন্দ্রায়ধের সহিত সম্মুখসংগ্রামে অবতীর্ণ হইতে সাহস না করিয়া, (চক্রায়ধ গোড়েশ্বব মহাবাজ ধর্মপালেব আতায় ভিক্ষা করিলেন।) (দেশজয়ের যে স্থতীত্র আকাজ্কা) এতদিন ধর্ম্মপাল মনে-মনে পোষণ করিতেছিলেন, সে আকাজ্কা (চবিতার্থ করিবার পক্ষে এক মহাস্থ্যোগ উপস্থিত হইয়াছে বিবেচনা করিয়া তিনি শরণাগত চক্রায়ধকে অভয়দানে আশ্বস্ত করিলেন।)

উত্তরাপথ-অভিযানের সংবাদে সারা-বাংলা ভোলপাড হইয়া উঠিল। নবজাগ্রত জাতীয়চেতনায় উদ্বুদ্ধ হইয়া বাঙ্গালী এই হঃসাহসিক সমবাভিযানে মাতিয়া উঠিল। দেশলক্ষীর গলদেশ বিজয়মাল্যে বিভূষিত করিবাব জন্ম বাঙ্গালীর প্রাণে এক অপূর্ব্ব শিহরণ জাগিল। দেশে দেশে বাঙ্গালীর বাছ্বলের গুণকীর্ত্তন, বাংলার গর্বেবান্নত রাজপতাকার তলে নতশিরে আর্যাবর্ত্তের বিভিন্ন রাজগণের মিলন, বাংলাকেই আর্যাবর্ত্তের সর্বশ্রেষ্ঠ রাজশক্তি স্বীকার করিয়া, তাহার জ্ঞান-বিজ্ঞান-শোর্য্যে মৃগ্ধ হইয়া তাহাকেই সার্বভৌমন্থ প্রদান—এই চিস্তা, আদর্শ ও কল্পনায় বঙ্গেশর ধর্মপাল ও তাহার প্রজাবন্দের হৃদয়ে এক অনমুভূতপূর্বর উন্মাদনার সৃষ্টি হইল। (ধর্মপাল এক মহান আদর্শে অমুপ্রাণিত হইয়া, শুভদিনে, বিরাটবাহিনীর সহিত চক্রায়ুধকে কান্তক্ত্রর সিংহাসনে প্রাভঙ্ঠিত কবিবার জন্ম উত্তবাপথে যাত্রা করিলেন।)

কাষ্ট্রের নিকটে উপস্থিত হইয়া ধর্মপাল দেখিলেন
যে, আর্যাবর্ত্তর প্রায় সমস্ত নরপতিই ইন্দ্রায়ধের পক্ষ
সমর্থন করিয়াছে এবং সদলবলে ধর্মপালকে বাধা দিতে
অগ্রসর হইয়াছে) স্বদেশ হইতে বছদ্রে, অগণিত,
মহাশক্তিশালিশক্রকর্তৃক পরিবেষ্টিত হইয়াও ধর্মপালের
বীর-ছদয় বিন্দুমাত্র বিচলিত হইল না। পক্ষাস্তরে তাঁহার
প্রাণে এক হর্জ্জয় অভিমান গর্জ্জয়া উঠিল। আজ যদি
তিনি আঞ্রিতরক্ষণে অসমর্থ হন এবং এত দীর্ঘপথ অভিক্রম
করিয়া পরাজয়ের ভয়ে আবার বাংলায় ফিরিয়া আসেন,
তবে সমস্ত রাজয়্মসমাজে তিনি ভীক্র কাপুরুষ বলিয়া
অপাঙ্রেয় হইয়া রহিবেন। তাহা অপেক্ষা আর্যাবর্তের
রোজদীর্ণ প্রাস্তরে তরবারি হস্তে চিরদিনের মত বীরোচিত
শ্ব্যাগ্রহণই অধিক প্রার্থনীয়। (বাংলার বীর্বাভিমান রক্ষার

জন্ম, আশ্রিতরক্ষারূপ ধর্মপালনের জন্ম, একটা প্রবল উচ্চাশার তীব্র উত্তেজনায়, ধর্মপাল একে একে প্রতিরোধকারী নরপতিদিগকে আক্রমণ করিলেন।)

ধর্মপালের অন্তৃত সাহস, সেনাচালনকৌশল, সমর-নৈপুণ্য, বাঙ্গাদীর বাছবদের যশ-সৌরভ সমস্ত আর্য্যাবর্ত্তে ছড়াইয়া দিল। (ধর্মপালের ভাষণ পরাক্রমের নিকট বাধাপ্রদানকারী রাজস্তবর্গ একে একে উচ্ছুসিত ঘূর্ণিবায়ুর মুখে নবীনশপবাঞ্জির (মত কোথায় ছিন্ন-ভিন্ন হইয়া উড়িয়া যাইতে লাগিলেন।) (ধর্মপালদেব পাঞ্চাব, রাজপুতানা, মালব প্রভৃতি র্দেশেব নরপতিগণকে পরাজিত কবিলেন।) ধিশ্মপালের নামে আধ্যাবর্জের ভূপালগণ আতকে শিহরিয়া উঠিলেন। প্রতিরোধকারী নরপতিগণকে পদানত করিয়া, বিজয়দর্পে সমস্ত উত্তরাপথ কাঁপাইয়া, ধর্মপাল কাশ্যকুজে উপস্থিত হইলেন। (কাত্যকুজবাজ ইন্দ্রাযুধ ধর্মপালেব বিজয়সংবাদে ভীত হুইয়া ও যুদ্ধের ফল বিপজ্জনক হুইতে পাবে অনুমান করিয়া পলায়ন করিলেন এবং গুরুত্ররবাঞ্জ নাগভট্টের শরণাপন্ন হইলেন। ধর্মপাল কান্তকুজ অধিকার কবিলেন।)

তিক্রোয়্থকে সর্ববাদিসম্মতভাবে কাশ্যকুজের সিংহাসনে প্রতিষ্ঠিত করিবার জম্ম ধর্মপাল এক বিরাট অভিষেক-উৎসবের আয়োজন করিলেন।) স্বর্ণমণ্ডিত চক্রাতপতলে এক মহতী সভার অধিবেশন হইল। ধর্মপাল সভার

মধ্যস্থলে বহুমূল্য সিংহাসনে উপবেশন করিলেন। তাঁহার শিরে মণিমাণিক্যখচিত রাজ্জ্ত্র শোভা পাইতে লাগিল। স্মজ্জিত, সশস্ত্র অমুচরগণ উভয়পার্থ হইতে চামর ব্যক্তন করিতে লাগিল। তাঁহার দক্ষিণপার্শ্বে এক সিংহাসন চক্রাযুধের জন্ম নির্দিষ্ট হইল। বামপার্শ্বে ভোজ, মংস্তু, মদ্র, কুরু, যহু, যবন, অবস্তি, গান্ধার, কীর প্রভৃতি বিভিন্ন জনপদের বিজিত রাজস্থবর্গ নতশিরে দণ্ডায়মান রহিলেন। ধর্মপালদেবের আদেশে বৃদ্ধ পাঞ্চাল-পুরোহিতগণ স্বর্ণকলস হইতে পুত অভিষেকবারি চক্রায়ুখের মস্তকে সিঞ্চন করিতে লাগিলেন। বৈতালিকগণ ধর্মপালের বীরহ ও যশোগাথা স্মধুরস্বরে কীর্ত্তন করিতে লাগিল। মাঙ্গলিক যন্ত্রসঙ্গীতে সভাস্থল মুখরিত হইয়া উঠিল। বিজ্ঞিত রাজগণ অবনত-মস্তকে সাধু সাধু শব্দে চক্রাযুধের অভিষেক অনুমোদন করিলেন।) বঙ্গেশ্বর ধর্মপালের নাম আর্য্যাবর্ত্তের একপ্রাস্ত হইতে অপরপ্রাস্ত পর্যাস্ত ধ্বনিত হইতে লাগিল।

চক্রায়ধকে কাশ্যকুজের রাজসিংহাসনে প্রতিষ্ঠিত করিয়া, মহারাজ ধর্ম্মপাল জয়ধ্বনিতে আকাশ-বাতাস কাপাইয়া বাংলার দিকে যাত্রা করিলেন। বহুপথ অতিক্রম করিয়া বাংলার সীমান্তপ্রদেশে যখন উপস্থিত হইয়াছেন, তখন সংবাদ পাইলেন যে, নাগভট্ট কাশ্যকুজ অধিকার করিয়া চক্রায়ধকে বিভাড়িত করিয়াছেন। এই সংবাদে ধর্মপাল স্থবিজ্ঞ রাজনীতিকের মত বছক্ষণ চিম্ভা করিয়া আবার

কাগ্যকুজের অভিমুখে অগ্রসর হইতে মনস্থ করিলেন। শক্রকবলিত কাম্মকুজের উদ্ধারসাধন না করিলে তাঁহাব বায়সঙ্কুল অভিযান নিক্ষল হইবে, বিজয়ঞ্জী ম্লান হইয়া যাইবে, আব বাঙ্গালীর বাহুবলেব যশোগাথা আর্ঘ্যাবর্ত্তের নরনারী-কণ্ঠে স্থউচ্চে গীত হইবে না। সেই ক্লান্ত, প্রান্ত গৌড়ীয় সেনাদলকে লইয়া ধর্মপাল আবার নবতেত্তে কাম্যকুজের দিকে যাত্রা করিলেন। /দিবারাত্র বন্ধুব পথ অতিক্রম কবিয়া চলিতে চলিতে সহসা একদিন সম্মুখে দেখিলেন, অগণিত গুর্জ্বসেনা তাঁহার পথরোধ কবিয়া অবস্থান করিতেছে। ধর্মপাল বিশাল গুর্জ্ববাহিনী ভেদ করিয়া অগ্রসর হইবাব জন্ম প্রাণপণে চেষ্টা কবিলেন, কিন্তু পথপ্রান্ত, অবসর বঙ্গীয সেনা অধিকক্ষণ যুদ্ধ করিতে না পারিয়া বহুদূর পশ্চাতে হটিয়া আসিল। সন্মুখে অগ্রসর হইবাব আব কোন সম্ভাবনা নাই দেখিয়া, ধর্মপালদেব এক বিশাল প্রান্তরে শিবিব সন্নিবেশ করিয়া অপেক্ষা কবিতে লাগিলেন্। বাজাভ্রষ্ট চক্রাযুধও সদৈক্তে তাহার সহিত মিলিত হইলেন 📝

ধর্মপাল দেখিলেন, এই সৈতা লইয়া তিনি নাগভটোব সহিত সন্মুখ্যুদ্ধে কৃতকার্য্য হইতে পারিবেন না। বাংলায ফিরিয়া সৈত্যের সংখ্যাবৃদ্ধি করিয়া পুনরায় আসিতে হইলে অধিক সময় ব্যয়িত হইবে; ইতিমধ্যে নাগভট্ট নববিজ্ঞিত বাজ্য সুরক্ষিত করিয়া ফেলিবেন এবং সর্ব্বোপবি প্রবলপ্রতাপ-শালী গুর্জেররাজের সহিত যুদ্ধের ফলাফলও অনিশ্চিত।

ধর্মপাল ভারতের তৎকালীন রাজনৈতিক অবস্থা পর্য্যালোচনা করিয়া দেখিলেন যে, যদি সমস্ত আর্য্যাবর্ত্ত বাংলার পতাকামূলে একত্র করিতে হয়, তবে দক্ষিণাপথের একচ্ছত্রাধিপতি রাষ্ট্রকূটরাজ ভৃতীয় গোবিন্দের সাহায্য গ্রহণ করা উচিত। রাষ্ট্রকূটরাজগণের সহিত পালরাজগণের বংশান্তক্রমে একটা সৌহাদ্দ্য বর্ত্তমান ছিল। নাগভট্টের পিতা বৎসরাজ যখন একবার গৌড় আক্রমণ করেন, তখন গোবিন্দের পিতা ধ্রুবধারাবর্ষ বাংলার পক্ষাবলম্বন করিয়া বৎসরাজ্ঞকে পরাজিত ও মরুভূমিতে বিভাড়িত করিয়াছিলেন। (ধর্মপালদেব ও চক্রাযুধ দাক্ষিণাত্যে গোবিন্দের নিকট উপস্থিত হইলেন এবং তাঁহাদের অবস্থা ভালরূপে জ্ঞাপন করিয়া, গোবিন্দের সাহায্য প্রার্থনা করিলেন।) রাষ্ট্রকৃটরাজ প্রথমসমাদরে গোড়েশ্ববকে ব্রুসম্মানিত অতিথিরূপে অভার্থনা করিলেন এবং ওাঁহার শেষশক্তি পর্যাস্ত ব্যয় করিয়া ধর্মপালকে সাহায্য করিবেন বলিয়া প্রতিশ্রুতি দিলেন। (বঙ্গের সহিত চিরদিনের মত সম্বন্ধ স্থাপন করিবার উদ্দেশ্যে, গোবিন্দ, রাষ্ট্রকৃটবংশীয় পরবলনামক এক রাজার কল্যা রপ্লাদেবীকে ধর্মপালদেবের সহিত বিবাহ দিলেন।) তারপর, (গোবিন্দ বহু সৈন্ম ও সামস্তগণ সহ নাগ-ভট্টের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। ধর্মপাল ও চক্রায়ুধের সেনাদলও গোবিন্দের সহিত যোগদান করিল।) অবশেষে এই বিরাট সন্মিলিত-বাহিনী বীরদর্পে সমস্ত উত্তরভারত কাঁপাইয়া কান্তকুজের দিকে অগ্রসর হইল।

িনাগভট্ট সমস্ত কৌশল ও শক্তি প্রয়োগ করিয়া গোবিন্দ ও <mark>ধর্মপালের আক্রমণ প্রতিহত করিতে চেষ্টা করিলেন।</mark> তুমুল যুদ্ধ হইল। নাগভট্ট, ভারতবর্ষেব তৎকালীন সর্বশ্রেষ্ঠ রাজা ও সেনাপতিছয়ের যুগপৎ আক্রমণ সহা কবিতে পারিলেন না। (সম্পূর্ণ পরাজিত হইয়া তাঁহার পিতা বৎস-রাজের মত তিনিও পলায়ন করিয়া মরুভূমিতে আশ্রয গ্রহণ করিলেন। গোবিন্দ ও ধর্মপাল কান্সকুজ অধিকার কবিলেন্। ' জামাতাকে কাক্তকুক্তে প্রতিষ্ঠিত কবিয়া বাষ্ট্রকূটবাজ দাক্ষিণাত্যে প্রত্যাবর্ত্তন করিলেন। চক্রাযুধ আবার কান্য-কুল্জেব সিংহাসনে উপবেশন কবিলেন এবং ধর্মপালদেবেব সামস্তরপে কান্তকুজবাজ্য শাসন করিতে লাগিলেন।) হিহার পব হইতে ধর্মপাল মৃত্যু পর্যান্ত সমগ্র উত্তবাপথের মণ্ডলেশ্বরপদে অধিষ্ঠিত ছিলেন। সমগ্র আর্য্যাবর্ত্তব্যাপী এক বিশাল সাম্রাজ্য গঠন কবিবার যে আশা এতদিন ধর্মপাল মনে-মনে পোষণ করিতেছিলেন, তাহা সফল হইল। বাংলার গর্বোল্লত বাজপতাকাকে উত্তরভারতের নরপতিগণ নতশিরে অভিবাদন করিলেন।

উত্তবে হিমালয় পর্বত হইতে দক্ষিণে বোম্বাই প্রদেশ পর্যাস্ত বিশাল ভূমিখণ্ড তিনি জয় করিয়াছিলেন। তাঁহার পুত্র দেবপালদেবের একখানি ভাত্রশাসনে লিখিত আছে,— "দিফ্বিজয়প্রবৃত্ত সেই নরপতির (ধর্মপালের) ভূত্যবর্গ কেদার-তীর্থে যথাবিধি জলক্রিয়া সম্পন্ন করিয়াছিলেন এবং সাগরসঙ্গমে তথা গোকর্ণ প্রভৃতি তীর্থেও ধর্মকর্মের অনুষ্ঠান করিয়াছিলেন। লক্ষ্মণসদৃশ ভ্রাতৃগতপ্রাণ, কনিষ্ঠ ভ্রাতা বাক্পাল সর্ব্বদাই ধর্মপালকে, ছায়ার মত অনুগমন করিয়া রাজকার্য্য, যুদ্ধকার্য্য প্রভৃতিতে সাহায্য করিতেন। জ্যেষ্ঠের স্থায় কনিষ্ঠও প্রবলপ্রতাপশালী বীর ছিলেন। তিনি 'জ্যেষ্ঠভ্রাতার শাসনে থাকিয়া একচ্ছত্র-শাসন-সংস্থিত দশদিক শত্রু-পতাকিনীশৃত্য করিয়াছিলেন।' "

ধর্মপালদেবের মত প্রজাবৎসল, জনপ্রিয় সমাট্ খুব কমই বাংলার সিংহাসনে উপবেশন করিয়াছেন। তিনি ব্ঝিতেন, প্রজাপুঞ্জের স্থুসমৃদ্ধিবৃদ্ধিব জন্ম চেষ্টা করাই বাজার একমাত্র কর্ত্ব্য; রাজ্য ত প্রজার, তিনি তাহাব রক্ষকমাত্র। জনসাধারণের প্রীতি ও আগ্রহই যে পালবংশকে গৌড়সিংহাসনে প্রতিষ্ঠিত করিয়াছে, এ কথাটি ধর্মপাল কখনও বিশ্বত হন নাই। তাঁহার তাম্রশাসনে দেখিতে পাওয়া যায়,—"সীমান্তদেশে গোপগণ কর্তৃক, গ্রামসমীপে জনসাধারণ কর্তৃক, গৃহচন্থবে ক্রীড়াশীল শিশুগণ কর্তৃক, প্রত্যেক ক্রয়-বিক্রয়ন্থানে বণিকসমূহ কর্তৃক এবং বিলাসগৃহের পিঞ্জরন্থিত শুকগণ কর্তৃক গীয়মান আত্মন্তব প্রবণ করিয়া, এই নরপতির বদনমণ্ডল লড্জাবশে নিয়ত ঈষৎ বক্রভাবে বিনম্র হইয়া থাকিত।"

(ধর্মপাল সেনাবল ও নৌবল উভয় বলেই বিপুল বলশালী ছিলেন।) খালিমপুরে আবিষ্কৃত তাঁহার তাত্রশাসনে বাংলার তৎকালীন সমরশক্তির পরিচয় পাইয়া বিশ্বয়ে মুশ্ধ হইতে হয়। তিনি যথন দিখিজয়ে বহির্গত হইতেন, তখন তাঁহার 'নাসীর' নামক সেনাসমূহের চরণোৎক্ষিপ্ত ধূলিতে চারিদিক অন্ধকার হইয়া যাইত; গঙ্গাবক্ষে তাঁহার 'নানাবিধ নৌবাটক' 'সেতুবন্ধনিহিত' শৈলশিখরশ্রোণী কপে সকলের মনে ভ্রম জ্ব্যাইত, তাঁহাব 'ঘনাঘন' নামক, রণহর্শ্বদ, ঘাতুক বণহস্তিসমূহ দলবন্ধভাবে অগ্রসর হইতে আবস্ত করিলে লোকেব মনে 'জ্ল্লদসময়সন্দেহ' উপস্থিত হইত।

বিবিধশাস্ত্রবেত্তা ও অসাধারণ রাজনীতিজ্ঞ শাণ্ডিলাবংশীয় গর্গদেব তাঁহার প্রধান মন্ত্রী ছিলেন এবং বাজত্বেব শেষভাগে গর্গদেবের সুযোগ্য পুত্র দর্ভপাণি গৌড়েশ্ববেব প্রধান অমাত্য হইয়াছিলেন। ইহাদেব সুচিস্তিত উপদেশ এবং বাক্পালেব ভুজবিক্রম রূপ কঠিন বর্শ্মে আচ্ছাদিত হইয়া, গৌড়েশ্বব ধর্মপাল, আমরণ আর্যাবর্দ্তেব মহারাজচক্রবর্ত্তিপদ অলম্ভূত কবিয়া বাঙ্গালীর জয়গানে সমস্ত ভাবত পরিপূর্ণ করিয়াছিলেন।

ধর্মপালদেবেব সময়ে গৌডীয় প্রস্তব-শিল্প উল্লভির চবম সীমায় উপনীত হুইয়াছিল। বাংলাব বহুস্থানে প্রাপ্ত নানা প্রকারের ধ্যানগম্ভীর বৃদ্ধমূর্ত্তি এখনও নীবব ভাষায় সে সাক্ষ্য দিতেছে!


## কৈবৰ্ত্তরাজ দিৰোক ও ভীম

বাংলা চিরদিনই বীরপ্রস্থা ইহার শস্তাগামল, স্লিগ্ধ মাটিতে কেবল মাত্র কবি, দার্শনিকই জন্মায় না, এখানে উচ্ছসিতস্রোতস্বিনীর জলধারাসিক্ত কোমল মাটির বুকে যুগে যুগে হুর্জ্জয় বীর জন্মগ্রহণ কবিয়াছে। শ্রামায়মান প্রান্থারের চলচল লাবণ্যের মধ্যে কাঠিন্সের রুদ্রমূর্ত্তি লুকায়িত; মেঘমেছর আকাশের বুকের মধ্যে বছা নিহিত; দিনান্তরম্য, দিগন্তবিততশস্তক্ষেত্রচুম্বী বাতাসেব পিছনে অগ্নির লেলিহান শিখা বর্তমান। বাঙ্গালীর সুকুমাব শ্যাম দেহখানি মৃহুর্ত্তে পর্বতশুঙ্গের মত কঠোর হইতে পারে; ভাবোচ্ছল, প্রেমোদ্বেল, উদার কবি-হাদয়ে রক্তাক্ত রণক্ষেত্রের প্রলয়সঙ্গীত বাজিতে পারে; গৃহমুখপ্রিয় বাঙ্গালী তাহার চিরাভ্যস্ত আরাম ও বিশ্রাম দূরে ফেলিয়া, যে-কোন মুহুর্তে অনন্ত-ভয়সঙ্কুল মরু-অভিযানে বাহির হইতে পাবে কিংবা সীমাহীন আকাশের নিমে, দিগন্তপ্রসারিত জলরাশিব উপর ভাসিতে ভাসিতে, পৃথিবীর কোন অজ্ঞানা পরপারে, প্রহরীবেষ্টিত রাজ্ঞাসাদের মধ্য হইতে তাহার কামনার ধনকে উদ্ধার করিবার জ্বন্য ছঃসাহসিক নিরুদ্ধেশ-যাত্রা করিতে পারে। কাঠিন্য ও কোমলতার, শৌর্য্য ও মধুরতার, ভাবুকতা ও কার্য্যক্ষমতার, মস্তিম্ব ও জদয়ের, বছা ও মেঘের এমন অপূর্বে সন্মিলন পৃথিবীর আর কোন জ্ঞাতিতে হয় নাই। বাঙ্গালীর এই স্বভাবসিদ্ধ শৌর্যা-বীর্যা, এই সমরনৈপুণ্য কোন শ্রেণীবিশেষের মধ্যে আবদ্ধ হয় নাই। সমাজে তথা-কথিত উচ্চশ্রেণী ব্যতীত অস্থান্য শ্রেণীর মধ্যেও যুগে যুগে বহু বীরপুরুষের আবির্ভাব হইয়াছে। একদিন এই সব অপেক্ষাকৃত অবনত শ্রেণীর মধ্য হইতে, দলে দলে ভীমপবাক্রম যোদ্ধ্ বৃন্দ বাংলাব রাজকীয় সৈম্মদলে প্রবেশ কবিয়াছে। তাহারা বাংলার বাহিরে, রণক্ষেত্রে তাহাদের অন্তত বণকোশল দেখাইয়া, গৌডেশ্বরগণের জন্ম জযমাল্য সর্জন করিয়াছে এবং তাহাদের বাহুবলেব যশ-সৌরভে সমস্ত ভারত আমোদিত কবিয়াছে।

বঙ্গদেশে কৈবর্ত্ত গুইপ্রকার—জালিক ও হালিক। জালিকগণ ধীবব ও অনাচরণীয়। হালিকগণ জলাচরণীয় ও সাধারণতঃ
কৃষিজীবী। এই হালিক বা চাষী কৈবর্ত্তেব বর্ত্তমান নাম
মাহিষ্য। এই চাষী কৈবর্ত্তজাতি একসময়ে প্রবলশক্তিসম্পন্ন
যুদ্ধনিপুণ জাতি ছিল। বাংলাব নানা সংশে মোগলযুগ পর্যান্ত
ইহাদেব ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্য ছিল।

খিষ্টীয় একাদশ শতাবদীতে, বাংলায় (এই) চাষী কৈবর্ত্ত-জাতির মধ্যে, নিদাঘসূর্য্যের মত তেজসী ও মত্তহস্তীর মত ক্ষমতাশালী গুইজন বীবপুরুষ জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহাদের নাম দিবেবাক ও ভীম। দ্বিতীয় মহীপালদেব তথন বাংলার রাজসিংহাসনে। মহীপাল রাজ্যাধিকার পাইয়া পাল-বংশের চিরাচরিত প্রথাকে পদদলিত করিলেন। পালবংশের

প্রথম রাজা গোপালদেবের সময় হইতে সকল রাজাই মন্ত্রীদের পরামর্শ লইয়া রাজকার্য্য পরিচালন করিয়াছেন। পালবংশের সর্বশ্রেষ্ঠ নরপতি ধর্মপাল, বিচক্ষণ মন্ত্রী গর্গের মন্ত্রণাবলে 'অখিলদিকেব স্বামী' রূপে প্রতিষ্ঠিত হুইয়াছিলেন। ভাঁহার সুযোগ্য পুত্র দিখিজয়ী দেবপাল, ভাঁহাব বৃহস্পতিভূল্য মন্ত্রীকে উচ্চ আসন প্রদান করিয়া নিজে 'সচকিতভাবে' সিংহাসনে উপবেশন করিতেন। কিন্তু, (মহীপাল বাজ্যভার প্রাপ্ত হইয়া, মন্ত্রীদের প্রামর্শ উপেক্ষা করিয়া, স্বেচ্ছামত কার্য্য পরিচালন করিতে লাগিলেন।) সেই ছ্নীভিপরায়ণ, স্বেচ্ছাচারী রাজার শাসনে (রাজ্যব্যাপী বিশৃখলা উপস্থিত হটল) (স্বার্থায়েধী নীচমনা লোকেরা) তুর্বলচিত্ত রাজার নিঃস্বার্থ পরামর্শদাতা সাঞ্চিয়া তাঁহাকে ছ্কার্য্যে করাইতে লাগিল। তাহারা (মহীপালকে ব্ঝাইল যে, ভাঁহার ভাতা রামপাল সর্বসমত কৃতী ও অশেষগুণের অধিকারী; পরিণামে সে মহাশক্তিশালী শত্রুতে পরিণত স্থতরাং তিনি বলপূর্ববক ভাহার রাজ্য গ্রহণ করিতে পারেন। মিহীপাল কপট বন্ধুগণের এই পরামর্শ শুনিয়া শাঠ্যপ্রয়োগে রীমপালকে হত্যা করিবার চেষ্টা করিলেন। মহীপালের যথেচ্ছশাসনে ক্রমে বাংলায় ঘোরতর রাষ্ট্রবিপ্লব উপস্থিত হইল। সেই সময়ে উত্তরবক্ষে, জনসাধারণের বিশাসভাজন, কৈবর্ত্তনায়ক দিক্বোক বিদ্রোহ ঘোষণা করিলেন। মহীপাল চত্রঙ্গবল সহ বিদ্রোহীকে দমন করিবার জন্ম যুদ্ধযাত্রা



কৈবর্ত্তরাজ দিকোকের জরগুড়

করিলেন। দিক্বোকও বছ দৈন্ত সহ মহীপালের সম্মুখীন হইলেন। ভীষণ যুদ্ধ হইল ) (কৈবর্জপতির অলোকিক বীরত্বে বঙ্গেশবের সমস্ত দৈন্ত ছিন্ধ-ভিন্ন হইয়া গেল এবং মহীপাল পরাজিত ও নিহত হইলেন। দিকোক সমস্ত উত্তবক্স অধিকার করিয়া স্বাধীনভাবে দেশশাসন করিতে লাগিলেন।) ক্রেমে ক্রাহাব রাজ্য চারিদিকে বিস্তৃত হইয়া পডিল। (মহীপালকে যুদ্ধে পরাজিত ও নিহত করিবার স্মৃতিচ্ছিরপে,) বীর্য্যবান, জননায়ক দিকোক বিজয়-গর্কো যে (সমৃন্নত জয়স্তম্ভ্র) উত্তববঙ্গের এক স্থ প্রশস্ত সরোবরের বৃকে প্রোথিত করিয়াছিলেন—(আজও)তাহা উচ্চশিরে দণ্ডায়মান থাকিয়া সমস্ত ভারতে কৈবর্ত্তলাভির সমর-নৈপুণ্য ও(কৈবর্ত্তপতি দিকেবাকেব অসামান্ত বাছবলেব পরিচয় দিতেছে।)

(দিকোকের মৃত্যুর পর, তাঁহার স্থাোগ্য ভাতুপুল ভীম উত্তরবঙ্গের বাজিদিংহাসনে মারোহণ কবিলেন)। (রাজ্যভাষ্ট, বাজধানী হইতে বিতাজিত ভাতৃত্বয—রামপাল ও শৃবপাল) নানা স্থানে পলাইয়া পলাইয়া বেড়াইয়া, (অবশেষে পঢ়া-ভাগীরথীর মধ্যন্থিত 'ব'-দীপে কোনমতে নিজেদের পৈতৃক রাজ্যাধিকার লাভ করিলেন। শৃবপাল কয়েকদিন মাত্র সিংহাসনে উপবেশন করিয়াছিলেন; তাঁহার মৃত্যুব পর রামপাল ভাতার পরিত্যক্ত সিংহাসনে আরোহণ করিলেন।) রামপাল রাজা হইয়া, পিতৃব্যের মত ছর্জের বীর ভীমের হন্ত হইতে বরেক্ত্রের উদ্ধার সাধন করা অসম্ভব মনে করিয়া অত্যন্ত হতাশ হইয়া পিড়লেন।

কিরূপে পিতৃরাক্ষ্য উদ্ধার করিবেন, পুজ্র রাক্ষ্যপাল ও অমাতাগণের সহিত তিনি সদাসর্বদা এই আলোচনা করিতে লাগিলেন। মহীপালের স্বেচ্ছাচারিতা ও কুশাসনে সামস্তগণ বিমুখ হইয়া ছিলেন। রামপাল বুঝিলেন, ইহাদের সাহায্য ব্যতীত পালবংশের লুপ্তগৌরব পুনরুদ্ধার করা যাইবে না। তাই তিনি সামন্তগণের নিকটে উপস্থিত হইয়া তংকালীন রাজনৈতিক অবস্থা তাঁহাদিগকে বুঝাইয়া বলিলেন এবং কৈবর্ত্তস্থাতির প্রভুষের বিরুদ্ধে দণ্ডায়মান হইবাব জ্ব্যু তাঁহাকে সাহায্য করিতে অমুরোধ করিলেন। (বামপালের মনোরম ব্যবহারে সামস্তগণ অতিশয় প্রীত হইলেন এবং তাঁহার পিতৃভূমি উদ্ধাবার্থ সাহায্য কবিতে স্বীকৃত হইলেন। পূর্ণ উল্পমে রামপাল সৈশ্যসংগ্রহে প্রবৃত্ত হইলেন। পদাতিক, অশ্ব ও গজারোহী বহু সৈতা সংগৃহীত হইল ) রামপাল তাহাদেব পারিশ্রমিক-স্বরূপ নদীতীরস্থ বহু জ্বমী ও প্রচুর অর্থ প্রদান কবিলেন।

সৈশ্বসংগ্রহ শেষ হইলে, কৈবর্ত্তরাজের শক্তি পরীক্ষার জন্য রামপালদেব ভাঁহার মাতৃলপুত্র রাষ্ট্রকৃটবংশীয় শিবরাজদেবের নেতৃত্বে ভীমের বিরুদ্ধে একদল সৈশ্য প্রেরণ করিলেন। সৈশ্যগণ গঙ্গা পার হইয়া ভীমের রাজ্যে গমন করিল। তাহারা ভীমের অধিকৃত গ্রামগুলি একের পর এক আক্রমণ করিতে লাগিল। কিন্তু শিবরাজ্বদেব কোন ব্রাহ্মণের সম্পত্তিতে হস্তক্ষেপ করিলেন না। এইরূপে কিছুদুর অগ্রসর হইতেই ভীমকর্ত্বক প্রবল বাধাপ্রাপ্ত হইয়া শিবরাজদেব স্বরাজ্যে ফিরিয়া গেলেন। বাজধানীতে আসিয়া শিবরাজ রাম-পালকে বলিলেনি যে, তাঁহাব পিতৃভূমি শক্রমুক্ত হইয়াছে। রামপাল অবিলম্বেই ব্ঝিলেন যে, সামাস্ত কয়েকখানি গ্রাম আক্রমণে ভীমের কিছুমাত্র ক্ষতি হয় নাই এবং তিনি তাঁহার অধিকাবে দৃঢ়ভাবেই প্রতিষ্ঠিত আছেন। তখন রামপাল তাঁহাব 'জনকভূ' বরেক্রী-অধিকাবেব জন্য বিপুল আয়োজন কবিতে লাগিলেন।

ভীমেব সমস্ত শক্তি চূর্ণ কবিয়া গৌড়বাজেব বংশধরকে তাঁহার স্থায় অধিকাবে স্প্রতিষ্ঠিত কবিবাব জন্ম, অগণিত মিত্র নরপতি ও সামস্তগণ বামপালেব সাহায্যার্থ অগ্রসর হইলেন। মগধ, উডিয়া, মেদিনীপুর, মানভূম প্রভৃতি স্থান হইতে নরপতিগণ সসৈন্মে রামপালেব বাজধানীতে উপস্থিত হটলেন। তাবপর এই সন্মিলিত-বাহিনী 'নৌকামেলক' বা নৌসেতু দারা ভাগীরথী পাব হইয়া ভীমের রাজ্যে উপস্থিত হইল।

কৈবর্ত্তরাজ ভীম, শিবরাজের প্রভ্যাবর্ত্তনেব পর হইতেই, ভীষণ যুদ্ধ নিকটবর্ত্তী মনে করিয়া ভাঁহার অধিকৃত প্রদেশ স্থরক্ষিত করিতে আরম্ভ করিয়াছিলেন। বহিঃশক্রর আক্রমণ হইতে প্রজাপুঞ্জের রক্ষা, জলপ্লাবন হইতে তুর্গমূল ও রাজধানী রক্ষা ও সাধারণের গমনাগমনের স্থবিধার জন্ম, তিনি রাজ্যের পশ্চিম :সীমা হইতে উত্তর সীমা পর্যান্ত এক বিশাল মুশ্ময় প্রাচীর নির্মাণ করিলেন। আজিও সেই সমূষত প্রাচীরের . ধ্বংসাবশেষ "ভীমের জাঙ্গাল" নামে উত্তরবঙ্গে পরিচিত।

(মিত্র ও সামস্ত-চক্রসহ রামপালকে বরেক্রভূমিতে পদার্পণ করিতে দেখিয়া ভীম কিছুমাত্র ভীত না হইয়া, কৈবর্ত্তসেনা-দলের সহিত ক্ষিপ্রবেগে তাঁহার আগমন প্রতিবোধ কবিলেন। ববেন্দ্রভূমির দক্ষিণ-পশ্চিমাংশে ভীমের সহিত রামপালের এক ভীষণ যুদ্ধ হইল। তীমেব বিক্রমে বিপক্ষের বাজগণ বিস্মিত ও শঙ্কিত হইয়া উঠিলেন; রামপালের হৃদয় বারে বারে কাঁপিয়া উঠিতে লাগিল। (তুলনায় কৈবর্ত্তরাজের সৈন্ত অপেকা পালরাজেব সৈত্যসংখ্যা দশগুণ অধিক হইলেও. ভীমের প্রচণ্ড আক্রমণে এক এক বাব তাহারা হটিয়া যাইতে লাগিল।) এক মদমত্ত বণকুঞ্জরে আরোহণ কবিয়া, বিশাল বর্শা হল্ডে দৈত্যরাজ বৃত্তের মত ভীম, ভৈববছছঙ্কারে শক্র-সৈন্মের উপর পতিত হইয়া তাহাদিগকে ছিন্ন-ভিন্ন কবিতে লাগিলেন। ভৌমের হস্তে পালবাদ্ধেব বছ সৈতা বিনষ্ট হইতে লাগিল। সুর্য্যোদয় হইতে অপরাহু পর্যান্ত তুমূল যুদ্ধ চলিল। বামপালের সৈন্মের সংখ্যাধিকাবশতঃ প্রায় অর্দ্ধেক সৈন্ম নিহত হইলেও তাহারা সমানভাবেই যুদ্ধ করিতে লাগিল। এ্দিকে ভীমের সেনাদলের সংখ্যা ক্রমে ক্রমে হ্রাস পাইতে লাগিল। সুদ্ধক্ষেত্রের প্রায় সর্বব্রই সৈষ্টদিগকে উৎসাহিত করিয়া যুদ্ধ করায়, (রণ-শ্রমে ভীষণ ক্লান্ত) হইয়া, অবসন্ধদেহে কৈবর্ত্তপতি ভীম/কিছুকালের জন্ম হস্তীর উপর মূর্চ্ছিত) হইয়া

পড়িলেন। রামপালের সৈত্যগণ, এই মহাসুযোগে পঙ্গপালের মত চারিদিক হইতে ছুটিয়া আসিয়া আহত, কম্পমান হস্তীব পৃষ্ঠদেশ হইতে লুপ্তচেতন কৈবৰ্ত্তরাজকে নামাইবা লইয়া শিবিরে প্রস্থান করিল। মূর্চ্ছাস্তে চোখ মেলিয়া ভীম দেখিলেন— তিনি শক্রশিবিরে বন্দী ৷ ভৌমের বন্দী হওযার সংবাদ) বিছাং-বেগে তাঁহার দৈক্তদলেব মধ্যে প্রচাবিত হইয়া গেল। (ভ্যচকিত সৈত্যগণ ছত্রভঙ্গ হইয়া চাবিদিকে পলায়ন করিতে नाशिन ।, পानवाद्धत रमग्रगंग विष्ठात्राह्मारम औरमत भनाग्रन-পর সৈত্যদের পশ্চাদ্ধাবন কবিয়া ভাহাদিগকে দূরে ভাড়াইয়া দিল। (বিত্তপাল নামে রামপালেব এক উচ্চ বাজকর্মচাবীব ভবাবধানে ভীম কারাগারে অবরুদ্ধ হইলেন। ভীমের প্রিয়-বন্ধু ও সেনাপতি হরি শেষ পর্যান্ত যুদ্ধ করিয়া ছত্রভঙ্গ সৈশ্য-গণেব সহিত যুদ্ধক্ষেত্র পরিত্যাগ করিয়াছিলেন।) তিনি সৈক্তদেব সংহত পুনৰ্মিলিত হইযা, উদ্দীপনাময়ী বক্তৃতায় তাহাদিগকে উর্ত্তেজিত করিলেন এবং বিচ্ছিন্ন সৈন্সগণকে একত্র কবিয়া পুনবায় যুদ্ধে অবতীর্ণ হইলেন। (হবি অসামান্ত বীরত্ব প্রকাশ করিয়া) যুদ্ধ কবিলেও মৃষ্টিমেয সৈন্য লইয়া বেশীক্ষণ টিকিতে পারিলেন না। (যুদ্ধ কবিতে করিতে শত্রু-ব্যুতেব মধ্যে প্রবেশ করিলে, রামপালের পুত্র রাজ্যপাল বহু সৈতা সহ একযোগে তাঁহাকে আক্রমণ করিয়া বন্দী করিলেন) (ভীম ও হরি বন্দী হইলে রামপাল ভীমের রাজধানী ডমর নগর ধ্বংস করিলেন এবং রণত্র্মদ কৈবর্ত্ত- সেনাগণকে স্বীয় সৈন্তদলে গ্রহণ করিলেন) বঙ্গে কৈবর্ত্তবিজ্রোহের অবসান হইল; বঙ্গের কৈবর্ত্তভাতির শৌর্যাবহ্নি
একবার কয়েক বংসরের জন্ত শতস্থ্যের মত জ্বলিয়া উঠিয়া
আবার চিরতরে নির্বাপিত হইল। কিছুদিন পরে তাত্রশাসনের কবি লিখিলেন,—"রামচন্দ্র যেমন অর্ণব লভ্যন
করিয়া রাবণবধাস্তে জনকনন্দিনীকে লাভ করিয়াছিলেন,
রামপালদেবও সেইরপ যুদ্ধার্ণব সমৃত্তীর্ণ ইইয়া, ভীমনামক
কৌণীনায়কের বধসাধন করিয়া জনকভূমি লাভে ত্রিজগতে
জ্বীরামচন্দ্রের স্থায় আত্মযশ বিস্তৃত করিয়াছিলেন।"

(এক শোচনীয় দৃশ্যে ভীমেব জীবননাট্যের যবনিকাপাত হইল। শৈক্তিমানের স্বেচ্ছাচারিতার প্রতিবাদকারী, নিগৃহীত জাতিব কর্মবীর, কৈবর্ত্তকুলভিলক, মহাবীর ভীম ও তাঁহার প্রিয়স্থলং হবির উষ্ণরক্তে বধ্যভূমি প্লাবিত হইল। একদিন পাঞ্চালছহিতা দ্রোপদীর স্বয়ংবরসভায় জ্বাতিবির্দেষের জন্মগত অধিকারের বিরুদ্ধে তীত্র প্রতিবাদ করিয়া এক মহাবীর বলিয়াছিলেন,—'দৈবায়ন্তং কুলে জন্ম মমায়ন্তং হি পৌরুষং'; তারপর বহুযুগ পরে, এ কথারই মোন পুনরুক্তি করিয়া, আভিজাত্যহীন আর এক বীর, বাংলার ইতিহাসের এক ক্রাসাচ্ছর, অখ্যাত অধ্যায়ে, নীরবে পৃথিবী হইতে চলিয়া গেলেন!

## মহারাজ লক্ষ্ণসেন

সপ্তদশ অশ্বাহোহীব বঙ্গবিজ্ঞয় যে বিশ্বাস করে, সে কুলাঙ্গার।
—ৰঞ্জিনচন্দ্র

বাংলার চিবনবীন প্রাণেব মূর্ত্ত প্রকাশ, বাঙ্গালীর জাতীয় প্রতিভার সমস্ত বিশেষস্বমণ্ডিত, মহাবীর লক্ষ্ণসেনদেব দাদশ শতাকীর প্রথমভাগে গৌড়সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। তিনি ব্রাক্ষণ, বৈছা ও কারস্থ সমাজে কৌলীক্যপ্রথাব প্রস্তা মহাবাজ বল্লালসেনেব পুত্র ও 'চালুক্যকুলেন্দুলেখা' প্রীমতী বামদেবী তাঁহার মাতা

লক্ষণসেন বাল্যকালে অস্থান্ত বিভার সহিত সামরিক বিভা অতি যত্নের সহিত অভ্যাস কবিয়াছিলেন। যৌবনে পদার্পণ কবিলে তাঁহাব ক্ষীণ দেহখানি পূর্ণাবয়ব হইয়া উঠিল, কৈশোরের স্লিক্ষ লাবণ্যের মধ্য হইতে বীর্যাদীপ্ত এক যৌর্বনমূর্ত্তি বাহির হইয়া আসিল, (ভূজদ্বয় হস্তিশুণ্ডের মৃত বিশাল এবং বক্ষঃস্থল শিলাখণ্ডের মত কঠিন ও প্রশস্ত হইল) ক্রমে তাঁহার অব্যর্থ শরসন্ধান ও ধনুর্বিভ্যাপারদর্শিতার যশোগানে চারিদিক মুখর হইয়া উঠিল। এই তক্লণ যৌবনেই তাঁহার আকর্ণবিস্তৃত বৃহৎ ধন্মক হইতে নিক্ষিপ্ত তীরের ভীষণতায় শক্রবক্ষ কম্পিত হইয়া উঠিত; মৃগয়ায় বাহির হইলে, তাঁহার সাড়া পাওয়া মাত্র মদমন্ত্র হস্তীগুলি প্রাণভয়ে দূরে পলায়ন করিত। কিন্তু, তাঁহার যৌবন-দীপ্রিমপ্তিত, গর্বেবান্নত বীবমূর্ত্তির মধ্যে কলাবিৎ ও ভাবুকের এমন এক আনন্দোচ্ছল সৌকুমার্য্য ছিল যে, যুবকের ভীম-কাস্ত দেহ-সৌন্দর্য্য দর্শনে সকলেই মুগ্ধ হইয়া যাইত।

(যৌবনে লক্ষণসেন রাজপদে প্রতিষ্ঠিত হইলেন।) তাঁহার পিতামহ বিজয়সেনদেব একবার কলিঙ্গপতি অনস্তবর্মা চোড়গঙ্গ-দেবকে যুদ্ধে পরাজিত করিয়াছিলেন, সেই অবধি কলিঙ্গ বঙ্গের নিকট নতমস্তক ছিল। (লক্ষ্ণসেনের বাজত্বের প্রথমেই কলিঙ্গ-রাজ বিজোহী হইয়া তাঁহাব প্রতিকুলাচরণ কবিতে লাগিলেন। অলম্ভ পাবকের মত তেজস্বী যুবক, প্রদীপ্ত উৎসাহে, কলিঙ্গ-রাজের বিরুদ্ধে যুদ্ধযাতা করিলেন। লক্ষ্মণসেনের বিক্রমে কলিঙ্গদেশ থবথর কাঁপিয়া উঠিল। কলিঙ্গবাজ পরাজিত হইয়া বঙ্গেখরের বশ্যতা স্বীকার করিলেন 📝 কলিঙ্গরমণীগণ অপূর্বব-যৌবন-শ্রীমণ্ডিত তরুণ বীরকে প্রীতিপ্রসন্নদৃষ্টি দ্বারা অভিনন্দিত করিল। (কলিঙ্গবিজয়ের কিছুদিন পরে, কামকপরাজ বঙ্গেখরের অধীনতাপাশ ছিন্ন করিলেন। নহারাজ লক্ষ্মণসেন বহু সৈশ্ত-সামস্ত সহ বিপুল বিক্রমে কামরূপ আক্রমণ করিলেন। ভাঁহার প্রচণ্ড আক্রমণ কামরূপরাজ সহ্য করিতে পারিলেন না। সম্পূর্ণরূপে পরাজিত হইয়া কামরূপাধিপতি অবন্তশীর্ষে বঙ্গেশ্বরের অধীনতা স্বীকার করিলেন্৴

'বিক্রেমবশীর তকামরূপ', বীবাগ্রগণ্য লক্ষ্ণপেনের হৃদয়ে দেশঙ্করের এক ছর্নিবার আকাজ্জা জাগিল। তিনি হিন্দুর পুণ্যতীর্থ বারাণসীধাম বাংলার রাজশাসনেব অধীনে আনিবার জ্বন্য উত্তরাপথে জয়্যাত্রা করিলেন। ভীষণ যুদ্ধে কাশীরাজকে পরাভূত করিয়া তিনি কাশীধামে বাঙ্গালীর প্রাধান্ত স্থাপন কবিলেন।)

তারপর, লক্ষ্ণসেন রণোল্লাসে মাতিয়া দেশের পর দেশ জয় কবিতে লাগিলেন) বঙ্গেধরের সমরজযস্তম্ভ দক্ষিণ সমুদ্রের তীরভূমে ঞ্রীক্ষেত্রে, অসি-বরুণাব সঙ্গমস্থলে বাবাণসীতে এবং ত্রিবেণীর তীরে প্রয়াগে, যজ্ঞযুপের সহিত একত্র প্রোথিত হইয়া বাংলার জয়গান ও বাঙ্গালীন বাহুবীর্য্যের প্রশংসাবাণী চাবিদিকে ঘোষণা করিতে লাগিল।

লিক্ষাণসেনদেব বছ মূল্যবান গুণে বিভূষিত ছিলেন। বছ
শান্তে তাঁহার অসাধাবণ পাণ্ডিত্য ছিল। তাঁহাব রাজসভা
জয়দেব, হলাযুধ প্রভৃতি বছ কবি ও পণ্ডিতে সর্বনদা পূর্ণ থাকিত
এবং রাজকার্য্যের অবসবে চিন্তবিনোদনের জন্ম, তিনি কবি ও
পণ্ডিতদের সহিত কাব্য ও শাস্ত্রালোচনায় ব্যাপৃত থাকিতেন।
বছসমরবিজয়ী, হর্দ্ধর্ব যোদ্ধার হৃদ্ধয় কাব্য-সবস্বতীব কোমল-পদস্পর্শে সরস ও চিববসন্থান্তীমণ্ডিত ছিল। তাঁহাব মত বস্তুর,
গুণগ্রাহী, বিছোৎসাহী ও সদয়বান রাজা খুব কমই বঙ্গের
সিংহাসন অলঙ্কত করিয়াছেন। দৈহিক শক্তি ও মানসিক
উৎকর্ষের, বীবন্ধ ও কাব্যানুরাগেব, রাজসভায় অক্তের ঝন্থনা ও
সাহিত্যেব মধুর আলাপের একত্র সমাবেশ হওযায়, তাঁহাকে
বঙ্গের বিক্রেমাদিত্য আখ্যায় অভিহিত করা যাইতে পাবে।

<sup>(</sup> লক্ষণসেনের যুগ বাংলাব এক গোববময় যুগ। বাঙ্গালীর সর্বতোমুখী প্রতিভার এমন অপূর্বব ক্ষুরণ আর কোন যুগে হইয়াছে বলিয়া বোধ হয় না। কাব্যে, কলাবিজায়, সঙ্গীতে, ভাস্কর্যে, বাহুবলে, বাঙ্গালী তখন উন্নতির উচ্চ শিখরে আসীন। বৈষ্ণবৃক্তবি জয়দেবের কোমল-কাস্ত-পদাবলীর কলগুপ্তনে সারা-বাংলা মুখরিত হইয়া উঠিয়াছিল; ধোয়ীর স্থমধুর কলতানে ও গোবর্জনাচার্য্যের আর্য্যাসপ্তশতীর অপূর্ব্ব পদলালিত্যে গৌড়জন মুয় হইয়াছিল; সুকবি উমাপতিধরের প্রশন্তিলিপিতে বাঙ্গালীর বীরকীপ্তি ও বিজয়কাহিনী দেশে দেশে ঘোষিত হইয়াছিল; সভাপত্তিত পুরুষোত্তমের 'ভাষাত্তি', হলায়ুধের 'ব্রাহ্মণসর্বন্ধ' ও 'মংস্তস্কু' বাঙ্গালীর বিজ্ঞাবতা ও শাস্ত্রজ্ঞানেব বার্ত্তা দিকে দিকে প্রচাব কবিয়াছিল; বাঙ্গালী যোজার বীবত্বে আর্য্যাবর্ত্ত কম্পিত হইয়া উঠিয়াছিল। কলাবসিক রাজার উৎসাহে গৌড়ীয় ভাস্করশিল্প চরম উন্পতি লাভ করিয়াছিল।

লক্ষাসেনের রাজ্যাভিষেকের সময় তাঁহার নামানুসারে যে অন্ধ প্রতিষ্ঠিত হইয়াছিল, ভারতের বিভিন্ন অংশে বছদিন পর্যান্ত তাহা প্রচলিত ছিল এবং এখনও বাংলার বাহিরে কোন কোন স্থানে তাহার প্রচলন দেখা যায়।) বাংলার বিগত গোরবের ক্ষীণ স্মৃতিচিহ্ন আজও প্রাণে অপূর্বর আনন্দের সঞ্চার করে। হায়! ইতিহাসবিমুখ বাঙ্গালীজাতি মীন্হাজের রূপকথায় ভুলিয়া এই আদর্শ বাঙ্গালী বীবের মন্তকে ভীরুতার কী নিদারুণ কলক্ষ চাপাইয়া দিয়াছে!

## রাজা গণেশ

্ খুষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রথমভাগে উত্তরবঙ্গে ভাতৃড়িয়া পরগণায় রাজা গুণেশনারায়ণ ভাতুড়ী নামে একজন প্রবল-প্রতাপশালী জমীদার ছিলেন। সমুদ্ধিশালিনী সপ্ততুর্গা নগবী তাঁহার রাজধানী ছিল। বাংলায় তখন ইলিয়াশসাহী বংশের আমল। গণেশনাবায়ণ কিছদিন নবাবসবকাৰে উচ্চ কর্ম্মচারীব পদে অধিষ্ঠিত ছিলেন: পরে, সে কার্য্য ত্যাগ কবিয়া জমীদাবীব শাসনভাব নিজহত্তে গ্রহণ কবিয়াছিলেন এবং ডাহার স্থুশাসন ও উন্নতিকার্য্যে সমস্ত মনোযোগ ও শক্তি নিযোগ করিয়াছিলেন। বাংলার তদানীস্তন রাজশক্তি বিশেষ প্রবল না হওয়ায়, অনেক পবাক্রান্ত জমীদার নামমাত্র বঙ্গেশরের অধীনতা স্বীকার কবিয়া স্বেচ্ছামত নিজ নিজ অধিকৃত দেশ শাসন করিতেছিলেন। ্গণেশনারায়ণ জমীদারীব ভার গ্রহণ করিয়া দেশের অবস্থা ও রাজশক্তিব তুর্বনলতা লক্ষ্য করিলেন এবং এক স্বাধীন হিন্দুবাজ্য আশা ও আদর্শকে মনে-মনে পোষণ করিতে স্থাপনের লাগিলেন।

সপ্তত্ত্পার এক জনবিরল প্রাস্তে একটি বিষ্ণুমন্দির ছিল। একদিন জমীদারীর কার্য্যে বেড়াইতে বেড়াইতে গণেশনারায়ণ

সেখানে উপস্থিত হইলেন। তখন সন্ধ্যা হইয়া আসিয়াছে। তিনি সন্ধ্যা-আহ্নিকের জন্ম মন্দিরমধ্যে প্রবেশ করিয়া বিগ্রহের পদত্রে বসিয়া উপাসনায় মন নিবিষ্ট করিলোন। 'সহসা সেই নিৰ্জ্জন সান্ধ্য-আকাশ মুধরিত করিয়া রমণীকঠের আর্ত্তনাদ তাঁহার কর্ণে প্রবেশ করিল। গণেশনারায়ণ ভাডাভাডি বাহির হইয়া আসিয়া দেখিলেন—সম্মুখে আলুলায়িতকুস্তলা, স্রস্তবসনা এক নারী ও তাহার পশ্চাতে ভীষণমূর্ত্তি তুইজন পুরুষ! বম্ণী কাঁপিতে কাঁপিতে আসিয়া গণেশের পদতলে লুটাইয়া পড়িল। গণেশনারায়ণকে দেখিয়া পুরুষদ্বয় তৎক্ষণাৎ পলায়ন করিল। বমণীর সমস্ত পরিচয় শুনিয়া তিনি বুঝিলেন যে, সে তাঁহারই একজন নিরাশ্রয়া প্রজা এবং তাহাব প্রতি পাশবিক অভ্যাচার করার অভিপ্রায়ে দস্থাবা ভাহাকে হবণ করিয়া আসিয়াছে। গণেশনারায়ণ বমণীকে সঙ্গে করিয়া ফিরিলেন এবং আরও অনুসন্ধানে জানিলেন, যে, এই দস্যুদ্বয়ই উত্তববঙ্গের ভদানীস্তন বিখ্যাত দফ্য রামচাঁদ ও শ্রামচাঁদ।

কয়েকদিন গণেশনারায়ণ মানসিক অশান্তিতে কাটাইলেন।
তিনি ক্রেমাগতই ভাবিতে লাগিলেন, এই অসহায়া নারীর
লাঞ্ছনাব জন্ম তিনিই প্রকৃতপক্ষে দায়ী। তাঁহারই জ্প্পীদারীমধ্যে তিনি যদি ত্ব্ ত্তকে শান্তি দিতে না পাবেন, গৃহী ভাহার
ধনরত্ন লইয়া, নারী তাহার সম্ভ্রম লইয়া যদি নির্বিছ্নে বাস
করিতে না পারে, তবে কেনই বা তিনি তাহাদের নিকট কর
গ্রহণ করেন এবং কেনই বা শাসক বলিয়া পরিচয় দেন!


অমুতাপের আগুনে পুড়িয়া পুড়িয়া তিনি প্রতিজ্ঞা করিলেন—
যেমন করিয়াই হোক, এই হুর্দ্ধান্ত দ্ব্যুহ্মকে দমন করিতেই
হুইবে। তিনি দেওযানকে নিকটে ডাকিয়া বলিলেন, "রামাশুমাকে উপযুক্ত শাস্তি দিতে হুইবে; আমাব জ্ঞাদারীর মধ্যে
তাহাদের অভ্যাচাব ক্রনাগতই বাডিযা চলিয়াছে, প্রজ্ঞাদের ধনপ্রাণ বিপন্ন, আপনি ভাহাব একটা ব্যবস্থা করুন।" দেওয়ানজী
বলিলেন, "রামচাঁদ ও শুমাচাদ বর্জমানে সাভোবের রাজা
অবনীনাথের অনুগৃহীত। একে ত চলনবিলের স্বত্থ লাইয়া
ভাহার সহিত আমাদের বিবাদ চলিতেছে, ভাবপর বাম-শুমেকে
শাস্তি দিতে হুইলে অবনীনাথের সহিত যুদ্ধ অনিবাধ্য়।"

গণেশনারায়ণ বলিলেন, "বিপদেব ভয়ে যে কর্ত্তব্য অবহেলা করে, সে কাপুরুষ। অন্থায়ের যথাযোগ্য প্রতীকার করিতে হইবে। আপনি আন্ধই অবনীনাথের নিকট রামা-শ্যামাকে অবিলয়ে আমার হস্তে সমর্পণ করিবাব জন্য অন্থরোধ কবিয়া দূত পাঠান। তাঁহার অসম্মতিতে যুদ্ধ ঘোষণা করিব।"

দেওয়ান নরসিংহের আহ্বানে এক দীর্ঘকায় নমশৃত্র পদাতিক আসিয়া উপস্থিত হইল। রামচাঁদ ও শ্যামচাঁদকে অবিলয়ে সমর্পণ করিবার জন্ম পত্র দিয়া ভাহাকে অবনীনাথের নিকট প্রেরণ কবা হইল। পত্রে ইহাও লেখা হইল যে, যদি ভাহাদের শাস্তিভোগের জন্ম শীঘ্র সপ্তত্গায়না পাঠান হয়, ভবে সাঁতোর রাজ্য আক্রমণ কবিয়া বলপূর্বক ভাহাদের ধরিয়া আনা হইবে। রামচাঁদ ও শ্রামচাঁদ তথনকার উত্তরবঙ্গেব বিখ্যাত দম্মাসর্দার। তাহাদের অত্যাচারে অর্দ্ধ-বঙ্গ কম্পিত হইত। রমণীগণ তাহাদের নাম শুনিলে আতক্ষে শিহরিয়া উঠিত, শিশুরা হ্রম্বপনা ছাডিয়া মায়ের বুকে লুকাইয়া চোখ বুজিয়া থাকিত,—তাহাদের অমানুষিক দৌরাত্ম্যের কাহিনীতে লোকের ভয়বিকল হাদয় হরুহক কাপিয়া উঠিত।

ভাষা পত্র পাইয়া একেবারে জ্বলিয়া উঠিলেন।
তিনি পত্রের উত্তর দিলেন—"রামচাঁদ ও শ্যামচাঁদ আমার
প্রকাবটে, কিন্তু আপনার অনুবোধে আমি তাহাদেব উপর
হস্তক্ষেপ করিতে প্রস্তুত নই। তাহাবা চোরেব মত কোন
কার্য্য করে না—বীরের মত লুঠন করে। আপনার যদি
শক্তি থাকে, তবে তাহাদেব বাধা দিতে পাবেন। অধিকল্প,
চলনবিলের নিকটবন্তী স্থানসমূহ লুঠন কবিবাব অবাধ
অধিকার আমি তাহাদের দিয়াছি, কাবণ ঐ সমস্ত স্থান
আমাব জ্বমীদারীর অন্তর্ভুক্ত বলিয়া মনে কবি।"

গণেশনারায়ণ অবনীনাথের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিবেন, তাঁহার রাজ্যে এক বিপুল উন্মাদনার স্রোত বহিয়া গেল। চারিদিকে সাজ্ঞ সাজ্ঞ রব। পূর্ণ উন্থানে সৈক্তসংগ্রহ চলিতে লাগিল। লাঠিয়াল, বর্শাধারী, তরবারিধারী প্রভৃতি দলে দলে আসিয়া সপ্তত্যায় ভিড় জমাইতে লাগিল। গণেশনারায়ণ ভাবিয়াছিলেন, বাংলার সমস্ত বিচ্ছিন্ন হিন্দুশক্তিকে একত্র করিয়া তিনি গৌড় আক্রমণ করিবেন ও এক স্বাধীন



ঈশা পাঁব কামান

হিন্দুরাজ্যেব প্রতিষ্ঠা কবিবেন। কিন্তু, বিধাতার কোন এক অজ্ঞাত নিয়ন্ত্রণে আজ তাঁহাকে এক প্রতিবেশী হিন্দু জনীদাবেব সহিত যুদ্ধে লিপ্ত চইতে চইতেছে। ইহার প্রতীকারেব আব উপায়ও ত দেখা যায় না। এই তুদ্দান্ত দস্যান্তরেব অত্যাচাবে দেশ উৎসন্ন যাইতে বসিয়াছে; অবনীনাথ তাহাদেব দস্যান্তরি দনন কবিবাব ভাব সহস্তেও গ্রহণ কবিতে পাবিতেন, কিন্তু তাহা না কবিয়া তিনি দস্থাদেব পক্ষ সমর্থন কবিয়াছেন। সর্বোপরি, এই সম্পর্কে তিনি ভাত্যভীবংশেব এতদিনেব অধিকৃত চলন্বিলেব অংশবিশেষও কর্ত্তবাবাধে অনুপ্রাণিত হইয়া আত্মাং কবিতে উন্নত হট্যাছেন। গণেশনারায়ণ, তুইদননেব জন্ম অনিচ্ছাসত্ত্বও ন্যায়যুদ্ধে অগ্রাস্ব হইলেন।

দৈশ্বসংগ্রহ শেষ হইলে, উপযুক্ত সমযে, গণেশনাবারণ প্রবলবিক্রমে সাঁতোব আক্রমণ কবিলেন। তুমুল যুদ্ধ হইল। গণেশনাবারণের দৈশ্বগণের শিক্ষা ও তাঁহাব যুদ্ধকোশলের নিকট অবনীনাথের দৈশ্বদল শীঘ্রই বিপ্রাস্ত ও ছত্রভঙ্গ হইয়। পড়িল। বামচাদ ও শ্যামচাদ অবনীনাথের পক্ষাবলম্বন কবিয়া ভামবিক্রমে যুদ্ধ কবিতে লাগিল। ঘোরতব যুদ্ধের পর বিজয়লক্ষ্মী গণেশের প্রতি প্রসন্ধা হইলেন। অবনীনাথের কুলপুবোহিত কালীকিশোর আচার্য্যের মধ্যস্থতায় ও অনুরোধে সন্ধি হইল। গৃহবিবাদে নিজেদেরই বলক্ষয় হয় মনে করিয়া গণেশনারায়ণ চিরদিনই এইরপে যুদ্ধে বীতম্পৃত ছিলেন। তাঁহার একমাত্র চিস্তা—কি করিয়া অধীনতাশৃথল ছিল্ল করিবেন, কি করিয়া গৌড়ের অনুপ্যুক্ত নবাবকে তাঁহার শক্তি ও বাহুবলেব পরিচয় দিবেন। এই অসমসাহসিক কার্য্যেব জন্য অবনীনাথের সাহায্য তাঁহাব পক্ষে মহামূল্যবান মনে করিয়া, তিনি তাঁহার সহিত বন্ধু হস্তুত্রে আবদ্ধ হইলেন। তাঁহাদেব বন্ধুন্থ চিবস্থায়ী করিবাব জন্ম গণেশনাবায়ণ, তাঁহাব পুক্র যঙ্নারায়ণেব সহিত অবনীনাথেব কন্মাব বিবাহ দিলেন। অবনীনাথ ও গণেশনারায়ণ উভয়েই বরবধুকে তাঁহাদেব প্রত্যেকের চলনবিলেব অংশ যৌতুক্ষরূপ দান করিলেন। বামটাদ ও শ্যামটাদ দম্যুব্তি পবিত্যাগ করিয়া অবনীনাথের সৈন্যবিভাগে কার্য্য করিতে লাগিল। উভয়েই পূর্ব্ব মনোমালিন্য বিশ্বত হইয়া পরম সৌহার্দ্যে বাস করিতে লাগিলেন।

ভখন বিলাপপবাযণ, অত্যাচারী দিতীয় সামস্থাদ্ধিন বৈমাত্রেয় লাভা আজিমকে বাজ্য হইতে বিভাড়িত করিয়া গৌডেব সিংহাসনে আবোহণ কবিয়াছেন। আজিম সামস্থাদ্ধিনের উপর প্রতিশোধ লইবার জন্য বহু স্থানে যুরিয়া বেড়াইলেন, কিন্তু কোথাও কৃতকার্য্য হইতে না পারিয়া, অবশেষে গণেশেব শরণাপর হইলেন। গণেশ দেখিলেন যে আজিম একদল সৈত্য সংগ্রহ করিয়াছেন বটে, কিন্তু উপযুক্ত অর্থ ও নেতৃত্বাভাবে ভাঁহার সংকল্পকে সিন্ধির পথে অগ্রসর করাইতে পারিতেছেন না। মন্ত্রণাককের নিভ্ত আলোচনার মধ্য হইতে অদূর ভবিয়াতের একখানি উজ্জ্বল দৃশ্যপট অলক্ষ্যে গণেশনারায়ণের

মনের উপর ভাসিয়া উঠিল। কে যেন বাববার তাঁহার মনের মাঝে বলিতে লাগিল-এ স্থযোগ ত্যাগ কবা উচিত নয়, এই সুযোগই তাঁহাব সৌভাগাসুর্য্যোদয়েব প্রথম বার্তা বহন করিযা আনিবে। গণেশ স্বাধীনতা ঘোষণা করিবাব জন্ম বছদিন হুইতে ধীবে ধীবে আয়োজন করিতেছিলেন, কিন্তু এত শীঘ্র বঙ্গেশ্ববেব বিপক্ষাচবণ কবিতে ভাঁছাৰ মনে একটা প্ৰবল ছিখা উপস্থিত হুইল। অপরিণত সময়ে কার্য্যে হুস্তুক্ষেপ কবিলে বিপবীত ফল ফলিয়া হয়ত তাহাৰ সমস্ত আশাৰ সমাধি বচিত হুইবে, এই মনে করিয়া তিনি বহুক্ষণ নীৰবে চিন্তা করিলেন। শেষে সেই হাতরাজ্য, বিপন্ন মুসলমান যুবকেব সনিবান্ধ অনুবোধ, তাঁহাব অঞ্সঙ্গল, কাতর আবেদন গণেশনাবাযণকে বিচলিত করিল: সর্নোপবি ফদয়েব নিভততল হইতে উখিত অভয়বাণী তাঁহাব দেহ-মনে নববলেব সঞ্চার করিল। গণেশ মনে মনে একবার ভাঁছাব ইষ্টদেবতাকে স্মব্য কবিয়া বলিলেন. "হয়া হুষীকেশ হুদি-স্থিতেন যথা নিয়ক্তোহস্মি তথা কৰোমি।" তারপব ভাবিলেন,—আনি হিন্দু—ব্রাহ্মণ। বিপন্নকে আশ্রয় দেওয়া আমাব ধর্ম। ইহাতে আমাব স্বার্থ কভখানি ক্ষুপ্ত হইবে বা আমি কভটুকু বিপদে পড়িব—ইহা চিন্তা করা আমার উচিত নয়। ভবিশ্যতের গর্ভে যাহা নিহিত আছে, তাহা হইবেই হইবে; শরণাগতকে কিছুতেই পরিত্যাগ করিব না। গণেশনারায়ণ সাহায্য করিবার প্রতিশ্রুতি দিয়া আজিমকে আশ্বস্ত করিলেন। ্কিরূপে, কোন্ দিন গৌড় আক্রমণ করা

হইবে, তাহা স্থির করা হইল; গণেশ সসৈত্যে কোথায়, কোন্ রাস্তা দিয়া শাহাজাদা আজিমের সহিত মিলিত হইবেন, তাহাও নির্দিষ্ট হইল।

আবার বিপুল উভ্তমে গণেশনারায়ণ সৈত্য সংগ্রহ করিতে লাগিলেন। সুযোগ্য মন্ত্রী নরসিংহের চেষ্টায় বাংলার বহু স্থান হইতে দলে দলে সৈত্য আসিয়া গণেশের পতাকাতলে সমবেত হইতে লাগিল। এবার তাঁহার বড় ভরসার স্থল অবনীনাথ; তাঁহার নিকট, সমস্ত বিবরণ জানাইয়া, সৈত্যসাহায্য চাহিলেন। অবনীনাথ বৈবাহিকের প্রার্থনামত অবিলম্বে রামচাঁদ ও শ্যাম-চাঁদের নেতৃহাধীনে বারহাজার সৈত্য পাঠাইলেন। উত্তববঙ্গ ও মধ্যবঙ্গের বিখ্যাত হিন্দুযোজ্বন্দ সকলেই গণেশেব সৈত্যদলে যোগ দিল। গণেশ সপ্তত্ত্ব্যা রক্ষার্থ উপযুক্ত একদল সৈত্য নরসিংহেব তত্ত্বাবধানে রাখিয়া, শুভদিনে, জ্রীবিষ্ণুম্মরণ করিয়া ভয়-সংশয়-সঙ্গুল, হুঃসাহসিক অভিযানে যাত্রা করিলেন।

আজিম শাহ গোড়ের অনতিদূরে শিবিব সংস্থাপন কবিয়াছিলেন। যেদিন গণেশ ও তিনি প্রত্যুবে রাজধানী আক্রমণ কবিবেন বলিয়া ঠিক কবিয়াছিলেন—তাহার পূর্বেদিন গুপুচর আসিয়া সংবাদ দিল যে, গোডেশ্বর সামস্থদিন অগ্রই যুদ্ধের আয়োজন করিতেছেন এবং প্রায় দ্বিপ্রহর পর্যাস্ত তাহাদের শিবির আক্রমণ করিতে পারেন। আজিম প্রমাদ গণিলেন। তিনি গণেশের আগমন প্রতীক্ষা করিয়া বসিয়াছিলেন—গণেশের সাহায্য ছাড়া বাদশাহের

বিপুলবাহিনীর সম্মুখীন হওয়া তাঁহার ত পরাজয়ের নামান্তব মাত্র। আজিম কিংকর্ত্তব্যবিমৃত হইয়া পভিলেন। দেখিতে দেখিতে অদূরেই গোঁড়েশ্বরের সৈক্সগণেব কোলাহল শোনা গেল। শত্রুকে অভি নিকটে দেখিয়া আজিম শাহেব ধমনীতে ধমনীতে বীর-বক্ত নাচিয়া উঠিল; তিনি ভাবিলেন, ভীক্রব মত পলায়ন না কবিয়া সম্মুখয়ুদ্দে প্রাণ দেওয়াই ভাল। আজিমের মৃষ্টিমেয় সৈক্ত প্রাণপণে যুদ্ধ কবিল, কিন্তু শত্রুসৈক্সের সংখ্যাধিক্য বশতঃ শীঘ্রই তাহাবা ছত্রভক্ষ হইয়া পলায়ন কবিল। আজিমও তাহাদের সহিত বণস্থল ত্যাগ কবিলেন। সামস্থাদ্দিন আজিমের পশ্চাদ্ধাবন করিলেন।

পরদিন গণেশনারায়ণ যথাসময়ে সদৈতে উপস্থিত হইয়া
শুনিলেন যে, অতর্কিত আক্রমণে আজিম পরাজিত হইয়া
পলায়ন করিয়াছেন এবং সামস্থাদিন তাঁহার অন্থ্যবণ
করিয়াছেন। এতদিন যে আশাব বহিল তাঁহাব হৃদয়ে
ধিকিধিকি জ্বলিতেছিল, এই সংবাদ শ্রবণে তাহা প্রবল
আকার ধাবণ করিল। তিনি ভাবিলেন—গোড় আক্রমণেব
এই উপযুক্ত অবসর। তিনি অসীম সাহসে বৃক বাঁধিলেন।
আজ তাঁহার ভাগ্যপরীক্ষার উপযুক্ত সময়। এই উদ্দেশ্য বিফল
হইলে, তাঁহার যে কি পরিণাম হইবে—তাহাও মৃহুর্ত্তে তাঁহার
মনের উপর ভাসিয়া উঠিল। তব্ও যাহার জন্ম তিনি এতদিন
প্রস্তুত হইতেছেন, যে গোড়-আক্রমণ তাঁহার দিনের চিন্তা,
রাত্রির স্বপ্ন, যাহার বিষয় চিন্তা করিতে করিতে তিনি কত

বিনিক্ত রজনী উষ্ণ মস্তিক্ষে শর্মকক্ষে পদচারণা করিয়া কাটাইয়াছেন—সেই আশার সফলতার পক্ষে এমন সুযোগ ছাড়িতে তাঁহার মন কিছুতেই রাজী হইল না। তিনি ভাবিলেন —এই পরাধীন জীবন অপেকা মৃত্যু ভাল; এই দাসংহব কঠিন নিগড় বহন করা অপেক্ষা যুদ্ধক্ষেত্রে চিরকালেব মত শয্যাগ্রহণই শ্রেয়। কি কুক্ষণে মহারাজ লক্ষ্মণসেনের বংশধবগণ মুসলমানেব করে বাংলার সিংহাসন তুলিয়া দিয়াছিলেন, তারপর তুই শতাব্দী চলিয়া গিয়াছে, কিন্তু হিন্দুজাগরণের আর কোন সাডাই পাওয়া যাইতেছে না। বাংলায় কি হিন্দুর স্বাধীনতা-সূর্য্য আব উদিত হইবে না ? গণেশ-নারায়ণ ভাবিলেন, এ সুযোগ কিছুতেই ত্যাগ করা উচিত নয়। তিনি মনে-মনে তাঁহার ইষ্টদেব নাবাযণের পদপ্রাস্তে লুটাইয়া পডিয়া বলিতে লাগিলেন, "হে প্রভু, জানি না কেন আমার প্রাণে স্বাধীনতাব এই ছর্দ্দমনীয় আকাজ্ফা, পরাধীনতার এই তীব্র অনুভূতি জাগাইয়াছ; জানি না, ইহাৰ পরিণাম কি! একদিন তুমি ভোমার এক ভক্তের রথে সারথ্য গ্রহণ করিয়া তাঁহাকে যুদ্ধে চালিভ করিয়াছিলে, আমি তোমার ভক্ত হইবার কোন স্পদ্ধা বাখি না,—তবে এইটুকু জানি, এ সংসারে তুমিই আমার শেষ আশ্রয়স্থল। আজ এই তুর্বল মানব-বাহিনীর অগ্রভাগে তোমার সেই স্থদর্শনধারী মূর্ত্তি কল্পনা করিয়া আমি গৌড়াভিমুথে যাত্রা করিলাম:—ফলাফল তোমার উপর নির্ভর করিতেছে।"

গণেশনাবায়ণ একেবারে সৈন্তদের মধ্যে আসিয়া তাহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন, "ভাই-সব, আমি আজই, এই মুহূর্ত্তেই গৌড আক্রমণ কবিবাব জন্তা গৌডেব দিকে অগ্রসর হইতে মনস্থ কবিয়াছি। তোমাদেব বাহু-বলের উপব নির্ভর কবিয়াই আমি এ কার্য্যে প্রবৃত্ত হইতেছি। হিন্দু-স্বাধীনতাব পুনরুদ্ধাবেব জন্তা আশা কবি, তোমবা প্রাণ ভূচ্ছ কবিয়া যুদ্ধ কবিবে। কর্ত্তব্য সম্মুখে রাখিয়া ভূচ্ছ আবাম বীবের আকাজ্জিত নয়। যদিও আমরা পথশ্রমে ক্লান্ত, তব্ও মূহ্র্ত বিলম্ব না কবিয়া এখনই আমাদের অগ্রসব হওয়া উচিত।"

গণেশেব উত্তেজনাময়ী বাণী বহুপথপ্যাটনক্লাস্থ সৈনিক-গণেব দেহ-মনে বিহাৎ-বেগে নববলেব সঞ্চাব কবিল। ভাহারা বিশ্রামেব কথা ভুলিয়া গিয়া তখনই গৌড়াভিমুখে রওযানা হইতে স্বীকৃত হইল।

গণেশ ভীমবেগে গোঁড আক্রমণ কবিলেন। নগব প্রায় অরক্ষিত অবস্থায় ছিল, অধিকাংশ দৈশ্য বাদশাহের সহিত আজিনের পশ্চাদ্ধাবন কবিয়াছে। যে সামাশ্য দৈশ্য নগর রক্ষার্থ ছিল, তাহাবা প্রাণপণে বাধা দিল; কিন্তু, শীঘ্রই পরাজিত হইয়া কতক বন্দী হইল—কতক নিহত হইল। গণেশ গোঁড় অধিকার করিলেন।

গৈণেশনাবায়ণ গৌড় অধিকাব করিয়া নিশ্চিন্তমনে বসিয়া থাকিতে পারিলেন না। অতি ভীষণ যুদ্ধ আসন্ধপ্রায় মনে করিয়া, তিনি নগর ও তৎপার্শ্ববর্তী স্থান সমূহ সুরক্ষিত করিতে লাগিলেন। দেহে তাঁহার শত মত্তহস্তীব বল আসিল; প্রাণ এক জ্বলম্ভ উৎসাহে পূর্ণ হইল। বিভিন্ন প্রবেশ-পথে সৈন্তাগণ দিবাবাত্র পাহারা দিতে লাগিল। বাদশাহের গতিবিধি লক্ষ্য কবিবার জন্ম সুকৌশলী গুপুচবগণ চারিদিকে প্রেরিত হইল।

কিছুদূব আজিমেব পশ্চাদাবন করিয়া, সামস্থুদ্দিন এক খণ্ডযুদ্ধে আজিমকে বধ করিলেন। আজিম নিহত হইলে সামস্থুদ্দিন গোড়াভিমুখে ফিরিলেন।

গৌড়ের নিকটে আসিয়। সামস্থাদিন দেখিলেন—এক অভিনব ব্যাপাব। বাঞ্জা গণেশনাবায়ণ বাজধানী অধিকার করিয়াছেন; নগরেব বাহিরে বহুদ্র পর্য্যস্ত স্থবক্ষিত করা হইয়াছে; স্থানে স্থানে শিবির সন্ধিবেশ কবা হইয়াছে;— তাহাব মধ্যে যুদ্ধসাজে সভিত হিন্দুযোদ্ধ্যণ সচকিতভাবে অবস্থান কবিতেছে। সামস্থাদিন এই অসম্ভাবিত বিপদে হতবুদ্ধি হইয়া পড়িলেন; পরে ক্রোধে, ক্ষোভে ও নিবাশায় মরিয়া হইয়া গণেশকে আক্রমণ কবিলেন। গুপুচরের মুখে নবাবের আগমন-সংবাদ শুনিয়া গণেশ পূর্বব হইতেই প্রস্তুত ছিলেন; তিনিও তৎক্ষণাৎ মুসলমানবাহিনীৰ আক্রমণ প্রতিরোধ করিলেন।

হিন্দু-মুসলমানে তুমুল যুদ্ধ চলিল। রামচাঁদ ও ভামচাঁদ প্রাণ তুচ্ছ করিয়া যুদ্ধ করিতে লাগিল। গণেশনারায়ণ অশ্বপৃষ্ঠে যুদ্ধের সর্ববত্র ছুটিয়া বেড়াইয়া প্রত্যেক সৈক্তকে
উৎসাহিত কবিতে লাগিলেন। বহুসময়ব্যাপী যুদ্ধেব পব
নবাবসৈক্তেব পবাক্ষয় অনিবার্য্য জানিষা স্বয়ং সামস্থাদিন
যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইলেন। তিনি গণেশের সাক্ষাং পাইয়া
উন্মত্তেব মত তাঁহাকে আক্রমণ কবিলেন। গণেশ ক্ষিপ্রহস্তে
সে আক্রমণ প্রতিহত করিয়া সিংহবিক্রমে নবাবকে আক্রমণ
কবিলেন। অল্লক্ষণ যুদ্ধের পরই গণেশের তববাবির ভাষণ
আঘাতে সামস্থাদিনের ছিল্লমুণ্ড মাটিতে পিডিয়া গেল।
নবাবের মৃত্যুতে মুসলমান সৈক্তরণ ছত্রভঙ্গ হইয়া পলাবন
করিল। গণেশনাবায়ণ যুদ্ধে সম্পূর্ণভাবে জয়লাভ কবিলেন।

গণেশনাবায়ণ বাংলার রাজা হইযা সাত বংসব রাজ র করিয়াছিলেন। এই সুযোগ্য হিন্দু রাজার রাজতে, আবাব বাংলার মন্দিরে মন্দিবে শঙ্খ-ঘণ্টাব শব্দ শোনা গেল; আবাব দেবালয়ে দেবালয়ে নৃতন বিগ্রহ প্রতিষ্ঠিত হইল; আবাব গীতা, উপনিষৎ ও শ্রীমন্তাগবতের আলোচনায় জাতিব জীবনে ধর্মের জোয়ার আসিল; আবার সংস্কৃতভাষার স্থালিত শব্দ বর্ণে মধুধারা বর্ষণ করিতে লাগিল। তাঁহার স্থবিজ্ঞ মন্ত্রী নরসিংহ নাড়িয়ালের উপযুক্ত রাজকার্য্য-পরিচালনে রাজ্যের প্রজার্নের স্থালিত ও সমৃদ্ধি বৃদ্ধি পাইল। গণেশনারায়ণেব নিরপেক্ষ শাসনে হিন্দু ও মুসলমানের মধ্যে বিপুল সন্তাব সংস্থাপিত হইয়াছিল। দেবালয়ের পার্শ্বে মস্কিদের উচ্চচ্টা আকাশে শোভা পাইত; মন্দিরের দেবার্চনার কাঁসরঘণ্টাধ্বনি মস্জিদের

উপাসনারত মুসলমানের কর্ণে প্রবেশ করিত। কিন্তু কোথাও কোন বিদ্বেরের ভাব বিন্দুমাত্রও লক্ষিত হইত না। নারী ও শিশুর প্রতি কোনকাপ অন্তায় আচরণ ধর্মা ও মনুয়ারবিগর্হিত— প্রকৃত হিন্দুবীরের মত এই চিন্তা করিয়া, রাজা গণেশনারায়ণ, মৃত নবাবদিগের পবিবাববর্গের জন্ম এক স্বতন্ত্র প্রাসাদ নির্দিষ্ট করিয়া দিয়াছিলেন এবং তাহাদের ভবণপোষণের জন্ম রাজকোষ হইতে মাসিক অর্থ সাহায়া কবিতেন।

বহুদিন মুদলমানশাদনে অভ্যস্ত হইয়া মুদলমানগণ ভাবিযাছিল যে, তাহারা ব্যতীত বাংলার মস্নদে বসিবাব আব কেহই অধিকাবী নয়। মুসলমান আমীর ও ওমরাহগণ মনে মনে গণেশেব প্রতি বিদ্বেষভাব পোষণ করিত এবং তাহাদেব অনু গ্রহেই যে গণেশ রাজসিংহাসনে প্রতিষ্ঠিত আছেন. সর্বাদা এইরূপ ভাব দেখাইত। কিন্তু গণেশ তুর্বলহস্তে রাজ-দণ্ড ধরেন নাই; এই অবস্থার প্রতীকাবেব জন্ম ভিনি কঠোর শাসনেব প্রবর্ত্তন করিলেন। তিনি অযথাপ্রশ্রয়প্রয়াসী মুসলমান ধর্মযাজক ও ওমবাহদিগকৈ ঔদ্ধতোর জন্ম কঠোৰ রাজদণ্ডে দণ্ডিত কবিতে লাগিলেন। ওমবাহগণ পুচ্ছবিমন্দিত সর্পের মত বোষে ফুলিতে ফুলিতে গোপনে গণেশের উপর প্রতিশোধ লইতে উন্নত হইল। নূর-কুতুবল-আলম নামক এক ফকির তখন মুসলমানসমাঞ্চে বিশেষ প্রতিষ্ঠাপন্ন ছিলেন এবং বহু মুসলমান তাঁহাকে ধর্মগুরু বলিয়া অত্যস্ত সম্মান কবিত। ওমরাহগণ গণেশের বিরুদ্ধে গোপনে তাঁহার সহিত ষড়যন্ত্র

আরম্ভ করিল। ফকির, গণেশের মুসলমান-বিদ্বেব ও অত্যাচারের মিথ্যা কাহিনী জৌনপুবের স্থলতান ইব্রাহিম শাহেব নিকট সবিস্থারে বর্ণনা কবিয়া, তাঁহাকে বাংলা আক্রমণেব জন্ম আহ্বান করিয়া আনিলেন। ইব্রাহিম বাংলায় আসিয়া অক্তকার্যা হইয়া ফিরিয়া গেলেন। তাঁহাব প্রত্যা-বর্ত্তনের পব গণেশনাবায়ণ বড়যন্ত্রকাবীদের কঠোব শাস্থিবিধান করিলেন। সমস্ত আন্দোলন অগ্নিতে জল-সেকেব মত মুহূর্ত্তে নিবিয়া গেলে।

যখন জৌনপুবেব স্থলতানেব সহিত গণেশনাবায়ণেব বিবাদ চলিতেছিল, তখন ১৭০৭ খুষ্টাব্দে, আরাকানরাজ নেং স্নোয়ান, রাজ্য হইতে বিতাড়িত হইয়া, বাংলায় আসিয়া গণেশেব সাহায্য প্রার্থনা করেন। গৌড়েশ্বর গণেশনাবায়ণ অবিলম্বে ত্রিশহাজার সৈত্য তাঁহার সাহায্যার্থে প্রেরণ করিলেন; সেই বঙ্গবাহিনীর সাহায্যেই আরাকানরাজ জ্বতবাজ্য উদ্ধাব কবিলেন এবং কৃতজ্ঞস্থান্যে বঙ্গেশ্বরের সামন্তরূপে নিজেকে স্বীকার করিলেন।

গণেশনারায়ণের শেষজীবন বড়ই অশান্তিতে কাটিয়াছিল।
তিনি বুঝিতে পারিয়াছিলেন, তাঁহাব বুকেব বক্ত দিয়া গড়া,
বড় সাধের হিন্দুরাজত্ব তাঁহার মৃত্যুব পরই বিলীন হইয়া
যাইবে। কিছুদিন হইতে তিনি লক্ষ্য করিতেছিলেন—পুত্র
যহনারায়ণ মৃত নবাবেব আশমানতারা নামে এক স্থুন্দরী
কন্তার প্রতি আসক্ত হইয়া পড়িয়াছে। তাহাকে বিবাহ
করিবার জন্ত যে যহু সধর্ম পর্যান্ত পরিত্যাগ করিতে প্রস্তুত

আছে এবং রাজসভার মুসলমান ওমরাহগণ যে গোপনে তাহার প্রবল বাসনার অনলে ইন্ধন যোগাইতেছে, একথাও গণেশ-নারায়ণের কর্ণে আসিয়া পৌছিয়াছিল। কেবল রূপোমন্ত যুবক, সিংহের মত পিতাকে ভয় করিয়া, তাহার ছুদ্দমনীয় কামনার বেগবান অশ্বটিকে কোনমতে ধাবণ করিয়া রাখিতেছিল। এই ছুব্বিষহ মানসিক যন্ত্রণা ভোগ কবিতে করিতে, বাংলার গৌরব, বাংলার ব্যান্তার হাজা গণেশনারায়ণ ইহলোক হইতে বিদায় গ্রহণ করিলেন। ছুইশত বৎসবেব ঘনীভূত-অন্ধকারের পব হিন্দুব স্বাধীনতাসুর্য্য একবার উদিত হইয়াছিল—আবার চিরদিনের জন্ম অস্তমিত হইল।

## 2 1 L Bury

## ঈশা খাঁ মস্নদ আলী

ষোড়শ শতাকীর শেবভাগে, দাদশভৌমিকগণ বাংলাব ইতিহাসের এক শ্রুগারবময় অধ্যায় উদ্গাটন কবিয়াছিলেন। বাংলার বিভিন্ন প্রদৈশে, ধনজনপূর্ণ, শক্তিশালী বাজ্য গড়িয়া উঠিয়াছিল। প্রবলপবাক্রান্ত ভৌমিকগণেব হৃদয় স্বাধীনতার আকাজ্যায় উদ্দীপ্ত চইয়াছিল ;— ঠাহাবা নিজেব সুখশাস্থি ভুলিয়াছিলেন, রাজ্যের উন্নতি ভুলিয়াছিলেন, জীবনধারণেব অত্যাক্স স্পৃহাকেও বিসর্জন দিয়াছিলেন। পবের রাজ্যে রাজাব ভূমিকা অভিনয করিতে কবিতে, তাঁহারা হৃদয়ের বিরাট সত্যকার কুধার কোন তৃপ্তিই খুঁজিয়া পান নাই। প্রাধীন জ্ঞাবনের নিদারুণ প্রিহাসে বাথিত ও অন্তঃসার্হীন সাধনাৰ নিফলতায় অভিমানে কুদ্ধ হইয়া, তাঁহাৰা সমস্ত অভিনয়ের আয়োজন দূবে ছুড়িয়া ফেলিয়া দিয়াছিলেন ও মুক্তির সীমাহীন আকাশে নিশাস গ্রহণ কবিয়া, একবার পবিপূর্ন জীবনের আম্বাদ গ্রহণ করিতে সর্বস্থ পণ কবিয়া-ছিলেন। প্রায় সমগ্রভাবতেশ্ব মোগলবাদশাহেব শক্তির দিকে এক্ষারও ভাঁহাবা ভাকান নাই:—কিসেব এক তুর্দ্দমনীয় প্রেবণায়, ভাঁহারা ধনপ্রাণেব বিনিময়ে ক্যেক্দিনের সাধীনতাকে নহামূল্যরত্বজ্ঞানে বুকে জড়াইযা ধবিতে প্রস্তুত হইয়াছিলেন।

বাংলার এই ভৌমিক-যুগে ঈশা খাঁ উজ্জ্বল নক্ষত্রের মত বাংলার রাজনৈতিক আকাশে উদিত হইয়াছিলেন। তিনি সোনারগাঁয়ে রাজ্য করিতেন। খিজিরপুর তাঁহার রাজধানী ছিল। মুসলমান ভৌমিকদিগের মধ্যে তিনিই সর্বশ্রেষ্ঠ ছিলেন। মুসলমান ঐতিহাসিক আবৃল ফজল ঈশা থাঁকে ভাটিপ্রদেশেব অধিপতি বলিয়া অভিহিত কবিয়াছেন। সমগ্র ভাটিপ্রদেশ না হইলেও পূর্বও দক্ষিণ বঙ্গের অনেক স্থান তাঁহাব রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। সমসাময়িক ইউবোপীয় পর্যাটকগণ বলিয়াছেন যে, ঈশা খাঁ অক্সান্ত রাজাদেব মধ্যে শ্রেষ্ঠ এবং খৃষ্টানদিগের পরমবন্ধু ছিলেন।

ঈশা খাঁর পিতা কালিদাস গজদানী অযোধ্যাবাসী রাজপুত। হোসেনশাহের রাজহকালে বাণিজ্যব্যপদেশে ভিনি গৌডে আগমন কবেন। গোড়ে আসিয়া তিনি মুসলমান ধর্মে দীক্ষিত হন ও এক পাঠান বমণীব পাণিগ্রহণ করেন। ধর্মাস্কর গ্রহণেব পর কালিদাস সোলেমান থাঁ নাম গ্রহণ কবেন। মুসলমান-পত্নীব গর্ভে তাঁহাব হুই পুত্র জন্মগ্রহণ করে—ঈশা খাঁ ও ইছমাইল খা। পরবভী কালে, বাজদরবারের কার্য্যক্ষতা ও নিজ্জমতাগুণে এই সোলেমান থাঁ বিশেষ প্রসিদ্ধ হইয়া উঠিয়া ভাটিপ্রদেশের কিয়দংশ জায়গীররূপে লাভ কবেন। কালক্রেমে সোলেমান রাজকর বন্ধ কবিয়া বিদ্রোহ ঘোষণা করিলেন এবং শেষে বাদশাহী সৈন্সদলের নিকট পরাস্ত ও নিহত হইলেন। তাঁহার পুত্রদ্বয় ঈশা থাঁ ও ইছমাইল খাঁ শক্রহন্তে বন্দী হইয়া তুরাণের এক বণিকের নিকট বিক্রীত হইল। কয়েকবৎসর পরে ইহাদের মাতৃল কুতুব খাঁ, বহুচেষ্টা ও যত্নের পর, আতৃদ্যুকে

ত্বক হইতে গোড়ে আনয়ন কৰেন। ইশা থাঁ অত্যন্ত স্পুক্ষ ও সাহসী ছিলেন; তাঁহাৰ বীরস্বাঞ্চক দেইছা ও তীক্ষবৃদ্ধি দেখিয়া তদানীস্তন গোডাধিপতি দাযুদ থাঁ তাঁহাকে সৈনিকের পদে নিযুক্ত করেন। ক্রমে নিজক্ষমতাপ্রভাবে ঈশা থাঁ। সামাগ্র সৈনিক হইতে আডাইহাজারী সেনানাযকেব পদে উন্নীত হন। পরে তাঁহাৰ ক্ষমতা আরও বন্ধিত হয় ও অবশেষে তিনি সোনারগাঁযে পৈতৃক অধিকাবে প্রতিষ্ঠিত হন। ক্রমে প্রতিভাবলো ইশা থাঁ একজন বিখ্যাত ভৌমিক বলিয়া প্রিগণিত হন এবং তাঁহার রাজ্যও অনেক বিস্তৃত হইয়া পড়ে। দাযুদের মৃত্যুব পর অনেক পাঠানসৈত্য ইশা থাঁব আশ্রয় প্রতণ ক্রায় তাঁহাৰ শক্তি বহুলপ্রিমাণে বন্ধিত হয়।

পাঠান রাজত্বেব অবসান হইলেও নোগলবাজশক্তি বহুদিন
পর্যান্ত বাংলা ও উডিয়াকে সম্পূর্ণ কবায়ত্ত কবিতে পাবে
নাই। বিজোহী পাঠাননেতাদিগকে দমন কবিতে বাদশাহ
আকববের বিপুল সৈম্মক্ষয় ও অর্থক্ষয় কবিতে হইয়াছে।
ঈশা খাঁ মস্নদ আলী বহু পাঠান সেনানায়ককে স্ববাজ্যে
আশ্রয় দান করিয়াছিলেন ও পবাজিত পাঠানদেব শেষ
আশ্রয়ন্তল ছিলেন। বিহাব ও উড়িয়ার কতুলু খাঁ এবং
বাংলার ঈশা খাঁ ও মাসুম কাবুলী পাঠানবিজোহের প্রধান
নেতা ছিলেন। পববর্তী কালে, বিহাব-উডিয়ায় পাঠানশক্তিব
একেবারে মূলোচ্ছেদ হইলে, সমস্ত বিজোহী পাঠান বাংলায়
আসিয়া ঈশা খাঁ ও মাসুম কাবুলীর সহিত যোগদান করে।

প্রথম হইতেই ঈশা খাঁর ইচ্ছা ছিল যে এক স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করিবেন। সেইজ্যু তিনি প্রস্তুত হইতে লাগিলেন। দেশের মধ্যে অনেক ছর্গ নির্মিত হইল, সেগুলি কামান-বন্দুক ও গোলা-গুলিতে পূর্ণ কবা হইল। তারপর তিনি স্বাধীনতা ঘোষণা করিলেন। তথন মোগলসেনাপতি খাঁ জাহান বহু সৈত্য লইয়া ঈশা খাঁকে দমন কবিবার জ্যু আসিলেন। ঈশা খাঁ তখনও ভালকপ প্রস্তুত হইতে পারেন নাই—তিনি মোগলবাদশাহের অধীনতা স্বীকার করিলেন। এই সময় তিনি ত্রিপুরার স্বাধীন রাজা অমবমাণিক্যের সাহায্য প্রার্থনা করিয়াছিলেন। রাণী তাহাকে নিজেব পুত্র বলিয়া গ্রহণ করিয়াছিলেন এবং বাজা তাহাকে মস্নদ আলী উপাধি দান করিয়াছিলেন।

থিজিরপুরাধিপতি ঈশা খাঁ পুনরায় অত্যন্ত পরাক্রমশালী
হইযা উঠিয়া বিতাড়িত পাঠান সেনানায়কদিগকে সোনারগাঁয়ে .
আশ্রয় দিয়াছেন, এই কথা বাংলার তৎকালীন স্থবাদার
সাহাবাজ খাঁব কর্ণগোচর হইল। সাহাবাজ, ঈশা খাঁকে
দমন করিবাব জন্ম বদ্ধপরিকর হইলেন এবং তাহাব রাজ্য
আক্রমণেব এক কৌশল অবলম্বন কবিলেন। তিনি ঈশা খাঁকে
লিখিয়া পাঠাইলেন—"মাস্থম কাব্লী সম্রাটের পরম শক্র।
শুনিলাম, সে আপনার রাজ্যে আশ্রয় গ্রহণ করিয়াছে;
আপনি ভিনদিনের মধ্যে তাহাকে ধরিয়া আমার হস্তে অর্পন।
করন।" ঈশা খাঁ অত্যন্ত বিচলিত হইয়া পড়িলেন। তিনি :

মাস্থমের সহিত, কি কবিয়া দিল্লীর বাদশাহেব অধীনতাপাশ ছিন্ন করিবেন, তাহারই উপায় উদ্ধাবন করিতেছিলেন ও গোপনে এই ত্রঃসাহসিক কার্য্যের জন্ম প্রস্তুত হইতেছিলেন। তাঁহার উদ্দেশ্য ছিল—আয়োজন শেষ হইলে, উপযুক্ত সময়ে, কার্যাক্ষেত্রে অবতীর্ণ হইবেন। কর্ত্তরা নির্দ্ধাবণ কবিতে কবিতেই কয়েক দিন চলিয়া গেল। চতুর্থ দিনে বিবাট মোগলবাহিনীর সহিত সাহাবাজ খাঁ খিজিরপুরে উপস্থিত হইলেন। অগণিত মোগলসেনাব প্রথল প্রোতে মৃষ্টিমেয় পাঠানসৈক্ত তুণের মত কোথায় ভাসিযা যাইবে এবং হয়ত তাঁহারা উভয়েই শক্রহস্তে বন্দী হইয়া মোগলঘাতকের অসির মুখে প্রাণ হারাইবেন, এই বিবেচনা করিয়া ঈশা গাঁও মাস্থ্য কাবুলী, ভবিশ্যতে উপযুক্তভাবে মোগলদেনাপতির সম্মুখীন হইবার জন্ম, সমৈন্মে বাজধানী ছাডিয়া পলায়ন করিলেন। সাহাবাজ খাঁ খিজিবপুর অধিকার করিয়া কত্রাভূ-নগরের অস্ত্রাগার ও মস্তাদিগ্রামের শস্তভাণ্ডার লুঠন করিলেন।

রাজ্য হইতে পলায়ন কৰিয়া ঈশা থাঁ ও মামুন কাবুলী ব্রহ্মপুত্রনদের মধ্যস্থিত একটি দ্বীপে আশ্রয় গ্রহণ কবিয়া তাহা সুরক্ষিত করিতে লাগিলেন। ঈশা থাঁব বীব-হৃদয় কিছুমাত্র দমিল না। তিনি ভাবিলেন—বনে বনে, দ্বীপে দ্বীপে, পর্বতে পর্বতে, নিরাশ্রয়, বিপন্ন অবস্থায় বেড়াইবেন, তব্ও দেহে শেষবক্তবিন্দু পর্যান্ত থাকিতে মোগলেব দাসত্ব স্বীকার করিবেন না। তাঁহাদের সহিত যে সামাত্য রসদ ছিল,

হৈও
তাহা ক্রমেই ফুরাইয়া আসিতে লাগিল। অনশনক্লিপ্ত পাঠান
সৈপ্যদের দেহ দিন দিন ক্ষীণ হইয়া পড়িতে লাগিল। তাহাব
অদ্বস্থিত মৃত্যুর কবাল জ্বিহ্বা দেখিয়া ক্ষণে ক্ষণে শিহরিয়
উঠিতে লাগিল। ঈশা খাঁ আর স্থির খাকিতে পারিলেন না
তিনি অসীম ধৈর্য্যে বুক বাঁধিয়া খাত্তসংগ্রহে বাহির হইলেন।
নানাস্থানে ভ্রমণ করিয়া ঈশা খাঁ প্রচুব খাত্ত ও ভংসঙ্গে
বহু সৈন্ত সংগ্রহ করিয়া কয়েকদিনের মধ্যেই খীপে ফিরিলেন।
আবার মৃতপ্রায় পাঠানসৈত্তদের প্রাণে নববলের সঞ্চার হইল।
তাহারা বিপুল উভামে মোগলসেনাপতির আক্রমণ প্রতিহত
করিবার জন্ত প্রস্তুত হইতে লাগিল।

ক্রিন্সাহাবাজ খাঁ। শুনিলেন যে, ঈশা খাঁ এক দ্বীপে আগ্রয় গ্রহণ কবিয়া সৈত্যসংগ্রহ করিতেছে ও অচিরেই মোগল-বাহিনীকে আক্রমণ করিবে। তিনি (ঈশাকে আক্রমণ করিবার জন্ম তৎক্ষণাৎ যাত্রা করিলেন) তারপর ক্রমাগত যুদ্ধ চলিতে লাগিল। আজ এখানে, কাল ওখানে,—এইরপ বছদিন ধরিয়া খণ্ডযুদ্ধ চলিল।) কোনপক্ষই নিশ্চিতকপে যুদ্ধ জয়লাভ করিতে পারিল না। (মোগলসেনাপতি ঈশা খাঁর বিন্দুমাত্র অনিষ্ট করিতে পারিলেন না; অবশেষে, ক্রমনে ব্রহ্মপুল্রনদভীরবর্ত্তী ভোটক নামক স্থানে এক স্বদৃঢ় স্থা নির্মাণ করিয়া, ঈশা খাঁর সমস্ত শক্তি চিরকালেব মত চুর্ণ করিবার জন্ম অপেক্ষা করিতে লাগিলেন।)

্তোটকছর্গে অবস্থানকালে, সাহাবাজ খাঁ/ শুনিলেন যে,

বজরাপুর নামক স্থানে বহু পাঠানসৈত্য একত্র হইয়াছে) ও অতর্কিত আক্রেমণে তাহাবা মোগলদিগকে বিপর্যান্ত করিতে পারে। সাহাবাজ খাঞু ভিংক্ষণাৎ ঐ সেনাদলকে আক্রমণ ও তাহাদের ভবিত্তং গতিবিধি লক্ষ্য কবিবাব জ্বন্ত তামুন খানামক এক সহকারী সেনাপতিকে প্রেবণ করিলেন ট

তোটক হইতে বজবাপুৰ যাইবার হুইটি মাত্র রাস্তা ছিল— একটি ভাওয়ালের মধ্য দিয়া ও অপরটি নদীতীর ধবিয়া। নদীতীরের পথ বিপক্জনক ও শত্রুপরিপূর্ণ এবং ভাওয়ালের পথ নিরাপদ্ মনে করিয়া, তাত্বনি খাঁ ভাওয়ালের পথে যাত্রা করিলেন। বহুদূর অগ্রসর হইযা মোগলসেনাপতি বুঝিলেন যে, তাঁহার পথের অনুমান ব্যর্থ হইয়াছে। ভাওয়ালের পথে বহু শক্রসৈন্ত স্থযোগের অপেক্ষায় আত্মগোপন কবিয়া অবস্থান করিতেছে এবং স্থবিধা পাইলেই তাহারা মোগল-সৈক্সের উপর পতিভ হইবে। এভদূব অগ্রসর হইয়া ফিরিবার কোন উপায় নাই দেখিয়া, তিনি আরও সৈক্তসাহায্যের জক্ত সাহাবাদ্র থাঁকে লিখিয়া পাঠাইলেন। কয়েকদিন পরে সংবাদ শুনিলেন যে, যে পথ দিয়া মোগলদৈক্তের আসিবাব নির্দ্দেশ ছিল, সেই পথে বহু দৈন্য আসিতেছে। তার্সুন বৃঝিলেন, তাঁহার প্রার্থিত সৈক্তসাহায্য আসিয়া পৌছিয়াছে। বিপদ্-মুক্তির আনন্দে অধীর হইয়া, ভাহাদিগকে অগ্রসব হইয়া আনিবার জম্ম তামুনি খাঁ ক্ষুদ্র একদল সৈন্সসহ সেই পথে রওয়ানা হইলেন। নবাগভ সৈম্মদলের সম্মুখীন হইতেই তাস্থ্র খা স্তম্ভিত হইয়া গেলেন,—একদল শক্রসৈত্য পশ্চাৎদিক হইতে তাঁহাকে আক্রমণ করিতে আসিয়াছে। পাঠানসৈত্যগণ মোগল-সেনাপতিকে চিনিতে পারিয়াই সিংহবিক্রমে তাঁহাকে আক্রমণ করিল। শক্রকে পৃষ্ঠপ্রদর্শন করিয়া মোগলশোর্য্যের গৌরবহানি করিবেন না মনে করিয়া, (তামুন খাঁ পাঠানসৈত্যদের সহিত ঘোরতর যুদ্ধে প্রবৃত্ত হইলেন) অত্বিত আক্রমণে মৃত্যু নিশ্চিত জ্বানিয়া, অনেক মোগলসৈত্য প্রাণভয়ে তামুনকে পরিত্যাগ করিয়া পলায়ন কবিল; তব্ও, সামান্ত কয়েকটি অমুচর লইয়া তামুন প্রবলবিক্রমে যুদ্ধ করিতে লাগিলেন। শেষে একে একে মোগলসৈত্যগণ ধ্বাশায়ী হইতে লাগিল, — একাকী যুদ্ধ করিতে কবিতে (তামুন শক্রহন্তে বন্দী হইলেন।)

বিন্দী মোগলসেনাপতিকে সসম্মানে পাঠানশিবিরে আনিয়া ঈশা থাঁ ও মাসুম কাবৃলী তাঁহাকে স্বপক্ষে যোগদান করিবার জন্ম বিশেষ অনুরোধ করিতে লাগিলের। ক্তিন্ত, তাসুন তাঁহাদের প্রস্তাব ঘৃণাসহকার উপেক্ষা করিলের এবং শেবে উত্তেজিত হইয়া (এরূপ তীব্র কটুক্তি করিতে লাগিলেন যে, মাসুমু) আর ধৈর্ঘ্য রাখিতে পাবিলেন না। তাঁহার আদেশে পাঠানঘাতকের তরবারি মুহুর্ত্তে মোগলসেনাপতির শির দ্বিখণ্ডিত করিল।)

তার্স্থনের মৃত্যু ও তাঁহার অভিযানের পবিণাম-সংবাদ তোটকত্বর্গে পৌছিলে, সাহাবাক থাঁ ক্রোধে অধীর হইয়া, পাঠানবিজ্ঞাহ সমূলে উৎপাটিত করিবার জন্ম বিরাট মোগল-

বাহিনী সহ হুর্গ হইতে বহির্গত হইলেন 🖟 তিনি ব্রহ্মপুলের শাখা পনার-নদীতীবে শিবিরসলিবেশ কবিয়া অবস্থান করিতে লাগিলেন। (নিকটবর্ত্তী স্থানসমূহে মোগল-পাঠানে খণ্ডযুদ্ধ চলিতে লাগিল। ঈশা খাঁ স্থানে স্থানে মোগলের সহিত যুদ্ধ করিয়া কৃতকার্য্য হইতে না পারিয়া এক অভিনব উপায় উদ্ভাবন করিলেন। তখন বর্ধার প্রারম্ভ। নদীব জল তখনও কূল ছাপাইয়া উঠে নাই। ঈশা খাঁ বহু কৌশলে ভ্ৰহ্মপুত্ৰ হইতে একযোগে পনরটি খাল কাটিয়া দিলেন। বিপুল জলস্মোতে তীরের বন্ধনমুক্ত হইয়া মোগলশিবিব প্লাবিত করিয়া দিল। তাঁবু, রসদ, অন্ত্রশস্ত্রাদি, গোলাবারুদ জলেব বেগে কোথায় ভাসিয়া গেল। সৈনিকগণের জীবন বিপন্ন হইয়া উঠিল। এই মহামুযোগে ঈশা খাঁ প্রবলবেগে সাহাবাদ্ধ খাঁকে আক্রমণ করিলেন। চরম ত্রবস্থার মধ্যেও সাহাবাজ খাঁ বিপুল ধৈয্যেব সহিত আত্মরক্ষার যথাসাধ্য আয়োজন করিলেন। বিপর্যাস্ত মোগলসৈক্ত প্রাণপণে যুদ্ধ কবিতে লাগিল। সাহাবাজ নদী-তীরে অচিবেই সদৈয়ে সলিলসমাধি লাভ করিবেন এইরূপ আশঙ্কা করিতেছেন, এমন সময় দৈবাং ঈশা খাঁব এক প্রধান সেনানায়ক মোগলপক্ষেব গোলার আঘাতে ধরাশায়ী হইল ি তাহার অধীনস্থ সৈত্তগণ সৈনাপতির আকস্মিক পতনে ছত্রভক্ হইয়া পলায়ন করিতে লাগিল। ্ঈশা খাঁ বহুচেষ্টা করিয়াও আর তাহাদের দলবদ্ধ করিতে পাবিলেন না। এদিকে অক্সভম মোগলসেনানায়ক, ঢাকার থানাদার সৈয়দ হোসেন ভীমবেগে

যুদ্ধ করিতে লাগিলেন, কিন্তু ঈশা খাঁর বীরত্ব ও যুদ্ধকোশলের নিকট শীঘ্রই পরাজিত হইয়া বন্দী হইলেন । সাহাবাজ যুদ্ধে জয়লাভের আশা একেবারে পরিত্যাগ করিয়া পলায়ন করিবার উত্যোগ করিতেছেন—এমন সময় (ঢাকা হইতে বহু মোগল-রণতরী খাজদ্ব্যাদি সহ উপস্থিত কুইল। সাহাবাজ খাঁ কোনমতে সে যাত্রা রক্ষা পাইলেন)।

ঈশা খাঁ ভাবিলেন, রাজ্য ইইতে বিতাড়িত হইয়া পথে পথে মোগলের সহিত এইরপ যুদ্ধ করিতে করিতে আর কতদিন চলিবে! যতই দিন যাইতেছে, সৈত্যবল, অর্থবল ততই ক্ষাণ হইতেছে। এইরপ যুদ্ধবিগ্রহে তাঁহার প্রকৃত উদ্দেশ্য সিদ্ধ হইবার পথ ক্রমেই কঠিন ও বিল্পস্কুল হইয়া উঠিবে। (উপযুক্ত বল সংগ্রহ কবিয়া পুনরায় মোগলের সম্মুখীন হইবার আশায় ঈশা খাঁ সাহাবাজ খাঁর নিকট সন্ধির প্রস্তাব করিলেন। বন্দী সৈয়দ হোসেনের মধ্যস্থতায় মোগলে-পাঠানে সন্ধি হইল। সন্ধির সর্ভান্মসারে, ঈশা খাঁ বাদশাহের আত্মগত্য স্বীকার করিয়া নিয়মিত কর প্রদান করিতে রাজ্মী হইলেন্। মাস্থম কাব্লীর মনে কিছু দিন হইতেই বৈবাগ্যেব উদয় হইয়াছিল,—তিনি বাংলা পরিত্যাগ করিয়া মকায় চলিয়া গেলেন।

মোগলের সাময়িক বশ্যতা স্বীকার করিলেও ঈশা থাঁর স্বাধীনতাকামী হৃদয় একটা প্রবল অস্বস্থি বোধ কারতে লাগিল। অনস্ত আকাশের বার্তা যাহাদের কাছে পৌছিয়াছে, তাহারা আর গৃহকোণে রুদ্ধ হইয়া বিরক্তিকর আরামে পচিয়া মরিতে পারে না,—মুক্তির এক অনির্দিপ্ট আনন্দই তাহাদিগকে ঘবছাড়া করে; যাহাদের হৃদয়ে মাতৃষজ্ঞেব হোমানল নিশিদিন ধিকি-ধিকি জ্বলিতেছে, তাহাবা কোন লাভালাভ, কোন স্থযোগস্থবিধারই সাংসারিক হিসাব কবিতে বসে না,—প্রাণেব অদম্য প্রেরণায় সে আগুনে শুধু আত্মজীবন আহুতি দিয়া ধন্ম হইতে চায়। কিশা থা বেশীদিন মোগলেব অধীন থাকিতে পাবিলেন না। বংসর ঘুরিতে না ঘুরিতেই সন্ধিব সর্গ্র ভঙ্গ হইল, রাজকর প্রদান বন্ধ হইল,—ঈশা থা মোগলবাদশাহের বিরুদ্ধে আবাব স্বাধীনতা ঘোষণা কবিলেন।)

ঈশা খাঁকে আবাব বিদ্রোহী হইতে দেখিয়া সাহাবাদ্ধ খাঁ তাঁহার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিলেন। ঈশা খাঁও মোগলস্থাদাবেব আক্রমণ প্রতিহত করিবার জন্ম তাঁহার সমস্ত শক্তি প্রয়োগ করিলেন। ভাওয়ালেব নিকট ভীষণ যুদ্ধ হইল। ঈশা খাঁ অন্তুত বীরদের সহিত যুদ্ধ কবিলেন। সাহাবাদ্ধ সে যুদ্ধে সম্পূর্ণকপে পরাজিত হইলেন। বহু সম্রান্ত মোগল আমীব বন্দী হইল। বাদশাহপক্ষীয় অনেক সৈত্য জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করিল। সাহাবাদ্ধ খাঁ কয়েকটিমাত্র অনুচব সহ যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন কবিয়া আটদিন পর্যন্ত ক্রমাগত পথ ইাটিয়া সেবপুবে উপস্থিত হইলেন। বিজয়ী ঈশা সোনারগায়ে পৌছয়া স্বাধীন নবপত্রির মত রাদ্ধ্য শাসন করিতে লাগিলেন।)

্সাহাবাজের পরাজয়কাহিনী দিল্লীতে পৌছিলে, সমাট্ আকবর তাঁহার অকর্মণ্যভায রুষ্ট হইয়া, তাঁহাকে পদ্চ্যুত করিলেন এবং তাঁহার পদে ওয়াজীর খাঁকে নিযুক্ত করিলেন। বৈয়াজীর খাঁ। কুয়েকদিনমাত্র বাংলার শাসনভার পাইয়াছিলেন। তাঁহার (মৃত্যুর পর, আকবর বঙ্গ, বিহার ও উড়িয়ার তংকালীন রাজনৈতিক অবস্থা বিবেচনা করিয়া, বিজোহদমনেব জন্ম, বিখ্যাত সেনাপতি ও কুটনীতি-বিশারদ মহারাজ মানসিংহকে বঙ্গ-বিহার-উড়িয়ার স্বাদারী পদ প্রদান করিলেন।

পাঠান-দলপতি ওসমান খাঁকে এক ভীষণযুদ্ধ পরাজিত করিয়া, মানসিংহ ঈশা থাঁকে দমন করিবার জন্ম বাংলায় উপস্থিত হইলেন। ঈশা খাঁ তখন স্বাধীনভাবে শাসনকার্য্য চালাইতেছিলেন ও পরাজিত পাঠানদের এক বিশাল শক্তিস্তম্ভস্বরূপ বিরাজ করিতেছিলেন।

সেনারগাঁয়ে উপস্থিত হইয়া মানসিংহ শুনিলেন যে,
ঈশা থাঁ এগারসিয়্ব নামক এক স্তদ্য হুর্গে সসৈত্যে অবস্থান
করিতেছেন) পিপীলিকাশ্রেণীর স্থায় মোগলসৈয়্য এগারসিয়্বঅভিমুখে থাবিত হইল। মানসিংহ হুর্গ অবরোধ করিলেন।
হুর্গমূলে মোগল-পাঠানে তুমূল যুদ্ধ আরম্ভ হইল। কয়েকদিন
যুদ্ধ হইল, কিন্তু একদিনও ঈশা খাঁকে যুদ্ধক্ষেত্রে দেখিতে পাওয়া
গেল না।) মানসিংহ মনে করিলেন যে, হয়ত ঈশা প্রাণভয়ে
সয়ং যুদ্ধে আসেন নাই। মানসিংহের এই অয়ুমান তাঁহার
সৈম্পদলের মধ্যে প্রচার হইয়া পড়িল এবং তাহারা ঈশা থাঁর
সৈম্পাণকে এই কথা লইয়া বিজ্ঞপ করিতেও কৃষ্ঠিত হইল না।
কথাটা অবশেষে ঈশা খাঁর কর্ণগোচর হইল। ঈশা থাঁ এক

বিশ্বস্ত দূতেব নিকট মানসিংহকে নিম্নলিখিত পত্ৰ লিখিয়া পাঠাইলেন,—

"আপনি প্রবলপ্রতাপ মোগলবাদশাহের সেনাপতি। আপনার সৈক্ত অগণিত,—অর্থবলও প্রচুর; আর আমি এক ক্ষুদ্র দেশের অধিপতি,—আমার সৈক্তসংখ্যা ও অর্থবল উভয়ই কম। কিন্তু, ব্যক্তিগত বীবত্ব সেনাবলের উপব নির্ভব কবে না। সৈক্তেব সংখ্যাধিক্যে যুদ্ধ জয় করা যায় বটে, কিন্তু বীরত্ব, সাহস ও যুদ্ধকৌশল স্বতন্ত্র বস্তু। ঈশা থা ভীক্ষ কি বীর, তাহা আপনি স্বয়ং পবীক্ষা কবিতে পাবেন। আমি আপনাকে দ্বযুদ্ধে আহ্বান করিতেছি; যদি সাহস থাকে, তবে অগ্রসর হউন। ঈশা থাঁ ভয় কাহাকে বলে জানে না,—কোন কৌশল প্রয়োগের জক্ত সে অপেক্ষা করিতেছিল মাত্র।"

মানসিংহ পত্র পড়িয়া এইরূপ স্পর্দ্ধিত আহ্বান গ্রহণ
না করিয়া স্থির থাকিতে পাবিলেন না। বাবেব হৃদয়
বারের আহ্বানে নাচিয়া উঠিল। তিনি ইশা গাঁব সহিত
দৈর্থযুদ্ধে অগ্রসব হইবেন, এই মর্ম্মে দিন নির্দিষ্ট করিয়া
তাহার পত্রের উত্তর দিলেন। এই সংবাদ উভয়পক্ষেব
সৈম্মদলের মধ্যে শীঘ্রই রাষ্ট্র হইয়া পড়িল। তাহারা যুদ্ধবিরত হইয়া তার উৎকণ্ঠা ও কোতৃহলেব সহিত নির্দিষ্ট
দিনের অপেক্ষায় রহিল। মানসিংহ ভাবিলেন—বাঙ্গালীর
দেহে এত শক্তি নাই যে, সে রাজপুত্রক ছন্দয়ুদ্ধে পরাস্ত
করে; তবুও সেই ত্র্ধি যোদ্ধার সম্মুখীন হইতে এক

অন্ধানিত ভয়ে তাঁহার প্রাণ কাঁপিয়া উঠিতে লাগিল। তিনি
কিশা খাঁর শারীরিক বল ও যুদ্ধকৌশল পরীক্ষা করিবার জন্ম
প্রথমেই স্বয়ং যুদ্ধে অবতীর্ণ না হইয়া, তাঁহার জামাতা
ছর্জনিসিংহকে পাঠাইলেন;) কিন্তু, তাঁহার প্রকৃত পরিচয়
অপরপক্ষকে জ্ঞাপন করিলেন না। কিশা খা মানসিংহকে
পূর্বে কখনও ভালরূপ দেখেন নাই,—জামাতাকেই মানসিংহ
বিবেচনা করিয়া যুদ্ধে প্রবৃত্ত হইলেন।

যুদ্ধক্ষেত্রে উভয়পক্ষীয় সৈক্সগণ শ্রেণীবদ্ধভাবে মুখোমুখী দণ্ডায়মান রহিল। বহুস্থান হইতে দর্শকর্ন এই অভাবনীয় चन्द्रयुक्त দেখিবার জন্ম এগারসিকুত্র্গসূলে সমবেত হইল। উভয়পক্ষের সৈত্যশ্রেণীর মধ্যে বিশালকায় রাজপুত ও কমনীয়দেহ বাঙ্গালী, রণবাত্যের তালে তালে অসি সঞালন করিয়া প্রস্পবের দিকে অগ্রসর হইতে লাগিল। (বহুক্ষণ যুদ্ধ চলিল। किमा थाँद অপূর্ব অসিচালনা-কোশলে দর্শকর্ম ধন্ত ধন্ত করিতে লাগিল। বহুচেষ্টা করিয়াও ছুর্জ্জনসিংহ ঈশা থাঁর সহিত আঁটিয়া উঠিতে পারিলেন না। ঈশার্থার তববারির আঘাতে হুর্জনসিংহের ছিল্ল মুগু রণক্ষেত্রের ধূলি চুম্বন করিল। মানসিংহ তাঁহার সেনাদলের মধ্যে আত্মগোপন করিয়া অবস্থান করিতেছিলেন। তৃজ্জনসিংহ নিহত হইল দেখিয়া, তিনি শোকে, ছঃখে ও কোধে উন্মত্তবং হইয়া একলাফে ঈশা থাঁর সম্মুখে উপস্থিত হইলেন ও সগর্বে আত্মপরিচয় প্রদান করিলেন।

পুনরায় যুদ্ধ আরম্ভ হটল। বীর্দ্বয়ের ভীষণ পদভরে সমর্ভূমি কাঁপিয়া উঠিতে লাগিল। উভয়ের তরবারির সংঘর্ষে, চপলার চকিত চমকের মত অগ্নিফুলিঙ্গ দর্শকগণের চক্ষুর উপর এক একবাব খেলিয়া যাইতে লাগিল। যোদ্ধুদ্যের সাময়িক জয়-পরাজয়ে উভয়দলের সৈতাদের মধ্যে পর্যায়ক্রমে হর্ষ ও বিষাদধ্বনি উত্থিত হইতে লাগিল। /বহুক্ষণ যুদ্ধের ফল অনিশ্চিত দেখিয়া, ঈশা খাঁ হুক্ষার্থ্বনিতে দর্শক্মণ্ডলীকে চমকিত করিয়া সিংহবিক্রমে মানসিংহেব উপর পতিত হইলেন। মানসিংহ সে আক্রমণ সহ্য কবিতে পাবিলেন না ;—বহুকৌশলে নিঙ্গের প্রাণরক্ষা করিলেও, তাঁহার তববারি ঈশা থাঁব তববারির আঘাতে দ্বিখণ্ডিত হইয়া গেল। প্রবীণ সেনাপতি লজ্জায়, ক্ষোভে ও অপমানে মস্তক অবনত করিয়া বিমূচেব স্থায় দণ্ডায়মান রহিলেন। ঈশা থাঁব সৈন্তাগণ জয়োল্লাসংবনিতে চারিদিক কাঁপাইয়া তুলিল। ঈশা খাঁ মানসিংহকে বলিলেন, "আপনার যুদ্ধসাধ মিটিয়াছে ত ? যদি ইচ্ছা কবেন, তবে মল্লযুদ্ধে অগ্রসর হইতে পাবেন। এই আমি অস্ত্রত্যাগ করিতেছি,---আস্থন।" মানসিংহ নির্বাক্-অধামুখ। মান-সিংহের নিস্তর্কভায় ঈশা খাঁ তাঁহাকে মল্লযুদ্ধে অনিচ্ছুক মনে করিয়া, নিজহস্তস্থিত তববাবি মানসিংহের নিকট ধবিযা বলিলেন, "এই নিন্ আমার তববাবি, আমি অক্ত তরবারি আনাইয়া লইতেছি। ঈশা খাঁ নিরস্ত্র যোদ্ধাব অঙ্গে অস্ত্রাঘাত করে না,--পুনরায় যুদ্ধ করা যাক্।"

মৃত্যুর পরিবর্ত্তে শত্রুর নিকট এই অযাচিত প্রাণদান পাইয়া, মানসিংহ আনন্দ ও কৃতজ্ঞতার উচ্ছাসে ঈশা খাঁর বক্ষের উপর পতিত হইয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন ও তাঁহার বন্ধুত্ব কামনা করিলেন। ঈশা খাঁও ভাঁহাকে বন্ধু বলিয়া সম্ভাষণ করিয়া প্রত্যালিঙ্গন করিলেন ) উভয়পক্ষের সৈক্সগণ আনন্দধ্বনি করিয়া উঠিল। ঈশা থাঁর বীরত্বে ও মহত্ত্বে মুগ্ধ হইয়া মানসিংহ তাঁহাকে দিল্লীতে সমাট্ আক্বরের দরবারে লইয়া গেলেন। আকবর তাঁহার মহৎ ব্যবহারে পরম সম্ভষ্ট হইয়া তাঁহাকে বাইশটি পরগণার শাসনভার অর্পণ করিলেন 🕴 ঈশা খাঁও সম্রাটের সৌজ্ঞে আপ্যায়িত হইয়া, আর কোনদিন তাঁহার বিরুদ্ধাচরণ করিবেন না বলিয়া প্রতিজ্ঞা করিলেন। তারপর যতদিন বাঁচিয়া ছিলেন, ঈশা ধাঁ নামমাত্র সমাটের বশুতা স্বীকার করিয়া তাঁহার একজন মিত্রবাজরূপে সোনারগাঁয়ে রাজত্ব করিয়াছিলেন। ১৫৯৯—১৬০০ খৃষ্টাব্দে, সোনারগাঁয়ের গৌরবরবি, বাংলার এই মুসলমান বীর ইহন্সগৎ হইতে চিরবিদায় গ্রহণ করেন।

## চাঁদরায় ও কেদার রায়

(ষাড়শ শতাকীর শেষভাগে, যথন মোগলকুলগৌবব সমাট্ আকবর দিল্লার সিংহাসন অলঙ্কত কবিতেছিলেন, তথন দাদশস্থ্যের মত দাদশভৌমিক বাংলাব রাজনৈতিক আকাশে উদিত হইয়াছিলেন) বাবভ্ঞাদের যুগে বাংলার সামবিক শক্তির এক অভাবনীয় বিকাশ হইয়াছিল, বাঙ্গালীর হাদয়ে স্থাধীনতার এক ছর্দ্দমনীয় আকাজ্যা জাগিয়াছিল এবং নির্ববাণোমুখ দীপের মত বাঙ্গালীর অন্তর্নিহিত ক্ষাত্রশক্তি একবার প্রচণ্ড তেজে জ্বলিয়া উঠিয়াছিল। সমসাময়িক ইউরোপীয় ভ্রমণকারিগণ বলিয়াছেন যে, বাহির হইতে দেখিতে গেলে বারভ্ঞাগণ বঙ্গেশরের অধীন, কিন্তু বাছবলে তাঁহাবা স্থাধীন নবপতিব মত রাজত্ব কবিতেন। তাঁহারা কাহাকেও কর দিজেন না বা কাহাবও অধীনতা স্বীকাব কবিতেন না। অসংখ্য সৈত্য ও রণতরী লইয়া তাঁহাবা সদর্শে নিজ নিজ্ব অধিকৃত দেশ শাসন কবিতেন।

বাংলার এই গৌরবময় যুগে বাবভূঞাদের অক্সভম চাঁদবায় ও কেদাব রায় বিক্রমপুরে রাজহ করিতেন। তাঁহারা বঙ্গজ কায়স্থ বলিয়া পবিচিত।


(বিক্রমপুবের অন্তর্গত শ্রীপুরে চাঁদরায় ও কেদাব বায়ের রাজধানী ছিল।) শ্রীপুব সোনারগাঁ হইতে নয় ক্রোশ দূরে অবস্থিত ছিল। আৰু রায়রাজ্বগণের সুেই প্রিয়তমা রাজধানী

শ্রীপুরের চিহ্নমাত্রও নাই! কালীগঙ্গা নামে অধুনা-বিলুপ্ত এক নির্মালসলিলা স্রোভম্বিনীর তীরে জ্রীপুর একদিন প্রদীপ্ত-মণিখণ্ডবৎ বিরাজ করিয়া সমস্ত বিক্রমপুর আলোকিড করিয়াছিল। একদিন শ্রীপুরেব বিপুল ঐশ্বর্য্যের কথা বাংলার নানাপ্রান্তে প্রবাদবাক্যের মত প্রচলিত ছিল। বাঙ্গালী শিল্পীর বহুসাধনার ধন, অপুর্ব্বকারুকার্য্যখচিত শ্রীপুরের বিশাল রাজ-প্রাসাদ একদিন দর্শকের নিকট ইন্দ্রপুরীর স্থায় বোধ হইত। সুপ্রশস্ত রাজপথের উভয়পার্শ্বে অগণিত সৌধমালা উন্নতমস্তকে দণ্ডায়মান থাকিত। রাজপথপার্শের তরুশ্রেণী সুশীতল ছায়ায় শ্রাম্ভ পথিকের ক্লান্তি দূর করিত। নানাদ্রব্যপূর্ণ শত শত দোকানে দিবারাত্র ক্রেতার ভিড় লাগিয়া থাকিত। কাচস্বচ্ছ-জলপূর্ণ বৃহৎ সরোবর সর্ববদাই জনসমাগমে কলকোলাহলপূর্ণ থাকিত; কখনও বা স্নানার্থিনী নগরবাসিনীদের বলয়শিঞ্জনের মৃত্মধুর ধ্বনি বাভাসে ধীরে ধীরে মিলাইয়া যাইত। নগরের স্থানে স্থানে, উচ্চপ্রাচীরবেষ্টিত সেনানিবাস ছিল। তাহাদের সম্মুখস্থিত শ্রামলশপাস্তীর্ণ প্রান্তরে প্রতিদিন অপরাহে বাঙ্গালী সৈনিক সামরিক শিক্ষালাভ করিত ও কৃত্রিম রণাভিনয়ে মত থাকিত। শ্রীপুরবন্দরে, বহুদেশাগত মগ, পর্ত্ত্রগীক ও মুসলমানের নানাবাণিক্ষ্যজব্যপূর্ণ, ভাসমান প্রাসাদেব মত নৌকাশ্রেণী শোভা পাইত ও তাহাদের বহুবর্ণরঞ্জিত পতাকা বায়ুভরে আন্দোলিত হইয়া আকাশে ইন্দ্রধনুর ভ্রম জন্মাইত। কালীগঙ্গার মোহনায়, বৃহৎ কামানপূর্ণ অসংখ্য রণতরী সগর্বেক

বিরাজ করিত। রাজধানীব মধ্যে কোথাও বা নগরবক্ষি-পরিবেষ্টিত বিচারালয়, কোথাও বা সৈনিকপরিরক্ষিত কারাগার ছিল। কোটীশ্ববপল্লীব ভক্তিনম্রসৌন্দর্য্য ও অতুল বিভব তৎকালের বিদেশী পর্য্যটকদেরও বিশ্বয় উৎপাদন করিত। কোটাশ্বর শিবলিক্ষের বেদীমূলে এক কোটা টাকা প্রোথিত করিয়া ঐ শিবলিঙ্গ প্রতিষ্ঠিত করা হইয়াছিল বলিয়া প্রবাদ। কোটীশ্ববের মন্দিবেব গগনচুম্বী চূড়া বহুদূর হইতে আকাশপটে চিত্রিত বলিয়া বোধ হইত। ঐ পল্লীতে নগবেক সমস্ত দেবালয়গুলি নির্দ্মিত হইয়াছিল। স্বর্ণনিশ্মিত ছুর্গামূর্তি, স্বর্ণচূড় এক বৃহৎমন্দিরে প্রতিষ্ঠিত ছিল। নগরবাসিগণ ভাহাকে স্বর্ণময়ী নামে অভিহিত করিত। ছুর্গা-মন্দিরের অদুরেই দশমহাবিভাব বিশাল মন্দিব উন্নতমস্তকে দণ্ডায়মান ছিল। প্রতিদিন সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গে, সগুস্নাত, চন্দন-চৰ্চিত, গৌৰবৰ্ণ পূজাবিদিগের স্তবপাঠধ্বনিতে কোটীশ্বর-পল্লীবাসীদের প্রাণে এক অপূর্ণন ভক্তিরসের সঞ্চাব হইত। প্রতিদিন দ্বিপ্রহর ও সন্ধ্যায়, দেবার্চ্চনার কাঁসরঘন্টাধ্বনি নগরবাসীদেব প্রাণে এক স্বর্গীয় আনন্দেব সৃষ্টি করিত। আজ সেই স্বাধীনতার পুণ্যতীর্থ, আত্মোৎসর্গেব লীলাক্ষেত্র, বিক্রমপুরের গৌরবভূমি শ্রীপুব, রাক্ষসী পদ্মা গ্রাস করিয়াছে।

চাঁদরায় ও কেদাব রায়ের দেশবিশ্রুতকীর্ত্তি নাশ করিয়া পদ্মা এখানে 'কীর্ত্তিনাশা' অপনাম অর্জ্জন করিয়াছে। আজ শ্রীপুর নাই, চাঁদ-কেদারের কীর্ত্তির শেষ চিহ্ন, ভাঁহাদের মাভাব শ্মশানোপরি নির্মিত রাজাবাড়ীর মঠটিও কয়েক বংসর হইল ধ্বংসলীলাময়ী পদ্মার কৃক্ষিগত হইয়াছে; কিন্তু সমস্ত নশ্বর কীর্ত্তির অতীত, সমস্ত পার্থিব ঐশ্বর্যের বাহিরে, দেশপ্রেমের যূপকাঠে রায়ভাতৃত্বয়ের আত্মবলিদানের যে অমর কীর্ত্তি অশবীরিণী মৃত্তিতে বাঙ্গালীর মনোমন্দিবে অশ্রুকণার সহিত এই তিনশত বংসরাধিক পৃক্ষিত হইয়া আসিতেছে—কোন কাল তাহা ধ্বংস করিতে পারিবে না, কোন বেগবতী নদী সে কীর্ত্তি নাশ করিতে পারিবে না। সে ত্যাগ-বীরত্বনহিমাজ্জ্রল, মৃত্যুহীন শ্বৃতি বাঙ্গালীর হাদয়ে চিরকালের মত স্থাক্ষরে লিখিত থাকিবে,—তাহার ত্র্বেল বাহুতে বল দিবে, অবসন্ধ হৃদয়ে শক্তিস্কার করিবে।

(চাঁদরায় ও কেদার রায় যখন বিক্রমপুরে রাজত্ব কবিতে আরম্ভ করিলেন, তখন বঙ্গের রাজনৈতিক অবস্থা একটা সন্ধিযুগে উপস্থিত হইয়াছে।) দায়ুদের ছিয়মুণ্ডের উপর মোগলের
প্রতিষ্ঠাসৌধ তখনও সর্বাঙ্গস্থন্দররূপে রচিত হয় নাই।
বাংলার পাঠানগণ কতক উড়িয়্যায়, কতক ভাটিরাজ্যে, কতক
পূর্ববঙ্গে আত্রয় গ্রহণ করিয়াছে বটে, কিন্তু সম্পূর্ণরূপে মোগলের
বশ্যতা স্বীকার করে নাই। বারভূঞাগণ তখন প্রায়্র স্বাধীনভাবেই দোর্দিগুপ্রতাপে বাংলার নানাস্থানে রাজত্ব করিতেছেন।
চারিদিকে তখন বিজ্ঞাহের বাতাস বহিতেছে) মোগল-পাঠানে,
মোগলে-ভূঞায় তখন মাঝে মাঝে যুদ্ধ চলিতেছে।
মোগলশক্তি তখন ক্রমাগত বিজ্ঞাহদমনে ব্যতিব্যস্ত। এদিকে



রাজাবাড়ীর মঠ

মগ ও পর্ত্ত গীজজলদস্থাদের অত্যাচারে পূর্ববঙ্গ ও নিম্ন-বঙ্গের (ভাটি) অধিবাসিগণ ধনপ্রাণ লইয়া সর্বদা শশব্যস্ত। এই বিপ্লবযুগে রায়ভাতৃদয়ের প্রাণে স্বাধীনতালাভের জন্ম তীব্র আকাজ্যা জাগিয়াছিল 🖟 কনিষ্ঠ কেদাব বায়, অসাধারণ রণ-পণ্ডিত, রাজনীতি-বিশারদ, সুদক্ষ শাসক ও মহান দেশপ্রেমিক ছিলেন। মোগলেব হস্ত হইতে সদেশ উদ্ধার করিয়া, বিক্রমপুরে এক স্বাধীন হিন্দুরাজ্যের প্রতিষ্ঠা করাই তাঁহার একমাত্র লক্ষ্য ছিল। তিনি বাদশাহেব তুলনায় সামাশ্য একজন জমীদাব মাত্র,—একা বাদশাহের বিরুদ্ধাচরণ করিয়া পরিণামে টিকিয়া থাকিতে পাবিবেন না মনে করিয়া, তিনি সমস্ত ভৌমিকরাজ-গণকে একভাসূত্রে আবদ্ধ করিবাব জন্ম চেষ্টা কবিতে লাগিলেন। সেই উদ্দেশ্য কতক পরিমাণে সফলও হইল; অধিকাংশ ভৌমিকগণ জন্মভূমি উদ্ধারের জন্ম একযোগে কাজ কবিবেন বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। কিন্তু বাংলার তুর্ভাগ্য;—এ প্রতিজ্ঞা কেবল প্রতিজ্ঞামাত্রেই পর্য্যবসিত হইয়া রহিল। ব্যক্তিগত ঈর্যা, পরশ্রীকাতরতা ও প্রাধান্যলাভাকাক্ষায় অনেক ভৌমিকরাজ প্রতিদ্বন্দীকে দমন করিতে যাইয়া, বুহত্তর স্বার্থে জলাঞ্চলি দিয়া প্রাণঘাতী আত্মকলহে প্রবৃত্ত হইলেন।

ঈশা থাঁ তখন সোনারগাঁরের প্রবলপ্রতাপশালী অধিপতি; থিজিরপুব তাঁহার রাজধানী। বাংলার দাদশভৌমিকেব তিনি অন্যতম ছিলেন i) দায়ুদের পতনের পর, অনেক পাঠান তাঁহার আশ্রয় গ্রহণ করিয়াছিল। কয়েকবার মোগলের সহিত সংঘর্ষ হওয়ার পর, তিনি বিপুল বলসংগ্রাহ করিয়া মোগলের অধীনতা-পাশ ছিন্ন করিবার জন্ম চেষ্টা করিতেছিলেন। (সিশা খাঁর সহিত চাঁদরায় ও কেদার রায়ের অগাধ বন্ধুর ছিল।) তাঁহাদের পরস্পরের উদ্দেশ্য এক হওয়ায় প্রীতির বন্ধন খুবই দৃঢ় হইয়াছিল।

যিখন এইরূপে বঙ্গের ভৌমিকরাজগণের মধ্যে স্বাধীনতা ঘোষণার উদ্যোগ চলিতেছিল, তখন একদিন, বিশেষ পরামর্শ ও আলোচনার জন্ম ঈশা খাঁ এীপুরে উপস্থিত হইলেন। রায়ভাত্বয় প্রমসমাদরে সম্মানিত অভিথিকে অভার্থনা করিলেন।) ঈশা থাঁর আগমনে সমস্ত শ্রীপুর আনন্দোৎসবে মাতিয়া উঠিল। নগরের স্থানে স্থানে দিবারাত্র নৃত্যগীত চলিতে লাগিল। চাঁদরায় ও কেদার রায়, খাঁ সাহেবকে লইয়া নগরের বিশেষ বিশেষ জ্ঞন্তব্য স্থানগুলি দেখাইতে লাগিলেন। শ্রীপুরের বিপুল ঐশ্বর্যা দেখিয়া ঈশা খাঁ মুঞ্ হইয়া গেলেন। এইরূপে কয়েকদিন আহলাদের বস্থার মধ্য দিয়া কাটিয়া গেল। ফিবিবার দিন নিকটবর্তী হইলে, ঈশা খাঁ বলিলেন, "ভাই, আপনাদেব আশাভিরিক্ত আদব-আপ্যায়নে ত পরম পরিতুষ্ট হইয়াছি,—এখন যে প্রয়োজনে আমার আসা, সে বিষয়ের একটা বিস্তৃত আলোচনা করা যাক।"

় রাজনৈতিক মন্ত্রণা অত্যস্ত গোপনে হওয়াই বাঞ্জনীয় মনে করিয়া, চাঁদরায় ও কেদার রায়, রাজপ্রাসাদের এক নিভ্তকক্ষে তাঁহার বসিবার স্থান নির্দিষ্ট করিলেন। বহুক্ষণ দেশেব রাজনৈতিক অবস্থা ও তাঁহাদের করণীয় কার্য্য সম্বন্ধে আলোচনা করিয়া তাঁহারা গাত্রোত্থান কবিবেন, এমন সময় চাঁদরায়েব বিধবা ভগ্নী স্থর্ণমণি ঘরে প্রবেশ করিল। স্থর্ণ অপূর্বস্থেনরী। স্থর্ণমণি কোন গৃহকার্য্যের উদ্দেশ্যে ঘরে আসিয়া, ভাতৃত্বয় ব্যতীত তৃতীয় ব্যক্তির অবস্থান বৃঝিতে পাবিয়া দ্রুতপদে ছুটিয়া বাহির হইয়া গেল। কিশা খাঁর চোখেব সাম্নে যেন একটা বিছাৎ খেলিয়া গেল। তাঁহার শিরায় শিবায় উষ্ণ রক্তমোত ছুটিতে লাগিল। তিনি টলিতে টলিতে রায়ভ্রাতৃদ্যের সহিত কোন মতে ঘরের বাহির হইয়া আসিলেন।

সোনারগাঁরে পৌছিষা ঈশা থাঁ মুহুর্ত্তের জক্য শান্তি পাইলেন না। সমস্ত রাজকার্য্য ভিক্ত হইয়া উঠিল। যে রূপের আগুন তাঁহার হৃদয়ে প্রজ্ঞলিত হইয়াছিল, তিলে ভিলে ভাহা তাঁহাকে দম্ম করিতে লাগিল। সর্বক্ষণ তাঁহার চোঝের উপর ভাসিতে লাগিল—সর্ণমণিন অনিন্দ্যমূল্দর দেহকান্তি। কিছুদিন এইরূপে অভিবাহিত হইলে, যে-কোনও উপায়ে স্বর্ণকে লাভ করিবার জন্ম ঈশা থাঁব হৃদয়ে একটা অভিপ্রেল বাসনাব জ্বালাময়ী নাগিনী গার্জিয়া উঠিল। তিনি একবার মনস্থ করিলেন—শ্রীপুব আক্রমণ করিয়া স্বর্ণমণিকে হরণ করিয়া লইয়া আসেন; কিন্তু দোর্দ্ধগুপ্রভাপ রায়ভাত্রয়ের সহিত সম্মুখয়ুদ্ধে অগ্রসর হইতে তাঁহাব সাহসে একেবারেই কুলাইল না। আবার ভাবিলেন—রায়পরিবারেব সহিত তাঁহার বন্ধুত্ব স্মরণ করাইয়া, স্বর্ণমণিকে বিবাহ করিবার প্রস্তাব করাই মুক্তিসঙ্গত, কারণ তাঁহার মত যোগ্যপাত্রে ভগ্নীকে সমর্পণ

করিতে চাঁদরায় ও কেদার রায় কখনই আপত্তি করিবেন না।
বিহুচিন্তার পর, ঈশা খাঁ স্বর্ণমণিকে বিবাহ করিবার প্রস্তাব
করিয়া শ্রীপুরে চাঁদরায়ের নিকট এক বিশ্বস্ত দূত পাঠাইলেন।
মোহান্ধ পাঠান নরপতি একবারও ভাবিলেন না যে, একজন
প্রবলপবাক্রান্ত, স্বাধীন হিন্দুরাজ্ঞার নিকট তাঁহার বিধবা
ভগ্নীকে বিবাহ করিবার প্রস্তাব করা কী অমার্জ্জনীয় অপরাধ।

আহারান্তে রায়ভাত্ত্য বিশ্রাম করিতেছেন, এমন সময় পাঠান-দৃত ঈশা খাঁব পত্ৰ লইয়া উপস্থিত হইল। ্পত্ৰ পড়িয়া চাঁদরায় কিছুক্ষণ পাষাণমূর্ত্তির স্থায় নিশ্চল হইয়া রহিলেন। বিজাতীয় ক্রোধে ও ঘুণায় তাঁহার মুখে বাক্য সরিল না। কেদার রায় জ্যোষ্ঠের হাত হইতে পত্রখানা শইলেন ও তাহার মর্ম অবগত হইয়া উন্মত্তের স্থায় লাফ দিয়া উঠিলেন 🕽 আহত ব্যান্ত্রের মত, তাঁহার রক্তবর্ণ চক্ষুত্ইটি হইতে আগুন ঠিক্রাইয়া পড়িতে লাগিল। (অর্দ্ধোচ্চারিত ভাষায় তিনি দূতকে বলিলেন, "ভোমার শাস্তি নিষিদ্ধ, তাই তোমাকে কিছু বলিলাম না। তোমার প্রভুকে বলিও, অসির ফলকে ও কামানেব মুখে শীঘ্রই এ পত্রের উত্তর দিব।") চাঁদরায় কাঁপিতে কাঁপিতে বলিলেন, "এই খলকে এতদিন পরমবন্ধভাবে আলিঙ্গন করিয়াছি, একথা ভাবিতেও শিহরিয়া উঠিতে হয়। এইবার এই হুর্জ্জনের সমূচিত শান্তিবিধান করিতে হইবে।" তখনই সেনাপতি রঘুনন্দন রায়কে সংবাদ দেওয়া হইল ; রঘুনন্দন উপস্থিত হইলে কেদার রায় বলিলেন, "আমরা আগামী কল্যই ঈশ। খাঁর

বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিব; আপনি সৈত্ত সক্ষিত্র করুন— সোনারগাঁ এবার শ্মশান না করিয়া ফিরিব না।"

মুহুর্বের মধ্যে এ সংবাদ নগরে রাষ্ট্র হইয়া গেল। কয়েক দিন পূর্নের, যাহাব আগমনে নগরবাসিগণ আনন্দম্রোতে ভাসিয়াছিল, আজ তাহার নাম শুনিয়া তাহারা নাসিকাকুঞ্চন করিতে লাগিল। বাজবংশের এই অবমাননায় বাজ্যের আবালবদ্ধ-বিনতা ক্রোধে অধীর হইয়া উঠিল। বিপুল উজমে যুদ্ধায়োজন হইতে লাগিল। অশ্বারোহী, পদাতিক ও নৌসৈম্ম দলে দলে সজ্জিত হইতে লাগিল। রণতরীর উপর বিবিধ বর্ণের পতাকা উভিতে লাগিল। মন্ত্রী রঘুনন্দন চৌধুরী ও সহকারী সেনানায়ক রামরাজা সর্দাব প্রভৃতির উপর নগররক্ষাব ভার দিয়া, ইউদেবী ছিয়মস্থার নাম শ্বরণ করিয়া, চাদবায় ও কেদার রায় ঈশা খাঁর য়্বণিত প্রস্থাবের সমুচিত প্রতিফল দিবাব জন্ম যুদ্ধযাত্রা কবিলেন।

ঈশা খাঁ কলাগাছিয়া তুর্গে অবস্থান করিতেছেন, দূতমুখে এই সংবাদ পাইযাঁ কেদার রায় ভীনতেজে কলাগাছিয়া তুর্গ আক্রমণ কবিলেন দৈ হিন্দু-পাঠানে ঘোরতব যুদ্ধ হইল। ঈশা খাঁ পরাজিত হইয়া আত্মবক্ষার্থ ত্রিবেণীব তুর্গে আশ্রয় গ্রহণ করিলেন। কেদার বায় কলাগাছিয়া তুর্গ চূর্ণ-বিচূর্ণ করিয়া জয় জয় নাদে ত্রিবেণীর তুর্গ আক্রমণ করিলেন। শ্রীপুববাজের কামানশ্রেণী বজ্রগর্জনে অনলবর্ষণ করিতে লাগিল। উত্তেজিত হিন্দুসেনার প্রবল আক্রমণ ঈশা খাঁ সহ্য করিতে না পারিয়া,

তাঁহার রাজধানী খিজিরপুরে পলায়ন করিলেন। রণোমত রায়জাতৃত্বয় ত্রিবেণীর তুর্গ বিধ্বস্ত করিয়া খিজিরপুর অভিমুখে যাত্রা করিলেন। খিজিরপুরের নিকটবর্ত্তী স্থানসমূহ লুঠন করিয়া, তাঁহারা খিজিরপুর অবরোধ করিলেন।

গ্রীমন্ত খাঁ নামে চাঁদরায় ও কেদার রায়েব একজন কর্মচারী ছিল। সে রাজকার্যানিপুণ ও রাজপরিবারে অত্যন্ত বিশ্বাসী ছিল। কিন্তু, একটা সামাজিক ব্যাপাব লইয়া চাদরায় ও কেদার রায়ের সহিত তাহার ঘোবতর মনোমালিকা ঘটে। শ্রীমন্ত খাঁর সামাজিক পদম্যাদা অভ্যন্ত বেশী ছিল. কিন্তু চাঁদরায় তাহা উপেক্ষা কবিয়া কোটীশ্বরের দেবল ব্রাহ্মণকে গোষ্ঠীপতিত্ব প্রদান করেন; শ্রীমস্ত ইহাতে প্রাণপণে বাধা দিতে চেষ্টা কবে, কিন্তু চাঁদরায় পূজারি ঠাকুরের অপাপবিদ্ধ, আচারপুত জীবনের কথা উল্লেখ করিয়া তাঁহার কার্য্য সমর্থন করেন। শ্রীমস্ত তবুও একার্য্যের তীব্র প্রতিবাদ করে, কিন্তু শেষে রায়ভাতৃদয়ের রোষকষায়িত চক্ষুব সাম্নে ভয়ে নিরস্ত হয় এবং দেবল ব্রাহ্মণকেই গোষ্ঠীপতি বলিয়া মানিতে বাধ্য হয়। এইরূপে অপমানিত হইয়া শ্রীমন্ত ক্রোধে, ক্লোভে ও লজায় চাঁদরায় ও কেদার রায়ের প্রতি দারুণ প্রতিশোধ লইবার স্থুযোগ অন্নেষণ করিতে থাকে। মনে-মনে রায়রাজগণের নিরম্ভর সর্বনাশ কামনা করিলেও, চতুর শ্রীমন্ত বাহ্যিক ব্যবহারে ঘুণাক্ষরেও ভাহা কাহাকে জানিতে দেয় নাই, বরং অধিকতর বন্ধুত্বের ভান করিয়াই চলিয়াছে।

শ্রীমন্ত থাঁ, চাঁদরায় ও কেদার রায়ের সহিত ঈশা থাঁর বিরুদ্ধে যুদ্ধযাত্রা করিয়াছিল এবং থিজিবপুরে তাঁহাদের শিবিরে অবস্থান করিতেছিল। সেখানে একদিন উপযুক্ত অবসরে সে গোপনে ঈশা থাঁব সহিত সাক্ষাৎ করিল এবং যে-কোনও প্রকারেই হোক্ স্বর্ণমণিকে তাঁহার কবে সমর্পণ করিবে বলিয়া প্রস্তাব করিল। থাঁ সাহেব আনন্দে অধীর হইযা, এই কার্য্যের পুরস্কার-স্বরূপ তাহাকে প্রভূত অর্থ ও ভূসম্পত্তি দিবেন বলিয়া অঙ্গীকার করিলেন। অগ্রিম কিছু অর্থ গ্রহণ করিয়া, শ্রীমন্ত স্বর্ণমণিকে কবায়ন্ত কবিবাব জন্ম শ্রীপুর-অভিমুখে যাত্রা করিল।

হাঁকাইতে হাঁকাইতে গ্রীমন্ত শ্রীপুবেব বাজপ্রাসাদে উপস্থিত দ্ হইল। কেশপাশ ভাহার উচ্চ্ শ্বল, পদদ্ব নগ্ন, চক্ষু ক্রেন্দনে আরক্ত। একেবারে ছুটিয়া সে অন্তঃপুবে পৌছিয়া সংবাদ দিল, চাঁদরায় ও কেদার রায় ঈশা খাঁব হস্তে বন্দী হইয়াছেন ও ঈশা খাঁ শ্রীপুর আক্রমণ করিতে আসিতেছে, শ্রীপুর ধ্বংস করিয়া সে স্বর্ণমণিকে কাড়িয়া লইয়া যাইবে। রাজপুবী আর্জনাদে মুখরিত হইয়া উঠিল। এই নিদারুণ সংবাদ বিহ্যুৎ-বেগে নগর-মধ্যে প্রচারিত হইবামাত্র চারিদিকে বিরাট হাহাকারধ্বনি দ উত্থিত হইল। ক্রন্দনেব রোলে বাভাস ভারাক্রান্ত হইয়া দ্ উঠিল। রাণী এই বিপদে একেবাবে হতবৃদ্ধি হইয়া মন্ত্রী রঘুনন্দন চৌধুবী, সহকারী সেনাপতি বামবাজা সন্দার প্রভৃতিকে অন্তঃপুরে ডাকাইয়া পাঠাইলেন। বর্ত্তমান কর্ত্ব্যু নির্দ্ধারণের জন্ত পরামর্শ চলিতে লাগিল। শ্রীমন্ত পূর্ব্ব হইতেই রায়রাজ- গণের বিশ্বাসভাজন থাকায় অন্তঃপুরে যাতায়াত করিত।
শ্রীমস্ত সেই পরামর্শসভায় উপস্থিত রহিল। রাণী বলিলেন,
"স্বর্ণমণিকে লইয়া আমরা কোথাও এক নিরাপদ্ স্থানে
চলিয়া যাই। স্বর্ণ এখানে নাই শুনিলে, ঈশা থা রাজধানী
আক্রমণ না করিয়া ফিরিয়াও যাইতে পারে।" ধূর্ত শ্রীমস্ত ভংক্ষণাৎ একথায় সায় দিয়া বলিল, "রাণী-মার একথা
সম্পূর্ণ যুক্তিযুক্ত; আমার বিবেচনায় আর কাহারও যাইবার
প্রয়োজন নাই, স্বর্ণকে স্থানাস্তরিত করিলেই হইবে। স্বর্ণকে
চক্রদ্বীপে তাহার শৃশুরবাড়ীতে পাঠানই স্বচেয়ে নিরাপদ্।"

মন্ত্রী রঘুনন্দন চৌধুরী ক্ষণকাল চিস্তা করিয়া বলিলেন, "এ সংবাদ আমি কিছুতেই বিশ্বাস করিতে পারিতেছি না; গভপরশ্ব আমি যুদ্ধের সংবাদ পাইয়াছি। এখন মাত্র মাঝে মাঝে খণ্ডযুদ্ধ চলিতেছে। আমাদের সৈক্তগণ শিবিরসন্ধিবেশ করিয়া খিজির-পুর অববোধ করিয়া বসিয়া আছে। তারপর, মহারাজ ও ভাঁহার ভ্রাতা উভয়েই কৌশলী যোদ্ধা;—হঠাৎ এরূপ হুর্ঘটনা কিরূপে ঘটিল, ভাহা ত বুঝিতে পারি না।"

রাণী বিশ্বিত হইয়া বলিলেন, "আপনি কী বলিতেছেন! ঝাঁ মহাশয় কি নিথ্যা কথা বলিলেন? কখন কিরূপ হুর্ঘটনা ঘটে, তাহা কি বলা যায়! তাঁহার কথাই সমীচীন। আপনি অন্তই স্বর্ণকে চন্দ্রদীপে পাঠাইয়া নগররক্ষার ব্যবস্থা করুন;— ভারপর আমাদের ভাগ্যে যাহা থাকে, ভাহাই হইবে।"

প্রবীণ মন্ত্রী বার বার রাণীকে অগ্ররূপ বুঝাইভে লাগিলেন,

কিন্তু রাণী, স্বর্ণমণির রক্ষার ব্যবস্থাই সর্বাত্যে কর্ত্তব্য বলিয়া, অন্ত কোন যুক্তিই কানে তুলিলেন না। শেষে রঘুনন্দন বলিলেন, "আমি অন্তই খিজিরপুবে দৃত পাঠাইতেছি, সমস্ত সংবাদ জানিয়া স্বর্ণমণিকে অন্তত্র পাঠাইবার ও নগববন্ধাব বন্দোবস্ত করিব।"

শীনস্ত খাঁ কপালের ঘাম-বিন্দুগুলি মুছিয়া বলিলেন, "নন্ত্রী মহাশয়, আপনি আমাকে অবিশ্বাস করিতেছেন? একপ মিথ্যাকথা বলায় আমার কি স্বার্থ? আর যদি আমার কথা মিথ্যাই প্রমাণিত হয়, তখন স্বর্ণকে আবাব তাহার পতিগৃহ হইতে আনিলেই হইবে। আপনি নগরবক্ষার বন্দোবস্ত কক্ষন, আমিই স্বর্ণকে লইয়া নিরাপদে তাহাব শশুরবাড়ীতে পৌছাইয়া দিয়া আসি।"

মন্ত্রী এবাবেও প্রতিবাদ করিলেন, কিন্তু শেষে বাণীব সনির্বেদ্ধ অনুরোধে অগত্যা বাধ্য হইয়া স্বীকার করিলেন। শ্রীমন্ত খাঁর সহিত রাজ-ভগ্নীকে শ্বশুরালয়ে পাঠানই স্থিব হইল। শ্রাত্বধূদয়ের নিকট বিদায় লইয়া স্বর্ণ কাঁদিতে কাঁদিতে নোকায় উঠিল। ঈষহন্তিরযোবনে যেদিন সঁীথের সিঁহ্ব মুছিয়া স্বর্ণ পিত্রালয়ে পদার্পণ কবিয়াছিল, সেদিন ভাতা ও ভাতৃবধূদ্য় ভাহাকে একেবারে বুকের মধ্যে গাঁকড়িয়া ধরিয়াছিলেন;— ভারপর এই কয় বংসর, ভাঁহাদের অপর্য্যাপ্ত আদরে, সোহাগে, যত্নে, ভাহার ক্ষতহাদয় শান্তির প্রলেপে জুড়াইয়া গিয়াছে। আজ সেই সুখনীড়ের সমস্ত বন্ধন ছিন্ন করিয়া, পিতৃপরিবারকে এক আসর বিপদের মধ্যে ফেলিয়া, আবার সেই স্মৃতির শাশানভূমিতে পদার্পণ করিতে তাহার হৃদয় অনিবার্য্য বেগে উথলিয়া
উঠিতে লাগিল। এতদিন পরে, পতিপুত্রহীনা, ঐহিকের
সর্বস্থেবঞ্চিতা, অভাগিনী ননন্দাকে বিপন্ন অবস্থায়, অনির্দিষ্ট
কালের জন্ম বিদায় দিতে সমবেদনাময়ী আত্বধৃদয়ের চক্ষুতেও
অঞ্চর বন্যা ছুটিল। তাঁহারা কোনমতে আত্মসংবরণ করিয়া
স্বর্ণকে বিদায় দিলেন। সয়তান শ্রীমন্ত থা নৌকায় উপবেশন
করিয়া একটা স্বস্তির নিশ্বাস ফেলিল ও নিজেব অপূর্ণব অভিনয়ের
কৃতকার্য্যতায় আত্মপ্রসাদ অমুভব করিতে লাগিল।

নৌকা তীরবেগে ছুটিয়া চলিল। পূর্বেই প্রীমস্ত প্রচুর
উৎকোচ দিয়া মাঝি-মাল্লাদিগকে বশীভূত করিয়া রাখিয়াছিল।
নৌকা চন্দ্রদ্বীপের পরিবর্ত্তে সোনারগাঁ-অভিমুখে চলিতে লাগিল।
নৌকায় বসিয়া স্বর্ণ ভাবিতে লাগিল—তাহার জ্বন্তই আজ
তাহার আতৃত্বয় শক্রহস্তে বন্দী, তাহার জ্বন্তই প্রীপুর শাশান
হইতে চলিল। পোড়া রূপই তাহার নিদারুণ অভিসম্পাত
হইয়াছিল। ভাবিতে ভাবিতে উচ্ছুসিত কারায় তাহার কণ্ঠরোধ
হইয়া আসিতে লাগিল। কয়েকদিন পরে, রাত্রি প্রায় দ্বিপ্রহরের
সময়, নৌকা এক নির্জ্জন, তারতরুছায়াচ্ছর ঘাটে আসিয়া
ভিঁড়েল। পূর্বে-নির্দ্দেশমত বাহকগণ এক শিবিকা নৌকার
নিকট উপস্থিত করিল। প্রীমস্ত স্বর্ণকে নামাইয়া পাকীতে
উঠাইয়া দিল। বাহকগণ স্বর্ণমণিকে লইয়া নানা গুপ্তাপথ
দিয়া, খিজিরপুরে ঈশা খাঁর রাজপ্রাসাদে প্রবেশ করিল।

अिंग अधी त्रचुनन्तन की दुवी स्मिर्ट चिक्रित्र भूत একজন বিশ্বস্ত দৃত পাঠাইলেন। দৃত শ্রীপুররাজের শিবিরে যাইরা চাঁদরায়ের হস্তে পত্র প্রদান কবিল। চাঁদবাযের মস্তকে যেন ভীমগর্জনে শতবজ্ঞ একসঙ্গে ভাঙ্গিয়া পড়িল। পত পড়িয়া কাঁপিতে কাঁপিতে তিনি অৰ্দ্নমূৰ্চ্ছিতেব স্থায় পড়িয়া গেলেন। কেদার রায় ছুটিয়া আসিয়া পত্র পড়িয়া স্বস্থিত হটয়া গেলেন। চাঁদরায় বলিলেন, "বিশ্বাসঘাতক শ্রীমন্ত ভাহার প্রতিহিংসা পূর্ণ করিল; নিশ্চয়ই শ্রীমন্ত চক্রান্ত কবিয়া স্বৰ্ণকৈ ঈশা খাঁৰ হস্তে সমৰ্পণ করিয়াছে; চন্দ্ৰীপে যাওয়া তাহার ছলমাত্র। হায়। আমাদেব কি সর্কনাশ হইল। স্বৰ্ণকৈ বুঝি আর পাওয়া যাইবে না। হা কোটীশ্বর। ভোমাব মনে কি এই ছিল!" কেদার রায় বলিলেন, "আজীবন আমাদেব অন্নে প্রতিপালিত হইয়া এই নরপিশাচ ব্রাহ্মণ শেষে এরপ বিশ্বাসঘাতকতা কবিল! আপনি আজই বাজধানীতে যাইয়া চারিদিকে দূত ও গুপ্তচব পাঠান;—শৃত্মলাবদ্ধ ঈশা খাঁকে না লইয়া আমি ত্রীপুরে ফিবিব না।"

চাঁদরায এীপুবে আসিয়া নানাস্থানে লোক পাঠাইলেন। চদ্রদ্বীপ হইতে লোক ফিরিয়া আসিয়া সংবাদ দিল, স্বর্ণমণি সেখানে যায় নাই। কয়েকদিন পবে গুপুচর আসিয়া সংবাদ দিল, জীমস্ত থাঁ ঈশা থাঁব রাজধানীতে অবস্থান করিতেছে ও স্বর্ণমণি ঈশা থাঁব অন্তঃপুবে বন্দিনী। নিরতিশয় লজ্জায়, অপমানে ও মনঃকষ্টে মথিত হইয়া চাঁদরায় লোকসংস্রব ত্যাগ

করিলেন।) রাণী, অমাত্য, বন্ধু-বান্ধব—কাহারও সহিত তিনি আর বাক্যালাপ করিলেন না। সমস্ত পৃথিবী তাঁহার নিকট বিষবৎ বোধ হইতে লাগিল। (রাজভবন পরিত্যাগ কবিয়া তিনি কোটীখরের মন্দিরমধ্যে আশ্রয় লইলেন ও অস্নাত, অভুক্ত অবস্থায় বিগ্রহের পাদমূলে পড়িয়া রহিলেন। পাত্র-মিত্র ও নগরের বহু সম্ভ্রাম্ম অধিবাসী শতচেষ্ট্রা করিয়াও তাঁচার অনশন-ব্রত ভাঙ্গিতে না পারিয়া বিফলমনোরপ হুইয়া ফিরিয়া গেল ১ তিনি কোটাশ্বরের পদপ্রাস্তে লুটাইয়া পড়িয়া কেবলই বলিভে লাগিলেন, "হে কোটীশ্বর, এতকাল তোমার সেবা করিয়া কি এই ফল পাইলাম! আমার পবিত্র কুলে কলঙ্ক স্পার্শ করিল! আমার ভগিনী মুসলমানের অঙ্কশায়িনী হইল! যদি এতই করিলে ঠাকুর, তবে আমাকে তোমার চরণে স্থান দাও, আমি আর লোকসমাজে মুখ দেখাইতে পারিব না।" ভিন দিবস, তিন রাত্রি, এইভাবেই অভিবাহিত হইল। চতুর্থদিন রাত্রের শেষ-প্রহরে চাঁদরায় স্বপ্ন দেখিলেন—কোটীশ্বর স্থিমকরপল্লবের দারা তাঁহার মস্তক স্পর্শ করিয়া বলিতেছেন, "বংস, যাহা বিধিনিয়ন্ত্রিত তাহা ভোগ করিতেই হইবে। স্বর্ণের জন্ম আর বুথা হঃখ কবিও না, তাহাকে আর পাওয়া যাইবে না। অদূর-ভবিশ্যতে তোমাদের বংশের উপর যে বিপদ ঘনাইয়া আসিতেছে, তাহা হইতে মুক্ত হইবার জ্বন্স বদ্ধপরিকব হও।")

পরদিন প্রভাতে চাঁদরায় মন্দির হইতে বাহির হইয়া রাজপ্রাসাদে উপস্থিত হইলেন ও শয়নকক্ষে প্রবেশ করিয়া শয্যাগ্রহণ করিলেন। সেই শয্যাই তাঁহার অন্তিম-শয্যায় পরিণত হইল। ঘন ঘন হৃৎপিণ্ডেব, ক্রিয়া বন্ধ হইবার উপক্রম হইতে লাগিল। বহুচেষ্টা করিয়াও একবিন্দু ঔষধ তাঁহার গলাধঃকরণ করান গেল না। সমস্ত সাংসারিক সুখতুঃখের, সমস্ত সামাজিক নিন্দা, গ্লানি ও ভয়েব অতীত হইয়া, বৃদ্ধ রাজা শ্রীপুর আঁখার করিয়া পরলোকে চলিয়া গেলেন।

কেদার বায় কয়েকটি খণ্ডযুদ্ধে ঈশা খাঁকে পরাজিত কবিযা বিপুলবেগে নগর আক্রমণ করিবার জন্ত আয়োজন করিতেছিলেন—এমন সময়/দৃত যাইযা চাঁদরায়েব মৃত্যুসংবাদ জ্ঞাপন করিল। জ্যেষ্ঠভাতার আকস্মিক যৃত্যুতে কেদার বায়েব মাথায় আকাশ ভাঙ্গিয়া পড়িল। তিনি ভাবিয়াছিলেন, সোনারগা শ্মশান করিবেন, রাজপরিবারের অপমানকারী উদ্ধৃত পাঠানের চরম শাস্তিতে জ্বদয়ের দারুণ জ্ঞালা জুড়াইবেন; কিন্তু, অকস্মাৎ সে সংকল্প ত্যাগ করিতে বাধ্য হওয়ায়, নিরাশার ভারে তাঁহার জ্বদয় মুইয়া পড়িল। শোকার্ত্ত কেদার রায় ভগ্রন্থের সনৈত্য রাজধানীতে চলিয়া আসিলেন।

কেদার রায় জ্যেষ্ঠের পরিত্যক্ত বাজ্যভার গ্রহণ কবিলেন।
স্বর্ণমণিকে আর পাওয়া যাইবে না, পাওয়া গেলেও আর
তাহাকে সমাজে গ্রহণ কবা যাইবে না এবং ঈশা খাঁকে
শাস্তি দিবার জন্ম রাজধানী হইতে দূরে যুদ্ধকার্য্যে লিপ্ত
থাকিলে, রাজকার্য্য পরিচালনে বহু বিল্ল ঘটিবে ইত্যাদি অনেক
বিবেচনা করিয়া কেদার রায়, ঈশা খাঁর সহিত এই ধনজন-

ক্ষয়কর যুদ্ধ হইতে বিরভ হইলেন। কেবল ঈশা খাঁকে নির্য্যাতিত করিবার একটা প্রবল বাসনা হৃদয়ের গোপনতলে শুমরিয়া মরিতে লাগিল।

কিদার রায় রাজপদে প্রতিষ্ঠিত হইয়া এতদিনকার আকাজ্জিত ব্রত উদ্যাপনের আয়োজন করিতে লাগিলেন। মোগলের হস্ত হইতে স্বদেশ উদ্ধার করিবার সংকল্পকে সফল করিবাব উদ্দেশে তিনি শক্তিসঞ্চয়ে মনোনিবেশ করিলেন। যাহাদের সহিত একযোগে এ ঘোর বিপজ্জনক কার্য্যে হস্তক্ষেপ করিবেন বলিয়া আশা করিয়াছিলেন, তাহাদের মধ্যে অনেকেই পশ্চাৎপদ হইয়া পড়িল। যাহাকে প্রধান সহকর্মী মনেকরিয়াছিলেন, সেই ঈশা খাঁর সহিত এরপে শক্রতা হইল যে, জীবনে আর তাহার মুখদর্শন করা যাইবে না। তব্ও কেদার রায়, স্বাধীনতালাভের অদম্য প্রেরণায়, একাই মোগলের বিরুদ্ধে দণ্ডায়্মান হইতে স্থিবসংকল্প করিলেন।

রাজ্যের মধ্যে বিশেষ বিশেষ স্থানে কেদার রায় স্থৃদৃ ছুর্গ নির্মাণ করিতে আরম্ভ করিলেন। বিপুল উভ্যমে সৈভ্যসংগ্রহ চলিতে লাগিল।) দলে দলে লোক আসিয়া সৈভ্যদলে ভর্ত্তি হুইতে লাগিল। সৈভ্যদের শিক্ষাব জ্বন্ত স্থানে স্থানে তিনি সামরিক বিভালয় খুলিয়া দিলেন। পূর্ববঙ্গ নদীবছল দেশ; এখানে মোগলকে পরাজিত করিতে হুইলে যথেষ্ট নোবল থাকা প্রোজন মনে করিয়া কেদার রায় তাঁহার নৌশক্তি বৃদ্ধি করিতে লাগিলেন। শ্রীপুরবন্দরে বৃহৎ বৃহৎ রণতরী নির্মিত

হইতে লাগিল) বাঙ্গালী মিন্ত্রীদেব কর্মকোলাহলে কালীগঙ্গার উভয়কুল রাত্রিদিন প্রভিশ্বনিত হইতে লাগিল। রাজধানীব স্থানে স্থানে কামান ও গোলা-নির্মাণের কাবখানা স্থাপিত হইল। তাহাতে বাঙ্গালী কর্মকাবগণ দিবাবাত্র কার্য্যে ব্যস্ত রহিল। এইরূপে কয়েকবৎসব ধরিয়া বিক্রমপুবাধিপতি ক্রমাগত স্বীয় সামরিক শক্তি বৃদ্ধি করিতে লাগিলেন।

্রিমন সময়, ১৬০১ খৃষ্টাব্দে, মোগলসেনাপতি মানসিংহ সলৈত্যে বিক্রমপুরে উপস্থিত হইলেন ) কেদার রাথের উত্যোগ-পর্বব তখনও শেষ হয় নাই। প্রায় সমগ্রভারতেশ্বর সমাট্ আকবরের সহিত যুদ্ধে অবতীর্ণ হইবার শক্তিসঞ্চয় তিনি তখনও করিতে পারেন নাই। কাঞ্চেই/যুদ্ধে অগ্রসর হইলে ভাঁহার অভীষ্টসিদ্ধির পথে প্রবল বিদ্ধু ঘটিবে বিবেচনা করিয়া, তিনি মোগলের সহিত সন্ধি করিলেন ৷ মানসিংহ বিক্রমপুর হইতে ঢাকায় চলিয়া গেলেন। (মানসিংহের প্রতিগমনের কয়েকমাস ারেই, সমস্ত আয়োজন শেষ হইল, কেদার রায় করদান বন্ধ চরিয়া পূর্ণস্বাধীনতা ঘোষণা করিলেন। সেনরাজবংশেব পতনের াহুকাল পরে আবার পূর্ববৈঙ্গে স্বাধীন হিন্দুনরপতির রাজপতাকা াগর্বে আকাশে উড্ডীয়মান হইল। সমস্ত বিক্রমপুরে এক নবজাগরণের সাড়া পড়িয়া গেল। স্বাধীনভার এক অমৃভময় আস্বাদন পাইয়া নরনাবী এক নূতন জীবন লাভ কবিল এবং এই মহামূল্য সম্পত্তিকে চিরস্থায়ী করিবাব জন্ম বিক্রমপুরের যুবক, বৃদ্ধ, প্রোঢ় হাসিমূখেই প্রাণবিসর্জ্জন করিতে প্রস্তুত হইয়া রহিল।

বঙ্গোপসাগরে সন্দীপ নামে একটি সমৃদ্ধিশালী দ্বীপ ছিল।
এই দ্বীপ তদানীস্তন বঙ্গদেশের একটি শ্রেষ্ঠ বাণিজ্যকেন্দ্র।
সেধান হইতে প্রচুর পরিমাণে লবণ বিদেশে রপ্তানী হইত।
দ্বীপটি সে সময়ে একটি মূল্যবান সম্পত্তি বলিয়া গণ্য হইত
এবং উহার মালিক প্রতিবংসর বহু অর্থ লাভ করিত।

/ সন্দ্রীপ অনেকদিন পর্জু গীজদের অধিকারে ছিল। কেদার রায় উহা আপনার অধিকারে আনিবার জন্ম বছবার আক্রমণ করেন। তিনি জলযুদ্ধে অত্যম্ভ শক্তিশালী ছিলেন; তাঁহার বার বার আক্রমণে, পর্ত্ত্রগীজদলপতি কার্ভালো পরাস্ত হইয়া আনুগত্য স্বীকার করে। কার্ভালোর বীরত্বে ও নৌযুদ্ধকৌশলে মুগ্ধ হইয়া কেদার রায় তাহার সহিত বন্ধুত্ব স্থাপন করেন এবং বার্ষিক কবগ্রহণে সম্মত হইয়া, তাহারই হস্তে সম্বীপের শাসনভার অর্পণ করেন। শেষে কেদার রায়, কার্ভালোকে তাঁহার জলযুদ্ধবিভাগের প্রধান সেনাপতির পদ প্রদান করেন। 🗸 ১৬০২ খুষ্টাব্দে মোগলেরা সন্দীপ আক্রমণ করিল। কার্ভালো তথন সন্দ্রীপেই অবস্থান কবিতেছিল। মোগলেরা বহু রণতরী সহ চারিদিক হইতে দ্বীপ বেষ্টন করিয়া কার্ভালোকে অবরোধ করিয়া ফেলিল। ( ने औপুরে কেদার রায়ের নিকট ও চট্টগ্রামের পর্ত্তুগীঙ্গসেনাপতি এমামুয়েল মাটুসের নিকট সাহায্যার্থ সংবাদ পাঠাইল। মাটুস চারিশতসেনাপূর্ণ রণভরী সহ সন্দীপে উপস্থিত হইল। কেদার রায়ও বহু রণতরী সহ নদী ও সাগরবক্ষ কম্পিত করিয়া সন্দীপে উপস্থিত হইলেন।

মোগলসৈশ্যগণ প্রবল বিক্রমে যুদ্ধ করিল বটে, কিন্তু জল হইতে কেদার রায় ও মাটুসের এবং স্থল হইতে কার্ভালোব যুগপৎ আক্রমণ সহ্য করিতে না পারিয়া সন্দ্বীপ ছাড়িয়া পলায়ন চরিল। মোগলদিগকে বিভাড়িত করিয়া কেদার রায় পুনবায় চার্ভালোকে স্বপদে প্রভিষ্ঠিত কবিলেন।

আরাকানের সমাট্ মেংবাজগী সেলিমশা বিশেষ ক্ষমতাশালী ছিলেন। চট্টগ্রাম পর্যান্ত তাঁহার অধিকারভুক্ত ছিল। বঙ্গোপ-সাগরে পর্ত্ত্রীজদের ক্ষমতা অত্যন্ত বৃদ্ধি পাইতেছে দেখিয়া তিনি তাহাদের দমন করিতে বদ্ধপবিকর হইলেন। 'তিনি কার্ভালোকে দমন ও সন্দ্রীপ নিজরাজ্যের অন্তর্গত করিবাব জন্ম বহু রণতরী সহ সন্দ্রীপ আক্রমণ করিলেন। কার্ভালো তৎক্ষণাৎ শ্রীপুরে কেদাব রায়েব নিকট সংবাদ পাঠাইল। কেদার রায় অবিলম্বে একশতখানি কামানপূর্ণ 'কোষ' নৌকা সহ সন্দ্রীপে উপস্থিত হইলেন। বাঙ্গালী ও পর্ত্তুগীঞ্জের বীবহে মগসৈত্যগণ সন্ত্রস্ত হইয়া উঠিল। কেদার রায়ের রণতরীশ্রেণী বজ্রগর্জনে অনল উদগীবণ করিয়া বিবাট ধ্বংসলীলার অবভারণা করিল। কামান ও বন্দুকের ধূমে আকাশ আচ্ছন্ন হইয়া উঠিল। আগ্নেয়ান্ত্র ও রণোন্মন্ত সৈন্তের গর্জনে বঙ্গোপসাগরের ফেনিল বক্ষ মুহুমুহ্ন কম্পিত হইতে লাগিল। 🕻 ভীষণ যুদ্ধের পর মগগণ পরাজিত হইয়া পলায়ন করিল। তাহাদের ১৪৯ খানি রণতরী কার্ভালো অধিকার করিয়া লইল। 🗅

যখন সন্দ্বীপে, বাঙ্গালী-পর্জুগীজ একদিকে ও অক্তদিকে

মগগণের মধ্যে সামরিক শক্তির প্রতিযোগিতা চলিতেছিল, তখন চট্টগ্রামের পর্ব্যক্তীজ্ঞসেনাপতি ফিলিপ ডি ব্রিটো, আরাকানরাজের অধিকারস্ত পেগুর সাইবাম বন্দর অধিকার করিয়া লইয়া স্বাধীনতা ঘোষণা করে। পর্তুগীঙ্গদিগের এই ওঁনত্যে ও সন্ধীপের যুদ্ধে পরাঞ্চিত হইয়া মগরাজ সেলিমশা, ক্রোধে দিখিদিক্শৃত্য হইয়া, একসহস্র বণতরী সহ কেদার রায় ও কার্ভালোর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইলেন। মগরাজের বিরাট নৌবাহিনী বঙ্গোপসাগরের নীল জলরাশি তরঙ্গায়িত করিয়া সম্বীপে উপস্থিত হইল। কেদাব রায়, তাঁহার নৌসেনাপতি কার্ভালোর সহিত রণতরীশ্রেণী স্থসচ্ছিত করিয়া মগরাজের গতিরোধ করিলেন। ভরঙ্কর অগ্নিক্রীড়া চলিল। কেদার রায় ও কার্ভালোর অভুত নৌযুদ্ধকৌশলে ও অমানুষিক সাহসে মগরাজ সেলিমশার রণতরীশ্রেণী ছিন্নভিন্ন হইয়া গেল। বাঙ্গালী-পর্ত্ত্রনীব্দের অজ্ঞ গোলাবর্ষণে তাঁহার অধিকাংশ রণতরী বঙ্গোপসাগরের তলদেশে আশ্রয় গ্রহণ করিল, অম্যগুলি কতক চূর্ণ-বিচূর্ণ, কতক অগ্নিতে ভস্মীভূত হইয়া গেল। এই ভীষণ যুদ্ধে মগদের তুই সহস্র সৈক্ত নিহত ও ১৩০ খানি রণপোত ভশ্মীভূত হইল। আরাকানরাজ সম্পূর্ণ পরাজিত হইলেন। কেদার রায় ও কার্ভালোর অপূর্বর বীরত্ব বঙ্গদেশের একপ্রাস্ত হইতে অপরপ্রাস্ত পর্যাস্ত কীর্ত্তিত হইতে লাগিল। এই যুদ্ধে কার্ভালোর প্রায় ৩০ খানি রণভরী ভগ্ন হইয়া গিয়াছিল, সে সেইগুলি মেরামতের জন্ম, কেদার রায়ের সহিত ঐপুরে আসিল।

্কেদার রায়ের মগবিজয়কাহিনী বাংলার তদানীস্তন স্থবাদার মানসিংহের কর্ণগোচর হইল। কেদার রাজকর বন্ধ করিয়া স্বাধীনতা ঘোষণা করিয়াছেন ও বিপুলবলসঞ্চয় কবিয়াছেন একথা মানসিংহ পূর্বর হইতেই শুনিতেছিলেন; কিন্তু, অক্যত্র বিদ্রোহদমনে ব্যস্ত থাকায়, সে বিষয়ে কোনই প্রতীকার করিতে পারেন নাই। কেদার রায়ের এই মহাবিজয় সংবাদে তিনি বিচলিত হইয়া পড়িলেন। এই উদীয়মান শক্তিকে থর্ব করিতে না পারিলে বাংলায় মোগলের ক্ষমতা দৃঢ়কপে প্রতিষ্ঠিত হইবে না, এই বিবেচনা করিয়া মানসিংহ স্থবিখ্যাত নৌসেনাপতি মান্দারায়ের নেতৃত্বাধীনে একশত রণতরী ও বহু সৈত্য কেদার রায়ের বিরুদ্ধে প্রেরণ করিলেন।

যে মোগলের অধীনভাপাশ ছিন্ন কবিবাব জক্ত তিনি এতদিন ধরিয়া আয়োজন করিতেছিলেন, আজ তাহারই সহিত প্রথম সংঘর্ষ। এই প্রথম যুদ্ধে পরাজিত হইলে, নিদারুণ অপমানভরে তাঁহাব উন্নত মস্তক অবনত হইবে, বিক্রমপুরের ভবিশুৎ ঘোর অন্ধকারময় হইবে,—হয়ত বা চিরকাল আনতশিরে মোগলের পদলেহন করিতে হইবে, কিংবা দিল্লীব এক বিভীষিকাময় কারাকক্ষে জীবননাট্যেব শেষ অন্ধ অভিনীত হইবে। কাজেই প্রথম যুদ্ধেই কেদার রায়, মোগলসেনাপতিকে সসৈত্যে বিচূর্ণিত করিবার জন্য অতি সতর্কভার সহিত প্রস্তুত হইতে লাগিলেন।

শ্রীপুরাধিপতি যুদ্ধযাত্রা করিবেন,—রাজ্যমধ্যে একটা প্রবল সাড়া পড়িয়া গেল। যুবক স্ফীতবক্ষে যুদ্ধের জন্ম অপেকা করিয়া রহিল; বৃদ্ধের শিথিলহন্ত তরবারিগ্রহণের জন্য কাঁপিয়া উঠিল; রমণীগণ বিক্রমপুরের স্বাধীনতারক্ষার জন্য পতিপুত্রকে উৎসাহিত করিতে লাগিল। দেবালয়ে দেবালয়ে জ্রীপুরাধিপতির মঙ্গলকামনা করিয়া উপাসনা চলিতে লাগিল (প কেদার রায়ের শুরুদেব সিদ্ধপুরুষ, গোসাঞি ভট্টাচার্য্য মহাশয়, শিয়ের মঙ্গলকামনা করিয়া সমস্ত রাত্রি দেবী ছিন্নমন্তার পূজায় রত ছিলেন, —রণযাত্রার দিন প্রাত্তে দেবীর আশীর্কাদী বিশ্বপত্র কেদার রায়ের হস্তে দিয়া বলিলেন, "যাও বৎস, নির্ভয়ে যুদ্ধে অবতীর্ণ হও, মায়ের আশীর্কাদে আজ তুমি যুদ্ধে জয়লাভ করিবে।" কেদার রায় গুরুদেবকে সাষ্টাঙ্গে প্রণাম করিলেন ও করযোড়ে দেবীর আশীর্কাদী বিশ্বপত্র গ্রহণ করিয়া মন্তকে রক্ষা করিয়া হর্ষোৎফুল্লমনে যুদ্ধযাত্রা করিলেন।)

(কদার রায়, তাঁহার রণবহর ছইভাগে বিভক্ত করিয়া, এক ভাগ প্রীপুরের নিকট কালীগঙ্গার মধ্যে রক্ষা করিলেন ও অপর অর্জেক সহ মোগলসেনাপতির আগমন প্রতিবােধ করিবার জগ্য বিক্রমপুরের পূর্বপ্রাস্তবাহিনী মেঘনার মধ্যে অপেক্ষা করিতে লাগিলেন। তাঁহার নোসেনাপতি কার্ভালোর নিজের যে ৩০খানি রণতরী প্রীপুরে ছিল, তাহাও এই সঙ্গে গেল ) অবিলম্বে মোগলসেনাপতি মান্দারায়ের একশত রণতরী অর্জচন্দ্রান্ধিত পতাকা উড়াইয়া, 'আল্লা হো আকবর' রবে নদীর উভয়কুল প্রতিধ্বনিত করিয়া উপস্থিত হইল।

তখন বৈশাখ মাস। অপরাহে নীলনীরদমালায় গগন্তল

আর্ত হইয়া আসিল। শোঁ শেন প্রবল বায়ু বহিতে লাগিল। উত্তাল তরঙ্গমালায় মেঘনার বক্ষ উচ্ছুসিত হইয়া উঠিল। মুস্তমু্ত বিহ্যুৎ চমকিতে লাগিল। কাল-বৈশাখীর এই উন্মত্তলীলাব মধ্যে বাঙ্গালী ও মোগল রণরঙ্গে মাতিল। উত্তবুক্ষ তরক্ষের মাথায় নাচিতে নাচিতে উভয়পক্ষের রণতরী অগ্রসর হইতে লাগিল। কামানের গর্জ্জনে, বাভাসের প্রচণ্ড রবে, তরঙ্গের ভীষণ শব্দে, বোধ হইতে লাগিল যেন মহাকাল আজ তাগুবনুত্যে সমস্ত পৃথিবী ধ্বংস করিতে উন্নত হইয়াছেন। রণোন্মন্ত সৈত্যগণের 'আল্লা হো আকবর' ও 'জয় মা ছিন্নমন্তা' রবে দিগন্ত-পর্যান্ত কাঁপিয়া উঠিতে লাগিল। কৈদার বায় এক ঐশবিক শক্তিতে অনুপ্রাণিত হইয়া বিপুলবিক্রমে মোগল-নৌবাহিনী আক্রমণ করিলেন। বহুক্ষণ ভয়ঙ্কর যুদ্ধ চলিল। কার্ভালোর অপূর্ব্ব নৌযুদ্ধপবিচালনকৌশলে একে একে মোগলের রণতরী মেঘনার কৃষ্ণবক্ষে নিমঞ্জিত হইতে লাগিল, কিন্তু কেদার রায়ের অধিকাংশ রণতরীই অক্ষত রহিয়া গেল। জ্বলম্ভ গোলার আঘাতে মোগলসেনাপতি মান্দারায় মেঘনার সুনীলজলতলে চিরবিশ্রামের শয্যা পাতিলেন। (এই ভীষণ জলযুদ্ধে মোগলবাহিনীকে পরাজিত ও বিশ্বস্ত কবিয়া, বিজয়-গর্বে কেদার রায় শ্রীপুরে প্রত্যাবর্ত্তন কবিলেন ) 'জয় মহারাজ কেদার রায়ের জয়' শব্দে বিজয়োত্মত্ত বাঙ্গালীসৈত্য চারিদিক কাঁপাইয়া তুলিল। রাজধানীতে কয়েকদিন ক্রমাগত বিজয়োৎসব **চलिएंड ना**शिन।

মানসিংহ অক্সত্র যুদ্ধে ব্যাপৃত ছিলেন। (মান্দারায়ের পরাজয় ও নিধন-সংবাদ ভাঁহার নিকট পৌছিলে, তিনি স্তম্ভিত হইয়া গেলেন) তিনি ভাবিয়াছিলেন—একজন সামাত্য বাঙ্গালী রাজা মোগলবাহিনীর নাম শুনিলেই ভয়ে বশুতা স্বীকার করিবে। ভীষণ জলমুদ্ধে মোগলবাহিনী পরাজিত হওয়া ও মান্দারায়ের মত বিখ্যাত নোসেনাপতি নিহত হওয়া তাঁহার কল্পনার অতীতছিল। (তিনি কেদারের বিজয়ে শক্ষিত হইয়া কিলম্যাক্ নামক এক মোগলসেনানায়কের নেতৃত্বে এক বিরাট মোগলবাহিনী পুনরায় কেদারের বিরুদ্ধে প্রেরণ করিলেন)

কিলম্যাক্ প্রীপুর আক্রমণ করিল।) কেদার পূর্বে হইতেই প্রস্তুত ছিলেন, রণতরী সজ্জিত করিয়া ভীমবেগে মোগল-সেনাপতিব আক্রমণ প্রতিরোধ করিলেন। কেদারের রণবহর হইতে অবিশ্রাস্ত গোলাবর্ষণে কিলম্যাকের নৌবাহিনী বিপর্যান্ত হইয়া পড়িল। বঙ্গবীরের প্রচণ্ড বিক্রম সহ্য করিতে না পারিয়া কিলম্যাক্ পলায়ন করিল। কেদাব রায় তাহার পশ্চাদ্ধাবন করিলেন। বিতাড়িত মোগলসেনাপতি বিলের মধ্যবর্তী দ্বীপপ্রায় প্রীনগর নামক স্থানে আশ্রয় গ্রহণ করিল।) কেদার রায় অসংখ্য রণতরী দ্বারা দ্বীপের চতুর্দ্দিক ঘিরিয়া ফেলিয়া কিলম্যাক্কে অবরুদ্ধ করিয়া ফেলিয়া কিলম্যাক্কে অবরুদ্ধ করিমা ফেলিলেন। বাঙ্গালী সৈত্যগণের বিজ্য়ন্তক্ষারে দশদিক্ পরিপূর্ণ হইল। মোগলসৈত্যগণ প্রাণভয়ে অভিতৃত হইয়া মৃত্যুর জন্ম অপেক্ষা করিতে লাগিল।

কিলম্যাকের পরাজয় ও অবরোধকাহিনী মানসিংহের কর্ণ-

গোচর হইলে তিনি প্রমাদ গণিলেন। তিনি ভাবিলেন—
মোগলসমাটের পতাকা আর বিক্রমপুরে উভ্জীয়মান হইল না,
মোগলরাজশক্তির সমস্ত গর্বে আজ বুঝি বাঙ্গালীর হস্তে চুর্ণ
হইল! মানসিংহ তখন মগদিগের সহিত যুদ্ধে রত ছিলেন,—
তিনি সেই বিরাট মোগলবাহিনীর সহিত বিক্রমপুরে উপস্থিত
হইয়া শিবিবসন্নিবেশ কবিলেন। কেদার বায়কে ভয় দেখাইবার
জন্ম, মানসিংহ একজন দূতেব হস্তে একখানি অসি, শৃভাল ও
পত্র দিয়া কেদার রায়েব নিকট প্রেবণ কবিলেন। পত্রে
লেখা ছিল:—

ত্রিপুর-মগ-বাঙ্গালী-কাক-কুলী-চাকুলী, সকলপুরুষমেতৎ ভাগ যাও পলায়ী। হয়গজনরনোকাকম্পিতা বঙ্গভূমিঃ বিষমসমবসিংহো মানসিংহঃ প্রয়াতি॥

মানসিংহেব এই গর্বোদ্ধত পত্র কেদাব রাযেব বীবস্থাভিমানে তীব্র আঘাত করিল। বিক্রমপুররাজ অধীনতা-জ্ঞাপক
শৃদ্ধল পদদলিত কবিয়া সমরস্চক অসি গ্রহণ কবিলেন।
তাঁহার আদেশে পত্রনবীশ, বৈভবংশীয় পণ্ডিত বিশ্বনাথ সেন
মানসিংহের পত্রের এইরূপ উত্তব লিখিয়া দিলেনঃ—

ভিনন্তি নিত্যং করিরাজবু স্তং, বিভর্ত্তি বেগং পবনাতিবেকং। করোতি বাসং গিবিবাজশৃঙ্গে, তথাপি সিংহঃ পশুরেব নাসুঃ॥ পিত্র পড়িয়া মানসিংহ অপমানের জ্বালায় অধীর হইলেন বটে, কিন্তু বাঙ্গালীর সাহসে বিস্মিত হইয়া গেলেন। তিনি তৎক্ষণাৎ অগণিত রণতরী সহ অবরুদ্ধ কিলম্যাকের সাহায্যার্থে শ্রীনগরে গমন করিলেন।

কেদার রায় ব্ঝিলেন, এই যুদ্ধের উপর তাঁহার ভবিশ্বৎ নির্ভর করিতেছে। হয়ত তিনি এই যুদ্ধের ফলে গৌরবের আলোকদীপ্ত শৈলশিখরে ক্ষীতবক্ষে দণ্ডায়মান হইবেন—না হয়, অধঃপতনের তিমিরময় রসাতলে প্রবেশ করিবেন—এই যুদ্ধে হয় তাঁহার উত্থান—না হয় চিরকালের মত পতন। কেদার এবার তাঁহার সমস্ত শক্তি প্রয়োগের জ্ব্যু স্থিরসংক্ষম করিলেন। আবার বিক্রমপুরে এক অভিনব চাঞ্চল্য উপস্থিত হইল। বিক্রমপুরবাসিগণ জননী জন্মভূমির স্বাধীনতা রক্ষার জ্ব্যু, তাহাদের নবলব্ধ বিজ্বয়গৌরব অমান রাখিবার জ্ব্যু, শেষরক্তবিন্দুপর্যাস্ত দান করিতে প্রস্তুত হইয়া রহিল। কেদার রায়, পাঁচশত রণতরী সহ জয় মা ছিয়মস্তা রবে আকাশ বিদীর্ণ করিয়া মানসিংহেব সন্মুখীন হইলেন)

প্রীনগরের নিকট বাঙ্গালী ও মোগলে ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল। কেদার রায়ের কামানশ্রেণী প্রলয়ঘনঘোরগর্জনে মোগলবাহিনীর উপর অগ্নিবর্ষণ করিতে লাগিল। ঘোরতর অগ্নিক্রীড়া চলিতে লাগিল। কেদারের অত্যন্তুত সাহস ও পরাক্রম দর্শনে মানসিংহ ভীত হইয়া পড়িলেন। বাঙ্গালী গোলনাজ, বন্দুকধারী ও তীরন্দাজগণ প্রমন্ত উৎসাহে যুদ্ধ

করিতে লাগিল। প্রথম দিনের যুদ্ধে মানসিংহ পশ্চাৎ হটিয়া গিয়া অবস্থান করিতে বাধ্য হইলেন। দিতীয় দিন, সুর্য্যোদয়েব সঙ্গে সঙ্গে আবার কামান গর্ভিক্সা উঠিল। মোগলসেনাগণ আবার প্রবলবেগে অগ্রসর হইতে লাগিল। কেদার ভীমবেগে তাহাদের গতিরোধ করিলেন। কামানের ধূমে চারিদিক অন্ধকার হইয়া গেল। সেই অন্ধকাবে বাঙ্গালী ও মোগল কামানের মুখে পরস্পব আত্মপরিচয় দিতে লাগিল। ভাহাদের উষ্ণরক্তধারায় বিলের কৃষ্ণজ্জলরাশি রক্তাভ হইয়া উঠিল। এইরূপে ক্রেমাগত নয়দিন ভীবণ যুদ্ধ চলিল। মানসিংহ শতচেষ্টা কবিয়াও কেদার রায়ের কিছুই না কবিতে পারিয়া, আভঙ্কে শিহরিয়া উঠিলেন। ভারতের নানা দেশ জ্বয় করিয়া, আজ কি তিনি বাংলায় আসিয়া পরাজিত হইবেন! সোগলের উচ্চ রাজপতাকা আজ কি বিক্রমপুবে লাঞ্ছিত হইবে!

কেদার রায়ের গুরুদেব গোসাঞি ভট্টাচার্য্য মহাশয়,
মানসিংহের সহিত যুদ্ধারস্তেব তৃতীয়দিনে, শিশ্যসকাশে আসিয়া
বলিয়াছিলেন, "বৎস, তুমি এ যুদ্ধ হইতে ক্ষান্ত হও। তোমার
কোন অমঙ্গল হইবে বলিয়া যেন বোধ হইতেছে।" কেদার
রায় বলিয়াছিলেন, "গুরুদেব, এখন এই যুদ্ধ হইতে প্রতিনির্ত্ত হইয়া মোগলের নিকট মস্তক নত করিতে হইলে, আমি
বোধ হয় লজ্জা ও অপমানে আত্মহত্যা করিব। যে-কোনও
দৈবামুষ্ঠানে আমাব মঙ্গল সাধিত হয়, আপনি অবিলম্বে তাহাই
কর্মন। যুদ্ধবিরতি অসম্ভব

অমুরোধে ভট্টাচার্য্য মহাশয় এক মৃন্ময়ী কালীমূর্ত্তি পূজার ব্যবস্থা করিলেন।,

গোসাঞি ভট্টাচার্য্য মহাশয় বীরাচারী তাম্বিক ছিলেন।
অভুক্ত অবস্থায় প্রায়ই তিনি কোন পূজাবন্দনাদি করিতেন না;
দিবসে অন্নব্যঞ্জন তাঁহার ইষ্টদেবীকে নিবেদন করিয়া, সেই
প্রসাদগ্রহণাস্তর রাত্রিতে পূজাদি করিতেন।

যুদ্ধের নবমদিন রাত্রিতে এই কালীপুদ্ধার অনুষ্ঠান হইবে বলিয়া নির্দ্দিষ্ট হওয়ায়, ভট্টাচার্য্য মহাশয় যথাসময়ে পূজাস্থানে উপস্থিত হইলেন। পূজা উপলক্ষে কেদার রায় সে রাত্রিতে যুকস্থান পরিত্যাগ করিয়া রাজধানীতে আসিয়াছিলেন এবং গুরুদেবের আগমন অপেক্ষায় পূজামগুপে উপস্থিত ছিলেন। গুরুদেব আহার করিয়া পূজা করিতে আসিয়াছেন দেখিয়া, কেদার রায় বিশ্মিত হইয়া স্থিরনেত্রে ক্ষণকাল ভাঁহাব মুখের দিকে চাহিয়া রহিলেন। পবক্ষণেই ভয়ানক বিরক্তি ও ক্রোধে তাঁহার সমস্ত চিত্ত জ্বলিয়া উঠিল। তিনি পূজাস্থান ত্যাগ করিয়া ক্রতপদে অন্তঃপুবে চলিয়া গেলেন। গুরুদেব, পূজা সাঙ্গ করিয়া, শিশ্যকে মায়ের আশীর্বাদ-নির্দ্ধাল্য গ্রাহণ করিবার জন্ম অন্তঃপুরে সংবাদ দিলেন। কেদার রায় আসিলেন না। শুরুদেব পুনরায় তাঁহাকে ভাকিয়া পাঠাইলেন; সেবারে কেদার রায় বলিয়া পাঠাইলেন যে, তিনি যুদ্ধশ্রমে নিতাস্ত কাতর আছেন বলিয়া আসিতে পারিবেন না, তাঁহার আশীর্কাদ-নিশ্মাল্য প্রতিমাসন্মুখস্থ ঘটেই যেন প্রদান করা হয়। গোসাঞিজী

শিষ্যের মনোগত ভাব বুঝিতে পারিয়া, পুনরায় তাঁহাকে অন্ত বিশেষপ্রয়োজনে দেখা কবিবার জন্ম ডাকিয়া পাঠাইলেন। এবার কেদার রায় পরমতাচ্ছিলাভরে পূজাস্থানে আসিয়া উপস্থিত হইলেন। কেদাব রায় আসিলে ভট্টাচার্য্য মহাশয় বলিলেন, "তোমার অমঙ্গল-আশকায় যুদ্ধ হইতে বিরত হইতে বলিয়াছিলাম—কিন্তু তাহা ভূমি শুনিলে না। তোমারই মঙ্গলোন্দেশে অচ্চিত দেবীর নির্মাল্য তুমি উপেক্ষা করিলে। তোমার পরিণাম নিতান্ত অশুভ। আমার প্রতি তোমার এরপ অঞ্জায় আমি মর্মান্তিক হঃবিত হইয়াছি। আমি ধনসম্পত্তি বা প্রতিপত্তিব লোভে তোমাব বাড়ীতে পূজা করিতে আসি নাই। আমি আসিয়াছি, শিয়োর প্রাণবক্ষাব জন্ম মায়ের করুণা ভিক্ষা করিতে। আজ এই মৃশ্ময়ী প্রতিমা আমার পূজায় প্রাণময়ী হইয়াছেন কিনা তাহার প্রমাণ দেখ"—বলিয়া পার্শস্থিত খড়গদারা প্রতিমার বক্ষঃস্থলে আঘাত কবিলেন। অমনি দরবিগলিতধাবায় ক্ষতস্থান হইতে শোণিতস্রাব হইতে লাগিল। ভয়ে, বিশ্ময়ে, কণ্টকিত হইযা কেদাব বায় গুরুদেবের চরণে পতিত হইতে যাইয়া দেখিলেন যে, গোসাঞিদ্ধী অন্তর্হিত হইয়াছেন। সেই বাত্রিতে বহু অনুসন্ধান করিয়াও আর ভাহাকে পাওয়া গেল না।

পরদিন প্রভাতের প্রথম স্ব্যক্রির ধরণীর বক্ষে পতিত হইলেই, আবার কামানের বজ্ঞগন্তীর ধ্বনিতে চারিদিক প্রতিধ্বনিত হইয়া উঠিল। আবার সুগন্তীব রণবাতে বাঙ্গালী

ও মোগলের শিরায় শিরায় রক্তবিন্দু নাচিয়া উঠিল। গতরাত্রির দৈব-তুর্ঘটনায় কেদারের মন নিস্তেজ হইয়া পড়িয়াছিল—তিনি আজ নিতান্ত নিক্রৎসাহে ও বিষশ্বমনে যুদ্ধে অবতীর্ণ হইলেন। কিছুক্ষণ যুদ্ধ হইবার পর, শ্রীপুরাধিপতির নৌবহর ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়িল। কেদার রায় আর স্থির থাকিতে পারিলেন না। তিনি সমস্ত মানসিক অবসাদ দূরে ছুড়িয়া ফেলিয়া, সিংহবিক্রমে মোগলবাহিনীকে আক্রমণ করিতে উগ্রভ হইলেন।) ভিনি জীবিত থাকিতে জন্মভূমিকে শত্রুকরে অর্পণ করিবেন না— দেশরকার জন্ম তিনি আজ প্রাণ পর্য্যস্ত বিসর্জন করিবেন —এই দৃঢ়সংকল্প লইয়া ভীমবেগে রণতরী চালনা করিতে লাগিলেন। জীবনের উপর, সংসারের উপর, আত্মীয়-স্বজন-স্ত্রী-পরিজনের উপর তাঁহার সমস্ত আসক্তি যেন মুহুর্ত্তে খসিয়া পড়িল,—কেবল সম্মুখে জ্বলিতে লাগিল, কলনাদি-নদীন্পুরশোভিতা, খ্যামলশস্তত্তবকমাল্যবিভূষিতা, অতীত-কীর্ত্তিমেখলাবিমণ্ডিতা, বাণিজ্যগৌরবকিরীটিনী, প্রাচুর্য্য-হাস্তোম্ভাসিতাননা দেশজননীর এক কল্যাণময়ী মূর্ত্তি। সেই মহৈশ্বর্যশালিনী মাতৃমূর্ত্তির সাধক কেদার, আজ তাঁহারই পাদপীঠে নিজের হৃৎপিণ্ড ছি'ড়িয়া শেষ-অর্ঘ্য নিবেদন করিবার জন্ত সমরসমুদ্রে ঝাঁপাইয়া পড়িলেন। পরমবন্ধু কার্ভালো তাঁহাকে ছাড়িয়া গিয়াছে, চিরমঙ্গলাকাজ্ফী গুরুদেব বিমুখ হইয়াছেন,—তবু দেহে ক্ষীণ প্রাণস্পন্দন থাকিতে কেদার মোগলের দাস্থ স্থীকার করিবেন না। এক স্থানীয় স্থ্রে তাঁহার হৃদয়ভন্তী বাজিয়া উঠিল, এক অনির্বচনীয় আবেগে তাঁহার চিস্তাজর্জন দেহে শতমন্তহস্তীর বল আসিল,—কেদার কেবল সংহার-মন্ত্র জ্বপিতে জ্বপিতে মোগলবাহিনীকে আক্রমণ করিলেন। কেদারের প্রবল উৎসাহে তাঁহাব সৈক্সগণেব দেহে আবার নববলের সঞ্চাব হইল; আবার বিক্ষিপ্ত রণবহর দৃঢ় হইল; আবার বাঙ্গালী সৈত্যগণ 'জ্বম মা ছিয়মস্তা' ববে দিগস্ত কাঁপাইয়া সম্মুখে অগ্রসর হইল , আবার বাঙ্গালী গোলন্দাজনগণের শত শত কামান একযোগে গর্জিয়া উঠিয়া প্রলয়লীলার স্কুচনা করিল।

মানসিংহের বুকের রক্ত জল হইয়া গেল। তিনি দারুণ উৎকণ্ঠায় ব্যাকুলচিত্তে ভাবিতে লাগিলেন—আজ তাঁহার বীরত্বাভিমান বাঙ্গালীর হাতে চূর্ণ হইয়া গেল। তিনি প্রাণপণ চেষ্টা করিয়াও সেই ক্ষিপ্ত আক্রমণ প্রভিরোধ করিতে পারিলেন না। (দৃঢ়সংবদ্ধ মোগলরণবহর ক্রমে ক্রমে বিচ্ছিন্ন হইতে আরম্ভ করিল।) ক্রমে ক্রমে, ছই-একখানি করিয়া বণতরী জলমগ্ন হইতে লাগিল। আর সম্মুখে অগ্রসর হইবার নিক্ষল চেষ্টা না করিয়া, মানসিংহ ক্রমাগত পশ্চাতে হটিয়া যাইতে লাগিলেন। আর জয়ের কোন আশাই নাই দেখিয়া, তিনি পলায়ন করিবাব উপায় স্থির করিতেছেন—এমন সময় মোগলসৈত্যের উচ্চ জয়োল্লাসধ্বনি তাঁহার কর্ণে প্রবেশ করিল। উদ্গ্রীব মানসিংহ তৎক্ষণাৎ সংবাদ লইয়া জানিলেন—মোগলপক্ষের এক জ্বলম্ভ

গোলা কেদার রায়ের বক্ষঃস্থলে পতিত হওয়ায় তিনি মূর্চ্ছিত হইয়া পড়িয়াছেন। কেদার রায়ের পতনসংবাদ পাইবামাত্র, তাঁহার সৈত্যগণ হঠাৎ ভীত হইয়া ক্ষণকালের জত্য যুদ্ধ বদ্ধ করিল। মানসিংহ দেখিলেন, কেদাবের রণতরীসমূহ আর অগ্রসর হইতেছে না; এই মহামুযোগে মানসিংহ ক্রতবেগে অগ্রসর হইতে লাগিলেন। তাঁহার আদেশে মোগলসৈত্যগণ দীন্ দীন্' রবে বাঙ্গালী-রণবহর আক্রমণ করিল। ভয়চকিত, নিরাশাব্যথিত হিন্দুসৈত্যগণ সে আক্রমণ সহ্য করিতে না পারিয়া, উদ্দেশ্যবিহীনভাবে রণতরী চালনা করিয়া পলায়ন করিতে লাগিল। কেদারের সহকারী সেনানায়কগণ বহুচেষ্টা করিয়াও আর তাহাদিগকে ফিরাইতে পারিল না। মানসিংহ যুদ্ধে জয়লাভ করিলেন।

মোগলসৈত্যগণ, রক্তাক্তদেহ, সংজ্ঞাহীন কেদার রায়কে বহন করিয়া মানসিংহের সম্মুখে লইয়া গেল। মূর্চ্ছান্বিত দেহে তথনও ক্ষীণ জ্বীবনস্রোত বহিতেছিল। ধুসর আকাশের মত জ্যোতিহীন চক্ষুত্'টি, ত্'একবার, লক্ষ্যহীনভাবে এদিকে ওদিকে তাকাইতেছিল;—হয়ত বা সংসার হইতে চিরবিদায়ের পূর্বক্ষণে, মৃত্যুর ঘনায়মান অন্ধকারের মধ্যে, পরপারের অবগুঠিত রহস্তের সাম্নে, তাঁহার আজ্বীবন সাধনার সকলতার বিন্দুমাত্র ইঙ্গিত, তাঁহার আশ্বীবন সাধনার সকলতার বিন্দুমাত্র ইঙ্গিত, তাঁহার আশেশব-মনোহারিণী, ঘর-ছাড়ানো, পাগল-করা বাঁশীর স্থরদাত্রী বিক্রমপুরের সেই স্বাধীনমূর্ত্তির ছায়ামাত্র, তাঁহার পতঙ্গের মত আগুনে ঝাঁপ দিয়া পুড়িয়া মরিবার সার্থকতার অস্পষ্ট আভাস,

আৰু এক্সমের মত একবার দেখিয়া যাইবাব জন্ম ব্যাকুলভাবে চারিদিকে চাহিতেছিলেন। দেখিতে দেখিতে তাঁহার চক্ষৃতারকা স্থির হইয়া গেল। সেই বাঙ্গালীজাতিব গৌবব, পূর্ববঙ্গের গৌরব, মুক্তি-মন্ত্রের একনিষ্ঠ সাধক চিরদিনের মত চক্ষু মুদ্রিত করিলেন।

কেদারের মৃত্যুর পর, তাঁহার তেজবিনী পত্নী, মন্ত্রী রঘুনন্দন চৌধুরী, রামরাজা সদ্দার, কালিদাস ঢালী, ফ্রান্সিস্ প্রভৃতি সেনাপতিগণের সাহায্যে কিছুদিনের জন্ম মানসিংহেব বশুতা স্বীকাব কবিলেন না; অবশেষে মোগলের হস্ত হইতে বিক্রমপুর রক্ষা অসম্ভব মনে কবিয়া আত্মসমর্পণ করিলেন। মানসিংহ বিক্রমপুর অধিকাব করিলেন। তিনি কেদাব-পত্নীর বীরহে মৃগ্র হইয়া বার্ষিক করগ্রহণে তাঁহারই উপব বিক্রমপুরের শাসনভার অর্পণ করিলেন। শ্রীনগরের ভীষণ যুদ্ধের স্মৃতিবক্ষার্থ মানসিংহ উহার নাম পরিবর্ত্তন কবিয়া নৃতন নাম বাথিলেন—কতেজঙ্গপুর। মানসিংহ, কেদার রায়ের প্রতিষ্ঠিত শিলাদেবীকে অম্বরে লইয়া যান। রত্ত্রগর্ভ সার্বভিত্তি শিলাদেবীকে অম্বরে লইয়া যান। রত্ত্রগর্ভ সার্বভিত্তিম নামক যে শাস্ত্রজ্ঞ বাঙ্গালী ব্রাহ্মণকে দেবীর পূজারি রূপে মানসিংহ তাঁহার রাজধানীতে লইয়া যান—আজও তাঁহার বংশধরগণ জয়পুরে বাস করিতেছে।

## রাজা মুকুন্দ রায়

বিভিন্ন শতাব্দীব শেষভাগে, সরকার ফতেয়াবাদের অন্তর্গত ভূষ্ণা নামক স্থানে মুকুল রায় রাজ্য করিতেন। বঙ্গীয় ভৌমিকগণের তিনি অন্ততম ছিলের।) খরস্রোতা মধুমতীর পূর্বতীরে ভূষ্ণা অবস্থিত ছিল। ফতেয়াবাদের কতকাংশ বর্ত্তমানে ফরিদপুর জেলার অন্তর্গত হইয়ছে। মুকুল্দ রায়ের বংশপরিচয় বিশেষ কিছুই পাওয়া যায় না। কখন, কিরূপে, তাঁহার পূর্ব্বপুরুষগণ ভূষ্ণায় আসিয়া বাস করিতেছিলেন, ভাহার কোন বিস্তৃত ইতিহাস নাই। কোন কোন ঐতিহাসিক বলেন যে, বিক্রমপুরের ও ভূষ্ণার রাজ্বংশ একই বংশ।

(মুকুন্দ রায় প্রথমে সামান্য একজন জমীদারমাত্র ছিলেন। ক্রেমে তিনি বৃদ্ধিপ্রভাবে ও বাহুবলে ছাদশভৌমিকের অক্সভম বলিয়া পরিগণিত হন।)

(১৫৭৪ খৃষ্টাব্দে, দায়ুদের পলায়নের পর, মোগলস্থাদার মুনিম খাঁ, মোরাদ খাঁ নামক এক কর্মচারীকে ফভেয়াবাদ ও বাক্লার শাসনকর্তা করিয়া প্রেরণ করেন। মুকুন্দ তখন প্রবলপরাক্রমশালী জমীদার। কিছু সময়ের জন্ম তিনি মোরাদ খাঁর বশুতা স্বীকার করিলেন; পরে, সুযোগ পাইয়া বিদ্রোহী হইয়া যুদ্ধে মোরাদ খাঁকে পরাজিত ও নিহত করিলেন।

মোরাদ খাঁর মৃত্যুর অব্যবহিত পরেই:উড়িয়ার পাঠান-দলপতি কতুলু খাঁ ফতেয়াবাদ আক্রমণ করিলেন। মুকুন্দ, মোরাদ খাঁকে পরাজিত করিয়াছিলেন বটে, কিন্তু একপ শক্তিসঞ্চয় করেন নাই যে, নির্ভয়ে পাঠাননেতার সম্মুখীন হইবেন। তখনও ফতেয়াবাদের উপর তাঁহার আধিপত্য দৃঢরূপে প্রতিষ্ঠিত হয় নাই। মৃত মোরাদের পুত্রুগণ ও তাঁহার সৈক্তসমূহ তখনও নানাস্থানে অবস্থান করিয়া দেশবাসীদের নিকট নানারূপ সাহায্য ও সহামুভূতি পাইতেছে। এই মহাসঙ্কটে, মুকুন্দ রায়, মোরাদের পুত্রগণের সহিত সখ্য স্থাপন করিলেন ও তাঁহাদের সম্মিলিত শক্তি দেশের সাধারণ শক্রুর বিরুদ্ধে প্রয়োগ করিবার জন্ম দণ্ডায়মান হইলেন। ইতিমধ্যে মোগলসেনাপতি মুজাফর, কতুলু খাঁকে দমন করিবার জন্ম বহু সৈন্মসহ উপস্থিত হইলেন। এই উভয়শক্তির সম্মুখীন হইতে সাহস না করিয়া, কতুলু খাঁ আবার উড়িয়ায় ফিরিয়া গেলেন।

্মুকুন্দ মোগলের পক্ষাবলম্বন করিয়। পাঠানদের সহিত যুদ্ধ
করিতে উন্তত হইয়াছিলেন শুনিয়া, বাংলাব তদানীস্তন স্থবাদার
তোডরমল্ল অত্যস্ত সন্তুষ্ট হইলেন এবং কতেয়াবাদে অস্তা কোন
শাসনকর্তা নিযুক্ত না করিয়া, মুকুন্দ রায়কেই তাহার শাসনভার
প্রদান করিলেন। এই উপলক্ষে তোডরমল্ল তাহাকে রাজা
উপাধিতে ভূষিত করিলেন), রাজা মুকুন্দ রায়, মৃত মোরাদ খার
পুত্রগণের ভবণপোষণের জন্ত উপযুক্ত ভূ-সম্পত্তি দান করিয়া
তাহাদের সংসার্যাত্রা নির্বাহের পথ স্থগম করিয়া দিলেন।

মানসিংহের স্থবাদারীর সময়, যখন তিনি প্রথমবার সমাটের সহিত সাক্ষাৎ করিবার জগ্য আগ্রায় গমন করেন, তখন তাঁহার (অমুপস্থিতিতে আসফ খাঁর উপর বঙ্গ-বিহারের শাসনভার অপিত হয়। বাংলার শাসনভার পাইয়া, আসফ খাঁ, মুকুন্দ রায়কে পদচ্যুত করিলেন। े তিনি ফতেয়াবাদের জ্ব্য এক নৃতন শাসনকর্তা নিযুক্ত করিয়া, মুকুন্দ বায়ের হস্ত হইতে কার্য্যভার গ্রহণ করিবার জন্ম তাহাকে ফতেয়াবাদে পাঠাইলেন। ্মুকুন্দ, এইরূপ মর্মান্তিক অপমানে নিপীড়িত হইয়া, মোগলের বিরুদ্ধে দৃঢ়রূপে দাঁড়াইবার জন্ম স্থিবসংকল্প করিলেন।) মুকুন্দ রায় সিদ্ধান্ত করিলেন, তিনি প্রাণ দিবেন, ভবুও নবনিযুক্ত শাসনকর্তার হক্তে ফতেয়াবাদ অর্পণ করিবেন না। তাঁহার অন্তর্নিহিত ক্ষাত্রশক্তি ও স্বাধীনতাস্পৃহা একেবারে ভীষণমূর্ত্তিতে জাগিয়া উঠিল। / মুসলমান শাসনকর্ত্তা ভূব্ণায় পৌছিলে, তিনি তাহাকে প্রবলবেগে আক্রমণ করিলেন ও অবশেষে ভাহাকে পরাজিভ করিয়া বিতাডিভ করিয়া দিলেন 🖟

্এই সংবাদ বাংলার তৎকালীন শাসনকর্ত্তার নিকট পৌছিলে, তিনি মুকুন্দ রারকে উপযুক্ত শিক্ষা দিবার জন্ম বহু বাদশাহী- সৈন্মসহ অগ্রসর হইলেন । মুকুন্দ ব্ঝিলেন—এইবার তাঁহার শেষ পরীক্ষা। মোগলের অধীনতা স্বীকার করিতে মুকুন্দেব মনে দারুণ ঘূণার উদয় হইল। তাঁহার স্বাধীনতাকামী হৃদয় নিশ্চিত মৃত্যু বরণ করিয়া লইতে প্রস্তুত হইল। তুচ্ছ প্রাণরক্ষার বিনিময়ে অধীনতাশৃত্বল গলায় পরিতে তাঁহার স্বাস

ৰুদ্ধ হইয়া আসিতে লাগিল। তিনি যথাশকৈ সৈন্যসংগ্ৰহ করিয়া মোগলসেনাপতির আগমন প্রতিরোধ করিলেন। মুকুন্দ রায় ভীমপরাক্রমে যুদ্ধ করিলেন। তাঁহাব বিক্রমে মোগলসেনাপতি শক্ষিত হইয়া পড়িলেন। কিন্তু বিরাট মোগলবাহিনীর সহিত যুদ্ধে মুকুন্দ রায়ের মৃষ্টিমেয় সৈন্য আর কভক্ষণ টিকিতে পারে ? প্রাণপণ যুদ্ধ করিয়া, একে একে তাহারা যুদ্ধক্ষেত্রে বীরোচিত শয্যা গ্রহণ করিতে লাগিল। যুদ্ধ করিতে করিতে মুকুন্দ রায় সমবক্ষেত্রে চিরনিদ্রায় অভিভূত হইলেন। মুকুনদ বায় মবিলেন—কিন্ত **ভাহার নাম,** ভাঁহার বীরকীর্ত্তি মরিল না। বাংলার একপ্রান্তে সামান্ত একজন জমীদার, মোগলসআটেব বিরুদ্ধাচরণ কবিয়া, তাঁহাব অগণিত সৈয়েব সহিত ভীষণ যুদ্ধ করিয়া যে প্রাণত্যাগ করিল—এই সাহস, বীরত্ব, ত্যাগ ও অদেশভক্তির কাহিনী বাংলার ইভিহাসে চিরকাল অমর হুইয়া রহিল।

## মহারাজ প্রতাপাদিত্য

যশোর নগর ধাম, প্রতাপ আদিত্য নাম,

মহাবাজ বঙ্গজ কায়ন্ত।

নাহি মানে পাতসায়, কেছ নাহি আঁটে তায়.

ভয়ে যত ভূপতি ধারস্থ॥

বরপুত্র ভবানীর.

প্রিয়তম প্রথিবীর.

বায়ার হাজার যার ঢালী।

ষোড়শ হলকা হাতী,

অযুত তুবক সাধী,

যদ্ধকালে সেনাপতি কালী॥

—ভাৰতচন্দ্ৰ

সার্দ্ধতিনশতবৎসর পূর্বের, যে বীরপুরুষ বাঙ্গালীর ইতিহাসের শৈলশিখনে একবারমাত্র দীপ্ত আভায় উদিত হইয়া, আবার ঘনমেঘে অবলুপ্ত হইয়া গিয়াছিলেন, এই কয়েক শতাব্দীর পুঞ্জীভূত অন্ধকার ভেদ করিয়া তাঁহার সেদিনের অপর্য্যাপ্ত আলোকের কয়েকটি ক্ষীণরশ্মি আব্রুও মাঝে মাঝে আমাদের মানমুখের উপর পড়িয়া বিগত দিনের এক অপরূপ স্বপ্ন বচনা করে। তাঁহার দেশভক্তি, তাঁহার স্বাধীনতার আদর্শ, তাঁহার প্রাণবলিদানের চিরম্মরণীয় কাহিনী, বাঙ্গালীর কাব্যে, সঙ্গীতে কীর্দ্তিত হইয়া আজও তাহার শিথিল-তন্ত্রী চিত্তবীণায় ভৈরবী-মিশ্রিত এক উদ্দাম দীপক-রাগিণীর ঝন্ধার সৃষ্টি করে।

প্রভাপাদিভ্যের বিশাল রাজ্য কবে কোন্ বিশ্বত দিবসে ভাঙ্গিয়া পড়িয়াছে ; ওাঁহার বড় সাধেব রাজধানী ধুমঘাটের অবস্থান-পর্যাম্ভও আজ নির্দেশ করিতে হইলে গলদ্বর্দ্ম হইতে হয়; মোগলের সহিত তাঁহাব যুদ্ধবিগ্রহেব কাহিনী আজ ঐতিহাসিক ও প্রতাত্তিকগণের গবেষণার বিষয়;—তবুও বাঙ্গালীর হৃদয়ে সে রাজ্যের বিপুল ঐশ্বর্য্যের ছবি আজপর্য্যস্ত জ্বল্জ্বল্ করিতেছে। সেই বঙ্গবীরের গঠনশক্তি, তাঁহার স্বাধীনতাসমরের দীর্ঘ্বাসতপ্ত কাহিনী, তাঁহার ব্যক্তিগত স্থলন-পতন-ক্রটি আজও বাঙ্গালীর দ্বাতীয় ইতিহাসকপে সর্বত্র ভাবাক্রান্তস্তুদয়ে আলোচিত হইতেছে। প্রতাপ নাই-ক্রি তাঁহার কীর্ত্তি-গোরবের বিলীয়মান স্থ্বাসে এখন বাঙ্গালীর মর্ম্মকানন আমোদিত; এখনও বাঙ্গালী তিনশতান্দীর কৃষ্ণযবনিকাৰ অন্তবালে উদিত, আলোকমণ্ডলমধ্যবন্তী, মহিমামণ্ডিত এই বঙ্গবীরের অচঞ্চল মূর্ত্তির দিকে একবার বক্র গ্রীবায় তাকাইয়া গর্বে ও আনন্দে নিজেকে ধন্য মনে করে।

্ আদিশ্রের আনীত, কায়স্কুলভিলক বিরাট গুহেব বংশে, ১৫৬১ খৃষ্টাব্দে, সপ্তগ্রামে, মহাবাজ প্রতাপাদিত্যের জন্ম হয়। প্রভাপের প্রপিতামহ বামচল্র পূর্ববঙ্গ হইতে আসিয়া বাংলাৰ তদানীস্তন স্প্রসিদ্ধ বন্দব সপ্তগ্রামে বাস করিতে আরম্ভ করেন।) পরে তিনি সপ্তগ্রামেব কাননগো-দপ্তরে একটি কার্য্যে নিযুক্ত হন। (রামচন্দ্রেব তিন পুত্র—ভবানন্দ, গুণানন্দ ও শিবানন্দ। ক্রমে ইহারাও কাননগো-দপ্তরে কার্য্যে নিযুক্ত হন। ভবানন্দ

এবং গুণানন্দ—উভয়েরই এক একটি পুত্র জন্মগ্রহণ করে। ভিবানন্দের পুত্রের নাম গ্রীহরি) (এবং গুণানন্দের পুত্রের নাম জানকীবল্লভ। 🖟 এই শ্রীহরিই প্রতাপাদিত্যের পিতা 🥠 কিছুকাল সপ্তগ্রামে বাস করিবার পর, এই পরিবারের সহিত কাননগো-দপ্তরের সেরেস্তাদারের বিশেষ মনোমালিক্য হয়। এই মনো-মালিন্সের ফলে, ঐ দপ্তরে কার্য্য করা অসম্ভব মনে করিয়া, ভবানন্দ হুই ভ্রাতা, পুত্র ও শিশুপৌত্র প্রতাপের সহিত, ১৫৬৪ খুষ্টাব্দে, বঙ্গের তদানীস্তন রাজধানী গৌড়নগরে চলিয়া আসেন। সোলেমান করবাণী তখন বাংলার মস্নদে। সোলেমান নবাগত ভ্রাতৃত্রয়কে নবাবসরকারে কার্য্য দেন এবং ক্রমে বৃদ্ধিপ্রভাবে, দক্ষতায় ও নবাবের অনুগ্রহে, তাঁহারা গৌডে বিশেষ সন্ত্রান্ত ব্যক্তি বলিয়া পরিগণিত হন। সেই সময় ত্রীহরি ও জানকীবল্লভের সহিত যুবরাজ দাযুদের প্রগাঢ় বন্ধুত্ব জ্বয়ে। সোলেমানের মৃত্যুর পর, দাযুদ বঙ্গের সিংহাসনে আরোহণ করিলে, তাঁহার পরমবন্ধু ও প্রিয়পাত্র জীহরি ও জানকীবল্লভ নবাবদরবারে বিশেব প্রতিপত্তিশালী হইয়া উঠেন। দাযুদ তখন শ্রীহবিকে 'মহারাজ বিক্রমাদিত্য' ও জানকীবল্লভকে 'রাজা বসস্ত রায়' উপাধিতে ভূষিত করেন।

কিছুকাল গত হইলে, গ্রীহরি অনুসন্ধানে জানিলেন যে, চাঁদখা মস্নদ আলী নামক যে ব্যক্তি স্থন্দরবনের নিকট যশোব প্রভৃতি স্থান জায়গীর ভোগ করিত, তাহার নিঃসম্ভান অবস্থায় মৃত্যু হওয়ায়, কেই জায়গীর খালি আছে। এই সংবাদ পাইবা- মাত্র তাঁহারা দাযুদের নিকট ঐ জায়গীর প্রার্থনা করেন। দাযুদ বন্ধুদের অনুরোধ উপেক্ষা কবিতে না পারিয়া বিক্রমাদিত্য ও বসস্ত রায়কে উক্ত রাজ্যের জায়গীব প্রদান করেন। / ঐ জায়গীরের মধ্যে অতি প্রাচীনকাল হইতে দেবীর পীঠস্থানে যশোরেশ্বরীর মন্দির বর্ত্তমান ছিল। তাঁহারা এই পুণ্যস্থানে বাস করিতে অভিলাষী হইয়া ঐ স্থানেব নিবিড় জঙ্গল কাটান এবং উহাকে এক সুদৃশ্য নগরে পরিণত করেন।

দায়দ গৌডের সিংহাসন লাভ করিয়া!দেখিলেন যে, রাজ-কোষ প্রচুর অর্থে পূর্ণ ও তাঁহার এক লক্ষ চল্লিশ হাজার পদাতিক, চল্লিশ হাজার অখারোহী, সাড়ে তিন হাজার হস্তী, বিশ হাজাব কামান ও কয়েক শত রণতরী আছে। এই বিপুল অর্থবল ও সেনাবল দেখিয়া দাযুদ মোগলদিগকে একেবারে ভারতবর্ষ হইতে বিতাডিত করিবার জন্য বন্ধপরিকর হইলেন। 'মোগলের সহিত দাযুদের প্রবল সংঘর্ষ উপস্থিত হইল। কয়েকটি যুদ্ধের পর, মোগলসেনাপতি মুনিম খাঁ দায়ুদকে পাটনা-ছর্গে অবরোধ করিলেন। তুর্গ রক্ষা অসম্ভব মনে কবিয়া, দায়ুদ ১৫৭৪ খুষ্টাব্দে, রাত্রিকালে, নৌকাযোগে পলায়ন কবিলেন এবং বিক্রমাদিত্যকে দায়ুদের সমস্ত ধনরত্ব লইয়া কোন নিভৃত স্থানে যাইতে আদেশ করিলেন। বিক্রমাদিত্য দায়ুদেব বছ ধনবত্ন লইয়া যশোর-রাজ্যে উপস্থিত হইলেন। কিন্তু সেই ধনবত্ন আর দায়ুদকে প্রত্যর্পণ করিবার স্থযোগ হয় নাই।

দায়ুদের পতনের পর, বঙ্গদেশ মোগলসাম্রাজ্যেব অন্তর্ভুক্ত

হইলে, বিক্রমাদিত্য ও বসস্ত রায় কিছুদিন ভয়ে ছন্মবেশে ভ্রমণ করিতে থাকেন। পরে, ভোডরমল্ল তাঁহাদিগকে অভয় দিলে, তাঁহারা তোডরমল্লেব সহিত দেখা করেন এবং তাঁহার আদেশমত স্বার কাগজপত্র সমস্ত তাঁহাকে বুঝাইয়া দেন।) বিশৃন্ধল অবস্থার মধ্যে অপ্রত্যাশিতভাবে রাজ্যের রাজস্ব-সম্বন্ধীয় কাগজ-পত্রাদি অক্ষত অবস্থার পাইয়া, (তোডরমল্ল বিক্রমাদিত্য ও বসস্ত রায়ের প্রতি সম্ভই হইয়া, তাঁহাদিগকে পুরস্কৃত কবিতে ইচ্ছা প্রকাশ করেন। ভাতৃত্বয় তখন যশোররাজ্যের ভৌমিকত্ব প্রার্থনা করেন। তোডরমল্ল তাঁহাদের প্রার্থনা পূর্ণ করেন এবং তাঁহাদিগকে যশোররাজ্যের ভূঞা নিযুক্ত করিয়া বাদশাহেব স্বাক্ষরিত ফর্মান প্রদান করেন।

বিক্রমাদিত্য ও বসস্ত রায় যশোরে আসিয়া নবপ্রতিষ্ঠিত রাজ্য ও রাজধানীর উন্নতিসাধনে মনোনিবেশ কবিলেন। দায়দের অপর্য্যাপ্ত ধনরত্বে শীস্ত্রই যশোর সমৃদ্ধিশালী হইয়া উঠিল। এই সময়ে ধনে-জনে ও ঐশর্য্যে যশোর গৌড়নগর অপেক্ষা অধিক উন্নত হওয়ায়, গৌড়ের যশ হরণকারী বলিয়ালোকে উহাকে যশোহর নামে অভিহিত কবিতে থাকে। সমাজহীন অবস্থায় বাস করা অসম্ভব মনে কবিষা, বসস্ত রায চক্রত্বীপ ও পূর্ববঙ্গের অস্থাস্থ স্থান হইতে বহু সন্ত্রাস্ত তার্মণ, কায়স্থ ও বৈগুদিগকে আনাইয়া উপযুক্ত ভূসম্পত্তি দানে ভাহাদিগকে স্বরাজ্যে প্রতিষ্ঠিত করিলেন।

গৌড়নগরে অবস্থানকালে, প্রভাপ, প্রচলিত প্রথা অমুসারে,

আরবী ও পার্শী ভাষা শিক্ষা করিয়াছিলেন ৷ নানারূপ গোল-যোগে বিক্রমাদিত্য এতদিন পুত্রের শিক্ষার প্রতি মনোযোগ দিতে পারেন নাই,—যশোহরে আসিয়া তিনি প্রতাপের শিক্ষার বন্দোবস্ত করিয়া দিলেন। প্রতাপ এখন কৈশোব অভিক্রম করিয়াছেন,—ভাঁহার স্লিগ্ধ-শ্রামল চিত্তকুঞ্জে যৌবনেব প্রথম দক্ষিণ সমীরণ বহিতে আবস্ত কবিয়াছে। ভিরুণ যৌবনেব আতপ্ত স্পর্শে, স্থান্য সুপ্ত আশা-আকাজ্ঞা-আদর্শগুলি চকু মেলিতে আরম্ভ করিয়াছে; এক অদৃশ্য শক্তির আবেশে দেহের শিবা-উপশিরায় এক নববলেব অমুভূতি জাগিয়াছে। ;প্রতাপ আর কিছুতেই পাঠ্যপুস্তকে মনোনিবেশ করিতে পারিলেন না।, সকলের দৃষ্টি-আকর্ষণকারী, কোন বীরত্বপূর্ণ কার্য্যের মধ্যে, ভরুণ যৌবন ভাহার সার্থকতা খুঁজিয়া ফিরিতে লাগিল। বিক্রমাদিত্য বহুচেষ্টা কবিলেন, কিন্তু কিছুতেই পুত্রেব প্রাণে পাঠামুরাগ জনাইতে পারিলেন না। শাস্ত্র-বিছায় প্রতাপেব কোন আসজি না থাকিলেও শস্ত্র-বিস্তায় তাঁহাব অসাধাবণ অমুরাগ দেখা গেল। শরনিক্ষেপ, অসিচালনা, বন্দুক-ব্যবহাব, অশ্বারোহণ প্রভৃতি শিক্ষায় তিনি দিবারাত্র মাতিযা বহিলেন। অস্ত্রবিভায় তাঁহার এক অপূর্ব্ব প্রতিভা লক্ষিত হইল। ক্রমে বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে, তাঁহার দেহ-মন প্রচণ্ডতেজে দীপ্ত হইয়া উঠিল। বিসাধারণ শাবীরিক বলের সহিত যুদ্ধস্পৃহা, বীবছাভিমান মিলিত হইল। তিনি বন্ধুবান্ধবের সহিত স্থলবেনের নিবিড় অভ্যন্তবে প্রবেশ করিয়া প্রায়ই ব্যাস্থ্য, বন্মশৃকর প্রভৃতি হিংস্রজন্তুশিকারে মত্ত

হইয়া থাকিতে লাগিলেন। স্থুন্দরবনের শ্বাপদকুল তাঁহার বাছবীর্য্যে প্রাণভয়ে সন্ত্রস্ত হইয়া উঠিল।

একদিন একটি পক্ষী আকাশের অতি উচ্চস্থান দিয়া উড়িয়া যাইতেছিল। প্রতাপ তাঁহার লক্ষার স্থিরতা পরীক্ষা করিবার জয় উহার প্রতি তীক্ষ তার নিক্ষেপ করেন। বাণাহত পক্ষী যম্ভণায় ছটুফটু করিতে করিতে বিক্রমাদিতোর পদতলে পতিত হুইল। নিরীহু পক্ষীর এই প্রকার হুতাায় বিক্রমাদিতোর কোমল প্রাণে দারুণ আঘাত লাগিল। পুত্রের এই প্রকার নিষ্ঠুরতায় ব্যথিত হইয়া, তিনি প্রতাপের প্রতি একটা বিভৃষ্ণার ভাব পোষণ করিতে লাগিলেন। ক্রমে, প্রতাপের অমাসুষিক নির্ভীকতা, প্রদীপ্ত তেজস্বিতা, অসাধারণ শারীরিকশক্তি ও প্রাণহীন নিষ্ঠুরভায় বিক্রমাদিভ্যের মনে একটা আশঙ্কার কৃষ্ণ-মেঘ খনাইয়া আসিতে লাগিল। প্রতাপের কোষ্ঠী গণনা করিয়া এক জ্যোতিষী বলিয়াছিল যে, প্রতাপ ভবিশ্বতে পিতৃঘাতী হুইবে। বর্ত্তমান মনোবৃত্তিই হয়ত ভবিষ্যতে তাঁহাকে এই মহাপাপে লিপ্ত করিতে পারে, এই মনে কবিয়া বিক্রমাদিতা শিহরিয়া উঠিলেন। বিক্রমাদিত্য বহু বিবেচনার পর স্থির করিলেন যে, প্রতাপের বিবাহ দিবেন 🛊 নবীন যৌবনে নারী-প্রেমের কোমল স্পর্শ পাইলে হয়ত তাঁহার উদাম প্রকৃতি শাস্ত ও সংহত হইতে পারে, হয়ত যৌবনের প্রথরতা গলিয়া গিয়া বিলাস ও আরামের দিকেই তাঁহার সমস্ত দেহ-মন ঝুঁকিয়া পড়িতে পারে—এই মনে করিয়া, বিক্রমাদিত্য মহাসমারোছে জিতামিত্র নাগের কক্সা শ্রীমতী শরৎকুমারীর সহিত প্রতাপের বিবাহ দিলেন। কৈন্তু সে অন্ত্র ব্যর্থ হইল। সে নাগপাশ প্রতাপকে বাঁধিতে পাবিল না। বিবাহে তাঁহার প্রকৃতিব ভীষণতা কিছুমাত্র কমিল না। তখন নিরুপায় হইয়া বিক্রমাদিত্য প্রতাপকে রাজধানী আগ্রা পাঠাইতে মনস্থ করিলেন। রাজ-ধানীতে বিভিন্নপ্রকারের বন্ত লোকেব সহিত আলাপ-পরিচয় ও মেলামেশা করিলে তাঁহার স্বভাব পরিবর্ত্তিত হুইতে পাবে. মোগলের বিপুল ঐশ্বর্য্য ও বিলাসিতার উত্তাল তরক হয়ত তাঁহার হৃদয়তটে আঘাত করিয়া, তাঁহার বদ্ধ-কঠোর মনোবৃত্তির উন্নত তটভূমি ধ্বংস করিয়া দিতে পাবে, এই মনে করিয়া তিনি প্রতাপকে আগ্রায় পাঠাইলেন। প্রতাপ কয়েকজন অন্তরঙ্গ বন্ধুর সহিত নৌকাযোগে যাত্রা করিলেন। পথে যাইতে যাইতে ভারতের অনেক কীর্ত্তিভূয়িষ্ঠা প্রাচীননগবীর ধ্বংসাবশেষ দেখিতে লাগিলেন। এক মহাশক্তিশালী হিন্দুজাতির শেষ পরিণাম-চিস্তার তাঁহার ত্ইচোখ অঞ্পূর্ণ হইযা উঠিল। ভাবিলেন—আজ হিন্দুর অতীতকীর্ত্তিমণ্ডিত এই হিন্দুস্থান মোগলের চরণতলে মাথা নত করিয়া পডিযা আছে। আর তুর্ভাগ্যলাঞ্চিত হিন্দু আমরা নিজের জন্মভূমিতে পরাধীন হইয়া মোগলকেই প্রভু বলিয়া মানিতেছি। ইহার কি কোন প্রতীকার নাই ? আজও বাংলার অধিকার লইয়া মোগলে-পাঠানে যুদ্ধ করিতেছে, আর আমবা সেই দেশবাসী হইয়া নিজেদের স্বতম্ত্র অস্তিত্ব ভূলিয়া, আজ এক বিজেতাকে, কাল অন্ত বিজেতাকে সমন্ত্রমে অভিবাদন করিয়া বেড়াইতেছি। ভাগ্যের কি নিষ্ঠ্র বিধান! বিশাগ্রায় পৌছিলে সম্রাট্-দরবারে প্রভাপ বিশেষ সম্মানের সহিত গৃহীত হইলেন।

<sup>া</sup> প্রতাপ যখন আগ্রায় অবস্থান করিতেছিলেন, তখনী মেবারের বাণা প্রতাপসিংহ, জন্মভূমিব স্বাধীনতার জন্ম, আকবরের সহিত সেই চিরম্মরণীয় যুদ্ধে লিপ্ত। প্রতাপাদিত্য, রাণা প্রতাপের অটল প্রতিজ্ঞা, অবিচলিত দৃঢতা, অমূত বীরত্ব ও অতুল্য দেশ-প্রেমের দৃষ্টান্তে মুগ্ধ হইয়া গেলেন। প্রভাপাদিত্য শুনিলেন যে, বাজ্যভ্রষ্ট রাণা প্রভাপ, বনে বনে পর্বতে পর্বতে, ক্রীপুজ লইয়া পলায়ন করিয়া বেড়াইতেছেন, তবুও মোগলের দাসত্ব স্বীকার করিতেছেন না.—তাঁহার মাথার উপর মোগল গুপ্ত-ঘাতকের খড়া উন্তত হইয়া রহিয়াছে, পুত্রকত্যা ক্ষুধার জালায তাঁহার চারিদিকে আর্ত্তনাদ করিতেছে, কাল কি খাইবেন, কোথায় মাথা রাখিবেন, তাহাব স্থিরতা নাই,—ভবুও তাঁহাব জক্ষেপ নাই,—ভিনি প্রাণ বিসর্জন দিবেন, তবুও স্বাধীনতা বিসর্জ্জন দিতে প্রস্তুত নন। প্রতাপসিংহের প্রতি শ্রদ্ধায় প্রতাপাদিত্যের মন কানায় কানায় পূর্ণ হইয়া গেল। তিনি রাণা প্রতাপের উদ্দেশ্যে প্রণাম করিয়া বলিলেন, "হে স্বাধীনতার জন্ম সর্বত্যাগী সন্ন্যাসি, হে মহান্ দেশপ্রেমিক, আমি নাটিতে লুটাইয়া পড়িয়া তোমাকে বাব বার প্রণাম কবিতেছি,—কোন দেশে, কোন যুগে, তোমার মত স্বাধীনতার উপাসক জ্বিয়াছে কিনা জ্বানি না। আজু ভোমার মত সাধকের নিকট হইতে

স্বাধীনভামন্ত্রের দীক্ষা গ্রহণ করিলাম। আশীর্কাদ ক'রে। শুরুদেব, ভোমার এই অচেনা শিশ্য যেন গুরুদেবের কিছুমাত্র সাধনার অংশভাগী হয়।"

ি কিছুদিন আগ্রায় অবস্থান করার পব, প্রতাপ আকববেব সহিত বিশেষ পরিচিত হইলেন। সম্রাট্, প্রতাপের বীরত্ব-ব্যঞ্জক দেহঞী ও বৃদ্ধিমন্তা দেখিয়া তাঁহার সহিত নানাবিষয়ে আলাপ-আলোচনা করিয়া অত্যন্ত সম্ভষ্ট হইলেন। প্রতাপা-দিত্যের ইচ্ছা হইল, তিনি যশোহররাজ্যের ভার নিজে গ্রহণ করিয়া তাহাকে মনেব মত করিয়া গঠন করেন। সম্রাটেব মনোভাব তাঁহার প্রতি অনুকৃল জানিয়া, তিনি যশোহররাজ্যের সনন্দ নিজনামে পাইবার জন্ম তাঁহাকে অনুরোধ করিলেন। আকবর সে অনুরোধ রক্ষা করিলেন।

বাদশাহী সনন্দ লইয়া প্রভাপ যশোহবে ফিবিলেন।
সমাটের নিকট হইতে প্রভাপ যশোহররাজ্য শাসনের অনুমতিপত্র লইয়া আসিয়াছেন দেখিয়া, বিক্রমাদিত্য অত্যম্ভ সম্ভোষ
প্রকাশ করিলেন। তিনি ভাবিলেন—নিরস্তর শরীরচর্চা ও
প্রাণিহত্যা ছাড়িয়া, এবার রাজকার্য্যে মনোনিবেশ করিলে,
প্রভাপের ভবিশ্তৎ সম্বন্ধে আর তাঁহাকে চিন্তিত হইতে হইবে
না।/বিক্রমাদিত্য ও বসন্ত রায় প্রভাপের হস্তে যশোহবরাজ্যের
শাসনভার অর্পণ করিতে সানন্দে স্বীকৃত হইলেন। কিন্তু
প্রভাপ, পিতা জীবিত থাকিতে রাজ্যভার গ্রহণ করেন নাই।

ু পরলোক্যাতার সময় নিক্টবর্তী হইতেছে মনে করিয়া,

দূরদর্শী বিক্রমাদিত্য, ভবিশ্বৎ গোলঘোগ নিবারণের জন্ম, যশোহররাজ্য বসস্ত রায় ও প্রতাপাদিত্যের মধ্যে ভাগ করিয়া দিলেন। তাঁহার আশক্ষা হইভেছিল—তাঁহার মৃত্যুর পর খুল্লতাত ও ল্রাতুপুল্রের মধ্যে একটা তুমূল বিবাদ আরম্ভ হইবে। বিক্রমাদিত্য, সম্পত্তি ভাগ করিয়া দশ-আনা অংশ প্রতাপকে ও ছয়-আনা অংশ বসস্ত রায়কে দিলেন। বসস্ত রায় রাজ্যের পশ্চিমদিক পাইলেন—আর প্রতাপ পাইলেন পূর্ববিদক। ইহার অল্লদিন পরেই বিক্রমাদিত্যের মৃত্যু হইল।

/নিজেব হাতে এক রাজ্য গড়িবার ও স্বতন্ত্রভাবে কার্য্য করিবার আশায়, প্রতাপ, যমুনা ও ইছামতীর নিকটে, ধুমঘাট নামক স্থানে তাঁহার রাজধানী স্থাপন করিলেন। সেই স্থানেব ঘন জঙ্গল পরিষ্কার করিয়া, তিনি পঞ্জোশব্যাপী এক বিশাল নগর প্রতিষ্ঠিত করিলেন; শেষে ছুর্গ ও পরিখা দ্বারা উহা স্থুরক্ষিত করিলেন। ধুমঘাট এক ধনজনপূর্ণ নগরে পরিণত হইল। প্রতাপের এই ধূমঘাট্ই যশোহররাজ্যের রাজধানী ছিল। মহাসমারোহে তাঁহার রাজ্যাভিষেক-উৎসব অনুষ্ঠিত হইল। বৈশাখী পূর্ণিমায় বসম্ভ রায়ের সভাপণ্ডিত ও গুরু শ্রীকৃষ্ণ তর্কপঞ্চানন অভিষেকক্রিয়া সম্পন্ন করিলেন। ধূমঘাটে রাজধানী স্থাপন করিবার পর, প্রভাপ যশোরেশ্বরীর মন্দির নৃতন করিয়া নির্মাণ করিতে আরম্ভ করিলেন। ধুমঘাটের নিকটবর্ত্তী ঈশ্বরীপুরে দেবীর পীঠস্থানে পুরাতন মন্দির লুগুপ্রায় হুইয়াছিল; প্রতাপ সে স্থানে নৃতন মন্দির নির্মাণ করিয়া,

তাঁহার নিত্যপূজার ব্যবস্থা করিয়া দিলেন। এতদিনের অনাদৃত ধ্বংসস্থপের উপব এক স্থান্য মন্দিব নির্মাণ করিয়া দেবীর নিত্যপূজার ব্যবস্থা করায় ও তাঁহার ক্ষমতা উত্তবোত্তব বর্দ্ধিত হওয়ায, জনসাধারণেব মনে দৃঢবিশ্বাস জন্মিল যে, দেবী কালী তাঁহার প্রতি অনুগ্রহ করিয়াছেন এবং কালীর অনুগ্রহেই প্রতাপের ক্ষমতা দিন দিন বন্ধিত হইতেছে। জনসাধারণের দৃঢ়প্রত্যয় তাঁহাব মনের উপর সংক্রোমিত হইল,—তিনিও দেহমনে এক ঐশ্বরিক শক্তি অনুভব কবিতে লাগিলেন। দীর্ঘ, বিপদ্সঙ্গুল যাত্রার প্রথমে, যে পাথেযে তাঁহাব হাত ভবিয়া উঠিল, তাহার সেই অলক্ষ্য, ছনিবাব শক্তিতে, নির্ভয়ে যাত্রার প্রেষ্কেল প্রিবিন—এই আশায় তাহাব হাদয়, উৎসাহ ও প্রফুল্লতার মৃত্ব উত্তেক্ষনায সন্থাগ হইয়া উঠিল।

এইবার প্রতাপ এতদিনকার মাকাজ্কিত ব্রত-মাবস্তের চেষ্টা করিতে লাগিলেন। ভালরপ জ্ঞান হইবাব পব হইতেই পরাধীনতার যে বেদনা তাঁহাব মনে ক্রেমেট পর্বতের মত চাপিয়া পড়িতেছিল, তাহার ভার মার তিনি বহিতে পারিতেছিলেন না। নিজের দেশকে নোগলেব কবলমুক্ত কবিয়া, তাহার নিজস্ব বিশেষদের পূর্ণ বিকাশে সহায়তা কবিয়া, সর্বসম্পদের প্রাচুর্য্যে তাহাকে মহিমাময়ী কবিবার এক মহান্ আদর্শকে প্রতাপ আলোকস্তল্পেব স্থায় তাঁহাব চিত্তহ্যারে প্রতিষ্ঠিত করিলেন। যদি এ ছর্গম পথের সহ্যাত্রী না পান, যদি বাংলার অক্যান্থ ভূঞাগণ মোগলের পদলেহন করিতে

প্রস্তুত হয়, পাঠান বিদ্রোহিগণ পরাব্ধিত হইয়া বাংলা ছাড়িয়া পলায়ন করে-তবুও তিনি তাঁহার সংকল্প ত্যাগ করিবেন না। তাঁহার নিজের দেশকে প্রকৃত নিজের বলিতে না পারিলে, নিজের বাসভূমিতে পরের নির্দেশে চলার প্রাণাস্তকর অপমান ও গ্লানি হইতে মুক্তিলাভ কবিতে না পারিলে, জীবনধারণের সমস্ত আয়োজন ত অর্থহীন, প্রাণশৃত্য ও পরম লজ্জাকর। সমস্ত বিশেষস্বর্জ্জিত হইয়া, মোগলের আদেশমত জীবনযাত্রা নির্বাহ করার তিল তিল মৃত্যু অপেক্ষা একেবারে অমবমরণ ববণ করাই অধিক আনন্দের, অধিক গৌরবের। তিনি দেশেব ও জাতির পরাধীনতার প্রতিবাদ করিবার জন্ম মোগলের বিরুদ্ধে দাঁডাইতে কৃতসংকল্প হইলেন। /তখন উড়িক্সায় মোগল-পাঠানে ঘোরতর যুদ্ধ চলিভেছিল। কর্তুলু খাঁ, বিচ্ছিন্ন পাঠানশক্তিকে একত্র করিয়া পূর্ণবিক্রমে মোগলের সহিত লড়িতেছিলেন। কতুলু প্রতাপাদিত্যের নিকট সাহায্য চাহিয়া পাঠাইলেন। প্রতাপ পিতৃবন্ধু কতুলুকে সাহায্য করিবার জন্ম উড়িয়ায় যাইবার উদ্যোগ করিতে লাগিলেন। উডিয্যাযাত্রার প্রারম্ভে, বসন্ত রায় প্রতাপকে উডিয়া হইতে গোবিন্দদেব বিগ্রহ ও উৎকলেশ্বর শিবলিঙ্গ আনিবার জন্ম পুনঃ পুনঃ অনুরোধ করেন। প্রতাপ পিতৃব্যবাক্য মাথায় করিয়া উড়িষ্টায় আসিলেন। উড়িষ্টার কার্য্য শেষ করিয়া বাংলায় ফিরিবার সময় তিনি বিগ্রাহত্ইটিকে লইয়া বাংলা-অভিমুখে যাত্রা করিলেন। এই হুইবিগ্রন্থ উৎকলবাসি-গণের প্রাণাপেক্ষা প্রিয় বস্তু ছিল। বিগ্রহ স্থানাস্তরিত

হইবার সংবাদ চারিদিকে রাষ্ট্র হইযা গেল। উড়িয়ার রাজস্তমগুলী ক্রোধে ও ছঃখে ক্ষিপ্তপ্রায় হইয়া অগণিত সৈত্যসহ প্রতাপের পথরোধ করিবাব জন্ম উপস্থিত হইলেন। বীর প্রতাপ কিছুমাত্র ভীত হইলেন না। তিনি অসীম সাহসের সহিত উৎকলীয়গণেব সম্মুখীন হইলেন। স্বর্গবর্ষোভীরে ভীষণ যুদ্ধ হইল। বাজস্তবর্গ পবাজিত হইয়া পলায়ন করিলেন। প্রতাপ বিগ্রহসহ বিজয়োল্লাসে যশোহরে ফিরিলেন। বসস্ত রায় পুলকিত হইয়া, পরমক্ষেহে স্থ্যোগ্য ভাতৃপুত্রকে আলিঙ্গন করিয়া শির আত্রাণ করিলেন। গুভ-দিনে, বিপুল সমারোহের সহিত, বসম্ভ বায় বিগ্রহদ্মকে প্রতিষ্ঠিত করিলেন। উৎকলেশ্বর মন্দিরের প্রস্তব্দলকে এই শ্লোকটি লিখিত আছে দেখা গিয়াছে:—

নির্মামে বিশ্বকর্মা যং পদ্মযোনিপ্রতিষ্ঠিতন্, উৎকলেশ্বরসংজ্ঞ শিবলিক্সমসূত্রমন্। প্রতাপাদিত্যভূপেনানীতমুৎকলদেশতঃ। ততো বসন্ত রায়েন স্থাপিতং সেবিভঞ্জ।

উড়িস্থা হইতে ফিরিয়া আসিয়া প্রভাপ মোগল-দরবারে রাজকরপ্রেরণ বন্ধ কবিলেন। যথাসময়ে ভাগিদ আসিল। তিনি ঘুণাভরে ভাহা উপেক্ষা করিলেন। : তিনি মোগলের সহিত সমস্ত সম্বন্ধ বিচ্ছিন্ন করিয়া স্বাধীনভাবে রাজ্যশাসন করিতে অগ্রসর হইলেন।

আজিম থাঁ তখন বাংলার স্থাদার। তাঁহার সেনাপতি

ইব্রাহিম খাঁ তখন বাংলা ও উড়িয়ার বিদ্রোহদলনে সর্বদাই সদৈয়ে, সচকিত অবস্থায় অবস্থান করিতেছিলেন। (আজিম খাঁ, প্রতাপ বিজ্ঞাহী হইয়াছেন জানিতে পারিয়া, ইব্রাহিম খাঁকে প্রতাপের বিরুদ্ধে প্রেরণ করিলেন। ইব্রাহিম খাঁ বিশাল মোগলবাহিনীর সহিত যশোহর যাত্রা করিলেন।)

প্রতাপ মোগলসেনাপতির সম্মুখীন হইবার জন্ম আয়োজন করিতে লাগিলেন। এইবার প্রথম তিনি প্রবল মোগলরাজ্ঞ-শক্তির সহিত সম্মুখ্যুদ্ধে অবভীর্ণ হইবেন। এই জয়-পরাজয়ে তাঁহাব জীবনের এক নৃতন অধ্যায় উদ্বাটিত হইবে। বিপুল উৎসাহে প্রতাপ যুদ্ধের জন্ম প্রস্তুত হইতে লাগিলেন। মৌতালার নিকট বাঙ্গালী-মোগলে ভীষণ যুদ্ধ আরম্ভ হইল। নবাস্বাদিত স্বাধীনতার এক অভিনব উত্তেজনায়, প্রতাপ ও তাঁহার সৈক্সগণ ভীম পরাক্রমে যুদ্ধ করিল। প্রতাপ যুদ্ধ-ক্ষেত্রের সর্বত্র ছুটিয়া বেড়াইয়া সৈম্মদিগকে উৎসাহিত করিতে লাগিলেন। বােরতর যুদ্ধের পর মোগলসেনাপতি সম্পূর্ণ পরাজিত হইয়া যশোহর হইতে পলায়ন করিয়া প্রাণবক্ষা করিলেন। রাজধানীতে ক্রেমাগত কয়দিন বিজয়োৎসব চলিতে লাগিল।

ি ইব্রাহিম খাঁর পরাজয়-সংবাদ পাইয়া ও প্রতাপের ক্ষমতা দিন দিনই বাড়িতেছে দেখিয়া, আজিম খাঁ আর স্থির থাকিতে পারিলেন না। মোগলসমাটের তিনি অন্যতম প্রধান সেনাপতি। তাঁহার রণকোশল তখন চারিদিকে প্রশংসিত।

আজিম খাঁ, অগণিত সৈন্ত, বহুসংখ্যক মুসলমান আমীর ও বহু হস্তী-অশ্ব লইয়া যশোহরে উপস্থিত হইলেন। এত শীঘ্র আজিম খাঁ, প্রতাপের বিরুদ্ধে অভিযান করিবেন তাহা বৃঝিতে না পাবিয়া, প্রতাপ কোন প্রকার আত্মরক্ষাব বন্দোবস্ত করেন নাই। বিরাট মোগলবাহিনীকে বাধা দিবাব আব কোন সম্ভাবনা নাই দেখিয়া, তিনি মোগলসেনাপতিব সাহত সন্ধি করিলেন।

আজিন খাঁব প্রভাবর্ত্তনের পর, প্রভাপ প্রশাস্থ দৃষ্টিতে তাঁহার শক্তিব দিকে একবাব ভাকাইলেন। স্বাধীনভাব মোহে অন্ধ ও বিজয়োল্লাসে উন্মন্ত হইযা এতদিন প্রভাপ নিজের প্রকৃত শক্তির দিকে ভাকান নাই। তিনি অমিতশক্তি মোগলসমাটের বিরুদ্ধে দগুয়িয়ান হইতে যাইতেছেন, কিন্তু মোগলেব তুলনায় তাঁহার শক্তি কত কম। আজ তিনি ভেলায় সমুদ্র পার হইতে যাইতেছেন দেখিয়া, নিজেব মূর্থভায়, অপবিণানদর্শিভায় ও মিধ্যা-অহঙ্কাবে আত্মানি অন্থভব করিতে লাগিলেন। শেষে তিনি স্থির করিলেন, মোগলেব বিরুদ্ধে দৃচপদে দাঁড়াইতে পারার মত শক্তিসংগ্রহ কবিতে না পাবিলে, আর তিনি স্থাধীনতা ঘোষণার অসাব আড়ম্বব কবিবেন না। তিনি সমস্থ আমোদ, বিশ্রাম পবিত্যাগ কবিয়া সামবিক শক্তিব বৃদ্ধির জন্ম দিবারাত্র চিন্তা ও পরিশ্রম কবিতে লাগিলেন।

যশোহররাজ্য এক অপূর্ণন চাঞ্চল্যে উষ্ণ হইয়া উঠিল। প্রভাপ দেখিলেন, জলশক্তি ও স্থলশক্তি উভয় শক্তিতে বলীয়ান্ না হইতে পারিলে তিনি মোগলের সম্মুখীন হইতে পারিবেন না। তিনি উভয়শক্তি বাড়াইবার জন্ম বিপুল আয়োজন করিতে লাগিলেন। রাজ্যের মধ্যে ও সীমান্তপ্রদেশে, তিনি বহু তুর্গ নির্মাণ করিতে লাগিলেন। ঈশ্বরীপুর, মুকুন্দপুর, মৌতালা, গড়-প্রতাপনগর, গড়-কমলপুর, বড়িশা, বেহালা, জগদল প্রভৃতি স্থানে হুর্গ নির্দ্মিত হইল। কুশলীর বিস্থীর্ণ প্রাস্তরে বাঙ্গালীসৈনিকগণ প্রবল উৎসাহে যুদ্ধ শিক্ষা করিতে লাগিল। ছুধলী নামক স্থানে রণতরী নির্মাণ ও সংস্কার কার্য্য চলিতে লাগিল এবং নৌসেনাগণ জলযুদ্ধ শিক্ষা করিতে লাগিল। রাজ্যমধ্যে স্থানে স্থানে গোলা-গুলি নির্মাণের জন্ম বৃহৎ বৃহৎ কারখানা স্থাপিত হইল। উন্নত প্রণালীতে আগ্নেয়াস্ত্রব্যবহার ও নৌযুদ্ধ-কৌশল শিক্ষা দিবার জন্ম প্রভাপ পর্ভুগীজ সেনাপতি-দিগকে নিযুক্ত করিলেন। বাংলার নানাপ্রান্ত হইতে দলে দলে সৈন্ম আসিয়া তাঁহার সেনাদল পুষ্ট করিতে লাগিল। তাঁহার সামরিক বল উপযুক্তভাবে পরিচালনের জন্ম, তিনি এক এক বিভাগের ভার এক একজন সেনাপতির উপর শ্বস্ত করিলেন। সূর্য্যকান্ত গুহকে প্রধান সেনাপতি পদে নিযুক্ত করিলেন ও নিম্লিখিত বিভাগে নিম্লিখিত যোদ্ধগণকে অধ্যক্ষ নিযুক্ত করিলেন।

পূর্ব্বদেশীয় সৈম্মবিভাগ—রঘুরাম।
গুপ্তসৈম্মবিভাগ—স্থময়।
ঢালি বা পদাতিক সৈম্মবিভাগ—মদনমল্ল।

গঙ্গারোহী ও অশ্বারোহিদৈগুবিভাগ—প্রতাপদত্ত। নৌসৈগ্য ও গোলন্দাঙ্গদৈগুবিভাগ—রডা। তীরন্দাঙ্গদৈগুবিভাগ—স্থান্দব।

কমল খোজা নামক আব একজন বিখ্যাত যোদ্ধাকে প্রতাপ, তাঁহার এক সৈম্মদলের নেতৃত্বভার প্রদান কবিলেন। শঙ্কর চক্রবর্ত্তী নামক এক ব্রাহ্মণ যুবককে প্রতাপ, তাঁহার সৈন্য-সংগ্রহ, দেশের মধ্যে জাতীয়চেতনা উদ্বুদ্ধ কবিবার ও সাধাবণ-ভাবে সামরিক শক্তিব সংগঠন-কার্যো নিযুক্ত কবিলেন। জাহাজঘাটা নামক স্থানে বহু যুদ্ধজাহাজ প্রয়োজনের অপেক্ষায় বক্ষিত হইল। সাগর্দ্ধীপই প্রতাপের নৌবহরের প্রধান আড়ো হইল। এই স্থানকেই বৈদেশিক ভ্রমণকারিগণ চ্যাণ্ডিকান বলিয়াছেন। এখানে অসংখ্য বণতবী স্থসজ্জিত অবস্থায় অবস্থান করিতে লাগিল। দেখিতে দেখিতে নৌশক্তি ও স্থলসৈত্যশক্তিতে প্রতাপ প্রবলশক্তিশালী হইয়া উঠিলেন। আয়োজনপর্বন শেষ হইলে নিজেকে মোগলের আক্রমণে বাধা দিবার উপযুক্ত মনে কবিয়। প্রতাপ পূর্ণস্বাধীনতা ঘোষণা করিলেন। শক্তিদাত্রী কালিকাব আশীর্বাদে প্রভাপ এক মহাশক্তিতে বলীযান হইয়াছেন বলিয়া তাঁহাৰ নাম বাংলাৰ নানাপ্রাম্মে বিঘোষিত হইতে লাগিল।

এমন সময় প্রভাপাদিত্যের জীবনের শুভ শতদলের উপর এমন বিষকীট দংশন কবিল যে, তাহার জালায়, তাহার গভীর ক্ষতের গ্লানিতে, তাহার বীভংসভার নিন্দায়, তাঁহার সমস্ত জীবন কুৎসিত ও সৌন্দর্য্যহীন হইয়া গেল। সে কাহিনী যেমনই ভয়ানক, তেমনই করুণ এবং প্রতাপ-চরিত্রের ছইটি বিভিন্নদিকের যুগপৎ দৃষ্টাম্ভ। প্রতাপাদিত্যের খুল্লতাত বসম্ভ রায় শৈশবাবধি প্রতাপকে খুবই স্নেহ করিতেন। কিন্ত বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে প্রভাপেব মন বসস্ত রায়ের প্রভি ক্রমেই বিমুখ হইতে লাগিল। তিনি বুঝিতে পারিলেন, যেন বসস্ত রায় তাঁহার নিজের পুত্রগণেব উপরেই অধিক স্নেহ বর্ষণ করেন, এবং তাঁহাকে মৌখিক মিষ্টবাকো সম্ভষ্ট করিলেও নিরপেক্ষভাবে তাঁহার স্নেহ সমস্ত ভাতগণেব উপর বর্ষিত হয় না। প্রতাপ বসন্ত রায়ের সমস্ত কার্য্যেই একইা পক্ষপাতিতা ও কপটাচার দেখিতে লাগিলেন। তাঁহাব তরুণ মনে অলক্ষো এক বিছেবের বীজ রোপিত হইল। যখন পিতার আদেশে প্রতাপ আগ্রায় যাত্রা করেন, তখন তাঁহাব মনে এই ধারণা বদ্ধমূল হইয়াছিল যে, খুল্লতাতের প্রবোচনাতেই তাঁহার পিতা তাঁহাকে বিদেশে পাঠাইতে উত্তত হইয়াছেন। তরুণ যৌবনে আত্মীয়স্বজ্জন, নবপরিণীতা স্ত্রী, বন্ধুবান্ধবকে ছাডিয়া শ্রামলপল্লীমাভার স্নেহ-তপ্ত বক্ষের নিবিড আলিঙ্গন হইতে বিচ্যুত হইয়া, কোন এক স্থুদুর দেশে, অপরিচিত আবেষ্টনের মধ্যে, বহু সঙ্গোচের তীরে পদে পদে বিদ্ধ হইবার কল্লনায় তাঁহার মন অভান্ত বিজোহী হইয়া উঠিয়াছিল। এই নির্বাসনেব মূলে যে একমাত্র বসস্ত রায়ের পরামর্শ বর্ত্তমান, এই ধারণা করিয়া ভাঁহার প্রতি ক্রোধ ও আক্রোশে প্রতাপের মন প্রজ্বলিত হইয়া উঠিয়াছিল। আগ্রা হইতে ফিরিবার পব, নানারপ রাজকার্য্যে নিবিষ্ট থাকায় ও পিতৃবিয়োগে তাঁহাব চিত্ত আহত হওয়ায়, কিছুদিনের জন্ম বসন্ত রায়ের প্রতি তাঁহার মনের উষ্ণতা অনেক পরিমাণে কমিয়া গিয়াছিল।

খুল্লতাতের সহিত পৃথক্ হইয়া ধুমঘাটে বাজধানী স্থাপনেব কিছুদিন পর, আবার বসস্ত বাযের প্রতি তাঁহাব মনেব সুপ্রবিদ্বেষ জাগরিত হইতে আরম্ভ করে। চকঞী নামক একটি পরগণা. বিভাগের সময়, বসম্ভ বাযের অংশে পডে। প্রতাপ সেই স্থানটি তাঁহার নৌবাহিনী ও রণবহর রাখিবাব জম্ম উপযুক্ত বিবেচনা কবিয়া বসম্ভ বায়েব নিকট উহা প্রার্থনা কবেন এবং পরিবর্বে অন্য একটি পরগণা দিতে প্রস্তাব কবেন। প্রতাপ বহুবার চকন্সীর জন্ম প্রার্থনা কবিলেও বসম্ভ রায় কিছুতেই সে প্রস্তাবে রাজী হইলেন না। প্রতাপ মোগলের বিরুদ্ধাচরণ করিয়া স্বাধীনতা ঘোষণা করিতেছেন দেখিয়া, বসস্ত রায় বারবার ভাঁহাকে এরূপ তুঃসাহসিক কার্য্যে প্রবৃত্ত হইতে নিষেধ করিতে লাগিলেন। বসন্ত রায় মোগল বাদশাহের প্রভূত ঐশ্বর্যা, বিপুল সামরিক শক্তি ও অমিত পরাক্রমের কথা উল্লেখ ক্বিয়া, তুলনায় প্রতাপের শক্তিহীনতা দেখাইয়া, তাঁহাকে এরূপ নিস্তেজ ও ভগ্নোৎসাহ করিয়া দিতে লাগিলেন যে, স্বাধানতা-লাভের চিন্তা ভাঁহার নিকট উন্মত্তেব চিন্তার মত বোধ হইতে লাগিল। বসস্তু রায় প্রতিনিয়ত এই বিষয়ে প্রতাপকে উপদেশ দিতে ও মুহুভর্ৎ সনা করিতে লাগিলেন। প্রতাপ বসস্ত রায়ের

এই উপদেশ একেবারেই সহা করিতে পারিলেন না। যাহা তাঁহার জীবনের একমাত্র লক্ষ্য, যে আশার অনির্বাণ প্রদীপ তিনি স্থাদয়ে জালাইয়া জীবনপথে যাত্রা করিয়াছেন, যাহা অপেক্ষা ভাঁহার জীবনে আর কোন লোভনীয় বস্তুই নাই, সেই স্বাধীন হিন্দুরাজ্য স্থাপনের প্রবল আকাজ্যার হর্কাব স্রোত এইভাবে বাধা প্রাপ্ত হইয়া ক্রমশঃ ফুলিয়া উঠিতে লাগিল। ক্রমে প্রতাপ বসন্ত বায়কে নিজেব উন্নতি-পথেব প্রবল বিশ্ব মনে করিতে লাগিলেন। প্রতাপ ভাবিলেন যে, খুল্লতাত যেরূপ মোগলের পদলেহন কবিয়া নিজেকে ধন্য মনে করিভেছেন, আতৃস্ত্রকেও সেই প্রাণাস্তকর অপমান-ভার মাথায় চাপাইয়া, ধক্ত করিতে না পারিলে কিছুতেই তিনি শান্তি পাইবেন না। প্রতাপ ঘৃণাভরে তাঁহার নিকট হইতে দূরে থাকিতে চেষ্টা করিতে লাগিলেন ;—বসম্ভ রায়ও প্রতাপেব ব্যবহাবে কুন্ধ হইয়া দূরে দূরে থাকিতে লাগিলেন। ক্রেমে তুইজনের মধ্যে এতথানি ব্যবধান রচিত হইল যে, একে অপরকে শক্ত মনে করিয়া অনিষ্টচিন্তা পর্য্যস্ত করিতে লাগিলেন। বসস্ত রায়ের পুত্রগণ তাঁহার বিদ্বেষবহ্নিতে আরও ইন্ধন জোগাইতে লাগিল। ভাহারা প্রভাপের ছুর্ব্যবহার স্মবণ করাইযা ক্রমাগত ভাঁহাকে প্রতাপের বিরুদ্ধে উত্তেঞ্জিত কবিতে লাগিল।

এইরূপে যথন উভয়ের মধ্যে মনোমালিক্য ভস্মাচ্ছাদিত অগ্নির মত ধিকি-ধিকি জ্বলিভেছিল, তখন বসস্ত রায়ের বাংসরিক পিতৃশ্রাজের তিথি উপস্থিত হইল। মনে মনে ঘোরতর মনোমালিক্য থাকিলেও বাহতঃ বসম্ভ রায় প্রতাপের নত নিকট-আত্মীয়কে নিমন্ত্ৰণ না কবিয়া পাবিলেন না। প্ৰতাপত্ত নিমন্ত্রণবক্ষার্থ শ্রাদ্ধদিনে যথাসময়ে পিতৃব্যভবনে উপস্থিত হইলেন—কিন্তু আত্মরক্ষার্থ একখানি তববারি পরিচ্ছদের মধ্যে লুকাইয়া লইয়া গেলেন। প্রতাপাদিত্য অন্তঃপুরে প্রবেশ করিয়া যে কক্ষে বসস্ত রায় শ্রাদ্ধকার্য্যে নিযুক্ত ছিলেন, তথায় উপস্থিত হইলেন; প্রতাপ কক্ষদ্বাবে পদার্পণ কবিয়া শুনিলেন যে, বসস্ত রায় একজন ভত্যকে সহর গঙ্গাজল আনিতে আদেশ করিতেছেন। বসম্ভ রায়ের একখানি প্রিয় তববাবির নাম ছিল গঙ্গাজল। গঙ্গাজলের নাম শুনিয়া প্রতাপ চমকিয়া উঠিলেন। তিনি ভাবিলেন, ভাঁহাকে একাকী নিবস্ত্র অবস্থায় অন্তঃপুবে পাইয়া হত্যা করিবার জন্যই এই বিবাট ষড়যন্ত্র হইয়াছে এবং তাঁহাকে দেখিবামাত্রই খুল্লভাত তরবাবি আনিতে আদেশ করিতেছেন। অন্তঃপুরের এক নিভৃত অংশে অসহায় এক নিমন্ত্রিত আত্মীয়কে হত্যা করিবার পৈশাচিক সংকল্প দেখিয়া তাঁহার দেহ-মন শিহরিয়া উঠিল। তিনি স্থির করিলেন, ভৌরুর মত তাঁহার কণ্ঠ আগাইয়া দিবেন না, বীরেব মত যুদ্ধ করিতে করিতে মরিবেন। এই মনে করিয়া, প্রভাপ তাঁহার লুক্কায়িত তরবারি বাহির করিলেন। বসস্ত রায়ের জ্যেষ্ঠপুত্র গোবিন্দ রায় অদূরে দাঁডাইয়া ছিলেন,—তিনি বসস্ত বায়ের কক্ষদাবে প্রভাপকে তরবারি বাহির করিতে দেখিয়া মনে করিলেন যে. প্রভাপ তাঁহার পিতাকে আক্রমণ করিতে উত্তত হইয়াছেন। একটা উচ্চ চীৎকারে সমস্ত অন্তঃপুর সচকিত করিয়া গোবিন্দ রায় লাফ দিয়া পড়িলেন ও গৃহাভ্যস্তর হইতে তাঁহার ধন্থবাণ আনিয়া প্রতাপের শিব লক্ষ্য করিয়া তীর ছুড়িলেন। তীর প্রতাপের কেশ স্পর্শ করিয়া চলিয়া গেল। গোবিন্দ রায়ের এইরপ অতর্কিত আক্রমণে প্রতাপের মনে সন্দেহের যবনিকা অপসারিত হইয়া গেল। তিনি স্পষ্টই দেখিলেন, আৰু এই শ্রাদ্ধদিনে তাঁহাব উষ্ণবক্ত পিতৃপুরুষকে নিবেদন করাও খুল্লতাতের একটি উদ্দেশ্য। তিনি ভরবারিহুন্তে গোবিন্দ রায়ের দিকে ধাবিত হইলেন ও এক আঘাতেই তাঁহার মস্তক দিখণ্ডিত করিয়া ফেলিলেন। অন্তঃপুরমধ্যে একটা তুমুল কোলাহল ও আর্ত্তনাদ উত্থিত হইল। বসম্ভ বায়ের অক্যান্ত পুত্রগণ ও পরিজনবর্গ চারিদিক হইতে ছুটিয়া আসিয়া একযোগে প্রভাপকে আক্রমণ করিল। প্রতাপ একাকী তাহাদের সহিত প্রবলবিক্রমে যুদ্ধ করিতে লাগিলেন। ক্রমে ক্রমে ভাহারা সকলেই প্রভাপের হস্তে নিহত হইল। এই অভাবনীয় ব্যাপার দর্শনে বসস্ত রায় শোকে, ছঃখে উন্মন্তবং হইয়া প্রভাপকে আক্রমণ করিবার উদ্দেশ্যে 'গঙ্গান্ধল' তরবারি আনিতে আদেশ করিলেন। কিন্ত তরবারি আসিয়া পৌঁছিবাব পূর্ব্বেই প্রতাপের তরবারির আঘাতে তাঁহার ছিন্নমুগু মাটিতে গড়াগড়ি যাইতে লাগিল। অস্তঃপুরে রক্তগঙ্গা বহিল। চীৎকাব, আর্ত্তনাদ, ক্রন্দন, হায় হায় শব্দে, অন্তঃপুরের বাতাস রুদ্ধ হইয়া তথায় এক শ্মশানের বীভংসতা ফুটিয়া উঠিল। বসস্ত রায়ের পত্নী, শিশুপুত্র রাঘবকে লইয়া থিড়কির ধার দিয়া পলাইয়া কচুবনে আত্মগোপন করিলেন। প্রতাপের কোষ্ঠার ফল ফলিল। পিতৃস্থানীয় পিতৃব্যকে হত্যা করায় তাঁহার পিতৃঘাতী হইবাব আশঙ্কা কার্য্যে পবিণত হইল। আর বাণী রাঘবকে কচুবনে লুকাইয়া রাখিযা তাঁহার প্রাণরক্ষা করিয়াছিলেন বলিয়া পরবতী কালে তিনি সর্বব্রেই কচু বায় নামে অভিহিত হন।

এই লোমহর্ষণ হত্যাকাণ্ডেব পব বসন্ত রাথেব জামাতা রূপ বস্থ বসন্ত রায়ের একমাত্র জীবিতপুল রাঘবের প্রাণবক্ষার জন্ম তাঁহাকে উডিয়ায় ঈশা খাঁ লোহাণীব নিকট গোপনে লইয়া উপস্থিত হইলেন। ঈশা খাঁ লোহাণী তখন উডিয়ায আধিপত্য করিতেছিলেন। বসন্ত রায়ের সহিত তাঁহাব বহুদিন হইতে বিশেষ সৌহার্দ্য ছিল। বন্ধুর এইবাপ শোচনীয় পরিণাম শুনিয়া ও তাঁহাব পুজের এই বিপন্ন অবস্থা দেখিয়া তিনি রাঘবকে সাদবে আশ্রয়দান করিলেন।

বসস্ত রায়ের হত্যার পব, তাঁহার সংশ প্রতাপেব বাজ্যভুক্ত হওয়ায় প্রতাপ সমস্ত যশোহররাজ্যেব একাধীশ্বব হইলেন। এখন পূর্বের মধুমতী, পশ্চিমে ভাগীরথী, দক্ষিণে সমুজ—এই বিশাল যশোহররাজ্য তাঁহাব কবায়ন্ত হইল। তিনি অর্থবলে, সৈম্প্রবলে, লোকবলে ও দৈববলে বলীয়ান্ হইয়া প্রায় সমগ্র দক্ষিণবঙ্গের মহাশক্তিশালী অধীশ্বর কপে প্রচণ্ড মধ্যাক্তসূর্য্যের মত বিরাজ কবিতে লাগিলেন।

এই সময়ে বাকলাধিপতি রামচন্দ্র রায়ের সহিত তাহার

কন্তা ইন্দুমতীর বিবাহ সম্পন্ন হইল। কিন্তু এই বিবাহের এক সকরণে স্মৃতি জনশ্রুতি ও উপস্থাসের বিষয়ীভূত হইয়া আজ পধ্যস্তও বাঙ্গালীৰ মনে একটা উদাস কৌতৃহলের সৃষ্টি কবিতেছে। আলোকোজ্জল বিবাহবাত্তের আমোদোৎসবের অবসানের পব, মধ্যরাত্রে এক হৃদয়ভেদী তুঃখের রাগিণী বাজিয়া উঠিল। জামাতা রামচন্দ্রেব সহিত বমাই চুঙ্গী নামে একজন বিদ্যক আসিয়াছিল। বিবাহের পর, বাসরগৃহে যখন সমবেত বমণীগণ কন্যা-জামাতাকে লইয়া রহস্যালাপে নিযুক্ত ছিল— তখন রুমাই নাবীবেশে সম্ভিত হইয়া ভাহাদের সহিত যোগদান করিয়াছিল। নানারপ আলাপের মধ্যে রুমাই রাণীকে এরপ একটি অভদ্র ও কুংসিত পরিহাস কবে যে, তিনি অত্যস্ত লক্ষিত ও অপমানিত হন। অবিলম্বেই যখন জানা গেল যে, পারহাস-কারিণী জ্রীলোক নছে, বরপক্ষের বিদূষক, তখন নারীমহলে নিক্ষিপ্তলোষ্ট্র-মধুচক্রের ধ্বনির মত একটা লচ্ছিত কলগুঞ্জন উখিত হইল। রমণীগণ অবগুণ্ঠনে অবনত মুখ ঢাকিয়া ক্রেভপদে স্থান ত্যাগ করিল। রাণী নিদারুণ লড্ডায় কাদিতে কাঁদিতে প্রতাপের নিকট যাইয়া সমস্ত বিবৃত করিলেন। প্রতাপ জামাতার একজন অমুচরের হস্তে পত্নীর এইকপ অবমাননায় অত্যস্ত উত্তেজিত হইয়া, জামাতা ও রমাই ঢুঙ্গী উভয়েরই প্রাণ-বিনাশের আদেশ দিলেন। মধ্যরাত্রে নির্জ্জন বাসরকক্ষে এই সংবাদ পৌছিলে বালিকাবধূ ইন্দুমতী অত্যন্ত বিচলিত হইয়া পড়িল। সে পিতার সভাব ভাল করিয়াই জানিত—এ আদেশ

যে কিছুতেই প্রত্যাহ্যত হইবে না, তাহাই ভাবিয়া সে শিহবিয়া উঠিল। সে স্বামীব নিকট সমস্ত খুলিয়া বলিল। কিশোর-বয়স্ক রামচন্দ্র এই বিপদে হতবুদ্ধি হইষা গেলেন। ইন্দুমতী তাহার নারীস্থলভ প্রত্যুৎপন্নমতিয়ে স্বামীকে রক্ষা করিবার এক উপায় উদ্ভাবন কবিল। সে অন্তঃপুব হইতে পশ্চাদ্দিক দিয়া বাহির হইবার একটা গুপ্তপথের সন্ধান জানিত। সে গোপনে, সেই রাত্রে, সামীকে সেই পথ দিয়া বাহির কবিয়া দিল। রামচন্দ্র বাহির হইয়া যেখানে ভাঁহাব শবীববক্ষী সৈন্সগণ ও কামানসঙ্কিত নৌকা অবস্থান করিতেছিল, সেখানে উপস্থিত হইলেন। দ্রুতগামী তবণী তৎক্ষণাৎ তাহাকে লইয়া মাধব-পাশা-অভিমুখে বাযুবেগে ছুটিল। এই ঘটনায় তুই রাজ-পরিবারের মধ্যে যে মনোমালিন্সের সৃষ্টি হইল, তাহার ফলে ইন্দুমতীকে, তাহাব নবোশিষিত যৌবনে শশুরালয়েব সৌভাগ্য হইতে বঞ্চিত হটয়া দীর্ঘদিন পিতৃগৃহে ছায়ার নত গ্লান ও বিভূম্বিত জীবন যাপন করিতে হইয়াছিল।

তখন পর্তু গীন্ধ জলদম্যদিগের অত্যাচাবে দক্ষিণ ও পূর্ন-বঙ্গের বছস্থান শাশানে পরিণত হইবাব উপক্রম হইয়াছিল। তাহারা দলবদ্ধভাবে হঠাৎ এক গ্রামেব উপব পতিত হইয়া নিরীহ গ্রামবাসীদেন যথাসর্বস্ব লুগুন করিয়া ভীষণ অত্যাচার করিত; কখনও বা স্থন্দরী যুবভী বা বালকবালিকাদিগকে ধরিয়া লইয়া গিয়া বিদেশে দাসরূপে বিক্রয় করিত। প্রভাপ দেশের এই ঘোরতর শক্র পর্ত্ত্ গীন্ধ দম্যদিগকে দমন করিবাব জন্ম কৃতসংকল্প হইলেন । শাসরাজ চিরদিনই পর্জু গীজ দম্যাদিগের শক্র । প্রতাপ আরাকানরাজের সহিত মিত্রতা স্থাপন
করিয়া তাঁহার সাহায্যে ও স্বীয় অসাধারণ বাহুবলে পর্জু গীজ
দম্যাদিগকে দেশ হইতে বিতাড়িত করিলেন । এই সময়ে
১৬০০খুষ্টান্দে, বিখ্যাত পর্জু গীজ নৌসেনাপতি কার্তালো কেদার
রায়ের সহিত মনোমালিন্দ্র হওয়ায় শ্রীপুর ছাড়িয়া) প্রতাপের
নিকট চলিয়া আসে । তাহার বিশ্বাস ছিল, প্রতাপ বীব,
তিনি বীরের সম্মান ব্রিয়া নিশ্চয়ই তাহাকে সৈন্দলে গ্রহণ
করিবেন । কিন্তু, ফল ফলিল বিপরীত । কার্ভালো যশোহরে
উপস্থিত হইয়া রাজসভায় কয়েকদিন যাতায়াত করিবার পরই
আরাকানরাজের উত্তেজনায় একদিন মধ্যরাত্রে কতিপ্য অন্তরের
সহিত তাহাকে রশংসভাবে হত্যা করা হইল । এই উচ্চাকাজ্ঞী,
অসমসাহসিক পর্জু গীজ বীরেব জীবনদীপ এইভাবে গুণের
উপযুক্ত পুরস্কার-তৈক বিহনে অকালে নিবিয়া গেল ।

ইহার কিছুদিন পরে, প্রতাপ তাঁহার অথও স্বাধীনতার নিদর্শনস্বরূপ নিজনামে মুজা প্রচলন করিলেন। মুদ্রাব একপৃষ্ঠে লিখিত ছিল—শ্রীশ্রীকালীপ্রসাদেন ভবতি শ্রীমন্মহাবাজ প্রতাপাদিত্য বায়স্ত, অন্ত পৃষ্ঠে—বদংছিকাবছিমো বাঙ্গালা মহারাজ প্রতাপাদিত্য জদ্দাল।

১৬০৪ খুষ্টাব্দে কেদার রায়ের পতনের পর মানসিংহ আগ্রায় চলিয়া গেলেন। ১৬০৫ খুষ্টাব্দে, সম্রাট্ আকবরের মৃত্যু হইলে সেলিম জাহাঙ্গীর উপাধি ধারণ করিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করিলেন। ১৫৯২ খুষ্টান্দে, উড়িয়ার ঈশা থাঁ লোহাণীর তিরোধানের পব কচু বায় ও রূপ বস্থু আগ্রায় বাদশাহ-দরবাবে উপস্থিত হন। সেই অবধি তাহাবা বাদশাহ-দরবারে প্রতাপের অত্যাচারকাহিনী, মোগলশক্তির প্রতি তাহার উপেক্ষা প্রভৃতিব কথা অতিবঞ্জিতভাবে ক্রেনাগত বর্ণনা করিতে থাকেন; অবশেষে সেলিম বাদশাহ হইলে, তাঁহাকেও প্রতাপের বিরুদ্ধে উত্তেজিত করিতে আরম্ভ কবিলেন। প্রতাপ সম্পূর্ণ স্বাধীনভাবে যশোহববাজ্য শাসন কবিতেছেন দেখিয়া, প্রতাপাদিত্যকে দমন কবিবাব জন্ম জাহাঙ্গীব ১৬০৬ খুটান্দে মানসিংহকে পুনরায় বাংলাব স্বাদাব করিয়া পাঠাইলেন।

মানসিংহ বঙ্গ-অভিযানের জন্ম বিপুল আয়োজন কবিলেন।
এক বিবাট মোগলবাহিনী, বাইশজন মুসলমান আনীব ও
ভাহাদের অধীনস্থ অগণিত সৈন্ম সহ ভিনি প্রভাপ-বিজযেব জন্ম
বাংলা-অভিমুখে যাত্রা করিলেন। পথনির্দ্দেশ ও অন্যান্ম
গোপনীয় সন্ধান জানাইবার জন্ম কচু রায় মানসিংহের সহগমন
করিলেন।

মানসিংহ আগ্রা হইতে, যাত্রা কবিয়া বিহারে উপস্থিত হইলেন; সেখান হইতে রাজধানী রাজমহলে ও তথা হইতে বর্তমান মুর্শিদাবাদ ও নদীয়া জেলার মধ্য দিয়া যশোহন-অভিমুখে অগ্রসর হইতে লাগিলেন। মানসিংহ (বাংলার উপস্থিত হইলে প্রবল ঝড়-রৃষ্টি আরম্ভ হইল। ; আকাশ দিনরাত্র মেঘারত হইয়া রহিল। মুহুমুহু বজ্রের গর্জ্জন ও শিলাপাত-

শব্দে বায়ুমণ্ডল প্রভিক্ষণ প্রভিধ্বনিত হইতে লাগিল। এই মহাত্রব্যোগের মধ্যে মানসিংহ ভাগীরথীর তীরে উপস্থিত হুইলেন। উত্তালভরক্ষয় নদীবকে কোথাও একখানা নৌকার চিহ্নমাত্র নাই দেখিয়া তিনি ব্যাকুল হইয়া পড়িলেন; কিরুপে তাহার বিশালবাহিনী পরপারে উত্তীর্ণ হইবে, এই সমস্থার সমাধান অসম্ভব মনে করিয়া ভীত হইয়া পড়িলেন। এদিকে সৈত্তদের রসদ ফুরাইয়া আসিল,—এই ছর্য্যোগের মধ্যে দ্বিগুণ মূল্য দিয়াও কোথাও এককণা খাল্যন্তব্য মিলিল না দেখিয়া মানসিংহ প্রমাদ গণিলেন। 🛺 এমন সময় ভবানন্দ মজুমদার নামক প্রতাপের এক ভূতপূর্ব্ব কর্মচারী মানসিংহের সহিত সাক্ষাৎ করিল ও তাঁহাকে এই বিপদ্ হইতে উদ্ধার করিবার জন্ম প্রতিশ্রুতি দিল। এই ব্রাহ্মণ স্বার্থসিদ্ধির আশায় বহু নৌকা ভরিয়া রসদ আনিয়া উপস্থিত করিল এবং মোগলবাহিনীব পার হইবাব স্থবন্দোবস্ত করিয়া দিল। এই বিশ্বাসঘাতক ব্রাহ্মণের সাহায্যে মানসিংহ নির্বিত্তে পরপারে উত্তীর্ণ হইলেন। । মানসিংহ কৃষ্ণনগর প্রদেশ অভিক্রম করিয়া বর্ত্তমান বারাসত ও বসিরহাট মহকুমার মধ্য দিয়া ক্রমে স্থন্দরবনে প্রবেশ করিলেন। তিনি তাঁহার বিপুল সেনাদল লইয়া অগ্রসর হইবার জন্ম একটি সুপ্রশস্ত রাস্তা করিতে করিতে অগ্রসর হইতে লাগিলেন; ক্রমে যমুনা ও ইছামতী পার হইয়া যশোহর রাজধানীর নিকটস্থ মৌতালায় আসিয়া শিবির সন্ধিবেশ করিলেন।

প্রভাপ, মানসিংহের আগমনের সংবাদ পাইয়া, সমস্ত শক্তি
নিয়োজিত করিয়া তাঁহাকে বাধা দিবার আয়োজন করিতে
লাগিলেন।) আজ তাঁহার জীবন-মরণ সমস্থা,—এই জয়পরাজ্বয়ের উপর তাঁহার আজয় সাধনার সিদ্ধি নির্ভব কবিতেছে!
মানসিংহকে পথেই বাধা দিবার জ্ব্সু তিনি য়য়ুনা ও ইছামতীর
বক্ষে কামানসজ্জ্বিত অসংখ্য রণতরী বক্ষা করিলেন। কিন্তু
বিধাতার বিচিত্র বিধানে সপ্তাহব্যাপী প্রবল ঝড়-রৃষ্টিতে তাঁহাব
অধিকাংশ রণতরী চ্ব-বিচ্ব হইয়া জলময় হইল। আর যাহা
অবশিষ্ট রহিল, তাহাও অকর্ম্বণ্য হইয়া গেল।

প্রতাপের উদ্দেশ্যসিদ্ধির পথে প্রকৃতিব এই নিষ্ঠুর প্রতিক্লতায় তাঁহার হাদয ভাঙ্গিয়া পড়িল। এ যুদ্ধেব ফল ঘোরতর অমঙ্গলজনক হইবে আশক্ষায় তাঁহার সমস্ত উৎসাহ যেন নিবিয়া গেল। তবুও নির্বাপিতপ্রায় উৎসাহকে আশার ইন্ধনযোগে আবার দিগুণ তেজে প্রজ্ঞলিত কবিলেন। তিনি স্থলযুদ্ধের জন্ম বিপুল আয়োজনে প্রস্তুত হইলেন।

মানসিংহ ভাঁহার প্রথা অমুসারে এক দূতের হস্তে একগাছি
শৃঙ্খল ও একখানা অসি দিয়া প্রতাপাদিত্যের নিকট প্রেরণ
করিলেন। প্রতাপ এই প্রতীকের অর্থ ব্রিয়া অধীনভাজ্ঞাপক
শৃঙ্খল পদদলিত করিয়া, সমরস্চক অসি চুম্বন করিলেন।
ভীষণ রণদানব নাচিয়া উঠিল।

মৌতালার রণক্ষেত্রে বাঙ্গালী-মোগলে সংহারলীলার প্রতিযোগিতা চলিতে লাগিল। প্রতাপের কামানের প্রচণ্ড

গর্জন দিয়ধুগণের কর্ণকুহর ভেদ করিয়া তাহাদিগকে মূর্চ্ছাবিষ্ট করিয়া ফেলিল। সূর্য্যকান্ত, মদনমল্ল, প্রতাপদত্ত প্রাণ তুচ্ছ করিয়া ঘোরতর বেগে যুদ্ধ করিতে লাগিলেন। পর্ত্ত্বগীজ সেনাপতি রডার অপূর্বব রণ-কৌশল ও অম্ভূত বীরম্বে মোগল ও রাজপুতের বক্ষরক্ত হিম হইয়া গেল। প্রতাপের মদমন্ত রণহস্তিসমূহের বিশাল পদভরে ও রণোন্মত্ত অশ্বের ক্রুর-সংঘাতে রণস্থল কাঁপিয়া উঠিতে লাগিল। (তিন দিন প্রবলবেগে যুদ্ধ চলিল । মোগল আমীরগণ বাঙ্গালী সেনাপতিগণের আক্রমণ সক্ত করিতে না পারিয়া ক্ষত-বিক্ষত-দেহে বাংলার শ্রামল প্রান্তরে চির-বিপ্রামের শয্যা পাতিল। মানসিংহ, বাঙ্গালীর এই অম্ভূত বীরত্বে, আতঙ্কে শিহরিয়া উঠিলেন। সেই কাবুল-বিজয়ী, উত্তর-ভারত-পদানতকারী ভারতবিঞ্চত-কীর্ত্তি সেনাপতির সমস্ত বীর্জ-গোরব আজ বুঝি বাংলায় প্রতাপাদিত্যের নিকট মান হইয়া গেল। মোগল আমীরগণের পতনের পর মানসিংহের সৈম্যগণ নিতাস্ত নিরুৎসাহ ছইয়া পড়িল। মানসিংহ তিন দিনের যুদ্ধে বিন্দুমাত্র কৃতকার্য্য হুইতে না পারিয়া ভীত হুইয়া শিবিরে প্রত্যাবর্ত্তন করিলেন। প্রতাপের উচ্চ জয়বাতো চারিদিক কম্পিত হইল; বাঙ্গালী-সৈম্মগণের বিজয়োল্লাস-ধ্বনিতে আকাশ মুখরিত হইয়া উঠিল। প্রভাপ জয়ুমালা কণ্ঠে পরিয়া নিজ শিবিরে ফিরিলেন।

রাত্রি দ্বিপ্রহর। মানসিংহ চিস্তাক্লিষ্ট মূখে শিবিরে উপবিষ্ট আছেন। তাঁহার পার্শ্বে, ভবানন্দ মজুমদার, কচু রায় প্রভৃতি অধোমুখে বসিয়া আছে। পরামর্শ চলিতেছিল-কি করিয়া প্রতাপ-বি**জ**য় সম্ভব হয়। বছক্ষণ পরামর্শের পর ভবানন্দ মজুমদার মানসিংহকে বলিল, "প্রতাপ যশোরেশ্ববীর অনুগৃহীত বলিয়া উহার সৈশ্যেরা যুদ্ধের সময় অত্যস্ত উৎসাহ ও মানসিক বল পায়; সেইজগুই ভাহারা প্রবল বিক্রমে যুদ্ধ করে,---আপনি আগামী কল্যই মহাসমারোহে যশোরেশ্বরীর পূজা করিয়া চতুর্দিকে এই রটনা করিয়া দেন যে, দেবী আপনাকে স্বপ্নে দর্শন দিয়া বলিয়াছেন যে. তিনি প্রতাপকে ত্যাগ করিয়া আপনার উপর অনুগ্রহ কবিয়াছেন। ইহা অপেক্ষা প্রতাপকে জয় করার আর কোন ভাল পন্থা দেখি না।" মানসিংহ ভবানন্দের পরামর্শ অমুসারে প্রত্যুষেই বিপুল সমারোহের সহিত যশোরেশ্বরীর অর্চনা করিয়া তাঁহার সৈক্যদলে ও সর্বত্র প্রচার করিলেন যে, গভকল্য শেষরাত্রে দেবী মানসিংহকে এক স্বপ্ন দেখাইয়াছেন যে, তিনি প্রতাপকে ত্যাগ করিয়াছেন। মানসিংহের সৈম্মগণ এই সংবাদে বিশেষ উৎসাহিত হইল ও আগামী যুদ্ধে ভীষণ আক্রমণে বাঙ্গালীকে জর্জবিত করিবার উপায় চিন্ধা করিতে লাগিল।

প্রতাপের উপাস্তদেবা যশোরেশ্বরী তাঁহাকে পরিত্যাগ করিবার বছ প্রবাদ বাংলার নানাপ্রান্তে বৃদ্ধদের মুখে পল্লবিভ আকারে এখনও শুনিতে পাওয়া যায়। ঘটক-কারিকায় লিখিত আছে, প্রতাপ কোন নীচজাতীয়া রমণীর নির্লজ্জতার জন্ম স্তন কাটিয়া ফেলায়, নিজশক্তির অংশস্বরূপা নারীজ্ঞাতির লাঞ্চনা করার জন্ম দেবী তাঁহার প্রতি অসন্তঃ হন। অক্স একটি প্রবাদে এইরপ শুনা যায় যে, দেবী ব্রাহ্মণকস্থার রূপ ধারণ করিয়া অন্তঃপুরে গেলে প্রতাপ তাঁহাকে হৃশ্চরিত্রা রুমণীজ্ঞানে তাড়াইয়া দেন এবং সেই অছিলায় তিনি প্রতাপকে ছাড়িয়া আসেন। ঘটক-কারিকায় আছে, প্রতাপ প্রভাতে মন্দিরে উপবেশন করিয়া স্তবপাঠ করিতে আরম্ভ করিয়া হঠাৎ দেখিলেন যে, দেবী দক্ষিণমুখী হইতে পশ্চিমমুখী হইয়াছেন। তারপর তাঁহার সভাপণ্ডিত অবিলম্ব সরস্বতী চন্ডীপাঠ করিতে গেলে তিনবার তাহা অশুদ্ধ হইয়া গেল। প্রতাপ তখনই ব্ঝিলেন, দেবী তাঁহার প্রতি বিরূপ হইয়া তাঁহাকে পরিত্যাগ করিয়াছেন।

মানসিংহ যশোরেশ্বরীর পূঞা সমাপন করিয়া, মোগলসৈক্তদিগকে উৎসাহিত করিয়া যুদ্ধে অবতীর্ণ হইলেন।
আবার কয়েকদিনব্যাপী ঘোরতর যুদ্ধ চলিতে লাগিল। ক্রমে
স্থ্যকান্ত, মদনমল্ল, রডা প্রভৃতি প্রভাপের প্রধান সেনাপতিগণ যুদ্ধক্ষেত্রে বীরশয্যায় শায়িত হইলেন। বীরপ্রেষ্ঠ
সেনাপতিগণের পতনে প্রভাপের বোধ হইল যেন ভাঁহার
দক্ষিণ বাছ ছিল্ল হইয়া গিয়াছে। তবুও প্রভাপ অদম্য
উৎসাহে যুদ্ধ চালাইতে লাগিলেন। এইরূপ কয়ল্পন বিখ্যাত
সেনাপতির এক্যোগে মৃত্যুতে, একটা সন্দেহের অপদেবতা
ভাঁহার মনের কোণে ছায়াপাত করিল। ভাগ্যের এইরূপ
আক্ষিক বিপর্যুয়ে ভাঁহার মনে হইতে লাগিল—কি জানি

মানসিংহের স্বপ্ন বোধ হয সত্যও হইতে পারে। একদিন তাঁহার উন্নতির স্রোভ অব্যাহত ধারায় বহিয়া যাইতেছিল; হঠাং সে স্রোভে ভাটা পড়িয়া একেবারে তাহা চড়ায শুকাইয়া গেল। প্রতাপের হৃদয় ভাঙ্গিয়া পড়িল। ক্রমে সৈত্যের সংখ্যা হ্রাস হইতে লাগিল। প্রতাপের মানসিংহের সহিত সম্ম্থযুদ্ধে উপস্থিত হইবার শক্তিও তাঁহার লোপ হইল। তিনি নানারূপ ভাবিয়া চিন্তিয়া, পুনরায় শক্তি সঞ্চয় করিয়া ভাগ্য পরীক্ষা করিবার আশায়, মানসিংহের সহিত সন্ধির প্রস্তাব করিলেন। সন্ধির ফলে প্রতাপের সমস্তই ঠিক রহিল—কেবল নিজনামে মুলা প্রচলন বন্ধ হইয়া গেল। তাঁহার এতদিনকার সমস্ত সাধনা, সমস্ত পরিশ্রম ও চেষ্টা এইরূপ শোচনীয়ভাবে ব্যর্থ হইয়া গেল দেখিয়া, তিনি ভগ্ন-হৃদয়ে, নিরাশাব্যথিত চিন্তে সন্ধিপত্রে স্বাক্ষর করিলেন।

্মানসিংহ আগ্রায় প্রত্যাগমন করিয়া বঙ্গ-বিহার-উডিয়ার সুবাদারী-পদ ত্যাগ করিলেন। কুতবউদ্দীন কোকতলাশ ও জাহাঙ্গীর কুলী খাঁ নামক ছই ব্যক্তি সুবাদারের কার্য্য করিবার পর আলাউদ্দিন ইস্লাম খাঁ বাংলার সুবাদার হইয়া আসিলেন। ইস্লাম খাঁ, পর্ত্ত্বাদ্ধি ও মগ জলদস্যুদের হস্ত হইতে প্রজাবর্গকে রক্ষা করিবার এবং পদ্মা ও মেঘনাতে রণবছর রাখিবার স্থাবধার জন্ম, দূষিত-জলবায় তাতা ও অসুবিধাজনক রাজমহল পরিত্যাগ করিয়া ঢাকায় রাজধানী স্থাপন করিলেন। (ইস্লাম খাঁ সুবাদার হইয়া আসিয়া প্রতাপাদিত্যকে তাঁহার সহিত সাক্ষাৎ করিবার ভ

জন্ম সংবাদ দিলেন i প্রতাপাদিত্য বহু উপঢ়োকন সহ ইস্লাম খাঁর সহিত সাক্ষাৎ করিলেন)। মোগলের বশ্যতা স্বীকার করিলেও এই সময়ে প্রভাপের শক্তি খুব বেশী কমিয়া যায় নাই। একজন সমসাময়িক মুসলমান লেখকের হস্তলিপির অমুবাদ হইতে বর্ত্তমানে প্রকৃত ঐতিহাসিক সত্যরূপে জানা গিয়াছে যে, ঐ সময় প্রতাপাদিতোর মত সৈত্রে ও অর্থবলে বলী রাজা আর বঙ্গদেশে ছিল না। তাঁহার যুদ্ধসরঞ্জামে পূর্ণ সাতশত রণতরী, বিশহাজার পদাতিক সৈত্য ও পনর লক্ষ টাকা আয়ের রাজ্য ছিল। প্রতাপ আর বেশী দিন মোগলের নিকট মস্তক অবনত করিয়া থাকিতে পারিলেন না। তাঁহার স্বপ্ন ভাঙ্গিয়া গিয়াছে সত্য, তাঁহার সাধনার বৃক্ষ কাহার নিদারুণ অভিসম্পাতে আজ বজ্ঞাহত, তাঁহাব আশার উন্নত পর্ববিতশৃঙ্গ আজ ধূলায় গড়াগড়ি যাইতেছে,—তবুও তাঁহার সমস্তবাধাবন্ধনদ্বেষী, স্বাধীনতাকামী, অদম্য হৃদয় এখনও 😎 হইয়া মরিয়া যায় নাই। আজ আসর বার্দ্ধক্যের অন্ধকার জীবনপথের দিক্চক্রবালে ঘনাইয়া আসিতেছে, আৰু পথশ্ৰান্তি, রৌদ্রবৃষ্টিক্লান্তির অবসানে, সুখনিজার ঘোরে, ছুইচোখ বুঁজিয়া আসাই স্বাভাবিক—কিন্তু হৃদয়ে যে তাঁহার এক উজ্জ্বল-গৈরিকধারী, যৌবনদীপ্তিমণ্ডিত, মুক্তিপূজারি বাউল এখনও একতারাতে ঘা দিতেছে। প্রতাপ ভাবিলেন—নিজের বিবেকের কাছে আর অপরাধী না হইয়া একবার শেষ চেষ্টা করিয়া দেখিবেন।

্ইস্লাম খাঁ বাংলার জমীদারদিগকে দমন করিবার সংকল্প

করিয়া প্রতাপাদিত্যকে সাহায্য করিতে আদেশ করিলেন। প্রতাপ ইস্লাম খাঁর এই অস্থায় আদেশ প্রতিপালন কবিলেন না। ইস্লাম খাঁ ক্রোধান্ধ হইয়া প্রতাপের রাজ্য আক্রমণ করিবার জন্ম, ১৬১১ খুষ্টাব্দে, এনায়েৎ খাঁ ও মীর্জ্জাসহনের নেতৃত্বাধীনে স্থলপথে ও জ্বলপথে বহু মোগলসৈক্তা প্রেরণ করিলেন। আবার রণভেরী বাজিয়া উঠিল। মোগলসৈক্তাগণের আগমন-সংবাদ পাইয়া প্রতাপ তাহাদিগকে বাধাদিবার ও রাজ্যারক্ষার জন্ম আয়োজন করিতে লাগিলেন। কমল খোজা, কুমার উদয়াদিত্য, আজ্মল খাঁ প্রভৃতি সেনাপতিগণের অধীনে বহু রণভরী, হস্তিসৈন্ম, অশ্বারোহী সৈন্ম এবং অগণিত পদাতিক সৈন্ম মোগলবাহিনীর গতিরোধ করিবার জন্ম ইছামতী ও শাল্মীর সঙ্গমস্থলে প্রেরণ করিলেন। নিজে ধুমঘাট রক্ষা করিবার জন্ম উপযুক্ত সৈন্মসহ রাজধানীতে অপেক্ষা করিতে লাগিলেন।

ইছামতী ও শালগীর মিলনস্থলে ভীষণ যুদ্ধ আরম্ভ হটল।
জলে ও স্থলে সমানভাবে কয়েকদিন যুদ্ধ চলিতে লাগিল।
বিংশতিবর্ষীয় তরুণ যুবক উদযাদিত্যের অতুলনীয় বীরহ ও
অসাধারণ সাহসে মোগলসেনাপতিগণ বিশ্বিত হটয়া ধলা ধলা
করিতে লাগিলেন। কমল খোজা ও আজমল খাঁ প্রবল বিক্রমে
মোগলসৈল্য ধ্বংস করিতে লাগিলেন। মোগলসৈল্যের রক্তধারায় রণক্ষেত্রে স্রোভ বহিল। এনায়েং খাঁ এক প্রকার
জায়ের আশা ছাডিয়া দিলেন—এমন সময় মোগলপক্ষের গোলার
আঘাতে কমল খোজা যুদ্ধক্ষেত্রে চিরনিজায় চক্ষু মুজিত করিলেন।

কমল খোজার পতনের সংবাদ প্রতাপের সৈম্পদলের মধ্যে প্রচারিত হওয়ামাত্র তাহারা হঠাৎ ভীত হইয়া ছত্রভঙ্গ হইয়া পড়িল। এই অবসরে মোগলসৈম্প্রগণ প্রবল উৎসাহে বাঙ্গালী-সৈম্প্রগণকে আক্রমণ করিল। উদয়াদিত্য ও আজ্রমল খাঁ বছচেষ্টা করিয়াও আর তাহাদের একত্র করিতে পারিলেন না। কিছুক্ষণ যুদ্ধের পর কোন আশাই নাই দেখিয়া, উদয়াদিত্য ও আজ্রমল খাঁ কুয়মনে রণস্থল পরিত্যাগ করিলেন।

'কমল খোজার মৃত্যু ও তাঁহার সৈম্মদলের পরাজয়-সংবাদ ধুমখাটে পৌছিলে প্রভাপের মস্তকে যেন বছ্রাঘাত হইল। তিনি ভাবিলেন—এইবার চরম পরাজয়ের গ্রানি সর্ববাকে মাখিয়া মোগলের চরণতলে লুটাইতে হইবে—জীবনের শেষ কয়টি দিন মণিহারা ফণীর মত নির্জীব, অসাড হইয়া পডিয়া থাকিতে হইবে। তবুও নিচ্চাম কর্মযোগীর মত তিনি কর্ম হইতে বিরত হইলেন না---অসীম উৎসাহে বুক বাঁধিয়া তিনি রাজধানী-রক্ষার বন্দোবস্ত করিলেন। ছর্গ-প্রাকারের উপর সারি সারি কামান সঙ্জিত হইল ও উপযুক্ত সৈক্ত সংগ্রহ করিয়া তিনি মোগলের প্রতীক্ষা করিতে লাগিলেন। ক্রমে মোগল-বাহিনী বিষয়োল্লাসে চারিদিক কাঁপাইয়া রাজধানীর নিকট উপস্থিত হইল। বাজধানীর নিকট তুমূল যুদ্ধ আরম্ভ হইল। নির্বাণোমুখ প্রদীপের মত প্রতাপ শেষবার জ্বলিয়া উঠিলেন। তিনি অগ্রিময়ী বাণীতে সৈম্যদিগকে উৎসাহিত করিয়া ভীমবেগে যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু শতচেষ্টা করিয়াও তাঁহার

ভাগ্যের প্রতিকৃলস্রোত আর ফিরাইতে পারিলেন না। ক্রেমে তাঁহার সৈম্মদলে বিশ্বাসঘাতকতা দেখা দিয়া তাঁহার প্রতিকৃল ভাগ্যকে আরও প্রতিকৃল করিয়া ফেলিল। তিনি আর সম্মুখ-যুদ্ধে দণ্ডায়মান থাকা অসম্ভব মনে কবিয়া, যুদ্ধক্ষেত্র পরিভ্যাগ করিয়া তুর্গের মধ্যে আশ্রয় গ্রহণ করিলেন।

' বিজয়ী মোগলসেনাপতি হুর্গ ভেদ কবিতে চেষ্টা করিলেন, কিন্তু কৃতকার্য্য হইতে না পারিয়া রাজধানী ও তাহাব চতুষ্পার্থবর্ত্তী স্থানসমূহ লুগুন করিতে লাগিলেন 🕴 মোগলসৈক্সগণ নিবপবাধ অধিবাসীদের গৃহে আগুন গাগাইয়া দিল; সমস্ত ধনসম্পত্তি কাডিয়া লইতে লাগিল; নারীর উপর পাশবিক অভ্যাচার করিতে লাগিল। চারিদিকে হাহাকার রব উঠিল। অবশেষে বিপন্ন প্রজাবন্দের কাতর আর্ত্তনাদ হুর্গ-প্রাচীর ভেদ কবিয়া প্রতাপের কর্ণে পৌছিল। তাঁহার প্রিয়তম প্রজাবন্দের উপর অমানুষিক অত্যাচারে ও তাহাদের ক্রন্দনের রোলে তিনি স্থির থাকিতে পারিলেন না। তাহাদের রক্ষা করিবার জন্ম তিনি সমস্ত মান-অপমান তুচ্ছ করিয়া সন্ধি করিতে মনস্ত করিলেন। প্রতাপ কয়েকজন কর্মচাবীর সহিত এনায়েৎ খাঁর শিবিরে উপস্থিত হইয়া সন্ধি প্রার্থনা করিলেন। এনায়েৎ খাঁ সন্ধি করিতে স্বীকৃত হইলেন বটে, কিন্তু বলিলেন যে, সন্ধির চূডাস্ত কথাবার্তা সুবাদার ইস্লাম থাঁর সহিতই হইবে, কারণ তিনি স্থবাদারের অধীনে একজন সেনাপতি মাত্র এবং এই গুরুতর দায়িত্বপূর্ণ কাজ তিনি নিজের স্কল্পে লইতে সাহসী নন। অগত্যা প্রতাপ সন্ধি করিবার জন্ম ঢাকায় ইস্লাম খাঁর নিকট যাইতে স্বীকৃত হইলেন)

প্রতাপ এনায়েৎ থার সহিত নৌকারোহণে ঢাকা-অভিমুর্খে যাত্রা করিলেন। নৌকায় চড়িয়া তাঁহার পরমারাধ্যা দেশ-মাতৃকার স্নেহ-ঢলঢল শ্রামল মুখচ্ছবির পানে একবার তাকাইয়া তাঁহার হুই চোখ অঞ্পূর্ণ হইয়া আসিল। এই গরীয়সী জননীকে চিরকালের মত শৃত্থলিত করিবার জন্ম তাঁহার এক বিশ্বাসঘাতক সম্ভান আজ দুরদেশে যাত্রা করিতেছে! ভাগ্যের কি নিষ্ঠুর পরিহাস! আৰু মোগলের পদলেহন করিয়া স্বাধীনভার বিনিময়ে শুধু জীবনভিক্ষা করার মর্মাস্তিক অপমান হইতে মৃত্যু ভিন্ন আর কেহ ভাঁহাকে রক্ষা করিতে পারিবে না। আজ যশোহর হইতে বিদায়ের পূর্বক্ষণে সমস্ত পূর্ব্বস্মৃতি আলোড়িত হইয়া তাঁহার চোখে অশ্রুসাগর উথলিয়া উঠিল। আজীবন সাধনার চরম সার্থকভায় ভাঁছার বৃদ্ধ বয়স একটা অগাধ তৃপ্তি ও সফলতার আলোকে উজ্জ্বল, সৌন্দর্য্যময় ও মধুময় হটয়া উঠিল না—ভাঁহার বড় সাধের, নিহ্ন হাতে-গড়া যশোহররাজ্যের প্রাণ প্রতিষ্ঠা করিতে পারিলেন না। যাইতে যাইতে তাঁহার মনে হইতে লাগিল —এই বোধ হয় যশোহর হইতে তাঁহার শেষ বিদায়। তিনি মনে মনে বলিলেন, "হে ভগবান, তাই হোক্, তা ই হোক্— শক্রর পায়ে স্বাধীনতা বিসর্জ্বন দিয়া হীন মুক্তি ক্রেয় করিয়া যশোহরে আসিয়া আর যেন মুখ দেখাইতে না হয়।"

্ ঢাকায় পৌছিয়া প্রতাপ ইস্লাম খাঁর সহিত সাক্ষাৎ করিয়া সন্ধির প্রস্তাব করিলেন। এনায়েৎ খাঁর নিকট প্রতাপের সামরিক বল, যুদ্ধকৌশল ও বীরত্বের কথা শুনিয়া, তাঁহাকে অতি প্রবল শক্র মনে করিয়া, ইস্লাম খাঁ সন্ধি করিতে অসমত হইলেন ও প্রতাপকে শৃথলিত কবিয়া কারাগারে নিক্ষেপ করিলেন। যশোহববাজ্য মোগলসামাজ্যের অন্তর্ভূ জি করিয়া লওয়া হইল।

প্রতাপের মোগল-কারাগারে বন্দী হওয়ার সংবাদ যশোহরে পৌছিলে, বিষাদেব গভীর ছায়ায় রাজধানী মান হটয়া গেল. —রাঙ্গপুরীতে ক্রন্দনের রোল উঠিল। প্রতাপের বীরপুত্র উদয়াদিতা মোগলের এইরূপ বিশ্বাসঘাতকতায় ক্রোধে ক্ষোভে ও বৈরনির্য্যাতনস্পৃহায় উন্মন্তবৎ হ'ইয়া মোগলসৈয়-দিগকে আক্রমণ করিতে উত্তত হইলেন। বাণী শবৎকুমাবী কিছুতেই পুত্রকে নিবারণ করিতে পাবিলেন না। তিনি বুঝিলেন, মুষ্টিমেয় সৈত্য লইয়া একাকী অগণিত মোগলসৈত্যের সম্মুখীন হওয়া মৃত্যুর নামান্তর মাত্র,—তবুও বীবজ্বনীর মত তিনি চোখের জল চাপিয়া বীরপুত্রকে স্বহস্তে রণ-সাজে সজ্জিত করিলেন। স্নেহের হলাল, একমাত্র পুত্রকে নিশ্চিত মৃত্যুর মুখে ছাডিয়া দিতে তাঁহার হৃদয় ত্রু-ত্রু কাঁপিয়া উঠিল,— কিন্তু তিনি সমস্ত ব্যাকুলতা মন হইতে নির্বাসিত করিয়া, পুক্রের ললাট চুম্বন করিয়া ভাহাব যুদ্ধযাত্রার পথ শত অকথিত আশীর্কাদে অভিষিক্ত করিয়া দিলেন।

সিংহশিশু সিংহবিক্রমে শক্রসৈক্তের উপর পতিত হইল।
কুশলীর রণক্ষেত্রে আবার এক মহাযুদ্ধের অভিনয় হইল।
উদয়াদিত্যের অসামাশ্র বীরদ্ধে রণভূমি মুহুমুহ্ কাঁপিয়া উঠিতে
লাগিল। বহু মোগলসৈত্য ধ্বংস করিয়া সপ্তর্থী-বেষ্টিত
অভিমন্ত্রর মত উদয়াদিত্য বীরোচিত শয্যায় চিরদিনের জন্ম
শর্ম করিলেন।

উদয়াদিত্যের মৃত্যু-সংবাদ অন্তঃপুরে পৌছিলে উচ্চ আর্ত্তনাদে আকাশ বিদীর্ণ হইতে লাগিল। রাণী নিদারুণ পুত্রশোকে ক্ষণকাল আত্মহারা হইয়া পড়িলেন,—কিন্তু পরক্ষণেই অসীম ধৈর্য্যে বুক বাঁধিয়া, নিজেকে ও অস্তঃপুরচারিণীদিগকে নোগলের অপমান হইতে রক্ষা করিবার জন্ম উপায় চেষ্টায় প্রবৃত্ত হইলেন। এখনই মোগলসৈগ্রগণ অন্তঃপুরে প্রবেশ করিয়া অসহায়া রমণীদের প্রতি অত্যাচার করিবে—এই মনে করিয়া শরৎকুমারী ক্ষিপ্রতার সহিত অন্তঃপুরিকা ও শিশুদের লইয়া এক নৌকায় আরোহণ করিয়া পুরীর পশ্চাৎ-দার দিয়া পলায়ন করিলেন। পরক্ষণেই বিজয়োশ্মন্ত মোগলসৈয়াগণ অন্তঃপুরে প্রবেশ করিয়া লুগ্ঠন আরম্ভ করিল। তাহাদের বিকট উল্লাসধ্বনিতে আকাশ-বাতাস স্তম্ভিত হইয়া গেল; ক্ষিপ্ত মোগলসৈত্যদের লুটপাট ও উচ্চ কলরবের মধ্যে শরংকুমারী বেশী দূর অগ্রসর হইতে পারিলেন না। সত্রই মুসলমান সৈশ্বগণ তাঁহার নৌকা চিনিতে পারিয়া, মহা কোলাহলের সহিত উহা ধরিবার জম্ম অগ্রসর হইতে লাগিল।

শরৎকুমারী নির্ত্তীকভাবে নৌকার বাহিরে আসিয়া দাঁড়াইলেন
—তারপর ভৃত্যকে নৌকার তলদেশ কুঠারের আঘাতে ছিন্ন
করিতে আদেশ দিলেন। ভৃত্য একবার তাঁহার মুখের দিকে
চাহিল—কিন্তু সেই অচঞ্চল পাষাণ-প্রতিমার দৃঢ়সংবদ্ধ দৃষ্টির
দিকে তাকাইয়া তাহার কোন কথা বলিবার সাহস হইল না।
সে নীরবে রাণীর আদেশ পালন কবিল। দেখিতে দেখিতে
তরণী আরোহী সহ অতল জলে ডুবিয়া গেল।

এদিকে প্রতাপ কিছুদিন ঢাকায় মোগল-কারাগারে অবস্থান করিলেন,—তারপর তাঁহাকে লোহ-পিঞ্চরে আবদ্ধ করিয়া আগ্রায় সম্রাট্-দরবারে পাঠান হইল। পথে কাশীধামে পৌছিলে, বিশেশ্বর তাঁহার সকল জ্বালা জুড়াইয়া দিলেন। বাংলার এই প্রাতঃশ্বরণীয় বীর কাশীধামে দেহত্যাগ করিলেন।

## ্ রাজা সীতারাম রায়

্ সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে, বর্ত্তমান যশোহর জেলায়, মধুমতীতীরে, হরিহরনগর গ্রামে সীতারামের জন্ম হয়।) ষোড়শ শতাব্দীর শেষভাগে রাজা মানসিংহ যথন রাজমহলে রাজধানী স্থাপন করিয়া কার্য্য আরম্ভ করেন, তখন সীতারামের পূর্ববপুরুষ শ্রীরামদাস স্থবাদারের খাস সেরেস্তায় হিসাব-বিভাগে কার্য্য করিতেন। ক্রমে জ্রীরামদাস অত্যস্ত বিশ্বাসী হওয়ায়, মানসিংহ তাঁহার উপর সম্ভষ্ট হইয়া তাঁহাকে 'খাস বিশ্বাস' উপাধি দান করেন। তাঁহার পুত্র হরিশ্চন্দ্র রাজসরকারে কার্য্য আরম্ভ করেন এবং রাজধানী স্থানাম্ভরিত হইয়া ঢাকায় আসিলে, তিনিও ঢাকায় যান। ঢাকায় তিনি বৃদ্ধি ও কর্মদক্ষতাগুণে নবাব কর্তৃক 'রায়' উপাধিতে ভূষিত হন। তাহার পুত্র উদয়নারায়ণ ভূষ্ণার তহশীলদার নিযুক্ত হন এবং কিছু জোত ও তালুক ক্রয় করিয়া ভূষ্ণার নিকট হরিহরনগরে বাস করিতে থাকেন। (এই উদয়নারায়ণই সীতারামের পিতা/৷ সীতারাম উত্তররাঢ়ীয় কারস্থ। বিশীভারামের মাতার নাম দ্য়াময়ী। দয়াময়ী অত্যস্ত তেজ্বিনী রমণী ছিলেন। একবার তাঁহার পিত্রালয়ে দ্বিপ্রহর রাত্রে ডাকাইত পড়ে। তখন তিনি সেখানে বাস করিতেছিলেন। বাড়ীর পুরুষেরা ডাকাইতদলের সহিত পারিয়া উঠিতেছে না দেখিয়া, তিনি এক খড়াহস্তে দস্যুদিগকে আক্রমণ করেন। এক আলুথালুবেশা, মৃক্তকেশী নারীকে এইরূপ বণরঙ্গিণী কালিকামূর্ত্তিতে হঠাৎ ভীষণ খড়াহস্তে আক্রমণ কবিতে দেখিয়া দস্যুদল
ভীত হইয়া পলায়ন করে। এই বীরনারীব শোণিত সীতারামের
ধমনীতে সঞ্চালিত হওয়ায় ও তাঁহারই স্তন্তধারায় বন্ধিত হওয়ায়
সীতারাম শৈশব হইতেই অসাধারণ সাহস, বৃদ্ধিমন্তা ও শক্তির
পরিচয় দিয়াছিলেন।

বাল্যকালে সীতারামের লেখাপডার দিকে বিশেষ কোন ঝোঁক ছিল না। তিনি সংস্কৃত, বাংলা ও পার্শী শিক্ষা করিয়া-ছিলেন বটে, কিন্তু লেখাপডায় বিশেষ প্রতিষ্ঠা লাভ করিবেন বা জ্ঞানার্জনই জীবনের ত্রত করিবেন, এরূপ কোন কল্লনা কোন দিনই তাঁহার মনে আসে নাই। বালাকালে শ্বীরচর্চার দিকেই তাঁহার সমস্ত মনোযোগ আরুষ্ট হয়। তিনি মল্লক্রীডা, অসি-চালনা, লাঠিখেলা প্রভৃতিতে অধিকাংশ সময় ব্যয় করিতেন। মহারাষ্ট্রনায়ক শিবাজী ও ফরাসী বীর নেপোলিয়ানের সাথে এইখানে তাঁহার বিশেষ সাদৃশ্য দেখা যায়। শিবাজী যেমন বাল্যকালে বন্ধুর পর্বতশিখরে দিবারাত্র অশ্বারোহণে বেড়াইতেন, নেপোলিয়ান যেমন সহপাঠীদের সহিত পাঠ্যবিষয়ের আলোচনা না করিয়া কুত্রিম রণাভিন্যে ব্যস্ত থাকিতেন, সীতারামও সেইরূপ, শৈশব ও কৈশোরের দিনগুলি পাঠ্যপুস্তকের মধ্যে আবদ্ধ না রাখিয়া, শারীরিক শক্তি, সাহস ও কৌশলবৰ্দ্ধক কার্য্যে নিযুক্ত করিয়া, এক ছর্দ্ধর্য সৈনিক-জীবনের ভিস্তি রচনা করিয়াছিলেন। বাল্যকাল হইতে সীতারামের বৈষয়িক কর্মেও বিশেষ আগ্রহ ছিল। তিনি, শ্রামনগর প্রভৃতি বিভিন্ন গ্রামে তাঁহার যে ভূসম্পত্তি ছিল, তাহা পরিদর্শন করিবার জন্ম প্রায়ই অখারোহণে বহির্গত হইতেন ও প্রায় সারাদিন মাঠে মাঠে ঘুরিয়া বেড়াইতেন।

/ সীভারাম যৌবনে পদার্পণ করিয়া দেখিলেন যে, দক্ষিণ ও পূর্বববঙ্গের অধিবাসিগণ মগ ও ফিরিঞ্জি দস্থার অত্যাচারে ভীষণ-ভাবে নির্য্যাতিত হইতেছে। পাঠান চোরদস্থ্যও দেশের মধ্যে একটা ঘোরতর অত্যাচারের অবতারণা করিতেছে।, লোক ধনপ্রাণ লইয়া সর্ববদাই সশঙ্কিত। পথিক নির্ভয়ে পথ চলিতে পারে না, গৃহী রাত্রে নিঃশঙ্কচিত্তে নিজা যাইতে পারে না, অর্থাদি এক স্থান হইতে অগ্য স্থানে প্রেরিভ হইতে পারে না। চারিদিকে যেন একটা প্রবল অশান্তির আগুন দাউ দাউ করিয়া জ্বলিতেছে—দেশ শ্মশানে পরিণত হইতে চলিয়াছে। দেশের এই ফুর্দ্দশা দেখিয়া সীতারাম ভাবিলেন—মানুষ হইয়া, সভ্য-সমাজে বাস করিয়া, যদি কোন অস্থবিধার প্রতীকার করিতে না পারিয়া ভিলে ভিলে ভাহার পেষণে মরিতে হয়, ভবে সে জীবনধারণ ত বিভূমনা মাত্র—সে পরাজয় পশুতের পরিচায়ক ও মমুয়ত্বের অবমাননাকারী। ( সীভারাম, দেশবাসীকে এই মর্মান্তিক যন্ত্রণা হইতে মুক্ত করিবার ক্বস্থা, যৌবনের সমস্ত শক্তি, উৎসাহ ও প্রতিজ্ঞা লইয়া অগ্রসর হইলেন।) ভিনি তাঁহার সমবয়স্ক বন্ধুদের লইয়া এক স্বেচ্ছাসেবকদল গঠিত

করিলেন। 🜶 ছদ্দান্ত দস্মাগণের সম্মুখীন হইতে হইলে আত্মরক্ষায় সমর্থ হওয়া দরকার মনে করিয়া, সীতারাম যুবকদিগকে লাঠি-খেলা ও তরবারি-চালনা শিক্ষা দিতে লাগিলেন। সীতারাম লাঠিখেলায় ও অসি-চালনায় সিদ্ধহন্ত ছিলেন,—তাঁহার পরি-চালনে স্বেচ্ছাসেবকদল শীঘ্রই অসীম শক্তিশালী হইয়। উঠিল। তিনি এই যুবকদল লইয়া দম্যুদলনে নিযুক্ত হইলেন ম এই স্বেচ্ছানির্বাচিত স্থকঠিন কার্য্যে তাঁহার যৌবনেব মনোবম দিন-গুলি অতি ভীষণ কঠোরতার মধ্য দিয়া কাটিতে লাগিল। তিনি যৌবনোচিত বিলাস-ব্যসন পরিত্যাগ করিলেন, আমোদ-বিশ্রাম ভূলিয়া গেলেন, এমন কি আহাব-নিদ্রারও কোন নিয়মিত সময় রহিল না—কেবল রাত্রিদিন নানাস্থানে দস্তার পশ্চাতে পশ্চাতে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। কথনও তিনি নদীপথে নৌকার উপরই নিজাহীন রাত্রি কাটাইতে লাগিলেন. —কখনও বা অন্ধকার রাত্রিতে ক্রো**শে**র পব ক্রোশ দস্তার পশ্চাদমুসরণ করিতে করিতে চলিতে লাগিলেন। গ্রীম্মের রৌজ, বর্ষার বৃষ্টি, শীতের ঠাণ্ডা—সমস্ত সহ্য কবিয়া অনশনে, অদ্ধাশনে থাকিয়া, পদে পদে নিজেব জীবন বিপন্ন করিয়া, তিনি দস্ম্যুগণকে দেশ হইতে বিতাড়িত করিবার চেষ্টা করিতে লাগিলেন।

সায়েস্তা থাঁ তথন বাংলার স্থাদার। ঢাকা তাঁহার রাজধানী। তিনি যশোহর-অঞ্লে দস্যুতস্করের অত্যাচার দমন করিবার জন্ম বছবার চেষ্টা করিয়াও ভালরূপ কৃতকার্য্য হইতে পারেন নাই। সীতারাম এই কার্য্যে বদ্ধপরিকর হইয়াছেন ও অনেকটা কুতকার্য্য হইয়াছেন দেখিয়া, সায়েস্তা খাঁ তাঁহার প্রতি অতান্ত সম্ভুষ্ট হইয়া তাঁহাকে ঢাকায় আহ্বান করিলেন। সীতারাম আরও কয়েকবার কর্মবাপদেশে ঢাকা গিয়াছিলেন—এবার ঢাকা যাইয়া বাদশাহের সহিত সাক্ষাৎ করিলেন। নবাব সীতারামের বলিষ্ঠ দেহ ও তেজম্বী স্বভাব দেখিয়া এবং তাঁহার সহিত আলাপে বৃদ্ধিমন্তার পরিচয় পাইয়া, ভাঁহার উপর দক্ষিণবঙ্গের দস্যুদমনের ভার দিলেন এবং তাঁহার এই কার্য্যে যথোপযুক্ত সৈশ্য ও অর্থ সাহায্য করিবেন বলিয়া প্রতিশ্রুতি দিলেন। বাদশাহের নিকট সাহায্য পাইয়া সীতারাম অত্যন্ত উৎসাহায়িত হইলেন এবং দেশবাসীকে চিরকালের মত এই অশান্তি হইতে মুক্ত করিবার জন্ম প্রাণপণ চেষ্টা করিতে লাগিলেন। / করিম খা নামক একজন পাঠান তখন দক্ষিণবঙ্গে অমামুষিক অভ্যাচার করিতেছিল 🗅 তাহার পীড়নে প্রজাবন্দ ওষ্ঠাগত-প্রাণ হইয়াছিল। বাদশাহী সৈন্তের সহিত তাহার বহুবার সংঘর্ষ হইয়া গিয়াছে, কিন্তু কিছুতেই তাহাকে দমন করা যায় নাই,---বরং তাহার অভ্যাচার আরও বাড়িয়া চলিয়াছে। সীতারাম অসাধারণ সাহস প্রদর্শন করিয়া, নিজের দলবল ও নবাবের সৈক্ত লইয়া, সুযোগমত একবার করিম খাঁকে ভীষণ-ভাবে আক্রমণ করিয়া পরাস্ত করিলেন। আরও কয়েকবার স্থানে স্থানে তাহাকে পরাস্ত করিয়া অবশেষে তাহাকে দক্ষিণবঙ্গ হইতে চিরকালের মত বিভাডিত করিয়া দিলেন। দস্যুতস্করের উপদ্রব হইতে দেশ মুক্ত হইল। ক্রমে ক্রমে সীতারামের যশোগানে চারিদিক মুখরিত হইষা উঠিল। নবাব তাঁহার বীরত্বে অত্যস্ত সম্ভূষ্ট হইষা তাঁহাকে নলদী প্রবর্গণ জায়গীব-স্বরূপ দান করিলেন। দেশ আবার শাস্তিও সমৃদ্ধির আলোকে হাসিয়া উঠিল। দেশবাসীরা নিরুদ্বেগচিত্তে বাস করিতে লাগিল এবং সীতারামকে অজস্র ধন্তবাদ ও আশীর্বাদে অভিষিক্ত করিতে লাগিল। সীতারামের নাম চারিদিকে প্রচারিত হইয়া পড়িল।

দক্ষিণবঙ্গে বাদশাহেব বাবজন কর-সংগ্রাহক ছিল। তাহাবা নিয়মিতরূপে রাজসরকারে কর পাঠাইত না এবং একপ্রকার স্বাধীনভাবে কার্য্য করিত। তাহাদের মধ্যে অনেকেই শেষে বিল্রোহী হইয়া উঠিয়া বাদশাহের বিপক্ষাচরণ কবিতে লাগিল। নবাব সীতারামের বীরত্ব ও শক্তিমন্তার পরিচয় পূর্বেই পাইয়া-ছিলেন,—তিনি সীতারামের উপর বিল্রোহদমনের ভার দিলেন। সীতারাম, বহু চেষ্টার পর এই বিল্রোহ দমন কবিয়া নবাব-সরকাবে নিয়মিত কর পাঠাইবাব ব্যবস্থা করিয়া দিলেন। এই হুরুর কার্য্য সম্পাদন করিয়া তিনি নবাবের অত্যন্ত প্রিয়পাত্র হুইরা পড়িলেন। তাঁহার কথা দিল্লীতে বাদশাহের কর্ণগোচব হুইল। বাদশাহ তাঁহাকে অত্যন্ত প্রশংসা করিতে লাগিলেন।

ক্রমে সীতারামের রাজ্য ও ক্ষমতা বিস্তৃত হইয়া পড়িল। সেই সময়ে দক্ষিণবঙ্গের জমীদারগণের মধ্যে তিনিই সর্বব্যোষ্ঠ হইয়া উঠিলেন। তাঁহার বীরত্ব ও দত্ম্যদলনের কথা সকলের মুখে মুখে ফিরিতে লাগিল। জনসাধারণের অগাধ প্রীতি, প্রচ্র অর্থ ও বিস্তৃত রাজ্য তাঁহাকে শীঘ্রই অশেষ প্রতিষ্ঠাশালী করিয়া তুলিল। সবাব তাঁহার কার্য্যের পুরস্কারস্বরূপ বাদশাহের অমুমতি অমুসারে সীতারামকে 'রাজা' উপাধি দান করিলেন ও দক্ষিণবঙ্গের অরণ্যাবৃত বিশাল ভূমিখণ্ডের অবাধ অধিকার প্রদান করিলেন। সীতারাম মহাসমারোহের সহিত অভিষেক-উৎসব সম্পন্ন করিয়া রাজোপাধি ধারণ করিলেন।

সীতারাম 'রাজা' হইয়া উপযুক্ত একটি রাজধানী স্থাপনের জম্ম চেষ্টা করিতে লাগিলেন। একটি স্থান নির্বাচিত হইল। সীতারাম সেই স্থানের জঙ্গল কাটাইয়া নগর পত্তনের আয়োজন করিতে লাগিলেন। সেই স্থানে মহম্মদ থাঁ নামে একজন মুসলমান ফকির বহুদিন হইতে বাস করিত। প্রজাবৎসল সীতারাম তাহার প্রতি বিন্দুমাত্র অত্যাচার না করিয়া তাহারই নামে নগরের নাম রাখিলেন—মহম্মদপুর। এই/মহম্মদপুরেই তিনি তাঁহার রাজধানী স্থাপন করিলেন।

মহম্মদপুরে রাজধানীস্থাপনের পর সীতারাম অক্লান্ত পরিশ্রেমে উহাকে সমৃদ্ধিশালী ও সর্বপ্রকারে রাজধানীর উপযুক্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন) এক চতুদ্ধোণ স্থদৃঢ় হুর্গ নির্মিত হইল; একক্রোশব্যাপী সুদীর্ঘ ও স্থগভীর পরিখা খনিত হইল; রাজধানীর মধ্যে বহু স্থপ্রশস্ত রাজপথ নির্মিত হইল। ভিনি রাজধানীর মধ্যে স্থানে স্থানে বৃহৎ বৃহৎ জলাশয় খনন করিলেন। হুর্গ-ভোরণের নিকট এক অভি বৃহৎ সরোবর খনন করিয়া ভাহার নাম রাখিলেন—রামসাগর। এই বিশাল সরোবর উত্তর দক্ষিণে ১৫০০ হাত দীর্ঘ এবং পূর্ব্ব পশ্চিমে ৩০০ হাত প্রশস্ত। নগরের মধ্যে স্থবসাগর, কুঞ্চসাগর নামে আবও বহু দীর্ঘিকা খনিত হইল। স্থানে স্থানে সুদৃশ্য দেবমন্দির নির্মিত হইল ও তাহার মধ্যে তিনি বিগ্রহ প্রতিষ্ঠিত কবিলেন। সীতারাম বিপুল সমারোহেব সহিত লক্ষ্মীনারাযণ বিগ্রহ প্রতিষ্ঠিত করিলেন। সাধারণ লোকের মধ্যে এই বিশ্বাস প্রবল ছিল যে, এই লক্ষ্মীনারায়ণই তাঁহাব উন্নতিব মূল। লক্ষ্মীনারায়ণ সম্বন্ধে এইরূপ জনপ্রবাদ প্রচলিত যে, সীতাবাম অশ্বারোহণে ভ্রমণ করিবার সময়, একদিন হঠাৎ তাঁহার অশ্বের ক্ষর মাটিতে গাডিয়া গিয়া অর্থ অচল হইয়া পড়ে। সীতারাম অশ্ব হইতে অবতরণ করিয়া অশ্বের পদ উদ্ধার করিয়া দেখিলেন যে, তাহার নীচে একটি দেবমন্দির দেখা যাইতেছে। পরে নিমে খনন করিয়া লক্ষ্মীনারায়ণ বিগ্রাহ বাহির করিলেন। এই বিগ্রহপ্রাপ্তির পরই সীতারামের ক্রত উন্নতি হইতে লাগিল। সীতারাম মহম্মদপুরের সৌন্দর্য্যবৃদ্ধি করিবার জন্ম স্থানে স্থানে পুষ্পোভান রচনা করিলেন। কোথাও পথপার্খে সাধারণের বিশ্রাম ও চিত্তবিনোদনের জন্ম উচ্চানশোভিত বিশ্রামাগার নিশ্মিত হইল। এইরূপে মহম্মদপুর অল্লদিনের মধ্যেই অশেষ-সৌন্দর্য্যমণ্ডিত এক বৃহৎ নগরে পরিণত ছইল।

্রাজধানীর বাহ্যিক উন্নতি সাধন করিয়া সীতারাম তাহার আভ্যস্তরিক উন্নতিতে মনোনিবেশ করিলেন।) তিনি বাংলার নানাপ্রাপ্ত হইতে বিবিধশিশ্পবিত্যাকুশল লোকদিগকে সাগ্রহে লইয়া আসিয়া মহম্মদপুরে স্থাপিত করিলেন। কেহ বা বয়ন-শিল্পের কারখানা খুলিয়া নানাবিধ বস্ত্রবয়ন আরম্ভ করিল; কেহ বা মৃৎশিল্পের কার্য্যে ব্যস্ত রহিল; কেহ বা নানাবিধ ভৈজসপত্রাদি নির্মাণ করিতে লাগিল। মহম্মদপুরেব বাজার এক বৃহৎ শিল্পপ্রদর্শনীতে পরিণত হইল। শিল্প ও বাণিজ্যের জন্ম শীজ্ঞই মহম্মদপুরের নাম চারিদিকে খ্যাত হইয়া পড়িল। সীতারাম নিজ রাজধানীতে বিখ্যাত কর্মকারগণের ছারা কামান-বন্দুক, গোলা-গুলি ও অস্ত্রশস্ত্রাদি নির্মাণের ব্যবস্থা করিলেন। 'জাহানকোষ'-নির্মাতা জনার্দ্মনের মত বহু স্থদক্ষ কর্মকার ঢাকা হইতে মহম্মদপুরে আসিরা তাঁহার জন্ম কামান-বন্দুক নির্মাণ করিতে লাগিল।

রাজধানী স্থৃদৃশ্য ও সমৃদ্ধিশালী করিয়া সীতারাম রাজ্যের প্রজাবন্দেব উন্নতির প্রতি মনোযোগ দিলেন।, নানাস্থান হইতে দলে দলে লোক আসিয়া ভাহার রাজ্যে বাস করিতে লাগিল। যশোহর-খুলনা অঞ্চলে বাসের উপযুক্ত স্থানসকল ক্রেমেই পূর্ণ হওয়ায় অবশেষে তিনি তাঁহার রাজ্যের জঙ্গলার্ত স্থানসমূহের জঙ্গল কাটাইয়া ক্রমাগত প্রজাপত্তন করিতে লাগিলেন। সীতারামের স্থাসন ও দস্যুদলনের কথা শুনিয়া, লোকে নিরুপদ্রবে ও স্থেশান্তিতে বাস কবিবার আশায় সীতারামের রাজ্যে ছুটিয়া আসিতে লাগিল ) তিনিও তাহাদের বাসস্থান ও প্রচুর আবাদী জমী দিয়া নিজরাজ্যে প্রতিষ্ঠিত

করিতে লাগিলেন। দৈখিতে দেখিতে সীতারামের এক ধনজনপূর্ণ বিশাল রাজ্য গঠিত হইয়া উঠিল 🕽 সীতারামের স্থুশাসন ও প্রজাবৎসলতায় তাঁহার প্রজাবন্দ স্থপনাচ্চন্দো বাস করিয়া ও বহু আবাদী জ্মীর উপস্বত্ব ভোগ করিয়া পরম আনন্দের সহিত দিনপাত করিতে লাগিল। এদিকে প্রজাবন্দের জলকষ্ট নিবারণের জন্ম সীতারাম রাজ্যের বহুস্থানে পুষ্করিণী খনন করিয়া দিতে লাগিলেন। কথিত আছে, সীতারামেব সঙ্গে বাইশশত কোদালী থাকিত। তিনি যে পথ দিয়া যাইতেন. সে পথেই পুষ্করিণী খনন করিতে করিতে যাইতেন এবং নিত্য নূতন পুষ্করিণীর জলে স্নান কবিতেন। এই জনপ্রবাদ হয়ত অতিরঞ্জিত, কিন্তু ইহার মৃলে যে তাঁহার জলদানপ্রবৃত্তি বর্ত্তমান, তাহা নিঃসন্দেহে বলা যাইতে পাবে। আজও যশোহর-খুলনা অঞ্জে সীতারামের বন্থ জলাশয়েব নিদর্শন দেখিতে পাওয়া যায়। সীতারাম তাঁহার বাজ্যে শিক্ষা-বিস্তারের জন্মও প্রভূত চেষ্টা করিতে লাগিলেন। বহু স্থানে তিনি চতুষ্পাঠী স্থাপন করিয়া অধ্যাপকদিগের ভরণপোষণেব জন্ম প্রচুর ভূমি-বৃত্তি দান করিলেন। এতদ্বংতীত শাস্ত্র-ব্যবসায়ী বহু ব্রাহ্মণপণ্ডিতকে তিনি যথেষ্ট ভূসম্পত্তি দান করিলেন। এখনও পণ্ডিতগণেব বংশধবগণ কেহ কেহ সীতারামপ্রদন্ত ব্রহ্মান্তর ভোগ করিতেছেন। সীতারাম তাঁহার মুসলমান প্রজাবৃন্দের শিক্ষার জন্মও বিশেষ যত্ন করিতে লাগিলেন। তিনি বহু মক্তব ও মাদ্রাসা স্থাপন করিয়া মৌলবীদিগকেও ভূমি-বৃত্তি দান করিলেন। সীতারামের আন্তরিক উৎসাহ ও চেষ্টায় তাঁহার রাজ্যমধ্যে প্রজাবুন্দের শিক্ষার পথ অত্যন্ত সুগম হইয়া গেল। এইরাপে সীতারামের প্রজাবৃন্দ অন্তর্কন্ত, জলকন্ত ও শিক্ষা-সঙ্কট হইতে একেবারে মুক্ত হইয়া রামরাজ্যে বাস করিতে লাগিল।

আরংজেব, তাঁহার রাজত্বের শেষভাগে, বাংলাদেশের রাজ্য আদায় সম্পূর্ণরূপে হইতেছে না দেখিয়া, তাঁহার পৌত্র আজিম ওশ্বানকে বাংলার স্থবাদার করিয়া পাঠাইলেন। আজিমের সহিত মুর্শিদকুলী খাঁ তাঁহার দেওয়ান হইয়া আসিলেন ) আজিম ওশান ও মূশিদকুলী থাঁ বাংলায় আসিয়া, ঢাকার রাজধানী স্থাপন করিয়া রাজ্যশাসনের আয়োজন করিলেন। মূর্শিদকুলী রাজস্ববিভাগের সংস্কারে প্রবৃত্ত হইলেন। তিনি বাংলাদেশ ১৩ চাক্লায় বিভক্ত করিয়া, উহার মধ্যে ১৬৬ টি পরগণা স্থাপন করিলেন এবং বার্ষিক ১৪২৮৮১৮৬ টাকা রাজকর নির্দ্ধারণ করিলেন। এই রাজকর আদায় করিবার জন্ম চাক্লায় চাক্লায় এক একজন ফৌজদার নিযুক্ত হইল। এই সমস্ত ফৌজদারের অধীনে চাক্লায় চাক্লায় সৈশ্য থাকিত। মুর্শিদকুলী থা এই নিয়ম প্রবর্ত্তন করিলেন যে, জমীদারগণ নির্বিবাদে রাজকর না দিলে, একের রাজ্য অন্সের হস্তে সমর্পণ করা হইবে।

(আজিম ওশ্বান কিছুকাল বাংলার স্থবাদার থাকার পর, মুর্শিদকুলী থার সহিত তাঁহার ঘোরতর মনোমালিভ হইল া

তাহার ফলে আজিম ওশান মুশিদকুলী থাঁকে হত্যা করিতে চেষ্টা করিলেন। কিন্তু মুশিদকুলী থাঁ অত্যন্ত নির্ভীক পুরুষ ছিলেন,—তাঁহার নির্ভীকভায় আততাযীরা পলায়ন করিল। তিনি তাঁহার সেরেস্তা, কাগজপত্র ইত্যাদি লইয়া মুশিদাবাদে চলিয়া গেলেন। সমাট্ বিরক্ত হইযা আজিম ভশানকে কর্মত্যাগ করাইয়া দিল্লীতে লইয়া গেলেন)

্ আজিম ওশানের পরে মুশিদকুলী খাঁ বাংলার নবাব হইলেন। তিনি ঢাকা হইতে রাজধানী উঠাইযা মূর্শিদাবাদে লইয়া গেলেন। মুর্শিদকুলী নবাব হইযা নিদারুণ কঠোবভাব সহিত রাজস্ব আদায় করিতে লাগিলেন।) তিনি শুভ পুণ্যাহ নামে এক নৃতন রীতি প্রবর্ত্তিত কবিলেন। বৈশাখ মাসে মুর্শিদাবাদে যাইয়া জমীদারদিগকে তাহাদের সমস্ত রাজকব পরিশোধ করিয়া আসিতে হইবে, না হইলে আগামী বৎসবের জন্ম তাহারা জমীদারীব মালিক হইতে পারিবে না এবং কঠিন দণ্ড গ্রহণ করিতে হইবে। বাজকর বাকী পডিলে, এক তুর্গন্ধপূর্ণ, নরকত্বা গৃহে জমীদারদিগকে বন্দী করিয়া রাখা হইতে লাগিল,—এ গৃছের নাম রাখা চটল বৈকুণ্ঠ, খাঞ্জানা বাকী পড়িলেই বৈকুণ্ঠবাসের ব্যবস্থা হইতে লাগিল। বাংলার জমীদারমহলে এক বিষম আতত্তের সৃষ্টি হইল। বছ জ্মীদার নির্যাতিত হইতে লাগিল—কত রাজপ্রাসাদে হাহাকারধ্বনি উঠিল-কত স্থুসজ্জিত নগর শ্রশানে পরিণত रुटेन।

্রিত গোলযোগের মধ্যে সীতারাম মহম্মদপুরে রাজধানী স্থাপন করিয়া এক বিশাল রাজ্য গড়িয়া তুলিয়াছেন। মোগলরাজ্বশক্তির সেদিকে বিশেষ কোন দৃষ্টিই পড়ে নাই) সীতারাম এখন এক বিস্তৃত রাজ্যের অধীশ্বর, প্রভৃত অর্থে তাঁহার রাজকোষ পূর্ণ,—কামান-বন্দুক, অন্ত্র-শস্ত্র ও অগণিত সৈন্তে তাঁহার সামরিক শক্তি এখন দৃঢ়-ভিত্তির উপর স্থাপিত,—প্রজ্ঞাগণ তাঁহার অমুরক্ত—রাজ্যমধ্যে চারিদিকে শান্তি, ঐশ্ব্যও প্রচুর। ্সীতারাম বাল্যকাল হইতেই অত্যস্ত স্বাধীনচেতা ছিলেন। এখন সমস্ত মোগলসম্বন্ধ বিচ্ছিন্ন করিয়া, এক স্বাধীন হিন্দুরাজ্য স্থাপনের আকাজ্ঞা প্রবলভাবে তাঁহার হাদয়ে জাগিয়া উঠিল ৷ স্বাধীনতার ভীষণ মোহ কিছুতেই তিনি কাটাইয়া উঠিতে পারিলেন না। সেই সময়ের রাজ-নৈতিক অবস্থাও কতকপরিমাণে তাঁহাকে স্বাধীনতা-ঘোষণায় উৎসাহিত করিল। আরংজেবের মৃত্যুব পর মোগলসাত্রাজ্যের একটা বিশৃঋ্ল অবঁস্থা উপস্থিত হইয়াছে∤ সিংহাসনলাভের জ্ব্যু ভ্রাতৃগণের মধ্যে একটা ঘোরতর বিবাদের পর হীনশক্তি বাহাত্বর শাহ দিল্লীর সমাট্ হইয়াছেন। কেন্দ্রীয় রাজশক্তির ছুর্ববলতায় বাংলার নবাবেরও অনেক পরিমাণে বলহানি হইয়াছে। (তাহার উপর মুর্শিদকুলী থাঁর অত্যাচারে বাংলার বক্ত জ্বমীদার মনে মনে একটা ঘোরতর বিজ্ঞোহের ভাব পোষণ করিতেছে)—বাহাতঃ বিশেষ কিছু প্রকাশ না করিলেও, তাহারা 😘 ভূপের মত অগ্নিসংযোগের অপেক্ষায় বসিয়া আছে। দীতারাম, এই সমস্ত অমুকুল অবস্থা বিবেচনা করিয়া, এত-দিনকার মনোমন্দিরে নিভৃতে পুঞ্জিত, সেই স্বাধীনতা-লক্ষ্মীকে বাহিরে স্থাপন করিয়া, সহস্র চক্ষুর সম্মুখে, মহাসমারোহে, মহার্ঘ-উপহারে, পূজা করিতে অগ্রসর হইলেন।

সীতারাম নিয়মিত সময়ে রাজকর পাঠাইলেন না। তাগিদ আসিল;—তিনি তাহা ঘৃণাভরে উপেক্ষা করিলেন। ভূষ্ণার ফোজদার বহু ভং সনা করিয়া এক কর্মচারীর নিকট এক পত্র দিয়া তাহাকে সীতারামের নিকট পাঠাইলেন) কর্মচারী সীতারামের নিকট আসিয়া বাকী খাজানার জন্ম তাহাকে অজস্র কটুক্তি কবিতে লাগিল। সীতারাম উত্তেজিত হইয়া ফোজদারকে আর এক কপদ্দকও খাজানা দিবেন না বলিয়া, কর্মচারীকে বিতাড়িত করিয়া দিলেন। সীতারাম পূর্বের সহযোগী ছিলেন, এখন পূর্ণ অসহযোগ ঘোষণা করিলেন।

সীতারামেব স্পর্দ্ধা ও প্রক্ষত্য দেখিয়া ফৌজদার তাঁহাকে উপযুক্ত শাস্তি দিতে মনস্থ করিলেন। তাঁহার সৈত্যদল লইয়া তিনি সীতারামের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হইলেন। সীতারাম পূর্বে হইতেই প্রস্তুত ছিলেন,—তিনিও ভীনবেগে ফৌজদারকে বাধা দিলেন। সীতাবামের স্থশিক্ষিত সৈত্যের নিকট ফৌজদারের সৈত্যদল ছিন্ন-ভিন্ন হইয়া গেল। এক ভীবণ যুদ্ধের অবসানে, ফৌজদার পরাজ্ঞিত হইয়া পলায়ন কবিলেন দুবিক্ষয়ী সীতারামের বিজয়ধ্বনি মধুমতীর জলকল্লোলের সহিত

মিশিয়া স্থান দিগন্তে প্রতিধানিত হইতে লাগিল। (সীতারাম ভূষ্ণা দখল করিয়া তাঁহার রাজ্যের অন্তর্ভুক্ত করিয়া লইলেন।)

্সীতারামের সহিত একত্রে যাঁহারা তাঁহার প্রতিষ্ঠা-সৌধের ভিত্তি রচনা করিয়াছিলেন—তাঁহারা সীতারামের একদল অস্তরক বন্ধু। বধন দস্যদলন-সংকল্প লইয়া সীতারাম প্রথম কার্য্যক্ষেত্রে অবভীর্ণ হন, তখন তাঁহার বীরত্বে ও সাহসে মুগ্ধ হইয়া এবং তাঁহার ব্যক্তিত্বের প্রবল আকর্ষণে একদল উৎসাহী, কর্মী যুবক তাঁহার সঙ্গে থাকিয়া কার্য্যের প্রচুর সহায়তা করেন। ক্রমে হুদয়ের বিনিময় হইলে সীতারামের সহিত তাঁহাদের অগাধ বন্ধুত্ব হয়। তারপর যখন সীতারাম রাজা হইলেন, তখন ভাঁহাদিগকে ভিনি নিজরাজ্যে উচ্চপদে নিযুক্ত করেন। ভাঁহার। সীতারামের মৃত্যু পর্যান্ত ভাঁহার পার্শ্বে থাকিয়া মন্ত্রণার ছারা, বীরত্বের দ্বারা, স্বার্থত্যাগের দ্বারা, তাঁহার উন্নতির পথ কুসুমাস্তীর্ণ করিয়াছেন এবং ভাঁহার স্বাধীনতার স্পৃহাকে উদ্দীপিত করিয়া, উহাকে ভাবপ্রবণতার বায়ুস্তর হইতে নামাইয়া আনিয়া স্বাভাবিক, সঙ্গত এবং ব্যবহারিক ভিত্তির উপর স্থাপিত করিয়া দিয়াছেন। এই বন্ধুসজ্বের মধ্যে মোনাহাতীই ছিলেন সর্ব-প্রধান। মোনাহাতীর প্রকৃত নাম রামরূপ। তাঁহার বিশাল, বলিষ্ঠ দেহ, অসাধারণ শারীরিক বল, লোহকঠিন মাংসপেশী ও ভৎসঙ্গে অনুদ্ধত ভাব দেখিয়া লোকে তাঁহাকে এক ক্ষুদ্ৰ হস্তী-বিশেষ মনে করিয়া মোনাহাতী বলিয়া ডাকিত। তিনি শুদ্ধাচার-

সম্পন্ন ও ভগ্বৎপরায়ণ ছিলেন এবং আজীবন ব্রক্ষচর্য্য পালন করিয়াছেন। তিনি স্বাধীনতার একনিষ্ঠ উপাসক ও দেশ-মাতৃকার ভাবগদ্গদ পূজারি ছিলেন। সেই অকুভদাব, সংসার-বিমুখ যুবক, নিকাম কর্মযোগীর মত সমস্ত কার্য্যই কর্ত্তব্য বোধে করিয়া গিয়াছেন,—সংসারে ভাঁহার আসক্তিব কোন বন্ধনই ছিল না। তিনি সমস্তদিন তর্গমধ্যে সৈকাগণের রণশিক্ষা দিয়া দিনাস্তে একমৃষ্টি হবিষ্যান্ন ভক্ষণ কবিয়া রাত্রে সিংহঘারে একাকী শয়ন করিয়া থাকিতেন। তাঁহার এই অমানুষিক নিভাঁকতা ও সংসারের কোন আপদ-বিপদকেই গ্রাহ্য না কবিতে দেখিয়া লোকে বলিত-মোনাহাতী অমর। মোনাহাতীই সীতাবামের প্রধান সেনাপতি ও মন্ত্রী ছিলেন। <sup>?</sup> বক্তাব খাঁ পূর্নের একজন ভীষণ দস্তা ছিলেন, কিন্তু সীতারামের নিকট পরাজিত চন। পরে সীতারামের সংস্রবে আসিয়া, তাঁহাব মহত্ব ও উদাবতার পরিচয় পাইয়া ভাঁহাব একজন গুণগ্রাহী বন্ধকপে পরিণত হন। তিনি দম্যুবৃত্তি ভ্যাগ করিয়া সীভারামের সৈত্যদলে কার্য্যগ্রহণ করেন এবং বন্ধুর কার্য্যে আত্মোৎসর্গ কবেন। মূচরাসিংহ, গবব দালান, মুনিবাম প্রভৃতিও নিজের প্রাণবিনিময়ে সীভাবামকে তুঃখবিপদে পক্ষিণীর মত পাখার আড়াল কবিয়া বাখিতে সর্বনদা উন্তত ছিলেন। সীতাবাম এই বন্ধুবর্গের সাহায্য-রথে আবোহণ করিয়া উন্নতির আকাশে ক্রমাগত উর্দ্ধে উঠিয়া চলিয়াছিলেন ।

ভূষ্ণার ফৌজদারের পরাজ্ঞয় ও সীতাবামের ভূষ্ণাঅধিকারের সংবাদ বাংলার নবাব মুশিদকুলী খাঁর নিকট

পৌছিলে তিনি বিশেষ চিস্তিত হইয়া পড়িলেন। বুর্শিদ বুঝিলেন যে, সীতারাম মোগলের চক্ষে ধূলি দিয়া এমন শক্তি সঞ্চয় করিয়াছেন যে. তাঁহাকে সহজ্ঞে পরাজিত করা অত্যস্ত কঠিन। নিবাব হঠাৎ এই কঠিন কার্য্যে হস্তক্ষেপ করিতে সাহসী হইলেন না। ভূষ্ণা-দখলের পর, সীভারামের নাম দিল্লীতে বাদশাহ-দরবারে বিশেষ একটা চাঞ্চল্যের সৃষ্টি কবিল। তথন আবুতোরাপ নামে একজন মোগলসেনাপতি ভূষ্ণার ফৌঞ্জদারের সনন্দ লইয়া সীতারামকে দমন করিবার জন্ম বাংলায় উপস্থিত হইলেন। আবুতোরাপ মুর্শিদাবাদে পৌছিয়া, মুর্শিদকুলী খাঁর নিকট সনন্দ দাখিল করিয়া সীতারামের বিরুদ্ধে অভিযানের জন্ম উপযুক্ত সৈম্মসাহায্য চাহিলেন) মুশিদকুলী খা। তখন পূর্ণিয়ায় বিজোহদলনে ব্যস্ত ছিলেন—ভাঁহার অধিকাংশ সৈক্সই তথায় ব্যাপৃত ছিল। এদিকে জমীদারদিগকে একেবাবে হীনবীর্য্য করিয়া, অধিক সৈক্য রাখা অনাবশ্যক জ্ঞানে ুমুর্শিদ বছলপরিমাণে সৈম্ভসংখ্যা হ্রাস করিয়াছিলেন। তিনি আবুতোরাপকে বেশী সৈক্ত সাহায্য করিতে পারিলেন না। রাজধানীতে যাহা সৈতা ছিল, তাহাই লইয়া আবুতোরাপ ভূষ্ণা-অভিমূবে যাত্রা করিলেন বু সীতারামের গুপ্তচর সর্ববদাই দেশমধ্যে ঘুরিয়া বেড়াইত। সীতারাম মোগলসেনাপতির অভিযানের সংবাদ পাইবামাত্র আত্মরক্ষা ও স্বাধীনভারক্ষার জন্ম বিপুল উৎসাহে যুদ্ধায়োজন করিতে লাগিলেন। মহম্মদ-পুরে হুর্গরক্ষার জ্বন্থ একদশ সৈক্ত মোনাহাতীর অধীনে রাখিয়া, সীতারাম সসৈত্তে মধুমতী পার হইয়া ভূষ্ণায় উপস্থিত হইলেন। তিনি দ্রুতবেগে ভূষ্ণাকে সুরক্ষিত করিতে লাগিলেন। মধুমতীর তীরে কামানশ্রেণী সক্ষিত করা হইল। প্রবেশপথ-সমূহে সেনানিবাস স্থাপন করিয়া সর্ব্বদা পাহারা দেওয়া হইতে লাগিল। বথাসময়ে আবুতোবাপ মোগলবাহিনী সহ ভূৰ্ণায় উপস্থিত ইইয়া ভীমবেগে সীভারামকে আক্রমণ কবিলেন। সীভারাম সিংহ-বিক্রমে যুদ্ধ কবিতে লাগিলেন। তাঁহার্ব কামানশ্রেণীর গুরুগম্ভীর গর্জনে মধুমতীর উভযতীর প্রতিধ্বনিত হইতে লাগিল। সীতারামের সেনাপতিগণ উন্মত্তের মত মোগলসৈক্ত ধ্বংস করিতে লাগিল। শোণিতস্রোতে মধুমতীর শুভ্রবক্ষ রক্তাভ হইয়া উঠিল। কিছুদিনের যুদ্ধের পর সমস্ত মোগলসৈম্ম নির্দ্ধল হইয়া গেল। <sup>'</sup>আবৃতোরাপ যুদ্ধে প্রাঞ্জিত হইয়া প্রাণত্যাগ করিলেন। সীভারাম, হিন্দুবীরের উপযুক্ত উদারতার সহিত, আবুতোরাপেব মৃতদেহ মহম্মদপুরে আনাইয়া মুসলমান ধর্মাথুযায়ী সমাহিত করিলেন।

বাবুতোরাপের পরাজয় ও মৃত্যু-সংবাদে নবাব মুর্শিদক্লী খাঁ অত্যন্ত বিচলিত হইয়া পডিলেন।) তাঁহার ভয় হইতে লাগিল—সীতারামকে বোধ হয় আর বাদশাহের বশুতাস্বীকার করান যাইবে না। মোগলশক্তির এইরপ অপমানে তিনি ক্রোধান্ধ হইয়া সীতারামকে পরাজিত করিবার উপায় চিন্তা করিতে লাগিলেন। বাদশাহের অনুমতি লইয়া তিনি হাসান আলি নামক একজন মুসলমানকে ভূষ্ণার ফোজদার নিযুক্ত

নবাবের দেঁওয়ান। ভাঁহার জ্যেষ্ঠভ্রাভা রামজীবন তখন নবাব-দরবারে বিশেষ প্রতিপত্তিশালী। নবাব মূর্শিদকুলী খাঁ, রাম্জীবনের পরামর্শমত সমস্ত জ্মীদারের উপর এই আদেশ প্রচার করিলেন যে, যদি কোন জমীদার সীতারামকে কোনও প্রকারে সাহায্য করে, তবে তাহার জমীদারী বাজেয়াপ্ত হইবে ও ভাহাকে কঠিন রাজদণ্ডে দণ্ডিভ করা হইবে বদি কোন खमीनादात समीनाती श्रेट मीजाताम रेमग्र-माश्राया वा शाग्र-সাহায্য পায়, এমন কি যদি কাহারও রাজ্যের মধ্য দিয়া সীতারামের সৈত্য অক্ষত অবস্থায় পলায়ন করে, তবে তাহাকেও শাস্তিভোগ করিতে হইবে। ঘোরতর অত্যাচারী মূর্শিদকুলী খাঁর এই আদেশ-পত্রে জমীদারদিগের হুৎকম্প উপস্থিত হুইল। ভাহারা বাধ্য হইয়া সে আদেশ পালন করিতে অগ্রসর হইল। সীতারামের বিরুদ্ধে অভিযানের আয়োজন হইতে লাগিল। দয়ারাম নামে রামজীবনের একজন বিশ্বস্ত কর্মচারী ছিল। সে অত্যন্ত সাহসী ও বিখ্যাত যোদ্ধা বলিয়া সর্ববত্র পরিচিত ছিল। রামজীবন, ভাঁহার নিজের সৈতাদল ও অত্যাত্য জমীদার-দিগের নিকট হইতে সংগৃহীত সৈন্সদারা গঠিত সৈন্সদলের নেতৃত্বভার দয়ারামের উপর দিবার জন্ম নবাবকে অমুরোধ করিলেন। নবাব সম্ভষ্ট হইয়া দয়ারামের উপর জমীদারী-সৈত্যের নেভৃত্বভার প্রদান করিলেন। স্থবাদারী-সৈশ্য পরিচালনের ভার দেওয়া হইল, সংগ্রামসিংহ নামক এক রাজপুত সেনাপতির

উপর। দরারাম ও সংগ্রামসিংহের অধীনে বিপুল মোগলসৈত্ত দিয়া নবাব, ফোজদার হাসান আলি খাঁকে ভূষ্ণায় পাঠাইলেন টু

আবৃতোরাপের পরাজ্যের পরই সীতারাম বৃঝিয়াছিলেন যে, এইবার ভাঁহার চরম পরীক্ষা উপস্থিত 🕽 এইবারের যুদ্ধের ফলাফলের উপর তাঁহার নবগঠিত রাজ্যেব ভবিষ্যুৎ নির্ভর করিতেছে। হয় তাঁহার এই রাজ্য বাংলার একমাত্র স্বাধীন হিন্দুরাজ্য হইবে—না হয় বর্ষণক্ষান্ত আকাশেব ইন্দ্রধন্থব মত ইহা দেখিতে দেখিতে মিলাইয়া যাইবে। তিনি বিপুল উৎসাহে তাঁহার সৈত্যবল, অর্থবল বৃদ্ধি করিতে লাগিলেন। , ভূষ্ণা সুরক্ষিত করিয়া তিনি নিজে ভূষ্ণায় অবস্থান করিতে লাগিলেন। মহম্মদপুর শাসনের ভার তিনি মোনাহাতীর করিলেন। উভয় স্থানেই সৈক্সগণের সামরিক শিক্ষা দেওয়া হইতে লাগিল। ইহার পর সীভারামের এক কঠোর পরীক্ষার সময় উপস্থিত হইল। যে সমস্ত জমীদার তাঁহাকে স্বাধীনতা-সমরে সাহায্য করিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছিলেন, তাঁহাদের অনেকেই মূশিদকুলী খাঁর ফভোয়ায় ভাত হইয়া নিরপেক্ষতা व्यवस्था क्रिलान । क्रिक्ट क्रिकारिक महरे क्रिकात क्रिका. সীতারামের পক্ষ পরিত্যাগ করিয়া, প্রকাশ্যভাবে তাঁহার শক্রতা করিতে লাগিলেন। এই বিপদসঙ্কল যাত্রায় যাহাদিগকে তিনি সহযাত্রী মনে করিয়াছিলেন—তাহারা সকলেই তাঁহাকে ছাডিয়া যাহারা সে পথের আলোকস্তন্তে দীপ জ্বালিয়া তাঁহার পথ-চলা অতি সহজ করিয়া দিবে বলিয়াছিল, তাহারাই বিশাস- ঘাতকতা করিয়া পথের সমস্ত আলো নিবাইয়া দিল। পথ ত্বৰ্গম—তবুও ভাঁহাকে চলিতে হইবে। উদ্দেশ্য ভাঁহার সিদ্ধির মুকুট পরিবে কিনা জানা নাই, তবুও সে পথ-চলাই যে তাঁহার পরম সত্য। / নবাবের আদেশে সীতারামের রাজ্যে পণ্যন্তব্য আমদানী বন্ধ ইয়া গেল। পদ্ধা, মধুমতী, জলঙ্গী প্রভৃতি নদী দিয়া যে সমস্ত জবা সমগ্র বঙ্গদেশ হইতে সীতারামের রান্ধতে আসিত—তাহা আর আসিতে পারিল না। এইরূপ সন্ধটেও সীতারাম দমিলেন না। তিনি তাঁহার নিজের বাছবল ও তাঁহার বন্ধুদের আত্মোৎসর্গের ক্ষুদ্র তরণীতে আরোহণ করিয়া অকুল সাগরে ভাসিলেন। সীতারামের সম্মুখে খাগ্<del>ড</del>-জব্যসমস্থাই প্রবল আকারে দেখা দিল। , তাঁহার প্রজাবন্দের কোন আহার্য্যকষ্ট না হইলেও, কি করিয়া ভিনি সৈম্যদের রসদ যোগাইবেন ও যুদ্ধাদির আশঙ্কায় কিরূপে রসদ মঞ্ভুত রাখিবেন—তাহা ভাবিয়া পাইলেন না। এই সঙ্কটে তিনি একমাত্র তরবারির উপর নির্ভর করিলেন ৷ তিনি মাঝে মাঝে মোগলদের ও নবাবাশ্রিত জমীদারগণের খাছ ও অক্যান্য দ্রব্য-পূর্ণ নৌকা একস্থান হইতে অক্সস্থানে যাভায়াতের সময় আক্রমণ করিয়া ভাহা লুগ্ঠন করিয়া লইতে লাগিলেন। এইরূপে আশু রসদসমস্থা হইতে অনেক পরিমাণে মুক্ত হইলেন।)

মোগলসেনাপতিগণ একযোগে ভূষ্ণা ও মহর্মদপুর আক্রমণ করিতে মনস্থ করিয়া সৈক্তদল ছইভাগে বিভক্ত করিলেন। নবনিষ্ক্ত ফৌজদার ও সংগ্রামসিংহ একদলের নেতৃত্বভার লইয়া ভূষ্ণা আক্রমণের জন্ম জলপথে যাত্রা করিলেন—অপর-দলকে লইয়া দয়ারাম মহম্মদপুর আক্রমণের জন্ম স্থলপথে রওয়ানা হইল। জলপথগামী সেনাদল ভূষ্ণার নিকটবন্তী হইতেই সীতারাম তাহাদিগকে বাধা দিতে অগ্রসর হইলেন) কামানের ধ্যে মধুমতীর উভয়তীব অন্ধকাবের অবগুণ্ঠনে মুখ ঢাকিল। বাঙ্গালী সৈম্মগণের মুহুমুহ রণোল্লাস-ধ্যনি ও মুসলমান সৈন্মের দীন্ দীন্ রবে চাবিদিক্ সচকিত হইয়া উঠিল। জেলে স্থলে দিনের পর দিন ভূম্ল যুদ্ধ চলিতে লাগিল।

্এদিকে দয়ারাম মহম্মদপুরের নিকট উপস্থিত হইয়া শিবির সিরিবেশ করিল। মোনাহাতীর বীরস্থ্যাতি তখন বাংলার নানাপ্রাস্তে প্রচারিত; দয়াবাম মহম্মদপুরের স্থরক্ষিত অবস্থা দেখিয়া মোনাহাতীর মত সেনাপতির সহিত সম্প্র্কে অবতীর্ণ হইতে সাহস কবিল না। যেমন করিয়াই হোক্, মোনাহাতীকে না মারিলে মহম্মদপুর হস্তগত কবা যাইবে না—এই মনে করিয়া দয়াবাম মোনাহাতীকে হত্যা করিবার জন্ম গুপ্তঘাতক নিষ্কু করিল এবং নগব আক্রমণ না করিয়া নীববে শিবিরে অবস্থান করিতে লাগিল।

বিদিন প্রত্যুবে কুরাশায চারিদিক এমনভাবে আচ্ছন্ন হইয়া গিয়াছিল যে, একহাতের মধ্যেও কোন জিনিস দৃষ্টিগোচর হয় না। মোনাহাতী তাঁহার চিরাভ্যক্ত নিয়ম অনুসারে সেই কুয়াশার মধ্যেই প্রাত্তর্মণে বাহির হইয়াছেন। তাঁহার নিয়ম ছিল-একবার নগর প্রদক্ষিণ না করিয়া তিনি প্রাতভ্রমণ শেষ করিতেন না। শক্র অভি নিকটে থাকিলেও, ভিনি কোন বিপদের আশঙ্কা না করিয়া, নিতাস্ত অক্সমনস্কভাবে অতিক্রম করিয়া চলিতেছিলেন—;হঠাৎ দয়ারামের গুপ্তঘাতকের দল পিছন হইতে তাঁহাকে আক্রমণ করিয়া শূলবিদ্ধ করিয়া ফেলিল) বহু লোক একযোগে, অভর্কিডভাবে শ্লবিদ্ধ করায় মোনাহাতী কোন শক্তিপ্রকাশের বিন্দুমাত্র অবসর পাইলেন না। শুলাঘাতে কর্জরিত হইয়া রক্তাক্তদেহে তিনি মাটিতে পড়িয়া গেলেন। নিষ্ঠুর ঘাতকগণ ভাহার উপরেও তাঁহাকে আঘাত করিতে লাগিল। প্রবলবেগে সর্বাঙ্গ হইতে শোণিভস্রাব হইতে লাগিল,—নিদারুণ আঘাতে তাঁহার অসহ যন্ত্রণা হইডে লাগিল—তবুও তাঁহার প্রাণবায়ু দেহমুক্ত হইল না। তাঁহার হস্তে এক সন্ন্যাসিপ্রদত্ত মহামৃত্যুঞ্জয় কবচ ছিল,—সে কবচ দেহলগ্ন থাকিলে কিছুতেই প্রাণ বাহির হইবে না। তিনি আর যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া, ভাঁহার মৃত্যুসন্ধান বলিয়া দিলেন। ঘাতকগণ কবচ খুলিয়া ফেলিল—ভাঁহার প্রাণ বাহির হইয়া গেল। ্রুশংস বাতকগণ ভাঁহার মস্তক কাটিয়া লইয়া দয়ারামের भिविद्य উপস্থিত হইল। प्रयादाम निष्क्य वाशक्ती प्रथारेवात জন্ম মোনাহাতীর ছিন্নমুগু নবাবের নিকট প্রেরণ করিলেন।) নবাব, সেই বিশাল ছিম্নমুণ্ডের উপর এক অপার্থিব বীর্ত্তের বিলীয়মান ছায়া দেখিয়া, হায় হায় করিয়া উঠিলেন এবং সেই মহাবীরকে জীবন্ত বন্দী না করিয়া এরপভাবে হত্যা করা যে

খোরতর অস্তার হইয়াছে, তাহাই বলিয়া বার বার আক্ষেপ করিতে লাগিলেন। (নবাব সসম্মানে সেই ছিন্নমুণ্ড মহম্মদপুরে পাঠাইয়া দিলেন।

মোনাহাতীব এইরপ শোচনীয় মৃত্যুসংবাদ যখন ভূষ্ণায সীতারামের নিকট পৌছিল, তখন সীতারামেব বোধ হইল, যেন শতসহস্ৰ বজ্ৰ একসঙ্গে ভীষণ-গৰ্জনে তাঁহাৰ মাথায় পড়িয়া তাঁহাকে রসাতলেৰ অতল গহুৱবে সমাহিত করিয়া দিল। /ভিনি অৰ্দ্নমূৰ্চ্ছিতের মত পডিযা গেলেন। মোনাহাতী ছিলেন সীতারামের কার্য্যের উৎসাহদাতা, বিপদের বন্ধু, জটিলভার মীমাংসক, স্বাধীনভার উদ্দীপক, অবসবের স্থা—এক কথায় যথাসর্বস্থ । তাঁহার অভাবে সীতারামের বোধ হইল, যেন এই স্থালোকদীপ্ত পৃথিবী তাঁছার চোখেব সাম্নে একটা বিবাট অন্ধকারের স্তৃপে পরিণত হইল ;—শুধু অন্ধকার—সাম্নে ও পিছনে শুধু অন্ধকারের অতল গহবর। এতদিন তিনি মনে-মনে যে সৌধ রচনা করিতেছিলেন, আজ কোথাকার এক ভূমিকম্পে তাহা চূর্ণ-বিচূর্ণ হটয়। ভাঙ্গিয়া পড়িল। সীতারাম ভাবিতে লাগিলেন—তিনি এখন কি করিবেন। যদি মোগলের সহিত সন্ধি করেন, তবে হয়ত তাঁহার ধর্নপ্রাণ রক্ষা পাইতে পারে, হয়ত স্বাধীনতার বিনিময়ে মুক্তিভিক্ষা পাইতে পারেন। এক-দিকে নিশ্চিন্ত আবাম, ধনৈশ্বর্যা, সুখ-শান্তি, অক্সদিকে সমস্ত স্থাব্যচ্ছন্যের চিরকালের মত পরিসমাপ্তি—সমস্ত আশা-আকাজ্মার চির-নির্বাণ—নিশ্চিত মৃত্যু। সীতারাম তাঁহার অনিবার্য্য পরিণামকে বরণ করিয়া লইলেন; তিনি ুসাধীনত। বিসর্জ্জন দিয়া মোগলের পদসেবী হইয়া থাকিবেন না,—তিনি প্রাণ দিবেন—তবুও মান দিবেন না।

মোনাহাতীর অভাবে মহম্মদপুরের অবস্থা কিরাপ হইয়াছে জানিবার জন্ম সীতারাম ব্যাকুল হইয়া পড়িলেন।) হয়ত বা এতক্ষণ তাঁহার প্রিয়তম রাজধানী শত্রুকবলিত হইয়াছে। হয়ত বা মোনাহাতীর বিহনে তাঁহার অধীনস্থ সেনাপতিগণ ভীত হইয়া মুসলমানের করে হুর্গ সমর্পণ করিয়াছেন। সীতারাম একবার মহম্মদপুরের অবস্থা দেখিবার জন্ম অধীর হইয়া উঠিলেন। কিন্তু বাইবেন কি করিয়া, চারিদিকে শত্রু—নদীভীরে শত্রুর শিবির। তিনি ভূষ্ণার ভার এক বন্ধুর উপর দিয়া, নির্জ্জন নিশীথে, কয়েকজন অমুচরের সহিত ছল্পবেশে মহম্মদপুরে উপস্থিত হইলেন।

মহম্মদপুরে উপস্থিত হইয়া সীতারাম দেখিলেন যে, সহকারী সেনানায়কগণ তুর্গ শক্রকরে সমর্পণ করে নাই বটে—কিন্তু তুর্গের বাহিরে বিজয়োম্মন্ত মুসলমান-সৈম্প্রগণ লুপ্ঠনে ব্যস্ত আছে এবং অত্যাচারিত প্রজাবন্দ প্রাণভয়ে চারিদিকে পলায়ন করিতেছে। সীতারামের উপস্থিতিতে তুর্গবাসিগণ আশ্বস্ত হইল। সীতারাম ভূষ্ণা-রক্ষার আশা পরিত্যাগ করিয়া মহম্মদপুর-রক্ষার জন্ম প্রাণপণে আয়োজন করিতে লাগিলেন। ভূষ্ণায় যে সমস্ত সৈম্ম ও কামান-বন্দুক প্রভৃতি যুদ্ধের সরপ্রাম ছিল, ভাহা রাত্রিতে গোপনে মহম্মদপুরে আনা হইল। সীতারাম

পূর্বেই ব্রিয়াছিলেন, এ যুদ্ধের পরিণাম কি হইবে। তব্ও সীতারাম একবার শেষ চেষ্টা করিতে অগ্রসর হইলেন। তিনি সর্ববপ্রথমে মোনাহাতীর কবন্ধের সংকার কবিলেন এবং কয়েক দিন পরে মুর্শিদাবাদ হইতে তাঁহার ছিন্নমুগু মহম্মদপুরে আসিলে তাহাও একই স্থানে সংকার কবিলেন। তাঁহাব প্রিয়তম বন্ধুব স্মৃতিরক্ষার জন্ম তিনি ঘোব বিপদের মধ্যেও তাঁহার চিতাভম্মের উপর এক স্তম্ভ নির্মাণ করিলেন।

খোরতর যুদ্ধ আরম্ভ হটল। ভূষ্ণায় যে মোগলসেনাদল যুক্তে ব্যাপৃত ছিল, তাহাও দ্যারামের সাহায্যার্থে মহম্মদপুবে উপস্থিত হইল। মধুমতীর তীবে সেই জলসৈক্সদলেব নৌবছব অবিশ্রাস্ত্রখারায় অনলবর্ষণ করিতে লাগিল। নদীভীরে সঙ্ক্রিভ সীতারামের কামানশ্রেণীও ভীমগর্জনে তাহার প্রত্যুত্তর দিতে লাগিল। ভীষণ অগ্নিলাচলিল। মোগলপক্ষের কামানের সংখ্যা অত্যস্ত বেশী হওয়ায় দীর্ঘ সময় আর যুদ্ধেন ফল অনিশ্চিত রহিল না। সীতাবামেব গোলন্দাজগণ একে একে রণক্ষেত্রে পতিত হইতে লাগিল। কেহ কেহ যুদ্ধ ছাডিয়া পলায়ন করিতে লাগিল। সীতারামের সমস্থ কামান শক্রব হস্তগত হইল। ক্রমে দয়ারামেব সৈম্মদল ছর্গের দিকে অগ্রসব হইতে লাগিল। তুর্গের সম্মুখে ভীষণ যুদ্ধ বাধিল। সীভারামের সেনাপতিগণ অসামাশ্য বীরবের সহিত যুদ্ধ করিতে লাগিল। ' কয়েকদিন ক্রমাগত যুদ্ধ চলিল। ক্রমে সীতারামের সেনাপতি-ঁপণ যুদ্ধক্ষেত্রে বীরোচিভ শয্যাগ্রহণ করিতে লাগিল। সৈক্ষসংখ্যা

ব্রাস হইয়া আসিতে লাগিল। সীতারাম যখন দেখিলেন যে, তাঁহার সমস্ত আশা-ভরসা নির্মূল হইয়াছে, তখন তাঁহার অন্তঃপুরচারিণী মহিলা ও বালকবালিকাদিগকে গোপনে অম্পত্র পাঠাইয়া দিলেন। তারপর তাঁহার ইষ্টদেবতা লক্ষ্মীনারায়ণের নিকট শেষ আত্মনিবেদন করিয়া, উন্মুক্ততরবারিহস্তে, হুর্গমার ইইতে বাহির হইয়া ক্ষিপ্তের মত শক্রাসেয়ের উপর ঝাঁপাইয়া পডিলেন। সাগবতরঙ্গের মত অসংখ্য নবাবসৈত্যের সহিত সীতারাম একাকী কভক্ষণ যুদ্ধ করিবেন। শীঘ্রই তিনি আহত ও ভীবণরগশ্রমে ক্রান্ত হইয়া মৃচ্ছিত হইয়া পড়িলেন। মৃচ্ছাবসানে চোখ মেলিয়া দেখিলেন—তিনি শক্রহস্তে বন্দী হইয়াছেন।

তারপর সীতারামেব বড়সাধের রাজধানী মহম্মদপুরে এক বীভৎস তাশুব-লালার অনুষ্ঠান হইল। বিজয়োমন্ত মুসলমান-সৈক্ষগণ হর্গমধ্যে প্রবেশ করিয়া লুপ্ঠন আরম্ভ করিল। সন্ত্রস্ত অধিবাসিগণ নগর ছাডিয়া ভালরূপে পলাইবারও সুযোগ পাইল না,—সৈক্ষেরা তাহাদের উপর পৈশাচিক অত্যাচার করিয়া তাহাদের ধনসম্পত্তি কাড়িয়া লইতে লাগিল। ঘরে ঘরে আগুন লাগাইয়া দেওয়া হইল; লেলিহান অগ্নির গর্জ্জনের সহিত ভাহাদেব বিকট হর্ষধানি মিশ্রিত হইয়া তুমুল কলরবে চারিদিক কাঁপাইয়া তুলিল। (সানার মহম্মদপুর ছারধার হইয়া গেল,—নন্দন-কানন শাশানে পরিণত হইল।) সীতারামের কীর্তি, গঠন-প্রতিভা ও বীরত্বের অভিক্ষীণ নিদর্শন-স্বরূপ, বিধ্বস্ত মহম্মদপুর, পরবর্ত্তী কালে কৌতৃহলী জনমগুলীর নিকট একবিন্দু সাক্ষ্য দিবার জ্বস্তু, মরুভূমির মত বিবাট শ্ব্যতা ও বিপুল ব্যর্থতা বুকে করিয়া চিরদিনের মত পডিয়া রহিল!

্ এদিকে সীতারামকে শৃন্থলাবদ্ধ করিষ। মুর্শিদাবাদে পাঠান হইল। দয়ারামেব কার্যাের পুরস্কার-স্বর্গ নবাব ভাহাকে প্রচুর ভূসম্পত্তি দান করিষা 'রায়' উপাধিতে ভূষিত করিলেন। রামজীবনের মন্ত্রণার ও রাজভক্তিব পুরস্কাব-স্বর্গপ সীতারামের অধিকাংশ রাজ্য তাঁহার বাজ্যভুক্ত কবিয়া দেওয়া হইল। দ্যারাম সীতারামের প্রাণাপেক্ষা প্রিয়তম লক্ষ্মীনাবায়ণ বিগ্রহকে দিঘাপাতিয়া লইষা গেল। সীতারাম কিছুদিন মুর্শিদাবাদেব কারাগারে অবস্থান করিবার পব, যখন শুনিলেন যে, ভীষণ শুলে তাঁহার জীবনলীলার অবসান হইবে, তখন নিজেব হস্তান্থত বিষাক্ত আংটা চুষিয়া প্রাণত্যাগ কবিলেন। ১৭১৪ খৃষ্টান্দের মধ্যেই এই বাঙ্গালী বীরের রাজ্য ও জীবনের উপর শেষ যবনিকাপাত হইল।

## মহারাজ মোহনলাল

বাংলার স্বাধীনতা-লক্ষ্মী বাংলা হইতে চিরবিদায় লাইবার পূর্বক্ষণে, বঙ্গ-ইতিহাসের এই বিষাদময়, করুণ অধ্যায়ে যখন বাংলার রাজনৈতিক আবহাওয়া ষড়যন্ত্র, বিশাস্থাতকতা ও জ্বদরহীনতার দূষিত বাজ্পে বিষাক্ত হইয়া গিয়াছিল, তখন এই বঙ্গবীর, তাঁহার বীরজ, স্বদেশপ্রেম ও প্রভুভক্তির অভ্যুজ্জল দৃষ্টাস্তে, সেই ঘনায়মান অন্ধকারের বক্ষের উপর অস্তগামী সূর্য্যের ক্ষীণ রশ্মির মত একবার মান ও করুণ কিরণসম্পাত করিয়াছিলেন।

মোহনলাল প্রথমে সামান্ত একজন লোক ছিলেন। কোন এক শুভমুহূর্ত্তে তিনি সিরাজদ্দৌলার সহিত পরিচিত হন। ক্রমে মোহনলালের প্রভুভক্তি, কর্ম্মকুশলতা ও বীরত্বের পরিচয় পাইয়া সিরাজ তাঁহাকে অস্তরের সহিত ভালবাসিতে থাকেন। শেষে সিরাজ বাংলার নবাব হইলে তিনি মোহনলালকে তাঁহার সৈন্ত-বিভাগে প্রবেশ করাইয়া দেন এবং কিছুদিনের মধ্যেই তাঁহার অপূর্বব দক্ষতায় মুগ্ধ হইয়া তাঁহাকে একজন সহকারী সেনানায়কের পদে উন্নীত করেন। মোহনলাল সহকারী সেনাপতি হইলে সিরাজদ্দৌলা তাঁহাকে মহারাজ উপাধিতে ভূষিত করিয়া পাঁচহাজারী মনসবদারের পদ প্রদান করিলেন। মোহনলালও আজীবন ছায়ার স্থায় সিরাজের পশ্চাতে থাকিয়া ও শেষে তাঁহার জন্ম প্রাণদান করিয়া কৃতজ্ঞতার ঋণ পরিশোধ করিয়াছিলেন।

পূর্ণিয়ার নবাব শওকতজ্ঞ মুর্শিদাবাদ আক্রমণ করিয়া সিরাজকে সিংহাসনচ্যুত কবিবেন, এই সংবাদ সিরাজের কর্ণ-গোচর হইল। শওকতজ্ঞ লিখিলেন,—"দিল্লীর বাদশাহ আমাকে বাংলা-বিহার-উড়িয়া শাসনের সনন্দ দিয়াছেন। সিরাজ, তুমি এই চিঠি পাওয়া মাত্র মুর্শিদাবাদ ছাড়িয়া পলায়নকর। আমি দিল্লীর বাদশাহের সনন্দবলে বাংলা-বিহার-উডিয়ার নবাব হইয়াছি। তুমি আত্মীয়, ভোমাব প্রাণ বধ করিতে ইচ্ছাকরি না—কিন্তু সাবধান, রাজকোষ হইতে যেন এক কপদ্দকও গ্রহণ না কর।"

সিরাজদোলা এই পত্র পাইয়া কর্ত্তব্য নির্দ্ধারণের জক্ষ এক
মন্ত্রণা-সভা আহ্বান করিলেন। তখন সিবাজেব বিক্লাদ্ধে এক
খোরতর বড়যন্ত্র চলিতেছিল। তাঁহার মন্ত্রীদের মধ্যে জগৎশেঠ
মন্তব্য প্রকাশ করিলেন যে, যে দিল্লীব বাদশাহের সনন্দ পাইয়াছে, সে-ই প্রকৃতরূপে বাংলা-বিহাব-উড়িক্যার অধীশ্বর।
মুহুর্ত্তের মধ্যে সিরাজ যবনিকার অন্তরালে তাঁহার সর্বনাশেব
জন্ম যে নীরব আয়োজন হইতেছিল, তাহাব স্থাপ্ত আভাস
পাইলেন। তাঁহার সারাদেহে উষ্ণ-রক্তস্রোত বহিতে লাগিল।
তিনি ক্রোধে অধীর হইয়া জগৎশেঠকে বন্দী কবিয়া কারাগাবে
নিক্লেপ করিতে আদেশ দিলেন।

্যুবক সিরাজ এই সহটে মহারাজ মোহনলালের সাহায্য

গ্রহণ করিলেন। প্রভুভক্ত বীর তাঁহার বাছবলের উপর নির্ভর করিয়া শওকভক্তের আসিবার পূর্বেই পূর্ণিয়া আক্রমণের পরামর্শ দিলেন। সিরাজ্বও নিজের শক্তির উপর নির্ভর করিয়া এই অভিযানের জন্ম প্রস্তুত হইলেন। /এই বিপদের সময় অন্তর্বিবাদ অত্যন্ত অশোভন মনে করিয়া, মোহনলাল সিরাজকে অন্থবোধ করিয়া জগৎশেঠের কারামুক্তির উপায় করিয়া দিলেন। সিরাজ্বের আদেশে জগৎশেঠ কারামুক্ত ইইলেন। মীরজাফর প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, জগৎশেঠ মুক্ত না হইলে তিনি অন্তর্গ্রহণ করিবেন না,—এখন জগৎশেঠের মুক্তিতে সম্ভই হইয়া তিনি একদল সৈত্যের নেতৃত্বভার লইয়া পূর্ণিয়া-অভিযানে অগ্রসর হইলেন। মোহনলালও এক সৈন্তদলের সেনাপতি হইয়া, জলঙ্কী ও পদ্মা পার হইয়া পূর্ণিয়া আক্রমণ করিতে উম্বত হইলেন।

পূর্ণিয়া আক্রমণের সংবাদে শওকতজ্ঞকের উদ্ধাম বিলাস-স্রোতে হঠাৎ বাধা পড়িল। শওকত নিতান্ত অকর্মণ্য ও মিথ্যা-গর্বোদ্ধত ছিলেন। তিনি সুরা ও সঙ্গীতের মোহ ত্যাগ করিয়া একদিনেই সেনাপতি সাজিয়া এক বিরাট সেনাদলের সহিত সিরাজ্ঞকে বাধা দিবার জন্ম যাত্রা করিলেন এবং বহুদ্রবিস্তৃত এক জলাভূমির নিকট শিবির সল্লিবেশ করিলেন ১

এই জ্লাভূমি ও তাহার চতুম্পার্যবর্ত্তী স্থান রণক্ষেত্রে পরিণত হইল। ত্রিই জ্লাভূমির পরপারে মোহনলাল সসৈত্তে উপস্থিত হইয়া শওকতজ্ঞককে আক্রমণ করিলেন। সৌভাগ্যক্রমে

শওকতজঙ্গ অত্যস্ত অমুকৃলস্থানে শিবিরস্থাপন করিয়াছিলেন, কারণ বিস্তৃত জলাভূমি পার হইয়া শত্রুর কামান ও অশ্বারোহিগণ সহজেই অগ্রসর হইতে পারিবে না। মোহনলালের কামান-শ্রেণী অজস্র গোলাবর্ষণ করিতে লাগিল, কিন্তু অধিকাংশ গোলাই জলাভূমির মধ্যে পড়িয়া কার্য্যকরী হইতে পাবিল না। তবুও যে ত্ই-একটি গোলা জলাভূমি পার হইয়া শওকতজঙ্গের শিবিরে গিয়া পড়িল—তাহাতেই তাঁহার সৈম্মগণ ব্যতিব্যস্ত হইয়া বিশৃত্বল হইয়া পড়িল। এই জলাভূমি পার হইবার একটিমাত্র সঙ্কীর্ণ পথ ছিল। কিছুক্ষণ যুদ্ধের পর, ফল সস্টোষ-জনক নয় দেখিয়া, মোহনলাল সেই স্বর্পরিস্ব রাস্তাধরিয়া প্রবলবিক্রমে অগ্রসর হইতে লাগিলেন। এই রাস্তায় ঘোরতর যুদ্ধ হইল। শওক্তজঙ্গের সেনাদলের গোলাবর্ধণে মোহন-লালকে অদ্ধিপথে ক্ষণেকের জক্ত থামিতে হইল। এই সাময়িক জ্বে উল্লাসিত হটয়া শওকভজঙ্গ, সেনাপতিগণের পুনঃ পুনঃ নিষেধসত্ত্বেও অশ্বাবোহী সৈন্তগণকে সর্ব্বাত্যে যুদ্ধ করিতে আদেশ দিয়া শিবিরে প্রভ্যাগমনপূর্বক বিলাসলীলায় মগ্ন হইলেন। এদিকে অশ্বারোহী সৈত্তগণ অগ্রসর হইয়া নিবিড পঙ্গে নিমজ্জিত হইতে লাগিল। মোহনলাল সেই সুযোগে ভীমবেগে অগ্রসর হইয়া শওকভজ্ঞকের কতকগুলি কামান হস্তগত করিয়া ফেলিলেন —অক্সান্য সৈত্যগণ প্রায় ছত্রভঙ্গ হইয়া পড়িল। এই সংবাদ যখন শওকতের শিবিরে যাইয়া পৌছিল, তখন নর্ত্তকীগণের নৃপুরনিকণে তাঁহার শিবির মুখরিত। তিনি মদিরাচুলু চুলুনেত্রে, সঙ্গীতের তালে তালে, অস্পৃষ্ট ভাষায়, উৎসাহবাণী উচ্চাবণ করিতেছেন। তিনি সেই অবস্থায়ই যুদ্ধে উপস্থিত হইবার জন্ম বাহির হইলেন; কিন্তু তাঁহার শ্বলিতপদ ও অবশ শরীর লইয়া কিছুতেই একপাও হাঁটিতে পারিলেন না। তাঁহাকে ধরাধরি করিয়া যুদ্ধন্দেত্রে আনা হইল। তাঁহাকে দেখিয়া সৈন্মগণ উৎসাহিত হইয়া আবার যুদ্ধে অগ্রসর হইল। বার্লিক পর, হঠাৎ এক বন্দুকের গুলি শওকভজন্সের ললাটে বিদ্ধ হওয়ায় তিনি যুদ্ধন্দেত্রে চিরনিদ্রায় অভিভূত হইলেন। পরক্ষণেই তাঁহার সৈন্মগণ ছত্রভঙ্গ হইয়া পলায়ন করিল। মোহনলাল যুদ্ধে জয়লাভ করিলেন। সিরাজন্দোলা মোহনলালের বীরত্বে মৃদ্ধ হইয়া তাঁহার উপব পূর্ণিয়ার শাসনভার অর্পণ করিলেন।

্বাংলার ভাগ্যনিয়ামক যুগাস্তকারী সেই পলাশীর যুদ্ধক্ষত্রে মোহনলাল যে অমামুষিক বীরত্ব, অসাধারণ যুদ্ধকৌশল ও অলোকিক প্রভুভক্তির পরিচয় দিয়াছিলেন—বাঙ্গালী তাহা কোন দিন ভুলিতে পারিবে না! সে অপার্থিব কাহিনী, গৌরব-কিরীটের মন্ত জাতির মস্তকে চিরকাল অমান জ্যোভিতে শোভা পাইবে।

্১৭৫৭ খুষ্টাব্দের ২২শে জুন। আকাশ মেঘাবগুণ্ঠনে মুখ ঢাকিয়া বিষাদমৌন। মাঝে মাঝে অশুধারার মত বারিপাত হইতেছে। দিনের আলো দিগন্তে মিলাইয়া যাইবার পরক্ষণেই ইংরাজবাহিনী, ভাগীরথী পার হইয়া পলাশীর দিকে অগ্রসর

হইতে লাগিল। ইংরাজসেনাপতি পলাশীর বিস্তৃত আত্রকানন সেনাসন্নিবেশের সর্বেবাৎকৃষ্ট স্থান বিবেচনা করিয়া, পাছে নবাব-সৈক্সগণ অগ্রেই এই অমুকৃলস্থান দখল করে, এই ভয়ে ক্রেভ-বেগে সেইদিকে থাবিত হইলেন। সেই আত্রকানন অসংখ্য আত্রব্যক্ষে পূর্ণ থাকায় 'লক্ষ বাগ' নামে পরিচিত ছিল। ক্লাইভ 'সমস্ত ছর্য্যোগ উপেক্ষা করিয়া গভীর রাত্রিতে সেই আত্রকাননে উপস্থিত হইলেন।

নবাব সিরাঞ্জদৌলা তেজনগরেব এক অংশে এক বিস্তৃত প্রাস্তরে শিবির সন্নিবেশ করিয়াছিলেন। সেই হুর্য্যোগময়ী নিশীথিনীর গভীর অন্ধকার আলোডিত কবিয়া, সিরাজের শিবির হইতে উচ্চ রণবাক্ত উত্থিত হইল। ভাগীরথীর তরঙ্গ-শব্দের সহিত সেই গুরুগন্তীর ধ্বনি মিশ্রিত হুইয়া জল-স্থল কম্পিত ক্রিয়া ভূলিতে লাগিল। কি এক অজানিত ছম্চিম্ভায় সিরাজের মন ক্রেমেট পাথরের মত ভাবী হট্যা উঠিতে লাগিল। তাঁহার বোধ হইতে লাগিল, যেন এক ভাবী অমঙ্গলের কালো যবনিকা তাঁহার আলোকোজ্জল শিবিরেব সমস্ত শোভা ঢাকিয়া দিয়া ভাগাকে নিষ্প্রভ ও শ্রীহীন করিয়াছে। বড়যন্ত্র ও বিশ্বাস-ঘাতকভার চাপা কণ্ঠস্বব যেন বাভাসে ভাসিয়া বেড়াইয়া একটা অজ্ঞানিত বিভীষিকাব সৃষ্টি করিতেছে! সেই রহস্তময়ী রাত্রিব প্রহরগুলি একের পর একে চলিয়া যাইতে লাগিল, কিন্তু সিরাজের বিন্দুমাত্র নিজাকর্ষণ হইল না | তিনি একাকী তাঁহার কক্ষে বসিয়া রহিলেন। স্বর্ণ-নির্মিত আলবোলায় স্থগন্ধি তামাক পুড়িয়া পুড়িয়া কক্ষ আমোদিত করিতেছিল,—গভীর চিন্তামগ্ন সিরাজ এতক্ষণ সেদিকে লক্ষ্য করেন নাই; হঠাৎ ধ্মপানের জন্ম হস্ত প্রসারিত করিয়া দেখিলেন —আলবোলা গৃহমধ্যে কোথাও নাই। বাংলার নবাব, এই আকস্মিক চৌর্য্যের কোন অমুসন্ধান বা প্রতিবিধান করিতে উন্নত হইলেন না— নিশ্চল পাষাণমূর্ত্তির স্থায় ভাঁহার ভাগ্যের এই অদ্ভূত পরিবর্তনের কথা চিন্তা করিতে লাগিলেন।

ক্লিইভেরও সে রাত্রি নিজা হইল না। প্রহরে প্রহরে নবাবশিবিরের রণবাত্যধ্বনিতে তাঁহার হৃদয় কাঁপিয়া উঠিতে লাগিল।
আগামী কল্যের যুদ্ধের উপর তাঁহার ভবিত্যৎ নির্ভর করিতেছে;
তাঁহার আশার পরিণাম, তাঁহার এতদিনেব সাধনার ফল,
তাঁহাদের বাংলায় অবস্থিতির স্থায়ির আগামী কল্যই নির্দ্ধারিত
হইবে। একবার তিনি আশার স্বপ্নে উত্তেজিত হইতে লাগিলেন
—আর একবার আশক্ষা ও নিরাশায় তাঁহার হস্তপদ শীতল
হইয়া আসিতে লাগিল। সমস্ত রাত্রি ক্লাইভ শিবিরকক্ষেপদচারণা করিয়া কাটাইলেন।

কাল রাত্রি প্রভাত হইল। ক্লাইভ অতি প্রত্যুবেই আন্তর্কাননের উত্তরে তাঁহার সৈম্মের বৃহে রচনা করিয়া নবাব-সৈম্মের অপেক্ষা করিতে লাগিলেন। গুসিরাক্সন্ত প্রভাতেই মীরদ্রাক্র, ইয়ার লতিফ, রায়হর্লভ, মোহনলাল, মীরমদন, ফরাসী-সেনাপতি সিন্ফ্রে প্রভৃতিকে অগ্রসর হইতে আদেশ দিলেন। তাঁহারা অর্জচন্দ্রাকৃতি বৃহে রচনা করিয়া আন্তর্কাননের

দিকে অগ্রসর হইতে লাগিলেন। নবাববাহিনীর এক পার্শে রহিলেন ফরাসীবীর সিন্জে, অপর পার্শে মহারাজ মোহনলাল, মধ্যস্থলে সেনাপতি মীরমদন। ক্লাইভ ব্যুহের অভেগ্র আকৃতি দেখিয়া ভাবিলেন যে, যদি এই অবস্থায় নবাববাহিনী গোলাবর্ষণ করিতে করিতে অগ্রসর হয়, তবে ইংরাজসৈক্ষগণকে দাবদাহে পতকের মত পুডিয়া মরিতে হইবে। ক্লাইভের হুৎপিণ্ডের ক্রিয়া বন্ধ হইবার উপক্রম হইল। নিদারুণ উৎক্ঠায় তিনি সময় কাটাইতে লাগিলেন।

বিষয় নাম ব্যান কামানে প্রথম অগ্নিসংযোগ কবিলেন—
তথন বেলা ৮টা। ভীমগর্জনে ভাগীরথার উভয়কুল প্রভিধ্বনিত
করিয়া মীরমদনের কামানশ্রেণী অনলবর্ষণ কবিতে লাগিল।
আধঘণ্টা এইভাবে যুদ্ধ চলিবার পর দেখা গেল যে, ইংরাজপক্ষের
৩০ জন সৈত্য ধরাশায়ী হইয়াছে, কিন্তু নবাবপক্ষের একটি
সৈত্য আহতও হয় নাই। এই ভাবে যুদ্ধ চলিলে সামাত্য
ইংরাজসৈত্য আব কতক্ষণ যুদ্ধ কবিবে! ক্লাইভের অধরোষ্ঠ
শুদ্ধ হইয়া আসিল। তিনি পরাজ্য অনিবার্য্য জানিয়া কয়েকটি
ভোপ বাহিরে বাধিয়া, আব অত্যগুলি উঠাইয়া লইয়া সসৈত্যে
আম্রকাননে আশ্রয় গ্রহণ করিলেন। বিশ্বাস্থাতক উমীটাদ
তথন ইংরাজনিবিরে অবস্থান করিতেছিল, তাহাকে দেখিয়া
ক্লাইভ উন্মত্তের তায় চীংকাব করিয়া বলিতে লাগিলেন, "হায়,
হায়, তোমাদের উপর বিশ্বাস স্থাপন করিয়া কী ঘোরতর ছক্ষ্ম
করিয়াছি! তোমরা আমার সর্ব্বনাশ করিলে। তোমরা

বলিয়াছিলে যে, সামাপ্ত একটু যুদ্ধের অভিনয় করিবে মাত্র, এখন দেখিতেছি, যেভাবে যুদ্ধ চলিতেছে, তাহাতে কয়েক-ঘণ্টার মধ্যে আমাদের একটি সৈপ্তও জীবিত থাকিবে না।" তিমীচাঁদ ক্লাইভকে বুঝাইয়া বলিতে লাগিল যে, যাহারা যুদ্ধ করিতেছে, তাহারা মীরমদন ও মোহনলালের সৈপ্ত এবং মীরজাকর, ইয়ার লভিক, রায়হ্র্লভ প্রভৃতি তাহাদের কথা রাখিয়াছেন।

মীরমদর্শ ও মোহনলাল ক্রমে ক্রমে আত্রকাননাভিমুখে অগ্রসর হইতে লাগিলেন। মীরমদনের কামানের ধূমে চারিদিক্ অন্ধকার হইয়া গেল। মীরমদন ও মোহনলালের সৈন্তাগণ মার্ মার্ শব্দে ইংরাজসৈত্যগণকে আক্রমণ করিল। কিন্তু মীরক্লাকর, ইয়ার লভিফ, রায়ত্ত্রলভ প্রভৃতি যুদ্ধ না করিয়া নিশ্চল হইয়া দাঁড়াইয়া রহিলেন। এই সময় যদি মীরক্লাকর প্রভৃতি মীরমদন ও মোহনলালের সহিত ইংরাজসৈত্যকে আক্রমণ করিতেন, তবে কয়েকঘণ্টার মধ্যেই ইংরাজসৈত্যসহ আত্রমণ করিতেন, তবে কয়েকঘণ্টার মধ্যেই ইংরাজসৈত্যসহ আত্রমনন ভশ্মীভূত হইয়া যাইত এবং বাংলার ইতিহাস আক্র

দ্বিপ্রহর-কালে আষাঢ়ের আকাশ নিবিড় মেঘে আচ্ছন্ন হইয়া আসিয়া মুখলধারে বৃষ্টি নামিল। মীরমদনের বারুদবাহী গাড়ীর উপর উপযুক্ত আচ্ছাদন না থাকায় সমস্ত বারুদ ভিজিয়া গেল। ক্ষিপ্রগতিতে মীরমদন তাহার যথাসাধ্য প্রতীকার করিয়া পুনরায় ভীষণভাবে যুদ্ধ আরম্ভ করিলেন। কিছুক্ষণ যুদ্ধের পর অকস্মাৎ এক গোলার আঘাতে মীরমদনেব দক্ষিণ উক্ন ভগ্ন হইয়া গেল। মীরমদনকে যুদ্ধক্ষেত্রে পতিত হইতে দেখিয়া মোহনলাল তৎক্ষণাৎ মীরমদনের স্থান পূর্ণ করিয়া প্রচণ্ড বিক্রমে যুদ্ধ করিছে লাগিলেন। আহত মীরমদনকে সকলে বহন করিয়া সিরাজ্বদ্ধোলার শিবিবে লইয়া গেল। বিশ্বাসী বীর চিরদিনের মত চোখ বুজিবার পূর্ণের জড়িভস্বরে সিরাজদ্ধোলাকে বলিলেন, "প্রধানসেনাপতি মীরজাফর যুদ্ধ করিতেছেন না। চারিদিকে ঘোরতর ষড়যন্ত্র—সাবধান হইবেন।"

সিরাজদোলা পূর্ব হইতেই ভীষণ বড়যন্ত্রের আভাস পাইয়াছিলেন, কিন্তু এক্ষণে যুদ্ধক্ষেত্রে শক্রাসৈপ্তেব সম্মুখে বে মীরজাফর এইরূপ বিশ্বাসঘাতকতা করিবেন, তাহা তাহার স্বপ্রের অগোচর ছিল। সিরাজ আতক্ষে শিহবিয়া উঠিলেন। অসহায় যুবক আকুল হইয়া মীরজাফরকে ডাকিয়া পাঠাইলেন। মীরজাফর, পুত্র মীরন ও কয়েকজন অনুচরের সহিত অভি সম্ভর্পণে সিরাজ-শিবিরে উপস্থিত হইলেন। সিরাজদোলা রাজমুকুট মীরজাফরের পদতলে রাখিয়া বাক্সগদ্গদকঠে বলিলেন, "এই বাংলা-বিহাব-উডিয়ার বাজমুকুট তোমার পায়ের নিকট রাখিলাম, তুমি ভিন্ন আজ ইহাকে রক্ষা করে এমন লোক আব আমাব কেহ নাই। তোমার প্রাত্ত যদি কিছু অস্থায় করিয়া থাকি, তবে ভাহা ক্ষমা কর,—আজ আলিবজীর পুণ্যনাম স্মরণ করিয়া আমার ধন-প্রাণ ও মান রক্ষা কর।"

চতুর মীরঞ্জাফর কপট হাসি হাসিয়া বলিলেন,—"এ ভ সামাস্ত কথা! ইহার জন্ম তুমি কোন চিস্তা করিও না, আমি থাকিতে তোমার কোন ভয় নাই। আজ সন্ধ্যা হইয়া আসিয়াছে. ---আৰু আর যুদ্ধের প্রয়োজন নাই, আগামীকল্য প্রাতে আবার পূর্ণবিক্রমে যুদ্ধ আরম্ভ করা যাইবে; তুমি সৈন্তগণকে বিশ্রাম করিবার জন্ম শিবিরে প্রত্যাবর্ত্তন করিতে আদেশ দাও।" সরল যুবক মীরক্তাফরের স্তোকবাক্যে বিশ্বাস করিয়া সৈশুগণকে শিবিরে প্রত্যাবর্ত্তন করিবার জন্ম আদেশ দিলেন। মোহনলাল তখন ভীমপরাক্রমে যুদ্ধ করিতেছিলেন। যুদ্ধক্ষান্তির আদেশ তাঁহার নিকট পৌছিলে তিনি স্তম্ভিত হইয়া গেলেন। তিনি বলিয়া পাঠাইলেন, "আর অদ্ধঘন্টার মধ্যে যুদ্ধের শেষ হইবে— এখন একপাও পশ্চাতে হটিয়া গেলে বিপরীত ফল ফলিবে। এখন যুদ্ধ বন্ধ করা অসম্ভব, আমি শীঘ্রই যুদ্ধ শেষ করিয়া আসিতেছি।" মোহনলালের আপত্তিতে মীরক্লাফর বিষম ব্যাকুল হইয়া পড়িলেন। তাঁহার মনে হইতে লাগিল—ভাঁহাব সমস্ত কৌশল বুঝি ব্যর্থ হইয়া গেল। তিনি ভয়ানক ব্যস্ত হইয়া বার বার সিরাজদ্দৌলাকে বুঝাইতে লাগিলেন; অবশেষে পুনর্বার মোহনলালকে যুদ্ধ হইতে নিবৃত্ত হইবার জন্ম সিরাজের আদেশ উল্লেখ করিয়া বলিয়া পাঠাইলেন। মোহনলাল বিষম বিপদে পড়িলেন। তিনি সহকারী সেনাপতি; যুদ্ধক্ষেত্রে প্রধান-সেনাপতির ও নবাবের আদেশ অমাস্থ করা সামরিক নিয়মের বিরুদ্ধ ও দণ্ডার্হ। তিনি ক্ষণকাল চিম্বা করিয়া সেনাপতির

আদেশ পালন করিলেন। নিশ্চিত জয়ের গৌরব হইতে স্থায়ভাবে বঞ্চিত হইষা ক্রোধে, ছঃখে ও ক্ষোভে তিনি অধীর হইয়া উঠিলেন। তাঁহার চোথ দিযা আগুন ঠিক্রাইয়া পড়িতে লাগিল। নথর-বিদ্ধ শিকার পলায়ন কবিলে ক্ষুধিত বাাদ্র যেমন নিক্ষল গর্জনে চারিদিক্ সচকিত করে, মোহনলালও সেইরূপ নিক্ষল ক্রোধ ও আক্রোশে ফুলিতে ফুলিতে উন্মন্তবৎ শিবিব-অভিমুখে ফিরিলেন। মোহনলালকে পশ্চাতে হটিতে দেখিয়া ইংরাজসৈত্যগণ আত্রবন হইতে বহির্গত হইয়া জয়ধ্বনিব সহিত প্রবলবেগে নবাবদৈত্যদিগকে আক্রমণ করিল। তৎক্ষণাৎ মীরজাফরের দৈত্যদল বণক্ষেত্র হইতে অন্তর্হিত হইয়া গেল। ইযার লতিফ, রায়ত্র্লভ প্রভৃতি বণে ভঙ্গ দিয়া সদৈক্যে পলায়ন করিলেন।

মৃহুর্ত্তের মধ্যে মোহনলাল সমস্ত ব্ঝিতে পারিলেন। ভীষণ প্রতারগার প্রতারিত হইরা অঙ্কলন্ধ বিজয়লক্ষ্মীকে তিনি পরিত্যাগ করিয়াছেন—বাংলার সিংহাসন তিনি বিশ্বাসঘাতকের প্ররোচনায় শত্রুর করে অর্পণ করিয়াছেন! অন্ততাপে দক্ষ হইরা, ত্রোধে ও হুংখে জ্বলিতে জ্বলিতে, তাঁহার নির্ম্ম ভুল সংশোধনের জ্বন্ত তিনি সম্মুখে মগ্রসর হইলেন। তখন নবাবদৈন্ত ছত্রভঙ্ক; যে যাহার মত যেদিকে স্থবিধা পাইতেছে পলাইতেছে, নবাবের পরাজয় রণক্ষেত্রের একপ্রান্ত হইতে অপবপ্রান্ত পর্যান্ত ধ্বনিত হইতেছে—বিক্ষিপ্ত দৈক্তগণও ইংরাজ্বদৈক্তের অবিবলধারায় গুলি-বর্ষণে স্থির হইরা দাঁড়াইতে পারিতেছে না। তবুও মোহনলাল একবার শেষ চেষ্টা করিবার জন্ম বিক্ষিপ্ত সৈম্মগণকে একত্র করিবার উন্মোগ করিতে লাগিলেন। সেনাপতিগণের পলায়নে নবাবসৈম্মগণ ভয়োগ্মম ও নিরুৎসাহ হইয়া পড়িরাছিল। মোহনলাল জ্বালাময়ীবাণীতে তাহাদের শিথিল ধমনীতে শক্তি-সংযোগ করিয়া সেই অবশিষ্ট সৈম্ম সহ আবার যুদ্ধে অবতীর্ণ হইলেন। অস্ত্রাঘাতে তাঁহার সর্ববাঙ্গ ক্ষত-বিক্ষত হইয়া গেল, ক্ষতস্থান দিয়া প্রবলবেগে রক্ত পড়িতে লাগিল, তবুও মোহনলাল রুধিরস্নাতদেহে বাংলার সিংহাসন রক্ষার জন্ম ভীমবেগে যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু সেই মৃষ্টিমেয়, নিরাশামথিত সৈম্ম-গণকে লইয়া মোহনলাল আর বেশীক্ষণ যুদ্ধ করিতে পারিলেন না; শীস্ত্রই গুরুতরভাবে আহত হইয়া রণক্ষেত্র ত্যাগ করিয়া সিরাজের সন্ধানে শিবিরে উপস্থিত হইলেন। ক্লাইভের রণবাঞ্চ পলাশীপ্রান্তর ও ভাগীরথী-বক্ষ কাঁপাইয়া দিকে দিকে তাঁহার জন্ম ঘোষণা করিল।

এদিকে যখন সিরাজদেশিলা দেখিলেন, এক মোহনলাল ব্যতীত সকলেই একটু যুদ্ধের অভিনয় মাত্র করিয়া পলায়ন করিতেছে, চারিদিকে ষভ্যন্ত্র ও বিশ্বাসঘাতকতার জাল স্থকৌশলে পাতা হইয়াছে, পলাশীপ্রাস্তরে আর তাঁহার জয়ের কোন আশাই নাই—তখন রাজধানী রক্ষার জয় অভিমাত্রায় ব্যস্ত হইয়া তিনি গজারোহণে মুর্শিদাবাদে চলিয়া আসিলেন। মুর্শিদাবাদে পোঁছিয়া তিনি রাজধানী রক্ষার জয় চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু ষভ্যন্ত্রকারীদের চেষ্টায় পূর্বেই সিরাজের পরাজয়বার্ত্তা মুর্শিদাবাদে প্রচারিত হইয়া পড়িয়াছিল। নগরবাসীরা যে যাহার মত ধন-প্রাণ লইয়া চারিদিকে পলাইতেছিল। তিনি সৈক্সসংগ্রহের জ্বন্স প্রাণপণ চেষ্টা করিলেন, কিন্তু ভাঁহার সমস্ত চেষ্টা ব্যর্থ হইল-কেহই তাঁহার কথা শুনিল না ; তাঁহাব শ্বশুর পর্যান্ত তাঁহার সনির্বন্ধ অনুবোধ বক্ষা করিলেন না। চাবিদিকে তাকাইয়া আর কোন উপায় না দেখিয়া, তিনি ক্ষিপ্তেব মত ধনাগারে গমন করিলেন ও সশব্দে দার উন্মক্ত করিয়া সকলকে আহ্বান করিলেন। কিন্তু প্রচুব অর্থের বিনিম্যেও কেহ তাঁহার জন্ম যুদ্ধ করিতে স্বীকার করিল না। তিনি সমস্ত নগরবাসী, আত্মীয়, অনাত্মীয়, শক্র, মিত্র—সকলেব পায়ে ধরিয়া, সজল-চোখে ও কাতরকঠে তাঁহার জন্ম যৃদ্ধ কবিতে বাব বাব অমুবোধ করিলেন, কিন্তু কেচই ভাঁচার দিকে মুখ ফিরাইযা চাহিল না। তুইদিন পূর্বে একবিন্দু কুপাকটাক্ষের জ্বস্থ লালায়িত হইয়া যে-সমস্ত লোক ভাঁহার পায়ের তলায় লুটাইযা ধন্ত হটত—আজ তাহারাই উপেক্ষাব হাসি হাসিয়া তাঁহাকে বিদায় করিয়া দিল। সেদিন সন্ধায় সিরাজের কলকোলাগল-পূর্ণ বাজধানী শাশানেব নির্জনতা বুকে কবিয়া পডিয়া রহিল। নগরের আলোকশ্রেণী আর ছলিল না, স্মাজ্জত নাগরিকগণের আনন্দোচ্চল কলগাসিতে রাজ্পথ আর মুখরিত হইল না। সিরাজের প্রিয়তম রাজপ্রাসাদ হীবাঝিলের কক্ষগুলি নিবিড় অন্ধকারে মুখ ঢাকিয়া গুমরিয়া মরিতে লাগিল। সেখানে মণিমাণিক্যখচিত আলোকাধাবে বিচিত্র বর্ণের আলো আর জ্ঞালিল না, নর্ত্তকীর লীলায়িত পদবিস্থাসে নৃত্যশালার মর্ম্মরবৃকে অপূর্বহন্দের শিহরণ আর জ্ঞাগিল না—সঙ্গীতের মূর্চ্ছনায় শ্রোতার মনে এক অপার্থিব স্থরলোক রচিত হইল না—ইন্দ্রপুরী-তুল্য বিশাল প্রাসাদ এক মর্মান্তিক শৃহ্যভায় যেন হায় হায় করিতে লাগিল।

এই শক্রপুরীতে তাঁহার জীবন আর তিলমাত্র নিরাপদ নহে মনে করিয়া, সিরাজ মুর্শিদাবাদ ছাড়িয়া অক্সত্র পলায়ন করিতে মনস্থ করিলেন। আলিবদ্ধীর স্নেহের ছলাল, আজীবন বিলাসের ক্রোড়ে লালিত, বাংলা-বিহার-উড়িয়ার নবাব, অস্থ্যস্পশ্রা পুষ্পপেলবা পত্নী লুংফুরিসার সহিত সামান্ত পরিচ্ছদে, রাত্রির গভীর অন্ধকারে আত্মগোপন করিয়া, তাঁহার বড় সাধের রাজধানী মুশিদাবাদ ছাড়িয়া চলিয়া গেলেন।

ওদিকে মোহনলাল যুদ্ধক্ষেত্র হইতে শিবিরে প্রত্যাবর্ত্তন করিয়া দেখিলেন যে, সিরাজ্ঞ মুর্শিদাবাদে চলিয়া গিয়াছেন। তিনি তৎক্ষণাৎ রাজধানী রক্ষার জন্ম মুর্শিদাবাদে ছুটিয়া আসিলেন। কিন্তু মুর্শিদাবাদে আসিয়া সিরাজের পলায়ন-সংবাদ পাইয়া তাঁহার জ্ঞাদয় ভাঙ্গিয়া পড়িল। সিরাজের জ্ঞাপতাকা রক্ষার জন্ম শেষ চেষ্টা হইতে বঞ্চিত হইয়া, প্রভুভক্ত বীর নিদারুল নিরাশায় মর্মাহত হইলেন। তখন সিরাজের জীবনরক্ষার জন্ম মোহনলাল ব্যস্ত হইয়া পড়িলেন। তিনি সিরাজের সহিত সাক্ষাৎ করিবার জন্ম ভগবানগোলার পথে সিরাজের উদ্দেশ্যে রওয়ানা হইলেন। কিন্তু তিনি বেশীদ্র

অগ্রসর হইতে পারিলেন না, মীরজাফরের গুপুচরগণ তাঁহাকে অতর্কিতভাবে আক্রমণ করিয়া বন্দী কবিয়া ফেলিল। মোহনলালকে রায়ত্র্লভের তত্তাবধানে কাবাগারে শৃঙ্খলিত করিয়া রাখা হইল। মোহনলাল জীবিত থাকিলে ষড়যন্ত্রকাবীদের কার্য্যেব বিশেষ বিল্প হইতে পাবে মনে কবিয়া, মীরজাফরের আদেশে বায়ত্র্লভ তাঁহাকে নৃশংসভাবে হত্যা করিল। তাঁহার ধনসম্পত্তি নবাবসরকারে বাজেয়াপ্ত করিয়া লওয়া হইল। প্রভৃত্ত কর্মবীরের জীবনলীলার অবসান হইল।

## কর্ণেল সুরেশচন্দ্র বিশ্বাস

১৮৬১ খৃষ্টান্দে, নদীয়া জেলার নাথপুর গ্রামে, বিশ্বাস বংশে, স্থারেশচন্দ্র জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম গিরীশচন্দ্র বিশ্বাস,—তিনি কলিকাতায় সার্ভেয়ার জেনারেল অফিসে সামান্ত বেতনে চাকুরী করিতেন। জন্মগ্রহণ করিবার পর কিছুদিন স্থারেশ পল্লীমায়ের স্থিয় ক্রোডেই লালিত হন।

এক ইংরাজ কবি বলিয়াছেন,—শিশুই মানুষের পিতা। এ বাক্যের সত্যতা সুরেশচন্দ্রের জীবন ছারা বিশেষভাবে প্রমাণিত হয়। ভবিশ্বতে যে সুরেশচন্দ্র একজন অসমসাহসিক বীর হইবেন, তাহা তাঁহার শৈশবের কার্য্যাবলী হইভেট বেশ বৃঝিতে পারা গিয়াছিল।

সুরেশচন্দ্র যখন তৃই বছরের, তখন একদিন একাকী খেলা করিতে করিতে হঠাৎ প্রাচীরসংলগ্ন এক মই দেখিতে পান। ঐ মইখানি মাটি হইতে প্রায় ২০ ফুট উচু ছিল। শিশু সেই মই বাহিয়া ধীরে ধীরে উপরে উঠিতে লাগিল। মাতা তাহা দেখিতে পাইয়া, ছুটিয়া আসিয়া, কিংকর্ত্তব্যবিমৃত হইয়া দাঁড়াইয়া রহিলেন। শিশু মাকে দেখিয়া হাসিতে হাসিতে আরও উপরে উঠিতে লাগিল। যে-কোন মৃহুর্ত্তে তাহার পড়িয়া যাওয়ার সম্ভাবনা দেখিয়া মাতা প্রমাদ গণিলেন। তাহার চীৎকারে বাড়ীর অস্তাম্থ আত্মীয়স্কলন উপস্থিত হইল। কি করিয়া শিশুকে

নামান যায়, তাহাই তাঁহারা আলোচনা কবিতে লাগিলেন। স্থরেশ সকলকে দেখিয়া কেবলই করতালি দিতে দিতে হাসিতে লাগিলেন। শেষে ক্যেকজন দৃচপদে মই চাপিয়া ধবিলেন এবং একজন শিশুকে নামাইয়া লইয়া আসিলেন।

স্বরেশচন্দ্র যথন প্রায় পাঁচ বংসবেব তথন একটা ঘটনায় তাঁহার অলোকিক দৃঢতা ও ধৈর্য্যেব পবিচয় পাওয়া যায়। তিনি একদিন দেখিলেন যে. একটি বিডাল নিকটস্থ একটি বেলগাছ হইতে একটি কাঠবিডালী ধবিয়া লইয়া আসিল। মাটিতে নামিয়া বিভাল কাঠবিডালীব বজাক দেহেব উপর বসিয়া তাহার ক্ষীণ জীবনধারাকে রোগ কবিবার চেষ্টা কবিতে-ছিল। স্থবেশচন্দ্র কাঠবিড়ালীকে তথনও জীবিত দেখিয়া, ভাহাকে উদ্ধার করিবার জন্ম অগ্রাসর হুইলেন। বিভাল শিকার হাতছাড়া হয় দেখিয়া সুরেশকে আক্রমণ করিল। ভীষণ নখবাঘাতে তাঁচাৰ শৰীৰ ক্ষত্বিক্ষত চট্যা গেল-দ্বদ্বধাৰায় বক্ত পড়িয়া ভাঁচার দেহ প্লাবিত হইষা গেল। সুরেশ যন্ত্রণা-স্চক একটি শব্দও করিলেন না—কেবল প্রাণপণে বিডালকে বাধা দিতে লাগিলেন। ইতিমধো তাঁহার আয়ীয়দেব মধ্যে একজন হঠাৎ ঘটনাস্থলে উপস্থিত হওয়ায, তিনি স্থবেশকে বিড়ালের হাত হইতে রক্ষা কবিলেন। বিড়ালের এই দস্ত-নধরাঘাতে সুরেশ তিনমাস শয্যাগত ছিলেন ৷

সুরেশচন্দ্র শৈশবে বীবকাহিনী শুনিতে ভালবাসিতেন। বীরদিগের জীবনী শুনিবার জন্ম বালকের হৃদয়ে এক অদম্য কৌতৃহল হইত। তিনি রামায়ণ, মহাভারত ও বিদেশের বীরদের কাহিনী শুনিতে অসীম আগ্রহ প্রকাশ করিতেন। দল বাঁধিয়া অপরের বাগান হইতে ফলচুরি, গাছ হইতে পাখীর ছানা পাড়া এবং মাছধরা প্রভৃতি কার্য্যে তিনি সকলের অগ্রণী ছিলেন।

স্থরেশচন্ত্রের বয়স যখন দশ বৎসর, তখন তিনি, তাঁহাব পিতার সহিত প্রথম কলিকাতা আসিলেন। ভবানীপুরে কড়েয়ায় একখানি বাড়ী কিনিয়া সেথানে বাস করিতে আরম্ভ করেন। কলিকাভার আসিয়া ভিনি স্থরেশকে 'লগুন মিশন' স্কুলে ভর্ত্তি কবিয়া দেন। এই সময় একবাব হাদয়হীনভার মধ্য হইতে বাহির হইয়া আসিয়া, পল্লী-প্রকৃতির নগুলীলার মধ্যে পডিয়া, বালকের আদিম স্বভাব আবার জাগরিত হইয়া উঠিল। সুরেশচন্দ্র দিনরাত গাছে গাছে পাথীব ছানার সন্ধানে ফিরিতে লাগিলেন। একদিন এক আমগাছে পাখীর ছানা পাড়িতে উঠিলে, এক বিষধর সর্প তরুকোটর হইতে বাহির হইয়া আসিয়া ভাঁহাকে আক্রমণ করিল। বালক সর্পদংশন হইতে নিস্তার পাইবার আর কোন সম্ভাবনা নাই দেখিয়া, সর্পের বিস্তৃত ফণা দৃঢ়মুষ্টিতে চাপিয়া ধরিলেন। সাপ েলেজদারা তাঁহার দক্ষিণ হাত জড়াইয়া ফেলিল। নির্ভীক সুরেশ তাড়াতাড়ি বামহাত দ্বারা পকেট হইতে একখানা ছুরি বাহির করিয়া সাপটাকে খণ্ড খণ্ড করিয়া কাটিয়া ফেলিলেন।

এই সময়ে একদিন মাছ ধরিয়া ছিপ স্কন্ধে করিয়া ভিন্ন গ্রাম হইতে ফিরিবার সময় স্থরেশ দেখিলেন যে, কয়েকজন নীলকর সাহেব বন্দুক ও একদল কুকুর লইয়া বক্তশ্কর শিকারে বাহির হইয়াছেন। দেখিতে দেখিতে একটি শ্কব তাহার সম্মুখে আসিয়া পড়িল। তাহাব পশ্চাতে সাহেব ও কুকুরের দল ছুটিতেছে। সাহেবেরা স্থরেশকে চাৎকাব করিয়া পলায়ন করিতে বলিলেন; কিন্তু কোতৃহলী স্থবেশ পলাইলেন না। স্থরেশ স্কন্ধ হইতে ছিপ নামাইয়া শ্করকে এমন ভাষণ প্রহাব করিলেন যে, শ্কর গড়াইযা পড়িয়া গেল। মৃহুর্তের মধ্যে কুকুরের দল আসিয়া শ্করকে আক্রমণ করিয়া ধবিল। তাহাব পব সাহেবেরা আসিয়া ভাহাকে মা্বিসা ফেলিলেন।

এই শ্করশিকারের পর হইতে নালকর সাহেব ও মেমদেব নিকট সুরেশ বিশেষ পরিচিত হইলেন। তাঁছাবা সুবেশকে অত্যন্ত ভালবাসিতে লাগিলেন। এই সময এক মেমের অনুরোধে, সুবেশ, এক পুকুরেব ভীষণ পাঁকের মধ্যে নামিয়া, নিজের জীবন পর্যান্ত বিপন্ন কবিষা, তাঁছাকে পদাফুল আনিয়া দিয়াছিলেন। ইহার কিছুদিন পব সুবেশ আবাব কলিকাতায় ফিরিয়া আসিলেন।

সুবেশ 'লওন মিশন' স্কুলে পডিবাব সময় ছর্জান্ত ছেলেদের দলপতি ছিলেন। লেখাপডায় তাঁহার কোনকপ আসক্তি ছিল না। পিতা গিরীশচন্দ্র পুক্রকে যথেষ্ট শাসন কবিয়াও কিছুই করিতে পারিলেন না। এই সময় সুরেশ খুষ্টান বালকদের সহিত অত্যম্ভ মেলামেশা আরম্ভ করিলেন, এমন কি একত্র আহারাদি পর্যান্ত আরম্ভ করিলেন। পিতার অত্যধিক শাসনে, বাড়ীর সমস্ত সম্বন্ধ ত্যাগ করিয়া, সুরেশ খুষ্টধর্ম গ্রহণ করিলেন। 'লগুন মিশন' স্কুলের প্রিন্ধিপাল আগ্রন্টন্ সাহেব সুরেশকে খুব ভালবাসিতেন। সুরেশের নিরাশ্রয় অবস্থা দেখিয়া তিনি স্কুলের বোর্ডিং-এ তাঁহার আহার ও বাসস্থানের বন্দোবস্ত করিয়া দিলেন। সুরেশ পিতার ত্যাক্ত্যপুত্র হইয়া চৌদ্দ বৎসর বয়সে সংসারসমুদ্রে ভাসিলেন।

কাহারও গলগ্রহ হইয়া থাকা স্বরেশের প্রকৃতি নয়। তিনি নিজের পায়ের উপর দাঁড়াইতে মনস্থ করিলেন। তিনি চাকুরীর চেষ্টা আরম্ভ করিলেন; গভর্ণমেণ্ট অফিস, সওদাগবী অফিস, রেল অফিস, পোষ্ট অফিস, ডক প্রভৃতি যে সমস্ত স্থানে চাকুরী পাওয়ার সম্ভাবনা—সে সমস্ত স্থানে দিবারাত্র ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। কিন্তু কোথাও কিছু জুটিল না; ভাঁহার বয়স নিতান্ত অল্প. লেখাপড়াও ভালরপ জ্বানেন না—কে তাঁহাকে চাকুরী দিবে ? অবশেষে বহুদিন ধরিয়া ঘুরাঘুরির পর স্পেন্সেদ্ হোটেলে একটি সামাস্ত চাকুরী পাইলেন। যে সমস্ত সাহেব-মেম বিভিন্ন দেশ হইতে কলিকাতায় আসিত, সুরেশ তাহাদিগকে রেলষ্টেশন ও জাহাজঘাট হইতে হোটেলে লইয়া আসিতেন। এই সময় তাঁহার বিলাত যাইবার বাসনা অত্যন্ত প্রবল হয়। তিনি কি উপায়ে বিলাত যাইবেন, তাহারই সন্ধানে ফিরিতে থাকেন। তিনি সাহেব-মেমদের

নিকট বিলাতের নানাবিধ গল্প শুনিতেন ও তাঁহার ইচ্ছা আরও বাডিতে থাকিত।

তিনি স্পেক্সেম্ হোটেলেব চাকুরী ছাডিয়া দিয়া, ভাল চাকুরীর আশায় রেঞ্ন যাত্রা করিলেন। রেঙ্গুনে যাইয়া নানাস্থানে ঘুরিলেন, কিন্তু কোথাও কিছু স্থবিধা করিতে পারিলেন না। সেখানে তিনি এক মগ ডাকাত কর্তৃক আক্রান্ত হন, কিন্তু সৌভাগতেমে বাঁচিয়া যান। সেখানে তিনি এক প্রজালিত গৃহ হইতে এক রমণীকে উদ্ধার কবিয়া মগদের প্রশংসাভাজন হইয়াছিলেন। রেঙ্গুনে চাকুবীর কোন স্থবিধা হইল না দেখিয়া তিনি মাজাজে যাতা করিলেন: মাজাজে যাইয়াও কোন স্থবিধা করিতে না পাবিয়া আবার কলিকাতায় ফিবিয়া আসিলেন। কলিকাতায় আসিয়া তিনি বিলাভ যাইবাব পন্থা অনুসন্ধান কবিতে লাগিলেন। প্রায়ই তিনি গঙ্গার ধারে জেটিতে জেটিতে ঘুরিয়া বেডাইতেন এবং নবাগত জাহাজেব কর্মচারীদিগের সহিত আলাপ করিতেন। একদিন বি, এস, এন, কোম্পানীর এক জাহাজের ক্যাপ্টেনের সহিত তাঁহাব আলাপ হটল। এই জাহাজখানি কেবল কলিকাভায আসিয়াছে —আবার কিছদিন পরেই ইংলণ্ডে রওয়ানা হইবে। স্থরেশ এই ক্যাপ্টেনের কাছে তাঁহাকে বিলাভ লইয়া যাইবার জন্ম, व**ष्ट्र अञ्च**नश्च-विनश्च कतिरलन। मशालू क्रांभिर्टेन स्ट्रात्भव কথাবার্ত্তা, হাবভাব ও তাঁহার জীবনের ঘটনা শুনিয়া তাঁহাকে বিলাত লইয়া যাইতে স্বাকৃত হইলেন। ক্যাপ্টেন স্থারেশকে এসিষ্ট্যান্ট্ ষ্ট্রার্ডের পদে নিযুক্ত করিয়া, তাঁহাকে জাহাজে উঠাইয়া বিলাত লইয়া চলিলেন। সতের বংসর বয়সে স্থরেশ জন্মভূমির নিকট চিরদিনের মত বিদায় লইলেন।

লগুনে যাইয়া স্থ্রেশ একেবারে অবাক্ হইয়া গেলেন। এতবড় প্রকাণ্ড সহর, এত লোকজন, তিনি আর কোথাও দেখেন নাই। কয়েকদিন জাহাজ হইতে নামিয়া যাইয়া স্থরেশ সহর দেখিয়া আবার জাহাজে ফিরিয়া আসিতেন; শেষে জাহাজ লগুন ত্যাগ করিলে, লগুন সহরের ইষ্টএগু নামক এক পল্লীতে সামান্সভাড়ায় ছোট একটা ঘর ভাড়া লইয়া সেখানে বাস করিতে লাগিলেন।

প্রথম লগুনজীবন তাঁহার বড়ই হুংখের মধ্যদিয়া অতিবাহিত হইয়াছিল। তাঁহার মত একজন অল্লবয়স্ক ভারতবাদীকে কে চাকুরী দিবে? তিনি নানারপে চেষ্টা করিয়া কোথাও চাকুরী না পাইয়া পথে পথে খবরের কাগজ বিক্রয় করিয়া বেড়াইতে লাগিলেন। শেষে তাহাতেও খাওয়া-পরা চলে না দেখিয়া রাস্তায় মুটেগিরি আরম্ভ করিলেন। মুটেগিরিতে তাঁহার একটু স্বচ্ছলভাবে চলিতে লাগিল এবং সামাগ্র কিছু অর্থও সঞ্চিত হইল। এই অর্থ দিয়া তিনি কিছু পুরাতন জ্লিনিস কিনিয়া লইয়া বিক্রয় করিবার জন্ম ইংলণ্ডের পল্লীগ্রামে খুরিতে লাগিলেন। তিনি ভারতবাসী বলিয়া ভারতীয় দ্রব্যগুলি পল্লীগ্রামবাসীরা তাঁহার নিকট হইতে অধিকম্ল্যে ক্রয় করিতে লাগিল। তিনি একবার মাল ফুরাইয়া গেলে, আবার লগুন



কর্বেল স্করেশচক্র বিখাস

হইতে লইযা যাইতে লাগিলেন। কয়েকবংসর ধরিয়া এইভাবে পুরাতনদ্রব্য বিক্রেয় করিয়া সুবেশ কিছু অর্থ সঞ্চয় করিলেন, ইংলণ্ডের বহু পল্লী ভ্রমণ করিলেন এবং বহু লোকেব সংস্রব্যে তাঁহার আচার-ব্যবহার ও শিক্ষাব্র অনেক উন্নতি হইল।

এইরপে, ফিরিওয়ালার কার্য্যে ঘূরিতে ঘূরিতে, স্থ্রেশ কেন্ট্ প্রদেশের একটি ছোট সহরে উপস্থিত হইলেন। এখানে এক সার্কাসের দলের ম্যানেজাবেব সহিত তাঁহার আলাপ হইল। স্থ্রেশ সার্কাস্-দলে প্রবেশেব ইচ্ছা প্রকাশ করিলে ম্যানেজার তাঁহার শক্তি পরীকা কবিয়া, সপ্তাহে ১৫ শিলিং হিসাবে পারিশ্রমিক ঠিক কবিয়া, তাঁহাকে ঐ দলে ভর্ত্তি কবিয়া লইলেন। এই সার্কাস্-দলে প্রবেশ করার পব হইতেই তাঁহার নাম চতুর্দ্ধিকে প্রকাশ হইয়া পড়ে। তিনি একজন বিখ্যাত সার্কাস্-ধেলোয়ার ভাবে সর্ব্বের পরিচিত হন।

কিছুদিন সার্কাস্-দলে থাকিবার পর, একবার বিখ্যাত পশুবশকারী প্রফেসার জাম্বাকেব সহিত তাঁহাব সাক্ষাং হয়। স্বরেশের সহিত কথাবার্ত্তায় প্রীত হইয়া তিনি স্বরেশকে নিজের সহকারীভাবে পশুবশকার্য্য শিক্ষা দিতে ইচ্ছা প্রকাশ করেন। স্বরেশ আগ্রহ ও আনন্দের সহিত তাহাতে সম্মত হইয়া জাম্বাকের পশুশালায় পশুবশশিক্ষায় প্রবৃত্ত হইলেন। ছই বৎসর কাল তিনি জাম্বাকেব নিকট থাকিয়া, হিংম্র সিংহ, ব্যাম্র প্রভৃতির সহিত ক্রীড়া শিক্ষা করিয়া, পুনরায় সার্কাস্-দলে প্রবেশ করিলেন। বিখ্যাত পশুবশকারী বলিয়া তাঁহার নাম সমস্ত ইউরোপে প্রশংসিত হইতে লাগিল। ব্যান্ত ও সিংহের সহিত তাঁহার খেলা দেখিয়া সহস্র সহস্র দর্শক স্তম্ভিত ও বিস্মিত হইতে লাগিল। ১৮৮২ খুষ্টাব্দে, লগুনের মহাপ্রদর্শনীতে তিনি সিংহ ও ব্যান্তের সহিত খেলা করিয়া বহু মেডেল ও পুরস্কার পাইয়াছিলেন এবং তাঁহার নাম নানাদেশে ছড়াইয়া পড়িয়াছিল।

১৮৮৫ খুষ্টাব্দে, ওয়েল্স সাহেবের হিংশ্রপশু-প্রদর্শনীদলে কার্য্যে নিযুক্ত হইয়া সুরেশ আমেরিকায় গমন করিলেন। এই দেশে আসিয়া তিনি প্রথমে মেক্সিকো, পরে দক্ষিণ আমেরিকায় ব্রেজিলে উপস্থিত হইলেন। তখন ব্রেজিলের রাজকীয় পশুশালার অধ্যক্ষের পদ খালি হওয়ায়, সুরেশ এই পদের জ্ঞা প্রার্থী হইলেন। সুরেশের ফ্রায় বিখ্যাত পশুবশকারীকে পাইয়া রাজকর্মচারিগণ তৎক্ষণাৎ তাঁহাকে এই পদে নিযুক্ত করিলেন। সুরেশ সার্কাস্-দলের কার্য্য ত্যাগ করিয়া পশুশালার সুপারিণ্টেণ্ডেন্ট্ হইলেন।

এই কার্য্য করিতে করিতে, তিনি সামরিক বিভাগই বীরত্ব ও সাহস প্রদর্শনের উপযুক্ত ক্ষেত্র বিবেচনা করিয়া, ঐ কার্য্য ত্যাগ করিয়া, ১৮৮৭ খুষ্টাব্দে, ব্রেজিল গভর্ণমেন্টের সৈম্মদলে সাধারণ সৈনিকভাবে প্রবেশ করিলেন। শীন্তই তিনি কার্য্য-দক্ষতাগুণে কর্পোরালপদে উন্নীত হইলেন। ক্রেমে স্থরেশ এক পদাতিক সৈম্মদলের প্রথম সার্জেন্টের পদলাভ করিলেন ও ১৮৯৩ খুষ্টাব্দে প্রথম লেফ্টেক্সান্টের পদে উন্নীত হইলেন।

১৮৯৩ খুষ্টাব্দের শেষভাগে ব্রেজিলপ্রদেশে ঘোরতর রাষ্ট্র-বিপ্লব উপস্থিত হইল। সমস্ত নোসেনানী বিজ্ঞোহী হইয়া উঠিল। রণপোতসমূহে বিদ্রোহ-পতাকা উড়িতে লাগিল। বহুসংখ্যক রণতরী আসিয়া রাজ্ধানীর উপর গোলাবর্ষণ করিতে লাগিল। ব্রেজিলের সাধারণতন্ত্রের সৈনিকগণ বিদ্যোগীদেব দমন করিবার জন্ম প্রাণপণে চেষ্টা করিতে লাগিল। ক্যেকদিন ধরিয়া তুমুল যুদ্ধ চলিতে লাগিল। নগর আক্রমণ করিতে অকুতকার্য্য হইয়া, বিদ্রোহিগণ রাজধানীর নিকটস্থ নিথেরয় নামক ক্ষুদ্র এক সহর অধিকার করিতে কৃতসংকল্প তইল এবং উহার উপর প্রবলবেগে গোলাবর্ষণ আরম্ভ করিল। এই নগররক্ষী সেনাদলের মধ্যে স্থবেশচন্দ্র উপস্থিত ছিলেন। শক্তর ঘোরতর আক্রমণে যখন ঐ নগর রক্ষা করা অসম্ভব হইয়া পড়িল, তখন প্রধান সেনাপতি অধীনস্থ সেনানাযক-গণকে ডাকিয়া বলিলেন, "নগর রক্ষার আশা আর নাই, তবে একবার শেষ চেষ্টা করা যাইতে পারে। আমাদের মধ্যে কোন সেনাপতি মাত্র ৫০ জন সৈত্য লইয়া শত্রুদিগকে আক্রমণ করিতে পারে ? যদি কেহ এমন সাহসী থাক, তবে অগ্রসর হও।" ক্ষণকাল চারিদিকে গভীব নীরবত। বিরাজ করিতে লাগিল—সকলেই অধােমুখে চিস্তায় মগ্ন। ক্ষীণ চন্দ্র বন্তক্ষণ হইল অন্তমিত হইয়াছে; ঘোর অন্ধকারে চারিদিক্ আচ্ছন্ন। অবশেষে স্থরেশচন্দ্র উঠিয়া বলিলেন, "আমি প্রস্তুত আছি।" সকলেই গভীর বিশ্বয়ের সহিত

তাঁহার মুখের দিকে তাকাইয়া রহিল। স্থুরেশচন্দ্র সেই তামসী রাত্রির নিস্তব্ধতা ভঙ্গ করিয়া ৫০ জন মাত্র সৈম্য नरेशा ভौমবিক্রমে বিলোহীদিগকে আক্রমণ করিলেন। শক্রগণ ভয়ক্ষরভাবে গোলাবর্ষণ করিতে লাগিল। ভুমূল যুদ্ধ চলিল। কিছুক্ষণ যুদ্ধের পর স্থুরেশচন্দ্র দেখিলেন যে, তাঁহার সৈম্মাণ আর অগ্রসর হইতেছে না। তখন তিনি ভীমগর্জনে সৈক্যদিগকে বলিলেন, "ত্রেঞ্জিলের সম্ভানগণ কখনও প্রাণ-ভয়ে ভীত নয়; এই দেখ কেমন করিয়া বঙ্গভূমির এক সম্ভান শক্রর কামান কাড়িয়া লয়! আমার অনুসরণ কর।" সৈক্মগণ তাঁহার অনুসরণ করিল। স্থরেশচন্দ্র ক্ষিপ্ত সিংহের মত শত্রুর উপর লাফাইয়া পড়িয়া ভীমবেগে যুদ্ধ করিতে লাগিলেন। শত্রুগণ সে আক্রমণ সহু করিতে না পারিয়া পলায়ন করিল। শত্রুর অনেক কামান স্থরেশ অধিকার করিয়া লইলেন; অনেক গোলন্দান্ধ তাঁহার হাতে বন্দী হইল। সেই ভীষণ যুদ্ধে ডিনি সম্পূর্ণরূপে জয়লাভ করিলেন। তাঁহার বীরতে সমগ্র বাঙ্গালী জাতি গৌরবান্বিত হইল।

স্থ্রেশচন্দ্র ১৯০৫ খৃষ্টাব্দের ২২শে সেপ্টেম্বর তারিখে ইহলোক পরিত্যাগ করেন। মৃত্যুর পূর্বের তিনি কর্ণেলপদে উন্নীত হইয়াছিলেন। স্থ্রেশ ব্রেঞ্জিলের এক বিখ্যাত ডাক্তারের কম্মাকে বিবাহ করিয়াছিলেন। তিনি তিনটি পুত্র রাখিয়া গিয়াছেন।